অন্বয়ঃ—যদা মর্ত্ত্যঃ (মরণধর্ম্মা মনুষ্যঃ) ত্যক্তসমস্তকর্ম্মা (ত্যক্তং

টীকা—তদেবং যদ্যপি পূর্ব্বমুদাহরণং বক্ষ্যমাণরাগানুগাঙ্গত্বমেব প্রবিশতি, তথাপ্যেতদনুসারেণ বৈধ্যঙ্গোদাহরণমপি দ্রষ্টব্যমিত্যভিপ্রায়েণ আহ—রাগানুগাঙ্গতেতি। সখ্যরতির্বন্ধুভাবরতিরিত্যর্থঃ ॥ ১৯১ ॥

দ্বিতীয় অর্থাৎ মিত্রবৃত্তি

শ্লোকার্থ—পরিচর্য্যাপরায়ণ কোন কোন ভক্ত শ্রীহরিকে মনুষ্যের ন্যায় দর্শন করিয়া তাঁহার সহিত বন্ধুর ন্যায় ব্যবহার করিবার নিমিত্ত তাঁহার মন্দিরে শয়ন করিয়া থাকেন ॥ ১৯০ ॥

শ্লোকার্থ—এই উদাহরণে বিধিমার্গের অপেক্ষা না করায় এই সখ্যকে 'রাগানুগা' ভক্তির অঙ্গ বলা যায়। সখ্যরতি অর্থাৎ বন্ধুভাব-রতি-বিধিমার্গ ও রাগানুগমার্গ—এই উভয় মার্গদ্বারাই সাধ্যা ॥ ১৯১ ॥

অর্থো দ্বিধাত্মশব্দস্য পণ্ডিতৈরুপপাদ্যতে।
দেহ্যহন্তাস্পদং কৈশ্চিদ্দেহঃ কৈশ্চিন্মমত্বভাক্ ॥ ১৯৩ ॥

সমস্তং কর্ম্ম নিত্যনৈমিত্তিকাত্মাত্মীয়পোষণাদিরূপং যেন তথাভূতঃ সন্) নিবেদিতাত্মা (নিবেদিতঃ সমর্পিতঃ আত্মা দেহাদিঃ যেন সঃ ভবতি) তদা মে (মম) বিচিকীর্ষিতঃ (প্রেমভক্ত্যাদিপ্রদানেন বিশিষ্ট কর্ম্মিজ্ঞানিযোগিভ্যো বিলক্ষণঃ কর্ত্তুমিষ্টঃ ভবতি) অমৃতত্বং প্রতিপদ্যমানঃ (মৃত্যুপরম্পরামতিক্রামন্) ময়া সহ (মৎসাম্যেন) আত্মভূয়ায় (আত্মত্বায় আত্মপ্রাপণায় বা) কল্পতে (যোগ্যো ভবতি স্বরূপাবস্থিতিং মৎসার্ষ্টি-লক্ষণাং মুক্তিং প্রাপ্নোতি) ॥ ১৯২ ॥

অন্বয়ঃ—পণ্ডিতৈঃ আত্মশব্দস্য অর্থঃ (অভিধেয়ঃ) দ্বিধা উপপাদ্যতে (যুক্ত্যা প্রতিপাদ্যতে) কৈশ্চিৎ অহংতাস্পদম্ (অহংতায়াঃ আশ্রয়ঃ অহংব্যবহার-বিষয়ঃ) দেহী (জীবাত্মা কৈশ্চিৎ মমত্বভাক্ (মমতাভিমানাশ্রয়ঃ) দেহশ্চ ॥ ১৯৩ ॥

টীকা—মর্ত্ত্য ইতি। যতো নিবেদিতাত্মা অতস্ত্যক্তং সমস্তমৈহিকামুষ্মিকং কর্ম্ম আত্মাত্মীয়পোষণাদিরূপং যেন সঃ। তর্হি মে ময়া বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি। অমৃতত্বমিতি মৃত্যুপরম্পরামতিক্রামন্নিত্যর্থঃ। ময়া সহ মৎসাম্যেন আত্মভূয়ায় কল্পতে স্বরূপাবস্থিতিং মৎসার্ষ্টিলক্ষণাং মুক্তিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৯২ ॥

টীকা—দেহঃ কৈশ্চিৎ ইত্যনুকল্প এব ॥ ১৯৩ ॥

আত্মনিবেদন (৪৯)—২৯

মনুষ্য যখন নিত্য-নৈমিত্তিক, ঐহিক, পারলৌকিক—সমস্ত কর্ম্ম ত্যাগ করিয়া আমাতে অথবা মৎস্বরূপভূত গুরুদেবে আত্ম-দেহ আদি (অর্থাৎ আমি ও আমার বলিতে যাহা কিছু আছে) সমস্ত নিবেদন করে; তখন আমি তাহাকে কর্ম্মী, জ্ঞানী আদি হইতে বিলক্ষণ করিতে ইচ্ছা করায় সে মৃত্যুপরম্পরা অতিক্রম করতঃ আমার সহিত সমান ঐশ্চর্য্য পাইবার উপযুক্ত হইয়া সার্ষ্টিরূপ মুক্তি লাভ করে।

শব্দার্থ—শ্রীল গৌড়ীয় গোস্বামিপাদগণের উক্ত শ্লোকের টীকানুসারে বিচিকীর্ষিত—প্রেমভক্তিদ্বারা বিশিষ্ট করিতে অভিলাষিত। অমৃতত্ব—পরমানন্দ-রস। আত্মভূয়—অত্যন্ত সংযোগ অর্থাৎ অন্তরঙ্গ ভাব পাইবার উপযুক্ত ॥ ১৯২ ॥

তত্র দেহী

যথা যামুনাচার্য্যস্তোত্রে—

বপুরাদিষু যোঽপি কোঽপি বা
গুণতোঽসানি যথা তথাবিধঃ।
তদয়ং তব পাদপদ্ময়ো-
রহমদ্যৈব ময়া সমর্পিতঃ ॥ ১৯৪ ॥

দেহঃ

যথা ভক্তিবিবেকে—

চিন্তাং কুর্য্যান্ন রক্ষায়ৈ বিক্রীতস্য যথা পশোঃ।
তথার্পয়ন্ হরৌ দেহং বিরমেদস্য রক্ষণাৎ ॥ ১৯৫ ॥

অন্বয়ঃ—(হে ভগবন্) অহং বপুরাদিষু (শরীরাদিষু স্বরূপতঃ) যোঽপি কোঽপি বা (অথবা) গুণতঃ যথাতথাবিধঃ (দেবমনুষ্যাদিরূপঃ) অসানি (ভবানি) ময়া তদয়ং (স চাসৌ অয়ঞ্চেতি সোঽয়মিত্যর্থঃ) অহম্ অদ্যৈব তব পাদপদ্ময়োঃ সমর্পিতঃ (নিবেদিতঃ) ॥ ১৯৪ ॥

অন্বয়ঃ—যথা কোঽপি বিক্রীতস্য পশোঃ রক্ষায়ৈ চিন্তাং ন কুর্য্যাৎ (করোতি) তথা (তদ্বৎ) হরৌ দেহম্ অর্পয়ন্ অস্য (দেহস্য) রক্ষণাৎ বিরমেৎ (নিবর্ত্তেত চিন্তাং ন কুর্য্যাৎ ইতি বা) ॥ ১৯৫ ॥

টীকা—যোঽপি কোঽপীত বাদিভেদাৎ, স্বরূপতঃ অথবা গুণতো যথা তথাবিধো দেবমনুষ্যাদিরূপঃ অসানি ভবানি। কামচারে লোট্ তদয়মিতি স চাসাবয়ঞ্চেতি বিগ্রহাৎ সোঽয়মিত্যর্থঃ ॥ ১৯৪ ॥ (১৯৫)

শ্লোকার্থ—পণ্ডিতগণ আত্ম-শব্দের দুই প্রকার অর্থ নির্দ্ধারণ করিয়াছেন। কেহ কেহ 'অহং'-শব্দ বাচ্য দেহীকে এবং কেহ কেহ 'মম'-শব্দবাচ্য দেহকে 'আত্মা' বলিয়া থাকেন ॥ ১৯৩ ॥

দেহী

শ্লোকার্থ—হে ভগবন্! এই শরীরাদিতে স্বরূপে বা গুণদ্বারা দেব-মনুষ্য যে কেহ হই না কেন, সেই আমাকে আমি অদ্য আপনার শ্রীপাদপদ্মে সমর্পণ করিলাম ॥ ১৯৪ ॥

দুষ্করত্বেন বিরলে দ্বে সখ্যাত্মনিবেদনে।
কেষাঞ্চিদেব ধীরাণাং লভেতে সাধনার্হতাম্ ॥ ১৯৬ ॥

অন্বয়ঃ—সখ্যাত্মনিবেদনে (সখ্যম্ আত্মনিবেদনম্ আত্মনস্তদায়ত্ততা-সম্পাদনং চ) দ্বে দুষ্করত্বেন বিরলে (স্বল্পোদাহরণে) কেষাঞ্চিৎ এব ধীরাণাং সাধনার্হতাং (সাধনযোগ্যতাং) সাধ্যতাং লভেতে (প্রাপ্নুতঃ)॥ ১৯৬ ॥

টীকা—দুষ্করত্বেনেত্যত্র আত্মনিবেদনস্য কেবলস্য দুষ্করত্বেন বৈরল্যং ন তু মহিমাধিক্যেন ভাবশূন্যত্বাৎ, সখ্যস্য তু দুষ্করত্বেন মহিমাধিক্যেন চ বৈরল্যং ভাবোত্তমরূপত্বাৎ। যদি চ ভাবমিশ্রমাত্মনিবেদনং ভবতি, তদা তু সুতরাং মহিমাধিক্যেনাপি বিরলং স্যাৎ। তত্র কেবলমাত্মনিবেদনং দানসময়ে শ্রীবলিরাজে দৃশ্যতে। শরণাপত্তিঃ খলু রক্ষিতৃত্বেন বরণং, তদিদন্তু আত্মনস্তদীয়তা *সম্পাদনমিতি ভেদঃ। ভাববিমিশ্রেষু দাস্যেনাত্মনিবেদনং শ্রীমদম্বরীষে। তদুক্তং, "স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো" রিত্যারভ্য "কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া" ইত্যন্তেন। তদেবোক্তং শ্রীভাগবতৈকাদশে দাস্যেনাত্মনিবেদনমিতি। তথা প্রেয়সীভাবেন শ্রীরুক্মিণীদেব্যা। যথোক্তং তত্রৈব—"তন্মে ভবান্ খলু বৃতঃ পতিরঙ্গজায়ামাত্মার্পিতশ্চ ভবতোঽত্র বিভো বিধেহি" ইতি। এবং সখ্যাদিনাপীতি জ্ঞেয়ম্॥ ১৯৬॥

দেহ

শ্লোকার্থ—বিক্রীত পশুর রক্ষণাবেক্ষণ জন্য যেমন উক্ত পশুর পূর্ব্বাধিকারী চিন্তা করে না, তদ্রূপ শ্রীহরিতে এই দেহ সমর্পণ করিয়া তাহার রক্ষণাবেক্ষণ হইতে বিরত হইবে॥ ১৯৫॥

শ্লোকার্থ—সখ্য ও আত্মনিবেদন—এই দুইটী অঙ্গই দুষ্কর বলিয়া বিরল, তথাপি কোন কোন ধীর ব্যক্তির পক্ষে এই দুইটী সাধনযোগ্য হয়।

ভাবার্থ—আত্মনিবেদন কেবলমাত্র দুষ্কর বলিয়া বিরল, কারণ ইহা ভাবশূন্য। উত্তমভাবযুক্ত হওয়ায় সখ্য-দুষ্করত্বও মহিমাধিক্য বশতঃ বিরল॥ ১৯৬॥

*উদায়ত্ততা ইতি পাঠান্তরম্

অথ নিজপ্রিয়োপহরণম্

যথৈকাদশে—১১।১১।৪১

যদ্ যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥ ১৯৭ ॥

অথ তদর্থেঽখিলচেষ্টিতম্

যথা পঞ্চরাত্রে—

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মুনে।
হরিসেবানুকূলৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা ॥ ইতি ॥ ১৯৮ ॥

অন্বয়ঃ—লোকে জাতি) যৎ যৎ ইষ্টতমম্ (অভিলষিততমং) যৎ আত্মনঃ (সাধকস্য মম) চ অতিপ্রিয়ং তৎ তৎ মহ্যং নিবেদয়েৎ (সমর্পয়েৎ) তৎ নিবেদনম্ আনন্ত্যায় (মোক্ষায়) কল্পতে (ভবতি) ॥ ১৯৭ ॥ ১৯৮-১৯৯

অন্বয়ঃ—হে মুনে! লৌকিকী (গমন-ভোজনাদিঃ) বৈদিকী (জপ-যজ্ঞাদিঃ) যা ক্রিয়া ক্রিয়তে, ভক্তিম্ ইচ্ছতা সা হরিসেবানুকূলা (ভগবদ্ভজন-পরা) এব কার্য্যা ॥ ১৯৮ ॥

টীকা—যদ্যদিতি চকারান্মম প্রিয়ঞ্চ ॥ ১৯৭ ॥

নিজ-প্রিয়োপহরণ (৫০)—৩০

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন! "সাধারণতঃ লোকে যে সকল বস্তুকে উত্তম বলে এবং যাহা তোমার ও আমার অতিপ্রিয়, সেই সকল বস্তু আমাকে নিবেদন করিবে। এই নিবেদন দ্বারা অনন্ত ফল লাভ হয়।"

ভাবার্থ—যে বস্তু সাধারণতঃ উত্তম বলিয়া স্বীকৃত এবং নিজের ও ভগবানের প্রিয়, তাহাই ভগবানকে নিবেদন করিতে হইবে ॥ ১৯৭ ॥ ১৯৮-১৯৯)

কৃষ্ণার্থে অখিল চেষ্টিত (৫১)—৩১

শ্লোকার্থ—হে মুনে! জগতে যে সকল লৌকিক বা বৈদিক ক্রিয়া অনুষ্ঠিত হয় তন্মধ্যে যে সকল কর্ম্ম হরিসেবার অনুকূল সেইগুলি মাত্র ভক্তিকামী ব্যক্তি অনুষ্ঠান করিবে, অবশিষ্টগুলির অনুষ্ঠান প্রয়োজন বোধ করিলে যাহাতে উহা হরিসেবার অনুকূল হয়, এরূপ ভাবে অনুষ্ঠান করিতে পারেন ॥ ১৯৮ ॥

অথ শরণাপত্তিঃ

যথা হরিভক্তিবিলাসে—

তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।
তৎস্থানমাশ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ ॥ ১৯৯ ॥

নারসিংহে চ—

ত্বাং প্রপন্নোহস্মিশরণং দেবদেব জনার্দ্দন।
ইতি যঃ শরণং প্রাপ্তস্তং ক্লেশাদুদ্ধরাম্যহম্ ॥ ২০০ ॥

অন্বয়ঃ—শরণাগতঃ বাচা (বাক্যেন) তবাস্মীতি বদন্ মনসা তথৈব বিদন্ (জানন্) তন্বা (শরীরেণ) তৎ স্থানং (ভগবন্মন্দিরতীর্থাদিকম্) আশ্রিতঃ (সেবমানঃ) মোদতে (হৃষ্টো ভবতি) ॥ ১৯৯ ॥

অন্বয়ঃ—হে দেবদেব! (দেবানামপি দেবঃ দ্যুতিকারক) হে জনার্দ্দন! (কৃষ্ণ) ত্বাং শরণং প্রপন্নঃ (রক্ষিতৃত্বেন বৃতবান্) অস্মি ইতি (এবংরূপেণ) যঃ শরণং যাতঃ (শরণাগতঃ ভবতি) তং ক্লেশাৎ (অবিদ্যাদি-পঞ্চ-দুঃখ-কারণাৎ) অহম্ উদ্ধরামি (আমি উদ্ধার করি) ॥ ২০০ ॥

টীকা—শরণং প্রপন্নোহস্মি রক্ষিতৃত্বেন বৃতবানস্মি, শরণং তদাশ্রয়ং প্রাপ্তঃ, শরণশব্দেন হি তদ্দ্বয়মপ্যুচ্যত ইতি ॥ ২০০ ॥

শরণাপত্তি (৫২)—৩২

শ্লোকার্থ—"হে ভগবন্! আমি তোমারই" এই কথা বাক্যে বলিয়া, মনে মনে তাহা (সরলভাবে) জানিয়া এবং দেহের দ্বারা ভগবদ্ধাম আশ্রয় করিয়া শরণাগত ব্যক্তি আনন্দানুভব করেন ॥ ১৯৯ ॥

শ্লোকার্থ—"হে দেবদেব জনার্দ্দন! আমি তোমার শরণ গ্রহণ করিলাম" —এই কথা বলিয়া যে ব্যক্তি আমার শরণাগত হয়, তাহাকে আমি ক্লেশ হইতে উদ্ধার করি ॥ ২০০ ॥

অথ তদীয়ানাং সেবনম্ ; তুলস্যাঃ

যথা স্কান্দে—

যা দৃষ্টা নিখিলাঘসংঘশমনী স্পৃষ্টা বপুঃপাবনী
রোগাণামভিবন্দিতানিরসনী সিক্তান্তকত্রাসিনী।
প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা
ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা তস্যৈ তুলস্যৈ নমঃ ॥ ২০১ ॥

তথা চ তত্রৈব—

দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা স্তুতা।
রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা ॥ ২০২ ॥

অন্বয়ঃ—যা দৃষ্টা (সতী) নিখিলাঘসংঘশমনী (সকলপাপ-নাশিনী) স্পৃষ্টা বপুঃপাবনী (বপুষঃ দেহস্য পাবনী কুজন্মত্বাদিশোধনী) অভিবন্দিতা (কৃতস্তুতি-প্রণামা) রোগাণাং (ক্লেশমাত্রাণাং) নিরসনী (অপনয়নী) সিক্তা (অঙ্গেষু কৃতজলসেকা) অন্তকত্রাসিনী (যমভীতিনাশিনী) সংরোপিতা ভগবতঃ কৃষ্ণস্য প্রত্যাসত্তিবিধায়িনী (প্রত্যাসত্তিঃ নৈকট্যং মনসঃ আসঙ্গঃ তৎকর্ত্রী) তচ্চরণে (কৃষ্ণপদে) ন্যস্তা (দত্তা) বিমুক্তিফলদা (বিমুক্তিঃ বিশিষ্টা মুক্তিঃ প্রেমভক্তিঃ সৈব ফলং তৎপ্রদাত্রী) তস্যৈ তুলস্যৈ নমঃ ॥ ২০১ ॥

অন্বয়ঃ—তুলসী নিত্যং দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা (চিন্তিতা) কীর্ত্তিতা নমিতা (কৃতপ্রণামা) স্তুতা রোপিতা সেবিতা পূজিতা (সতী) শুভা (মঙ্গলপ্রদা ভবতি) ॥ ২০২ ॥

টীকা—যা দৃষ্টেতি। বপুঃপাবনী কুজন্মত্বাদিশোধনী, রোগাণাং ক্লেশ-মাত্রাণাং, প্রত্যাসত্তির্মানস আসঙ্গঃ, বিমুক্তির্বিশিষ্টা মুক্তিঃ সপ্রেমভক্তি-রিত্যর্থঃ ॥ ২০১ ॥ (২০২-২০৯)

তুলসীসেবন (৫৩)---৩৩

শ্লোকার্থ—যে তুলসীকে দর্শন করিলে সমস্ত পাপ বিনষ্ট হয়, স্পর্শ করিলে দেহ পবিত্র হয়, অভিবন্দন করিলে রোগ দূরীভূত হয়, জলসিক্ত করিলে যমরাজ সন্ত্রাসিত হন, রোপন করিলে ভগবান্ শ্রীকৃষ্ণে আসক্তি হয়, শ্রীকৃষ্ণচরণে প্রদত্ত হইলে প্রেমভক্তি হয়, সেই তুলসীকে প্রণাম করি।

শব্দার্থ---প্রত্যাসত্তি---মনের আসক্তি। বিমুক্তি---বিশিষ্ট মুক্তি অর্থাৎ প্রেমভক্তি। অভিবন্দন—প্রণাম, স্তব, আরাধনা ও পূজা ॥ ২০১ ॥

নবধা তুলসীং দেবীং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটীসহস্রাণি তে বসন্তি হরেগৃর্হে ॥ ২০৩ ॥

অথ শাস্ত্রস্য

শাস্ত্রমত্র সমাখ্যাতং তদ্ভক্তিপ্রতিপাদকম্ ॥ ২০৪ ॥

যথা স্কান্দে—

বৈষ্ণবানি তু শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তে ত্বাং কৃষ্ণঃ প্রসীদতি ॥ ২০৫ ॥
বৈষ্ণবাণি তু শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সুরবন্দিতাঃ ॥ ২০৬ ॥

অন্বয়ঃ—যে (জনাঃ) দিনে দিনে (প্রতিদিনং) তুলসীদেবীং নবধা (দর্শনাদিভিঃ নবভিঃ প্রকারৈঃ) ভজন্তি তে হরেঃ (কৃষ্ণস্য) গৃহে যুগকোটীসহস্রাণি (সহস্রকোটীযুগান্) বসন্তি ॥ ২০৩ ॥

অন্বয়ঃ—যৎ ভক্তিপ্রতিপাদকং (ভক্তিজ্ঞাপকং গোপালতাপনী-শ্রীমদ্ভাগবতাদি তদেব) অত্র (অস্মিন্ প্রকরণে) শাস্ত্রং সমাখ্যাতং (কীর্ত্তিতম্) ॥২০৪॥

অন্বয়ঃ—লোকে (জগতি) যে মানবাঃ বৈষ্ণবানি শাস্ত্রাণি শৃণ্বন্তি পঠন্তি চ তে ধন্যাঃ (ধনং ভক্তিরূপম্ অর্হন্তীতি ধন্যাঃ) কৃষ্ণঃ তেষাং প্রসীদতি (প্রসন্নো ভবতি) ॥ ২০৫ ॥

অন্বয়ঃ—যে নরাঃ গৃহে বৈষ্ণবানি শাস্ত্রাণি অর্চ্চয়ন্তি, তে সর্ব্বপাপবিনির্ম্মুক্তাঃ (সর্ব্বেভ্যঃ পাপেভ্যো বিনির্ম্মুক্তাঃ) সুরবন্দিতাঃ (দেবস্তুতাঃ) ভবন্তি ॥ ২০৬ ॥

শ্লোকার্থ—তুলসীদেবী দৃষ্ট, স্পৃষ্ট, ধ্যাত, কীর্ত্তিত, প্রণমিত, স্তুত, রোপিত, সেবিত ও নিত্য পূজিত হইলে শুভদায়িনী হন ॥ ২০২ ॥

শ্লোকার্থ—যে ব্যক্তি উক্ত নয় প্রকারে প্রতি দিন তুলসীসেবা করেন, তিনি কোটি সহস্রযুগ হরিগৃহে বাস করেন অর্থাৎ শ্রীহরির ধামে নিত্যকাল বাস করেন ॥ ২০৩ ॥

শাস্ত্রসেবন (৫৪)—৩৪

শ্লোকার্থ—ভগবদ্ভক্তিপ্রতিপাদক শাস্ত্রকেই এইস্থানে 'শাস্ত্র' বলা হইয়াছে ॥ ২০৪ ॥

শ্লোকার্থ—যাঁহারা বৈষ্ণবশাস্ত্র শ্রবণ করেন বা পাঠ করেন, সংসারে তাঁহারাই ধন্য। তাঁহাদের প্রতি শ্রীকৃষ্ণ প্রসন্ন হন ॥ ২০৫ ॥

তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ ॥ ২০৭ ॥

দ্বাদশে চ—(১২।১৩।১২)

সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ ॥ ২০৮ ॥

অথ শ্রীমথুরায়াঃ

আদিবারাহে—

মথুরাঞ্চ পরিত্যজ্য যোঽন্যত্র কুরুতে রতিম্ ।
মূঢ়ো ভ্রমতি সংসারে মোহিতো মম মায়য়া ॥ ২০৯ ॥

অন্বয়ঃ—হে নারদ! যস্য মন্দিরে (গৃহে) বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং তিষ্ঠতে, তত্র দেবঃ নারায়ণঃ স্বয়ং বসতি ॥ ২০৭ ॥

অন্বয়ঃ—শ্রীভাগবতং হি (শ্রীভাগবতমেব) সর্ব্ববেদান্তসারং (সর্ব্বো-পনিষদাং সারং তাৎপর্য্যং ভাষ্যভূতম্) ইষ্যতে (অভিপ্রেয়তে) তদ্রসামৃত-তৃপ্তস্য (শ্রীভাগবতরসরূপপরমানন্দেন পূর্ণস্য) অন্যত্র ক্বচিৎ রতিঃ আসক্তিঃ] ন স্যাৎ ॥ ২০৮ ॥

অন্বয়ঃ—যো মূঢ়ঃ (মূর্খঃ) মথুরাং পরিত্যজ্য অন্যত্র রতিম্ (অনুরাগং কুরুতে,(সঃ) মম মায়য়া মোহিতঃ সংসারে ভ্রমতি ॥ ২০৯ ॥

শ্লোকার্থ—যে মানবগণ গৃহে বৈষ্ণবশাস্ত্র পূজা করেন, তাঁহারা সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত ও দেবতাদিগের বন্দনীয় হন ॥ ২০৬ ॥

শ্লোকার্থ—বৈষ্ণবশাস্ত্র লিখিত হইয়া যাঁহার গৃহে অবস্থান করেন, হে নারদ! সেই গৃহে স্বয়ং নারায়ণদেব বাস করেন ॥ ২০৭ ॥

শ্লোকার্থ—শ্রীমদ্ভাগবতশাস্ত্র সমস্ত বেদান্তের সার। ইহার রসামৃতে যাঁহারা তৃপ্ত হইয়াছেন, তাঁহাদের কখনও অন্যশাস্ত্রে রতি হয় না।

শব্দার্থ—রসামৃত—ভক্তিরসামৃত ॥ ২০৮ ॥

শ্রীমথুরাসেবন (৫৫)—৩৫

শ্লোকার্থ—শ্রীবরাহদেব পৃথিবীকে কহিলেন,—যে ব্যক্তি মথুরা পরিত্যাগ করিয়া অন্যত্র বাসে অনুরক্ত হয়, সে মূঢ় আমার মায়ায় মোহিত হইয়া কেবল সংসারে ভ্রমণ করে অর্থাৎ কেবল সংসার ভোগ করে ॥ ২০৯ ॥

ব্রহ্মাণ্ডে চ—

ত্রৈলোক্যবর্ত্তিতীর্থানাং সেবনাদ্দুর্ল্লভা হি যা।
পরানন্দময়ী সিদ্ধির্মথুরাস্পর্শমাত্রতঃ ॥ ২১০ ॥
শ্রুতা স্মৃতা কীর্ত্তিতা চ বাঞ্ছিতা প্রেক্ষিতা গতা।
স্পৃষ্টা শ্রিতা সেবিতা চ মথুরাভীষ্টদা নৃণাম্।
ইতি খ্যাতং পুরাণেষু ন বিস্তারভিয়োচ্যতে ॥ ২১১ ॥

অন্বয়ঃ—ত্রৈলোক্যবর্ত্তিতীর্থানাং (ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী ত্রিলোকী এব ত্রৈলোক্যং তস্মিন্ বর্ত্তন্তে যানি তেষাং তীর্থানাং) সেবনাৎ (অপি) যা সিদ্ধিঃ দুর্ল্লভা (দুষ্প্রাপা) পরানন্দময়ী (প্রেমলক্ষণা সা সিদ্ধিঃ) মথুরাস্পর্শমাত্রতঃ (তন্মাত্রেণৈব ভবতি) ॥ ২১০ ॥

অন্বয়ঃ—মথুরা শ্রুতা স্মৃতা কীর্ত্তিতা বাঞ্ছিতা প্রেক্ষিতা (দৃষ্টা) গতা স্পৃষ্টা শ্রিতা (বসতিত্বেন কৃতা) সেবিতা সংস্কারাদিনা পরিচরিতা সতী নৃণাং (মনুষ্যাণাম্) অভীষ্টদা (বাঞ্ছিতপ্রদা ভবতি) ইতি পুরাণেষু খ্যাতং (প্রসিদ্ধং) বিস্তরভিয়া (বাহুল্যভয়েন) ন উচ্যতে ॥ ২১১।

টীকা—পরানন্দময়ী প্রেমলক্ষণা ॥ ২১০ ॥

টীকা—প্রেক্ষিতা দূরাদ্দৃষ্টা, গতা তৎসমীপং প্রাপ্তা, শ্রিতা নিজাশ্রয়ত্বেন বৃতা, সেবিতা তত্তৎস্থানসংস্কারাদিনা পরিচরিতা, অভীষ্টদেত্যুত্তরোত্তর-বৈশিষ্ট্যেন জ্ঞেয়ম্ ॥ ২১১ ॥ (২১২)

শ্লোকার্থ—যে পরমানন্দময়ী অর্থাৎ প্রেমলক্ষণা সিদ্ধি, ত্রিলোকস্থ সমস্ত তীর্থ সেবন করিয়াও পাওয়া যায় না, তাহা শ্রীমথুরা—স্পর্শমাত্র পাওয়া যায় ॥ ২১০ ॥

শ্লোকার্থ—শ্রীমথুরার মাহাত্ম্য শ্রবণ করিলে, তাঁহাকে স্মরণ করিলে, তাঁহার মাহাত্ম্য কীর্ত্তন করিলে, তাঁহাতে বাসেচ্ছা করিলে, তাঁহাকে দূর হইতে দর্শন করিলে, তাঁহার নিকট গমন করিলে, তাঁহাকে স্পর্শ করিলে, তথায় বাস করিলে এবং তাঁহার সেবা করিলে তিনি মনুষ্যমাত্রকেই সর্ব্বাভীষ্ট দান করেন। এইরূপ মথুরা মাহাত্ম্য পুরাণসমূহে বর্ণিত হইয়াছে। বাহুল্যভয়ে আমি তাহা বর্ণন করিলাম না ॥ ২১১ ॥

অথ বৈষ্ণবানাম্

যথা পাদ্মে—

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্ ।
তস্মাৎ পরতরং দেবি ! তদীয়ানাং সমর্চ্চনম্ ॥ ২১২

তৃতীয়ে চ—৩।৭।১৯

যৎসেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ ।
রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়োর্ব্যসনার্দ্দনঃ ॥ ২১৩ ॥

স্কান্দে—

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥ ২১৪ ॥

অন্বয়ঃ—দেবি ! বিষ্ণোঃ আরাধনং সর্ব্বেষাম্ আরাধনানাং পরম্ (উৎকৃষ্টং) তদীয়ানাং (বৈষ্ণবানাং) সমর্চ্চনং (তু) তস্মাৎ পরতরম্ (উৎকৃষ্টতরম্)॥ ২১২ ॥

অন্বয়ঃ—যৎ সেবয়া (যেষাং বৈষ্ণবানাং সেবয়া) কূটস্থস্য (একরূপতয়া কালব্যাপিনঃ) মধুদ্বিষঃ (মধুসূদনস্য) পাদয়োঃ ব্যসনার্দ্দনঃ (সংসারবিপন্নাশকঃ) তীব্রঃ (একান্তঃ)রতিরাসঃ (রতেরুল্লাসঃ) ভবেৎ ॥ ২১৩ ॥

অন্বয়ঃ—শঙ্খচক্রাঙ্কিততনুঃ (শঙ্খচক্রচিহ্নিতবাহুমূলঃ) শিরসা (মস্তকেন) মঞ্জরীধরঃ (তুলসী-মঞ্জরীধারকঃ) গোপীচন্দনলিপ্তাঙ্গঃ(গোপীচন্দনেন লিপ্তানি তিলকিতানি অঙ্গানি দ্বাদশ যস্য সঃ) চেৎ (যদি) দৃষ্টঃ তৎ (তর্হি) অঘং (পাপং) কুতঃ (সম্ভবেৎ)॥ ২১৪ ॥

টীকা—একরূপতয়া তু যঃ কালব্যাপী স কূটস্থ ইত্যমরঃ। মধুদ্বিষঃ পাদয়োরতিরাসো রতেরুল্লাসো ভবেৎ। তীব্রো নিতান্তঃ ॥ ২১৩ ॥ (২১৪-২১৮)

বৈষ্ণবসেবন (৫৬)—৩৬

শ্লোকার্থ—হে দেবি ! যত দেবতার আরাধনা (শাস্ত্রাদিতে) উল্লিখিত আছে, তন্মধ্যে বিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ, তাঁহার ভক্তের আরাধনা আবার তদপেক্ষাও শ্রেষ্ঠতর ॥ ২১২ ॥

শ্লোকার্থ—যাঁহাদিগের (অর্থাৎ বৈষ্ণবদিগের) সেবা করিলে নিত্যকাল একরূপী শ্রীভগবান্ মধুসূদনের শ্রীপাদপদ্মে অশুভনাশকারী অত্যন্ত প্রেমোৎসব হয় ॥ ২১৩ ॥

প্রথমে—১।১৯।৩৩

যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দ্দর্শনস্পর্শপাদশৌচাসনাদিভিঃ ॥ ২১৫ ॥

আদিপুরাণে—

যে মে ভক্তজনাঃ পার্থ! ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তা মম ভক্তাস্তু তে নরাঃ ॥ ইতি ॥ ২১৬ ॥
যাবন্তি ভগবদ্ভক্তেরঙ্গানি কথিতানীহ।
প্রায়স্তাবন্তি তদ্ভক্তভক্তেরপি বুধা বিদুঃ ॥ ২১৭ ॥

অন্বয়ঃ—যেষাং (বৈষ্ণবানাং) সংস্মরণাৎ পুংসাং (মানবানাং) গৃহাঃ সদ্যঃ (তৎক্ষণে এব) শুধ্যন্তি বৈ (নিশ্চিতম্) দর্শন-স্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ (পাদশৌচং পাদপ্রক্ষালনং তদাদিভিঃ ব্যস্তৈঃ সমস্তৈর্বা) পুনঃ কিং (কিং বক্তব্যং, শুধ্যন্ত্যেবেত্যর্থঃ) ॥ ২১৫ ॥

অন্বয়ঃ—হে পার্থ! (পৃথা কুন্তী তৎসুত) যে মে (মম) ভক্তজনাঃ (ভক্তা এব জনাঃ মদ্ভক্তত্বাভিমানিনঃ) তে জনাঃ মে (মম) ভক্তাঃ ন (ভবন্তি) যে মদ্ভক্তানাং ভক্তাঃ, তে তু মম ভক্তাঃ (মতাঃ) ॥ ২১৬ ॥

অন্বয়ঃ—ভগবদ্ভক্তেঃ (বিষ্ণুভক্তেঃ) যাবন্তি (যৎপরিমাণকানি) অঙ্গানি কথিতানি, বুধাঃ (ভক্তিবিজ্ঞাঃ) তদ্ভক্তভক্তেঃ অপি প্রায়ঃ (বাহুল্যেন) তাবন্তি (তৎ পরিমাণকানি অঙ্গানি) বিদুঃ (জানন্তি) ॥ ২১৭ ॥

শ্লোকার্থ—যাঁহার দেহ শঙ্খ-চক্র-চিহ্নাঙ্কিত, মস্তকে তুলসীমঞ্জরী এবং অঙ্গ সকল গোপী-চন্দনলিপ্ত, সেই মহাত্মার দর্শন হইলে আর পাপের আশঙ্কা কোথায়? ॥ ২১৪ ॥

শ্লোকার্থ—যাঁহাদিগের (বৈষ্ণবদিগের) স্মরণ দ্বারা লোকের গৃহ সকল সদ্য সদ্য পবিত্র হয়, তাঁহাদিগের দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন এবং তাঁহাদিগকে আসনদানাদির দ্বারা যে গৃহ সকল পবিত্র হইবে, ইহা বলাই বাহুল্য ॥ ২১৫ ॥

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে কহিলেন,—যাঁহারা (কেবল) আমার ভক্ত, তাঁহারা ভক্ত নহেন। যাঁহারা আমার ভক্তের ভক্ত, তাঁহারাই আমার (প্রকৃত) ভক্ত ॥ ২১৬ ॥

অথ যথাবৈভব-মহোৎসবঃ

যথা পাদ্মে—

যঃ করোতি মহীপাল হরের্গেহে মহোৎসবম্ ।
তস্যাপি ভবতি নিত্যং হরিলোকে মহোৎসবঃ ॥ ২১৮ ॥

অথ উর্জ্জাদরঃ

যথা পাদ্মে—

যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ ।
তস্যায়ং তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ ॥ ২১৯ ॥

অন্বয়ঃ—হে মহীপাল ! (পৃথিবীপতে) যঃ হরেঃ গেহে মহোৎসবং করোতি হরিলোকেঽপি (বৈকুণ্ঠাদৌ) তস্য নিত্যং মহোৎসবঃ ভবতি ॥ ২১৮ ॥

অন্বয়ঃ—জনৈঃ যথা দামোদরঃ ভক্তবৎসলঃ (ভক্তেষু স্নেহবান্) বিদিতঃ (জ্ঞাতঃসন্) স্বল্পম্ অপি উরুকারকঃ (ঋণনির্যাতক ইব অত্যল্পমপি অধিকং কৃত্বা দদাতীত্যর্থঃ) তস্য (দামোদরস্য) অয়ং মাসঃ (কাত্তিকাখ্যঃ অপি) তাদৃশঃ (সন্ স্বল্পমপি উরুকারকঃ স্যাৎ) ॥ ২১৯ ॥

টীকা—যথা দামোদরো জনৈর্ভক্তবৎসলো বিদিতস্তদ্রূপশ্চ সন্ স্বল্পমপ্যুরু-কারকঃ। ঋণনির্যাতক ইব স্বল্পমপি উরু কৃত্বা দদাতীত্যর্থঃ। তস্য দামোদর-স্যায়ং মাসঃ কাত্তিকাখ্যোঽপি তাদৃশঃ সন্ স্বল্পমপ্যুরুকারক ইতি পূর্ব্ববৎ। "অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ" ইতি ষষ্ঠীনিষেধাৎ ॥ ২১৯ ॥

শ্লোকার্থ—ভগবদ্ভক্তির যতগুলি অঙ্গ কথিত হইয়াছে, প্রায় ততগুলিই ভগবদ্ভক্তভক্তিরও অঙ্গ, ইহাই পণ্ডিতগণ জানেন ॥ ২১৭ ॥

যথাবৈভব-মহোৎসব (৫৭)—৩৭

শ্লোকার্থ—হে মহীপাল! যে ব্যক্তি হরিমন্দিরে মহোৎসব করেন, হরিধামে তাঁহারও নিত্যই মহোৎসব হয় ॥ ২১৮ ॥

উর্জ্জাদর (৫৮)—৩৮

শ্লোকার্থ—ভগবান্ দামোদরকে লোকে ভক্তবৎসল বলিয়া জানেন এবং তিনি ভক্তবৎসলতাবশতঃ স্বল্প সেবাকে বহুমানন করিয়া বহুগুণ ফল দেন, তাঁহার কাত্তিক মাসও তদ্রূপ ভক্তবৎসলতাবশতঃ স্বল্প সেবায় বহুগুণ ফল দিয়া থাকেন ॥ ২১৯ ॥

তত্রাপি মথুরায়াং বিশেষঃ

যথা তত্রৈব—

ভুক্তিং মুক্তিং হরির্দ্দদ্যাদর্চ্চিতোঽন্যত্র সেবিনাম্ ।
ভক্তিস্তু ন দদাত্যেব যতো বশ্যকরী হরেঃ ॥ ২২০ ॥
সাত্বঞ্জসা হরের্ভক্তির্লভ্যতে কার্ত্তিকে নরৈঃ ।
মথুরায়াং সকৃদপি শ্রীদামোদরসেবনাৎ ॥ ২২১ ॥

অথ শ্রীজন্মদিনযাত্রা

যথা ভবিষ্যোত্তরে—

যস্মিন দিনে প্রসূতেয়ং
দেবকী ত্বাং জনার্দ্দন ।

অন্বয়ঃ—হরিঃ অন্যত্র অর্চ্চিতঃ সেবিনাং (সেবকেভ্যঃ) ভুক্তিং মুক্তিং চ দদ্যাৎ (দদাতি) যতঃ (সা) হরেঃ বশ্যকরী (বশ্যম্ অধীনং সুখদানেন করোতীতি তৎকরী তদ্ধেতুঃ) ॥ ২২০ ॥

অন্বয়ঃ—নরৈঃ সা তু (সৈব) হরেঃ ভক্তিঃ মথুরায়াং কার্ত্তিকে (তয়োঃ সঙ্গমে) সকৃদপি (একবারমাত্রমপি) শ্রীদামোদরসেবনাৎ (তৎপূজনাৎ) অঞ্জসা (শীঘ্রং) লভ্যতে (প্রাপ্যতে) ॥ ২২১ ॥

টীকা—যতো বশ্যকরীতি। বশ্যকরীত্বমত্র সুখদানেনৈব জ্ঞেয়ং, ন তু দুঃখদানেন। অতো ন তদত্র প্রযোজকং, কিন্তু তেন লক্ষিতং পরমোৎকৃষ্টত্বমেব। তথাবিধা চ সা ন অযোগ্যে সহসা দাতুং যোগ্যেতি। যাবদযোগ্যতা তাবদ্ভগবতা ন দীয়ত এব। যোগ্যতা চ সর্ব্বান্যস্বহিতনিরপেক্ষত্বমেব। তস্মাদেষাগ্যতায়ামেব সত্যাং দাতব্যত্বেঽপি যদি মথুরাকার্ত্তিকয়োঃ সঙ্গমে পূজনং ঘটতে, তদা যোগ্যতাবিরহিতেনাপি বস্তুপ্রভাবাৎ সহসৈব প্রাপ্যত এবেতি ভাবঃ ॥ ২২০-২২১ ॥ (২২২)

তন্মধ্যে মথুরায় ঊর্জ্জা (কার্ত্তিক)-ব্রতের বিশেষ মাহাত্ম্য

শ্লোকার্থ—শ্রীহরি মথুরাভিন্ন অন্যস্থানে পূজিত হইলে সেবকদিগকে ভুক্তিমুক্তি দেন, কিন্তু আত্মবশকারিণী ভক্তি দেন না। পরন্তু কার্ত্তিক মাসে মথুরাতে শ্রীদামোদরকে একবার মাত্র সেবা করিলেই মানবগণ তৎক্ষণাৎ সে সুদুর্ল্লভ ভক্তি লাভ করেন ॥ ২২০-২২১ ॥

তদ্দিনং ব্রূহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবম্ ।
তেন সম্যক্ প্রপন্নানাং প্রসাদং কুরু কেশব ॥ ২২২ ॥

অথ শ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে প্রীতিঃ

যথা আদিপুরাণে—

মম নাম সদাগ্রাহী মম সেবাপ্রিয়ঃ সদা ।
ভক্তিস্তস্মৈ প্রদাতব্যা ন তু মুক্তিঃ কদাচন ॥ ২২৩ ॥

অন্বয়ঃ—হে জনার্দ্দন ! (জনৈঃ ভক্তৈঃ অর্দ্দ্যতে প্রার্থ্যতে ইতি তৎ-সম্বোধনে) হে বৈকুণ্ঠ ! (বিগতা কুণ্ঠা বাধা মায়িকধর্ম্মঃ যস্মাৎ সঃ বিকুণ্ঠঃ বিকুণ্ঠঃ এব বৈকুণ্ঠঃ তৎ সম্বুদ্ধৌ) যস্মিন্ দিনে ইয়ং দেবকী ত্বাং প্রসূতা, তদ্দিনং ব্রূহি (বদ) তত্র (তস্মিন্ দিনে) তে (তব) উৎসবং কুর্ম্মঃ । হে কেশব ! তেন (উৎসবেন) সম্যক্ প্রপন্নানাং (শরণাগতানাং) প্রসাদং কুরু ॥ ২২২ ॥

অন্বয়ঃ—যঃ সদা মম সেবাপ্রিয়ঃ (সেবৈকপুরুষার্থঃ সন্) মম নাম (নাম্নঃ) সদাগ্রাহী (সর্ব্বদা মন্নামগ্রহণশীলঃ) তস্মৈ ভক্তিঃ প্রদাতব্যা, কদাচন মুক্তিঃ (ভক্তিশূন্যা) ন (প্রদাতব্যা) ॥ ২২৩ ॥

টীকা—সেবাপ্রিয়ঃ সেবৈকপুরুষার্থঃ সন্ । মুক্তিরত্র ভক্তিশূন্যা জ্ঞেয়া ॥ ২২৩ ॥

জন্মদিন-যাত্রা (৫৯)—৩৯

শ্লোকার্থ—হে জনার্দ্দন ! যেদিন দেবকীদেবী আপনাকে প্রসব করিয়া-ছিলেন, সেই দিনটী আমাদিগকে বলিয়া দেন, কারণ হে বৈকুণ্ঠ ! আমরা সেইদিনে মহোৎসব করিব ।

হে কেশব ! আমরা সর্ব্বতোভাবে আপনার শরণাগত ; আপনি উক্ত মহোৎসবদ্বারা আমাদিগের প্রতি প্রসন্ন হউন ॥ ২২২ ॥

শ্রীমূর্ত্তির অঙ্ঘ্রিসেবনে প্রীতি (৬০)—৪০

শ্লোকার্থ—যে ব্যক্তি সর্ব্বদা আমার সেবাতে প্রীতি-সম্পন্ন হইয়া নিরন্তর আমার নাম গ্রহণ করে, তাহাকে আমি ভক্তিই দিব, কখনও (ভক্তিশন্যা মুক্তি দিব না ॥ ২২৩ ॥

অথ শ্রীভাগবতার্থাস্বাদঃ

যথা প্রথমে—(১।১।৩)

নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রবসংযুতম্ ।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥ ২২৪ ॥

অন্বয়ঃ—হে ভাবুকাঃ (ভাবুকং মঙ্গলম্ অস্তি এষু ইতি ভাবুকাঃ অর্শআদিত্বাৎ পরমমঙ্গলায়নাঃ) হে রসিকাঃ (ভগবদ্‌ভক্তিরসজ্ঞাঃ, যূয়ং বৈকুণ্ঠাৎ ক্রমেণ) ভুবি (পৃথিব্যামেব) গলিতম্ (অবতীর্ণং ফলপক্ষে সুপকত্বাৎ স্বয়ং পতিতং) নিগমকল্পতরোঃ (সর্ব্বফলোৎপত্তিভুবঃ শাখোপশাখাভিঃ বৈকুণ্ঠমপি অধ্যারূঢ়স্য বেদরূপকল্পবৃক্ষস্য)অমৃতদ্রবসংযুতং (অমৃতদ্রবঃ ভগবল্লীলারসঃ তেন সমবেতং ফলপক্ষে সুমধুরাস্বাদযুক্তং) শুকমুখাৎ (পরমভাগবতবৃন্দমহেন্দ্রশ্রীশুকদেব-মুখাৎ ফলপক্ষে কল্পবৃক্ষবাস্যমৃতমুখশুকপক্ষি-মুখাৎ) গলিতং (প্রবাহরূপেণ বহন্তং ফলপক্ষে ভ্রষ্টং) রসং (হেয়াংশরহিতং ভগবদ্ভক্তিময়রসস্বরূপং ফলপক্ষে ত্বগষ্ট্যাদিরহিতং) ভাগবতং (শ্রীভাগবতাখ্যং) ফলং (ভুবি অপি স্থিতাঃ) আলয়ং (মোক্ষমভিব্যাপ্য) পিবত (আস্বাদ্যান্তর্গতং কুরুত) অহো (অলভ্যলাভ-ব্যঞ্জনে)॥ ২২৪ ॥

টীকা—হে ভাবুকাঃ পরমমঙ্গলায়নাঃ, হে রসিকাঃ ভগবদ্ভক্তিরসজ্ঞা ইত্যর্থঃ। যূয়ং বৈকুণ্ঠাৎ ক্রমেণ ভুবি পৃথিব্যামেব গলিতমবতীর্ণং নিগমকল্পতরোঃ সর্ব্ব-ফলোৎপত্তিভুবঃ শাখোপশাখাভির্বৈকুণ্ঠমপ্যধ্যারূঢ়স্য বেদরূপতরোর্যৎ খলু রসরূপং শ্রীভাগবতাখ্যং ফলং তদ্ভুব্যপি স্থিতাঃ পিবত আস্বাদ্য অন্তর্গতং কুরুত।

অহো ইত্যলভ্যলাভব্যঞ্জনা। ভাগবতাখ্যং যচ্ছাস্ত্রং, তৎ খলু রসবদপি রসৈকময়তাবিবক্ষয়া রসশব্দেন নির্দ্দিষ্টং ভাগবতশব্দেনৈব তস্য রসস্য অন্যদীয়-ত্বঞ্চ ব্যাবৃত্তম্। ভাগবতস্য তদীয়ত্বেন রসস্যাপি তদীয়ত্বাক্ষেপাৎ শব্দশ্লেষেণ ভগবৎসম্বন্ধিরসমিতি গম্যতে। স চ রসো ভগবদ্ভক্তিময় এব, 'যস্যাং বৈ শ্রূয়মাণায়াম্' ইত্যাদিফলশ্রুতেঃ। মন্ময়ত্বেনৈব শ্রীভগবতি রসশব্দঃ শ্রুতৌ প্রযুজ্যতে 'রসো বৈ স'ইতি, স এব চ প্রশস্যতে 'রসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতি' ইতি। অত্র রসিকা ইত্যনেন প্রাচীনার্ব্বাচীনসংস্কারাণামেব তদ্বিজ্ঞত্বং দর্শিতম্। গলিতমিত্যনেন তস্য সুপক্কিমত্বমুক্ত্বা শাস্ত্রপক্ষে সুনিষ্পন্নার্থত্বমধিকস্বাদুত্বঞ্চ

দর্শিতম্। রসমিত্যনেন ফলপক্ষে ত্বগষ্ট্যাদিরাহিত্যং ব্যজ্য অত্র পক্ষে হেয়াংশরাহিত্যং দর্শিতম্। নিগমস্য পরমফলত্বেনোক্ত্যা তস্য পরমপুরুষার্থত্বং দর্শিতম্ এবং তস্য রসাত্মকফলস্য স্বরূপতোঽপি বৈশিষ্ট্যে সতি পরমোৎ-কর্ষবোধনার্থং বৈশিষ্ট্যান্তরমাহ---শুকেতি। অত্র ফলপক্ষে কল্পতরুবাসিত্বাদ-লৌকিকত্বেন শুকোঽপ্যমৃতমুখোঽভিপ্রেয়তে। ততস্তন্মুখং প্রাপ্য যথা তৎফলং বিশেষতঃ স্বাদু ভবতি, তথা পরমভাগবতমুখসম্বন্ধং ভগবদ্গুণ-বর্ণনমপি। ততস্তাদৃশপরমভাগবতবৃন্দমহেন্দ্রশ্রীশুকদেবমুখসম্বন্ধং কিমুতেতি ভাবঃ। অতএব পরমস্বাদুপরমকাষ্ঠাপ্রাপ্তত্বাৎ, স্বতোঽন্যতশ্চ তৃপ্তিরপি ন ভবিষ্যতীতি। আলয়ং---মোক্ষনন্দমপ্যভিব্যাপ্য পিবতেত্যুক্তম্। তথাচ বক্ষ্যতে--'পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে' ইত্যাদি। অনেনাস্বাদ্যান্তরবন্নেদং কালান্তরেঽপ্যা-স্বাদকবাহুল্যেঽপি ব্যয়িষ্যতীত্যপি দর্শিতম্, যদ্বা তত্র তস্য রসস্য ভগবদ্ভক্তি-ময়ত্বেঽপি দ্বৈবিধ্যম্, তদ্ভক্ত্যুপযুক্তত্বম্। তদ্ভক্তিপরিণামত্বঞ্চেতি। যথোক্তং দ্বাদশে—'কথা ইমাস্তে কথিতা মহীয়সাং, বিতায় লোকষু যশঃ পরেয়ুষাম। বিজ্ঞানবৈরাগ্যবিবক্ষয়া বিভো, বচো বিভূতীর্ন তু পারমার্থ্যম্॥' 'যস্তূত্তমঃ-শ্লোকগুণানুবাদঃ প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ। তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ'ইতি।

ততঃ সামান্যতো রসত্বমুক্ত্বা বিশেষতোঽপ্যাহ—অমৃতেতি। অমৃতদ্রবস্ত-ল্লীলারসঃ। 'হরিলীলাকথাব্রাতমৃতানন্দিতসৎসুরম্'ইতি দ্বাদশে শ্রীভাগবত-বিশেষণাৎ, 'লীলাকথারসনিষেবণম্'ইতি তস্যৈব রসত্বনির্দ্দেশাচ্চ, সৎসুরমিতি সন্তোঽত্র আত্মারামাঃ 'ইত্থং সতাম্'ইত্যাদিবৎ ত এব সুরাঃ অমৃতমাত্রাস্বাদিত্বাৎ, তেন সমবেতং, তত্রাপি তাদৃশশুকমুখাদ্গলিতং প্রবাহরূপেণ বহন্তমিত্যর্থঃ। তদেবং ভগবদ্ভক্তেঃ পরমরসত্বাপত্তিঃ শব্দোপাত্তৈব। অন্যত্র চ 'সর্ব্ববেদান্ত' ইত্যাদৌ 'তদ্রসামৃততৃপ্তস্য'ইত্যাদি। এবমেব অভিপ্রেত্য ভাবুকা ইত্যত্র 'রসবিশেষভাবনাচতুরা' ইতি টীকা। তথা, 'স্মরন্মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুনঃ, বিহাতুমিচ্ছেন্নরসগ্রহো জনঃ' ইত্যাদি॥ ২২৪॥

শ্রীভাগবতার্থাস্বাদ (৬১)—৪১

শ্লোকার্থ—শ্রীমদ্ভাগবত বেদকল্পতরুর সুপক্ক স্বয়ং পতিত ফল। উহা শুকমুখ-নিঃসৃত অমৃতদ্রবসংযুক্ত। উক্ত ভাগবত-ফল প্রায় অষ্টিবল্কল-বিহীন রসপ্রচুর। সুপক্ক, স্বয়ং পতিত এবং শুকাস্বাদিত বলিয়া মধুর। হে রস-

দ্বিতীয়ে চ—(২।১।৯)

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া ।
গৃহীতচেতা রাজর্ষে ! আখ্যানং যদধীতবান্ ॥ ২২৫ ॥

অথ সজাতীয়বাসন-শ্রীভক্তসঙ্গঃ

যথা প্রথমে—(১।১৮।১৩)

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্ ।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২২৬ ॥

অন্বয়ঃ---হে রাজর্ষে (পরীক্ষিৎ) নৈগুর্ণ্যে (নির্গুণম্ এব নৈর্গুণ্যং তস্মিন্ ব্রহ্মণি) পরিনিষ্ঠিতঃ (সম্যক্ নিষ্ঠাং প্রাপ্তঃ) অপি (অহম্) উত্তমঃশ্লোকলীলয়া (উত্তমঃশ্লোকস্য হরেঃ লীলয়া লীলাকথাশ্রবণেন) গৃহীতচেতাঃ (আকৃষ্টচিত্তঃ সন্) যৎ আখ্যানং (ভাগবতং) অধীতবান্ ॥ ২২৫ ॥

অন্বয়ঃ—ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবতি সঙ্গঃ আসক্তিঃ নিত্যং বিদ্যতে যস্য তস্য যঃ সঙ্গঃ তস্য) লবেন (অত্যল্পমাত্রয়া) অপি স্বর্গম্ অপুনর্ভবং (মোক্ষং চ) ন তুলয়ামঃ (তুলনাং কুর্ম্মঃ) মর্ত্ত্যানাং (মনুষ্যাণং) আশিষঃ (রাজ্যাদ্যাঃ তুচ্ছ-কামাস্তু) কিমুত (ন তুলয়ামঃ ইতি কিং বক্তব্যম্) ॥ ২২৬ ॥

টীকা---নির্গুণমেব নৈর্গুণ্যং স্বার্থে ষ্যঞ্ । তস্মিন্ ব্রহ্মণ্যপীত্যর্থঃ ॥২২৫॥

বিশেষ-ভাবনা-চতুর-ভক্তিরসজ্ঞগণ ! আপনারা উক্তরস মোক্ষ পর্য্যন্ত পান করিতে থাকুন ।

ভাবার্থ—শাস্ত্রপক্ষে—বেদের সার শ্রীনারায়ণ হইতে ব্রহ্মা, তাঁহা হইতে নারদ, তথা হইতে ব্যাসদেব, তথা হইতে শুকদেব পাইলেন। উহা শুকদেব দ্বারা আরও রসযুক্ত হইয়া পৃথিবীতে শিষ্য-প্রশিষ্য-পরম্পরা ক্রমে ব্যাপ্ত হইয়াছে। এই শাস্ত্রের বিষয় বস্তু অতি মধুর।

ফল পক্ষে---বৃক্ষ হইতে সুপক্ক ফল স্বয়ং পতিত হইবার সময় শুকপক্ষীর দ্বারা আস্বাদিত হইয়া পৃথিবীতে পতিত হইয়াছে, কিন্তু স্ফুটিত হয় নাই। শুকাস্বাদিত বলিয়া বুঝিতে হইবে যে ইহা অতি মধুর ॥ ২২৪ ॥

শ্লোকার্থ—শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন, হে রাজর্ষে ! নির্গুণ-ব্রহ্মে অত্যন্ত নিষ্ঠাযুক্ত হইয়াও ভগবল্লীলা-কর্তৃক আকৃষ্টচিত্ত আমি শ্রীমদ্ভাগবত রূপ আখ্যান অধ্যয়ন করিয়াছি ॥ ২২৫ ॥

হরিভক্তিসুধোদয়ে চ—

যস্য যৎসঙ্গতিঃ পুংসো মণিবৎ স্যাৎ স তদ্‌গুণঃ।
স্বকুলর্দ্ধ্যৈ ততো ধীমান্ স্বযূথ্যানেব সংশ্রয়েৎ ॥২২৭॥

অন্বয়ঃ—যস্য পুংসঃ (পুরুষস্য) যৎ সঙ্গতিঃ (যস্য সঙ্গতিঃ সঙ্গঃ) স্যাৎ, সঃ মণিবৎ (স্ফাটিকবৎ) তদ্‌গুণঃ (তস্য ইব গুণঃ যস্য তাদৃশঃ স্যাৎ) ততঃ (তস্মাৎ) ধীমান্ (পণ্ডিতঃ) স্বকুলর্দ্ধ্যৈ (স্বকুলস্য ঋদ্ধ্যৈ বৃদ্ধ্যর্থং) স্বযূথ্যান্ (স্বসজাতীয়ান্) এব সংশ্রয়েৎ ॥ ২২৭ ॥

টীকা—ভগবদিতি। ভগবতি সঙ্গ আসক্তিঃ, স নিত্যং বিদ্যতে যস্য তস্য যঃ সঙ্গস্তস্য লবেনাপি স্বর্গাদিকং ন তুলয়ামেতি। তৎপ্রশংসয়া স্বস্য তৎসমানবাসনত্বং দর্শিতম্। তচ্চান্যেষামপি শিক্ষণায় জায়ত ইতি তদেতদত্রোদাহৃতম্। এতদুপ-লক্ষণত্বেন স্নিগ্ধত্বাদিকমপি দৃশ্যম্। অত্র 'ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গম্'ইত্যাদিকং চতুর্থস্য পদ্যমপ্যনুসন্ধেয়ম্ ॥ ২২৬ ॥

টীকা—অত্র স্বজাতীয়সঙ্গস্য প্রভাবং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যস্যেতি। প্রহ্লাদং প্রতি হিরণ্যকশিপোর্ব্বাক্যং, তত্র তস্যাভিপ্রায়ান্তরেঽপি সামান্য-বচনত্বেন স্বাভিপ্রায়েঽপি তদেযাজয়িতুং শক্যত ইতি গ্রন্থকৃতামভিপ্রায়ঃ। মণিবৎ স্ফটিকমণিবদিতি সন্নিহিতগুণগ্রহণমাত্রাংশে দৃষ্টান্তঃ; ন তু তদস্থৈর্য্যাংশেনাপি। স্বযূথ্যান্ সজাতীয়ান্ ॥ ২২৭ ॥

সজাতীয়বাসন-শ্রীভক্তসঙ্গ (৬২)—৪২

শ্লোকার্থ—শৌনকাদি ঋষিগণ শ্রীসূত গোস্বামীকে কহিলেন, ভগবদ্ভক্ত সহ অত্যল্পকাল সঙ্গকেও স্বর্গ এবং মোক্ষের সহিত তুলনা করিতে পারি না অর্থাৎ স্বর্গ-মোক্ষসুখও ভগবদ্ভক্ত-সঙ্গজনিত সুখের তুল্য নহে। মানবগণের তুচ্ছ রাজ্যাদি জনিত সুখকে যে উক্ত সুখের সহিত তুলনা করিতে পারা যায় না, ইহা বলাই বাহুল্য।

শব্দার্থ—ভগবৎসঙ্গী—ভগবান্ শ্রীহরিতে আসক্তি যুক্ত জন ॥ ২২৬ ॥

শ্লোকার্থ—হিরণ্যকশিপু প্রহ্লাদকে কহিলেন, যাহার সহিত যে ব্যক্তির একত্রে বাস হয়, স্ফটিক সদৃশ (স্ফটিক ও রক্ত জবার ন্যায়) তাহার গুণ সেই ব্যক্তিতে প্রতিফলিত হয় অর্থাৎ পূর্ব্বোক্ত ব্যক্তির গুণ ও দোষ শেষোক্ত

অথ নামসঙ্কীর্ত্তনম্

যথা দ্বিতীয়ে—(২।১।১১)

এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্ ।
যোগিনাং নৃপ ! নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনম্ ॥ ২২৮ ॥

আদিপুরাণে চ—

গীত্বা চ মম নামানি বিচরেন্মম সন্নিধৌ ।
ইতি ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তস্য চার্জ্জুন ॥ ২২৯ ॥

অন্বয়ঃ—হে নৃপ (রাজন্) এতৎ হরেঃ নামানুকীর্ত্তনং নির্ব্বিদ্যমানানাং (মুমুক্ষূণাম্) ইচ্ছতাং (কামিনাং) যোগিনাং (মুক্তানাম্) অকুতোভয়ং (ন কুতশ্চিদপি ভয়ং যত্র তদ্রূপং সাধনং সাধ্যং চ) নির্ণীতং (নিশ্চিতম্) ॥ ২২৮ ॥

অন্বয়ঃ—হে অর্জ্জুন ! (যঃ) মম নামানি গীত্বা (কীর্ত্তয়ন্) মম সন্নিধৌ সমীপে) বিচরেৎ, তস্য (তেন) অহং ক্রীতঃ (ভবেয়ম্) ইতি তে (তুভ্যং) সত্যং (তথ্যং) ব্রবীমি (বদামি) ॥ ২২৯ ॥

টীকা—ইচ্ছতাং কামিনাং, নির্ব্বিদ্যমানানাং মুমুক্ষূণাং, যোগিনাং মুক্তানামিত্যর্থঃ। এতদকুতোভয়ং ন কুতশ্চিদপি ভয়ং যত্র তদ্রূপং সাধনং সাধ্যঞ্চ নির্ণীতমিত্যর্থঃ ॥ ২২৮ ॥ (২২৯)

ব্যক্তিতে সংক্রামিত হয়। এ কারণে বুদ্ধিমান ব্যক্তির নিজগণের শ্রীবৃদ্ধির জন্য সমবাসনাযুক্ত ব্যক্তিগণের সঙ্গ করা উচিত ॥ ২২৭ ॥

নাম-সঙ্কীর্ত্তন (৬৩)—৪৩

শ্লোকার্থ—শুকদেব কহিলেন, হে রাজন। নিরন্তর শ্রীহরির নামকীর্ত্তন মুমুক্ষু, কামী ও জ্ঞানীদিগের তত্তৎফল সাধন ইহাই নির্ণীত হইয়াছে। সুতরাং সাধক ও সিদ্ধি উভয়ের পক্ষেই সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গল ॥ ২২৮ ॥

শ্লোকার্থ—শ্রীভগবান কহিলেন, হে অর্জ্জুন ! আমি তোমাকে সত্য বলিতেছি যে, যে ব্যক্তি আমার নাম গান করিতে করিতে আমার নিকট বিচরণ করে, সে আমাকে ক্রয় করিয়া ফেলে ॥ ২২৯ ॥

পাদ্মে চ—

যেন জন্মসহস্রাণি বাসুদেবো নিষেবিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত ॥ ২৩০ ॥

যথা তত্রৈব—

নামচিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ ॥ ২৩১ ॥

অন্বয়ঃ—হে ভারত! যেন জন্মসহস্রাণি (জন্মনাং সহস্রাণি) বাসুদেবঃ (শ্রীকৃষ্ণঃ) নিষেবিতঃ (অর্চ্চিতঃ) তন্মুখে (তস্য বদনে) হরিনামানি সদা (সর্ব্বকালং) তিষ্ঠন্তি ॥ ২৩০ ॥

অন্বয়ঃ—নাম (এব) চিন্তামণিঃ (সর্ব্বাভীষ্টপ্রদাতা) নামনামিনোঃ বাচ্য-বাচকয়োঃ শ্রীকৃষ্ণনামস্বরূপয়োঃ) অভিন্নত্বাৎ (একস্যৈব সচ্চিদানন্দ-রসাদিরূপতত্ত্বস্য দ্বিধাবির্ভূতত্বাৎ) পূর্ণঃ (অখণ্ডঃ) শুদ্ধঃ (ত্রিগুণাস্পৃষ্টঃ) নিত্যমুক্তঃ চৈতন্যরসবিগ্রহঃ (চিদানন্দরসময়শরীরঃ) কৃষ্ণঃ ॥ ২৩১ ॥

টীকা—যেন জন্মেতি। এতাদৃশস্যাপ্যস্য পুনঃপুনর্জন্ম সমুৎকণ্ঠাময়-ভক্তিবর্দ্ধনার্থং পরমেশ্বরেচ্ছয়ৈব ॥ ২৩০ ॥

টীকা—নামৈব চিন্তামণিঃ সর্ব্বাভীষ্টদায়কং, যতস্তদেব কৃষ্ণঃ কৃষ্ণস্য স্বরূপমিত্যর্থঃ। কৃষ্ণস্য বিশেষণানি চৈতন্যরসেত্যাদীনি তস্য কৃষ্ণত্বে হেতুঃ। অভিন্নত্বাদিতি, একমেব সচ্চিদানন্দরসাদিরূপং তত্ত্বং দ্বিধাবির্ভূতমিত্যর্থঃ। বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীভাগবতসন্দর্ভস্য শ্রীভগবৎসন্দর্ভো দৃশ্যঃ ॥ ২৩১ ॥

শ্লোকার্থ—হে ভারত! যে ব্যক্তি সহস্র সহস্র জন্ম বাসুদেবের সেবা করিয়াছেন, তাঁহারই মুখে সর্ব্বদা হরিনাম অবস্থান করেন।

ভাবার্থ—যে ব্যক্তি সহস্র সহস্র জন্ম বাসুদেবের সেবা করে, এরূপ ব্যক্তির পুনঃ পুনঃ জন্ম তাঁহার সমুৎকণ্ঠাময়ী ভক্তি বৃদ্ধির জন্য পরমেশ্বরের ইচ্ছাতেই হইয়া থাকে, প্রারব্ধ কর্ম্মদ্বারা নহে ॥ ২৩০ ॥

শ্লোকার্থ—শ্রীহরিনাম নামী শ্রীহরি হইতে অভিন্ন হওয়ায় তিনি চিন্তামণি অর্থাৎ ইচ্ছামাত্র সর্ব্বাভীষ্টদায়ক এবং চিদানন্দ-বিগ্রহ, অপরিচ্ছিন্ন, মায়াশূন্য ও মায়াতীত স্বয়ং শ্রীকৃষ্ণস্বরূপ ॥ ২৩১ ॥

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥ ২৩২ ॥

অথ শ্রীমথুরামণ্ডলে স্থিতিঃ

যথা পাদ্মে—

অন্যেষু পুণ্যতীর্থেষু মুক্তিরেব মহাফলম্।
মুক্তেঃ প্রার্থ্যা হরের্ভক্তির্মথুরায়াস্তু লভ্যতে ॥ ২৩৩ ॥
ত্রিবর্গদা কামিনাং যা মুমুক্ষূণাঞ্চ মোক্ষদা।
ভক্তীচ্ছোর্ভক্তিদা কস্তাং মথুরাং নাশ্রয়েদ্বুধঃ ॥ ২৩৪ ॥

অন্বয়ঃ—অতঃ (অস্মাৎ চৈতন্যরসবিগ্রহাদিত্বাৎ) শ্রীকৃষ্ণনামাদি ইন্দ্রিয়ৈঃ গ্রাহ্যং ন ভবতি, অতঃ (শ্রীকৃষ্ণনামাদি) সেবোন্মুখে (ভগবৎস্বরূপতন্নাম-গ্রহণায় প্রবৃত্তে) জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরতি (আবির্ভবতি) হি (প্রসিদ্ধৌ)॥২৩২॥

অন্বয়ঃ—অন্যেষু পুণ্যতীর্থেষু মুক্তিঃ এব মহাফলং (উৎকৃষ্টফলং মথুরায়াং তু মুক্তেঃ (অপি) প্রার্থ্যা (কাম্যা) হরের্ভক্তিঃ লভ্যতে (প্রাপ্যতে)॥২৩৩॥

অন্বয়ঃ—যা মথুরা কামিনাং (কামনাবতাং) ত্রিবর্গদা (ধর্ম্মার্থকামানাং ত্রয়াণাং বর্গঃ সমূহঃ তং দদাতীতি তথোক্তা) মুমুক্ষূণাং চ মোক্ষদা (মোক্ষং দদাতীতি তথোক্তা) ভক্তীচ্ছোঃ (ভক্তিকামিনঃ) ভক্তিদা তাং (মথুরাং) কঃ বুধঃ (পণ্ডিতঃ) ন আশ্রয়েৎ ॥ ২৩৪ ॥

টীকা—সেবোন্মুখে হীতি। সেবোন্মুখে ভগবৎস্বরূপতন্নামগ্রহণায় প্রবৃত্ত ইত্যর্থঃ। হি প্রসিদ্ধৌ। যথা মৃগশরীরং ত্যজতো ভরতস্য বর্ণিতং, 'নারায়ণায় হরয়ে নম ইত্যুদারং, হাস্যন্ মৃগত্বমপি যঃ সমুদাজহার'ইতি। গজেন্দ্রস্য, 'জজাপ পরমং জাপং প্রাগজন্মন্যনুশিক্ষিতম্'ইত্যাদি ॥ ২৩২ ॥ (২৩৩-২৩৫)

শ্লোকার্থ—উপরিউক্ত কারণবশতঃ শ্রীকৃষ্ণনামাদি প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য নহে, জীব শ্রীনাম-সেবা করিতে প্রবৃত্ত হইলে, তিনি তাঁহার জিহ্বাদি ইন্দ্রিয়ে স্বয়ং প্রকাশিত হন ॥ ২৩২ ॥

শ্রীমথুরামণ্ডলে স্থিতি (৬৪)—৪৪

শ্লোকার্থ—অন্যান্য পুণ্যতীর্থে অবস্থানের মহাফল মুক্তি। কিন্তু মুক্ত-গণেরও প্রার্থনীয় হরিভক্তি একমাত্র মথুরামণ্ডল-বাসে লব্ধ হয় ॥ ২৩৩ ॥

অহো মধুপুরী ধন্যা বৈকুণ্ঠাচ্চ গরীয়সী।
দিনমেকং নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে ॥ ২৩৫ ॥
দুরূহাদ্ভুতবীর্য্যেঽস্মিন্ শ্রদ্ধা দূরেঽস্তু পঞ্চকে।
যত্র স্বল্পোঽপি সম্বন্ধঃ সদ্ধিয়াং ভাবজন্মনে ॥ ২৩৬ ॥

তত্র শ্রীমূর্ত্তিঃ

যথা—

স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং সাচিবিস্তীর্ণদৃষ্টিং
বংশীন্যস্তাধরকিশলয়ামুজ্জ্বলাং চন্দ্রকেণ।

অন্বয়ঃ—অহো মধুপুরী (মথুরা) ধন্যা, বৈকুণ্ঠাৎ গরীয়সী (শ্রেষ্ঠা) চ, যত্র (মধুপুর্য্যাম্) একং দিনং নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে ॥ ২৩৫ ॥

অন্বয়ঃ—দুরূহাদ্ভুতবীর্য্যে (দুরূহং দুর্বিতর্ক্যম্ অদ্ভুতম্ আশ্চর্য্যং বীর্য্যং প্রভাবঃ যস্য তস্মিন্) অস্মিন্ পঞ্চকে (শ্রীমূর্ত্ত্যাদৌ) শ্রদ্ধা (বিশ্বাসঃ) দূরে অস্তু, যত্র (যস্মিন্ পঞ্চকে) স্বল্পঃ সম্বন্ধঃ অপি সদ্ধিয়াং (নিরপরাধচিত্তানাং) ভাবজন্মনে (ভাবভক্তিজন্মনিমিত্তং ভবতি)॥ ২৩৬ ॥

অন্বয়ঃ—হে সখি যদি তব বন্ধুসঙ্গে (স্ত্রী-পুত্রাদিসঙ্গে) রঙ্গঃ (অনুরাগঃ) অস্তি (তর্হি) কেশিতীর্থোপকণ্ঠে (কেশিঘট্টসমীপে) ইতঃ (গতঃ সন্) স্মেরাম্ (ঈষদ্ধসনশীলাং) ভঙ্গীত্রয়পরিচিতাং (গ্রীবাকটিজানুষু ভঙ্গীত্রয়েণ বিদিতাং)

টীকা—সদ্ধিয়াং নিরপরাধচিত্তানাম্ ॥ ২৩৬ ॥

শ্লোকার্থ—যে মথুরামণ্ডল কামীদিগের ধর্ম্মাদি ত্রিবর্গদায়ক, মুমুক্ষুদিগের মোক্ষদায়ক এবং ভক্তি-অভিলাষীর ভক্তিদাতা, এরূপ সর্ব্বগুণসম্পন্ন মথুরা-মণ্ডলকে কোন বুদ্ধিমান্ ব্যক্তি না আশ্রয় করিবেন ? ২৩৪ ॥

শ্লোকার্থ—অহো ! যে মধুপুরীতে একদিন মাত্র বাস করিলেও বাসকারীর হরিভক্তি হয়, বৈকুণ্ঠ হইতেও গরীয়সী সেই মধুপুরী ধন্যা ॥ ২৩৫ ॥

শ্লোকার্থ—শ্রীমূর্ত্তিসেবন, শ্রীভাগবতাস্বাদ, শ্রীভগবদ্ভক্ত-সঙ্গ, শ্রীহরিনাম-সংকীর্ত্তন ও শ্রীমথুরামণ্ডলে বাসরূপ অবিতর্ক্য ও অদ্ভুতবীর্য্যশালী এই পঞ্চ ভক্ত্যঙ্গে শ্রদ্ধা দূরে থাকুক, তাহার সহিত স্বল্প সম্বন্ধমাত্রে নিরপরাধ ব্যক্তি-দিগের চিত্তে শ্রীকৃষ্ণে ভাব উদিত হন ॥ ২৩৬ ॥

গোবিন্দাখ্যাং হরিতনুমিতঃ কেশিতীর্থোপকণ্ঠে
মা প্রেক্ষিষ্ঠাস্তব যদি সখে! বন্ধুসঙ্গেঽস্তি রঙ্গঃ ॥ ২৩৭ ॥

শ্রীভাগবতম্

যথা—

শঙ্কে নীতাঃ সপদি দশমস্কন্ধপদ্যাবলীনাং
বর্ণাঃ কর্ণাধ্বনিপথিকতামানুপূর্ব্ব্যাদ্ভবদ্ভিঃ ।

সাচিবিস্তীর্ণদৃষ্টিং (সাচি তির্য্যক্ বিস্তীর্ণে প্রসারিতে দৃষ্টী নয়নে যস্যাঃ তাং) বংশীন্যস্তাধরকিসলয়াং (বংশ্যাং বেণৌ ন্যস্তঃ নিহিতঃ অধরঃ কিসলয়ঃ পল্লবঃ ইব যস্যাঃ তাং)চন্দ্রকেণ(পিচ্ছেন) উজ্জ্বলাং (দীপ্তাং)গোবিন্দাখ্যাং (শ্রীগোবিন্দ-নাম্নীং) হরিতনুং (শ্রীভগবদ্‌বিগ্রহং) মা প্রেক্ষিষ্ঠাঃ(মা দ্রাক্ষীঃ) ॥ ২৩৭ ॥

অন্বয়ঃ—হংহো ডিম্ভাঃ (বালাঃ নির্ব্বোধাঃ, অহং) শঙ্কে (মন্যে) ভবদ্ভিঃ সপদি (সদ্যঃ) দশমস্কন্ধপদ্যাবলীনাং (শ্রীমদ্‌ভাগবত-দশমস্কন্ধস্য শ্লোক-সমূহানাং) বর্ণাঃ (অক্ষরাণি) আনুপূর্ব্ব্যাৎ (অনুক্রমেণ) কর্ণাধ্বনি (শ্রবণমার্গে) পথিকতাং নীতাঃ (পথিকাঃ কৃতাঃ শ্রুতাঃ ইত্যর্থঃ) যৎ (যস্মাৎ) অমী (বর্ণাঃ)

টীকা—স্ববাক্যমাধুরীদ্বারা পূর্ব্বমেবার্থপঞ্চকং অনুভাবয়ন্নাহ—স্মেরা-মিত্যাদিপঞ্চভিঃ । মা প্রেক্ষিষ্ঠা ইতি নিষেধব্যাজেনাবশ্যকবিধিরয়ং, তদেতন্মাধুর্য্যে অনুভূয়মানে স্বয়মেব সর্ব্বমেব তুচ্ছং মংস্যসে । তস্মাদেনামেব পশ্যেদিত্যভিপ্রায়াৎ ॥ ২৩৭ ॥

শ্রীমূর্ত্তি

শ্লোকার্থ—গ্রন্থকার স্বীয় বাক্যমাধুরী-দ্বারা পূর্ব্বোক্ত অর্থপঞ্চক অর্থাৎ শ্রীমূর্ত্তি-সেবনাদি সাধনভক্তির পঞ্চাঙ্গকে অনুভব করাইয়া কহিলেন,—"হে সখে! যদি তোমার বন্ধু-বান্ধবদিগের সহিত আমোদ-প্রমোদ করিবার ইচ্ছা থাকে, তবে কেশীতীর্থের সমীপবর্ত্তী ঈষৎ-হাস্যযুক্ত, ত্রিভঙ্গাকৃতি, বিপুলায়ত-বঙ্কিম-নয়ন, রক্তাধরে মুরলীযুক্ত, শিখিপুচ্ছদ্বারা শোভমান শ্রীগোবিন্দবিগ্রহ (কদাপি) দর্শন করিও না॥

ভাবার্থ—এখানে নিষেধচ্ছলে শ্রীমূর্ত্তিদর্শন করিতেই বলা হইতেছে। কারণ এরূপ মাধুর্য্যপূর্ণ মূর্ত্তি দর্শন করিলে সমস্ত তুচ্ছবোধ হইবে॥ ২৩৭॥

হংহো ডিম্ভাঃ পরমশুভদান্ হন্ত ধর্ম্মার্থকামান্
যদ্ গর্হন্তঃ সুখময়মমী মোক্ষমপ্যাক্ষিপন্তি ॥ ২৩৮ ॥

কৃষ্ণভক্তঃ

যথা—

দৃগম্ভোভির্ধৌতঃ পুলকপটলীমণ্ডিততনুঃ
স্খলন্নন্তঃফুল্লো দধদতিপৃথুং বেপথুমপি।

পরমশুভদান (অতিশয়মঙ্গলপ্রদান্) ধর্ম্মার্থকামান্ গর্হন্তঃ (নিন্দন্তঃ) মোক্ষমপি আক্ষিপন্তি (তিরস্কুর্ব্বন্তি) হন্ত ইতি খেদে, নিন্দাচ্ছলেন স্তুতিরিয়ম্ ॥ ২৩৮ ॥

অন্বয়ঃ—দৃগম্ভোভিঃ (নেত্রজলৈঃ) ধৌতঃ (ক্ষালিতঃ) পুলকপটলীমণ্ডিততনুঃ (রোমাঞ্চসমূহেন ভূষিতগাত্রঃ) অতি পৃথুম্ (অতিবিশালং) বেপথুং (কম্পং)

টীকা—শঙ্কে নীতা ইতি। উপালম্ভব্যাজেন স্তুতিরিয়ম্। শ্লোকদ্বয়ীয়মপ্রস্তুতপ্রশংসালঙ্কারময়ী, সা চ "কার্য্যে নিমিত্তে সামান্যে বিশেষে প্রস্তুতে সতি। তদন্যস্য বচস্তুল্যে তুল্যসেতি চ পঞ্চধা ॥" ইত্যুক্তত্বাৎ সামান্যে প্রস্তুতে বিশেষপ্রস্তাবমযাপি স্যাৎ, তদেবমত্র শ্রীমূর্ত্তিশ্রীভাগবতমাত্রয়োঃ প্রস্তুতয়োস্তত্তদ্বিশেষঃ প্রস্তাবঃ কৃতঃ। স হি তাবত্তৎপর্য্যন্তমহিমজ্ঞানপ্রযোজক ইতি। কিঞ্চ, পূর্ব্বপদ্যে স্মেরামিত্যাদিনা তস্যা হরিতনোঃ প্রশংসনাৎ তৎপ্রেক্ষণনিষেধতাৎপর্য্যং নাস্তীতি তদ্বদুত্তরপদ্যে ধর্ম্মাদীনাং পরমশুভদানাং মোক্ষস্য চ দুঃখময়স্য দশমস্কন্ধশ্রবণজভাবেনাতিক্রমাত্তস্য পরমসুখরূপত্বপ্রাপ্ত্যা হংহো ডিম্ভা ইত্যত্রাধিক্ষেপে তাৎপর্য্যং নাস্তীতি পদ্যদ্বয়েঽস্মিন্নত্যন্ততিরস্কৃতবাচ্যধ্বনিনা স্তুতাবেব নয়নাৎ স্তুতিশ্চ সা নিন্দাব্যাজেনেতি ব্যাজস্তুতিনামালঙ্কারোঽয়ং গম্যতে ॥ ২৩৮ ॥

শ্লোকার্থ—অরে নির্ব্বোধগণ! যে শ্রীমদ্ভাগবতের দশম-স্কন্ধের পদ্যসকলের বর্ণগুলি পরমশুভদ ধর্ম্মার্থকামরূপ ত্রিবর্গকে নিন্দা করিয়া সুখময় চতুর্থবর্গ মোক্ষকেও তিরস্কার করে, হায়! হায়! আমার আশঙ্কা হইতেছে, তোমরা আনুপূর্ব্বিক সেই বর্ণগুলিকে সদ্য সদ্য তোমাদের কর্ণপথের পথিক করিয়াছ অর্থাৎ শুনিয়াছ। (ইহা তোমাদের নির্ব্বুদ্ধিতারই কার্য্য হইয়াছে)

ভাবার্থ—এখানেও নিন্দাচ্ছলে শ্রীভাগবতের প্রশংসা করা হইতেছে এবং উহার শ্রবণ-নিষেধচ্ছলে অবশ্য কর্ত্তব্য বলিয়া ব্যবস্থিত হইতেছে ॥ ২৩৮ ॥

দৃশোঃ কক্ষাং যাবন্মম স পুরুষঃ কোঽপ্যুপযযৌ
ন জানে কিং তাবন্মতিরিহ গৃহে নাভিরমতে ॥ ২৩৯ ॥

নাম

যথা—

**যদবধি মম শীতা বৈণিকেনানুগীতা শ্রুতিপথমঘশত্রোর্নামগাথা প্রয়াতা।
অনবকলিতপূর্ব্বাং হন্ত কামপ্যবস্থাং তদবধি দধদন্তর্মানসং শাম্যতীব ॥ ২৪০ ॥**

দধৎ (ধারয়ন্) অন্তঃফুল্লঃ (বিকশিতহৃদয়ঃ) স্খলন্ (পতন্) কোঽপি (অদৃষ্টপূর্ব্বঃ) সঃ পুরুষঃ মম দৃশোঃ (নয়নয়ো) কক্ষাং (প্রকোষ্ঠং গোচরং) যাবৎ (যদবধি) উপযযৌ (উপনীতঃ) তাবৎ (তদবধি) মম মতিঃ ইহ (মদন্তঃস্ফুরতি কস্মিংশ্চিদপি অনির্ব্বচনীয়ে শ্যামসুন্দরে) অভিরমতে (আসজ্জতে) গৃহে তু ন (অভিরমতে) কিং (কো হেতুঃ) ন জানে ॥ ২৩৯ ॥

অন্বয়ঃ—যদবধি (যৎকালমারভ্য) বৈণিকেন (বীণাবাদকেন শ্রীনারদেন) অনুগীতা (অনুকীর্ত্তিতা) শীতা (কর্ণয়োঃ তাপশমনী) অঘশত্রোঃ (শ্রীকৃষ্ণস্য) নামগাথা (নামগানং) মম শ্রুতিপথং (কর্ণরন্ধ্রং) প্রয়াতা (প্রবিষ্টা) তদবধি (ততঃ প্রভৃতি) অন্তর্মানসং (হৃদয়াভ্যন্তরভাগঃ) অনবকলিতপূর্ব্বা (পূর্ব্বম অননুভূতাং) কামপি (অনির্ব্বচনীয়াম্) অবস্থাং (দশাং) দধৎ (ধারয়ৎ) শাম্যতীব (বহিরুপদ্রবং পরিহৃত্য নির্বৃতং ভবতি ইব) ॥ ২৪০ ॥

টীকা—ইহ মদন্তঃস্ফুরতি কস্মিংশ্চিদপ্যনির্ব্বচনীয়ে শ্যামসুন্দরে, মম মতিরভিরমতে, গৃহে তু নাভিরমত ইত্যর্থঃ ॥ ২৩৯ ॥

টীকা—শীতা কর্ণয়োস্তাপশমনী, 'বৈণিকেন'ইত্যজ্ঞাতনামত্বাৎ শ্রীনারদস্য তাদৃশতামাত্রেণোদ্দেশঃ। তদ্বৎ কামপ্যবস্থামিতি প্রেম্ণ এবোদ্দেশঃ। 'ইব'ইতি বাক্যালঙ্কারে। শাম্যতি সর্ব্বং বহিরুপদ্রবং পরিহৃত্য নির্বৃতং ভবতীত্যর্থঃ ॥২৪০॥

কৃষ্ণভক্ত

শ্লোকার্থ—যদবধি নয়নজলে ধৌত, পুলক-শোভিত-তনু, রোমাঞ্চ দ্বারা ব্যপ্তদেহ, স্খলৎরদ, উৎফুল্ল-হৃদয় ও অতিশয় কম্পযুক্ত কোন পুরুষ (কৃষ্ণভক্ত) আমার নয়ন-পথের পথিক হইয়াছেন, তদবধি জানি না, কেন আমার মন আমার হৃদয়ে স্ফুর্ত্তিপ্রাপ্ত কোন এক অনির্ব্বচনীয় শ্যামসুন্দরপুরুষে আসক্ত হইয়াছে, গৃহে আর আসক্ত হইতেছে না।

শ্রীমথুরামণ্ডলম্

যথা—

তটভুবি কৃতকান্তিঃ শ্যামলায়াস্তটিন্যাঃ
স্ফুটিতনবকদম্বালম্বিকূজদ্দ্বিরেফা।
নিরবধিমধুরিম্ণা মণ্ডিতেয়ং কথং মে
মনসি কমপি ভাবং কাননশ্রীস্তনোতি॥ ২৪১॥

অন্বয়ঃ—শ্যামলায়াঃ তটিন্যাঃ (যমুনানদ্যাঃ) তটভুবি (তীরদেশে) কৃতকান্তিঃ (কৃতা কান্তিঃ যেন শোভাসম্পাদিকা) স্ফুটিতনবকদম্বালম্বিকূজদ্দ্বিরেফা (স্ফুটিতান্ বিকসিতান্ নবান্ নূতনান্ কদম্বান্ নীপান্ আলম্বন্তে আশ্রয়ন্তে ইতি তদালম্বিনঃ কূজন্তঃ গুঞ্জন্তঃ দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং সা) নিরবধিমধুরিম্ণা (অসীমমাধুর্য্যেণ) মণ্ডিতা (ভূষিতা) ইয়ং কাননশ্রীঃ (বনচ্ছবিঃ) মে মনসি কমপি (শ্যামসুন্দরবিষয়ং) ভাবং (রতিং) তনোতি (বিস্তারয়তি কথং (হর্ষে)॥ ২৪১॥

টীকা—কমপি ভাবং শ্যামসুন্দরবিষয়ম্॥ ২৪১॥

শব্দার্থ—ইহ—আমার হৃদয়ে স্ফূর্ত্ত কোন অনির্ব্বচনীয় শ্যাম-সুন্দরে॥ ২৩৯॥

নাম

শ্লোকার্থ—যদবধি কোন বীণাবাদক (শ্রীনারদ) কর্ত্তৃক নিরন্তর গীত কর্ণতাপোপশমকারী শ্রীকৃষ্ণের নামগান আমার কর্ণপথগত হইয়াছে অর্থাৎ আমি শুনিয়াছি, সেই অবধি আমার চিত্ত কোন এক অননুভূত দশাপ্রাপ্ত হইয়া শান্ত হইয়াছে অর্থাৎ সমস্ত বাহ্যবিষয়ে উদ্বেগমুক্ত হইয়াছে॥ ২৪০॥

মথুরামণ্ডল

শ্লোকার্থ—যে বনের শোভা যমুনার তটে অবস্থিত হইয়া তথায় সৌন্দর্য্য বিস্তার করিয়াছে, যাহার নববিকশিত কদম্ব-কুসুম অবলম্বন করিয়া অলিকুল গুঞ্জন করিতেছে এবং যাহা সর্ব্বদা মাধুর্য্যমণ্ডিত, তাহা আমার চিত্তে কোন এক অনির্ব্বচনীয় অর্থাৎ শ্যামসুন্দরবিষয়কভাব উদয় করিতেছে॥ ২৪১॥

অলৌকিকপদার্থানামচিন্ত্যা শক্তিরীদৃশী।
ভাবং তদ্বিষয়ঞ্চাপি যা সহৈব প্রকাশয়েৎ॥ ২৪২॥
কেষাঞ্চিৎ ক্বচিদঙ্গানাং যৎ ক্ষুদ্রং শ্রূয়তে ফলম্।
বহির্মুখপ্রবৃত্ত্যৈতৎ কিন্তু মুখ্যং ফলং রতিঃ॥ ২৪৩॥

অন্বয়ঃ—অলৌকিকপদার্থানাং (লৌকিকবৎ প্রতীতানামপি লোকাতীতানাং তেষাং পঞ্চপদার্থানাম্) ঈদৃশী অচিন্ত্যা (অবিতর্ক্যা) শক্তিঃ যা (শক্তিঃ) ভাবং (রতিং) তদ্বিষয়ং চ (কৃষ্ণং) সহৈব (যুগপদেব) প্রকাশয়েৎ ॥ ২৪২ ॥

অন্বয়ঃ—ক্বচিৎ কেষাঞ্চিৎ অঙ্গানাং (ভক্ত্যঙ্গানাং) যৎ ক্ষুদ্রং ফলং শ্রূয়তে তৎ বহির্মুখপ্রবৃত্ত্যৈ (বহির্মুখানাং বিষয়াসক্তানাং প্রবৃত্তিনিমিত্তং), কিন্তু রতিঃ মুখ্যং (প্রধানং) ফলম্ ॥ ২৪৩ ॥

টীকা—'অলৌকিক'ইতি, তেষাং পঞ্চানামিতি প্রকরণাল্লভ্যতে। যথা 'সকৃদ্‌যদঙ্গপ্রতিমান্তরাহিতা, মনোময়ীং ভাগবতীং দদৌ গতিম্'ইতি, 'ধর্ম্মঃ প্রোজ্‌ঝিত'ইত্যাদৌ, 'কিম্বা পরৈরীশ্বরঃ, সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ'ইতি 'ভবাপবর্গো ভ্রমত' ইতি 'নামব্যাহরণং বিষ্ণোর্যতস্তদ্বিষয়ামতিঃ'ইতি 'পরানন্দময়ী সিদ্ধির্মথুরাস্পর্শমাত্রত 'ইতি পঞ্চস্বপি দর্শনাৎ ॥ ২৪২ ॥

টীকা—'মুখ্যং ফলম'ইতি, 'অকামঃ সর্ব্বকামো বা'ইত্যাদেঃ। 'সত্যং দিশত্যর্থিতম্'ইত্যারভ্য 'স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতাম্'ইত্যাদেঃ, 'স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ'ইত্যাদৌ, 'কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া'ইত্যস্মাচ্চ। যদ্বা বহির্ম্মুখাপ্রবৃত্ত্যা ইতি, অন্তর্মুখানাং তু তত্তদনায়াসভজনেঽপি কর্ম্মাদি-দুর্ল্লভফলপ্রাপকতত্তদ্‌গুণশ্রবণেন রত্যুৎপাদনাদ্রতিরেব মুখ্যং ফলমিতি। তদেবং রতিফলত্বেঽপ্যংশাংশিভগবদ্রূপভেদেন রতেরপি ভেদো জ্ঞেয়ঃ ॥ ২৪৩ ॥

শ্লোকার্থ—অলৌকিক পদার্থ অর্থাৎ পূর্ব্বোক্ত শ্রীমূর্ত্তিসেবনাদি পঞ্চ ভক্ত্যঙ্গের এরূপ অচিন্ত্য শক্তি যে, তাহা (উক্ত অঙ্গের স্বল্প সম্বন্ধ, মাত্রই) ভাব ও ভাবের বিষয় (শ্রীকৃষ্ণবিষয়কভাব ও শ্রীকৃষ্ণ) উভয়কেই একযোগে প্রকাশ করেন ॥ ২৪২ ॥

শ্লোকার্থ—কোনকোন ভক্ত্যঙ্গের কখন কখন যে ক্ষুদ্র ফল শ্রবণ করা যায়, তাহাইমাত্র উহার ফল নহে। বহির্ম্মুখবিষয়াসক্ত ব্যক্তিদিগকে ভক্তিপথে

সম্মতং ভক্তিবিজ্ঞানাং ভক্ত্যঙ্গত্বং ন কর্ম্মণাম্ ॥ ২৪৪ ॥

যথৈকাদশে—(১১।২০।৯)

তাবৎ কর্ম্মাণি কুর্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।

মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥ ২৪৫ ॥

অন্বয়ঃ—কর্ম্মাণাং ভক্ত্যঙ্গত্বং ভক্তিবিজ্ঞানাং (ভক্তিং বিশেষতো জানতাং পরাশরাদীনাং) সম্মতম্ (অভিপ্রেতং) ন ॥ ২৪৪ ॥

অন্বয়ঃ—যাবতা (কালেন) ন নির্ব্বিদ্যেত (বিরজ্যেত) বা (অথবা) যাবৎ মৎকথাশ্রবণাদৌ (তদ্রূপায়াং ভক্তৌ) শ্রদ্ধা (দৃঢ়বিশ্বাসঃ) ন জায়তে তাবৎ (কালং) কর্ম্মাণি (নিত্যনৈমিত্তিকানি) কুর্ব্বীত ॥ ২৪৫ ॥

টীকা—নন্ু সর্ব্বাসাং কেবলানামেব ভক্তীনাং মাহাত্ম্যং খলু তাদৃশমেব, কিন্তু শ্রীপরাশরেণ যদিদমুক্তং "বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্। বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যত্তত্তোষকরণম্"ইতি, তত্র তু কর্ম্মণাং ভক্ত্যঙ্গত্বং প্রতীয়তে, বর্ণাশ্রমাচার-সংযোগেনৈব বিষ্ণোরারাধনে সম্মতিপ্রতীতেঃ, তত্রাহ সম্মতমিতি। ভক্তিবিজ্ঞানাং ভক্তিং বিশেষতো জানতাং শুদ্ধভক্তানাং শ্রীপরাশরাদীনামেবেত্যর্থঃ। তদুক্তং তৈরেব—"যক্তেশাচ্যুত গোবিন্দ মাধবানন্ত কেশব। কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশেত্যাহ রাজা স কেবলম্॥ নান্যজ্জগাদ মৈত্রেয় কিঞ্চিৎ স্বপ্নান্তরেষ্বপি"ইতি। 'বর্ণা-শ্রমাচার' ইত্যাদিকং অজাতদৃঢ়শ্রদ্ধান্ শুদ্ধভক্ত্যনধিকারিণঃ প্রত্যেবোক্তমিতি ভাবঃ ॥ ২৪৪ ॥

টীকা—তদেবোপপাদয়তি যথেতি। তস্মাদ্বর্ণাশ্রমেত্যস্য চায়মেবার্থঃ। বর্ণা-শ্রমাচারবতাপি যদ্বিষ্ণুরারাধ্যতে সোঽয়মেব পন্থাস্তত্তোষকারণং নান্যৎকিমপি। অতএবোক্তং তৈনৈব, 'সা হানিস্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ। যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েৎ' ইত্যাদি ॥ ২৪৫ ॥

প্রবর্ত্তিত করিবার জন্য ঐ সকল ফল কথিত হইয়াছে। বস্তুতঃ শ্রীকৃষ্ণে রতিই উহার মুখ্য ফল ॥ ২৪৩ ॥

শ্লোকার্থ—বর্ণাশ্রম বিহিত কর্ম্মফল ভক্ত্যঙ্গ, ইহা কেহ কেহ বলিলেও উহা ভক্তিবিজ্ঞ শুদ্ধ ভক্তগণের (পরাশরাদি মুনিগণের) সম্মত নহে ॥ ২৪৪ ॥

শ্লোকার্থ—যে কাল পর্য্যন্ত নির্ব্বেদ অর্থাৎ বিষয়ে বিরাগ উপস্থিত না হয়,

জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্তিপ্রবেশায়োপযোগিতা।
ঈষৎ প্রথমমেবেতি নাঙ্গত্বমুচিতং তয়োঃ ॥ ২৪৬ ॥
যদুভে চিত্তকাঠিন্যহেতু প্রায়ঃ সতাং মতে।
সুকুমারস্বভাবেয়ং ভক্তিস্তদ্ধেতুরীরিতা ॥ ২৪৭ ॥

অন্বয়ঃ—জ্ঞানবৈরাগ্যময়োঃ (তৎপদার্থবিষয়কত্বম্পদার্থবিষয়তদৈক্যবিষয়কেতি ত্রিভূমিকস্য ব্রহ্মজ্ঞানস্য তদুপযোগিবৈরাগ্যস্য চ) ভক্তিপ্রবেশায় (ভক্তৌ প্রবেশং কর্ত্তুম্) ঈষৎ (ঐক্যবিষয়জ্ঞানং ভক্তিবিরোধি-বৈরাগ্যং চ ত্যক্ত্বা) প্রথমমেব (অন্যাবেশপরিত্যাগমাত্রায়) উপযোগিতা (উপাদেয়তা) ইতি তয়োঃ অঙ্গত্বম্ উচিতং (যুক্তং) ন ॥ ২৪৬ ॥

অন্বয়ঃ—যৎ (যস্মাৎ) সতাং (সাধুনাং) মতে (নানাবাদনিরসনপূর্ব্বকতত্ত্ববিচারস্য দুঃখসহনাভ্যাসপূর্ব্বকবৈরাগ্যস্য চ রুক্ষস্বরূপত্বাৎ) উভে (জ্ঞানবৈরাগ্যে) প্রায়ঃ (বাহুল্যেন) চিত্তকাঠিন্যহেতু (চিত্তস্য কার্কশ্যজনকে) ইয়ং সুকুমারস্বভাবা (শ্রীভগবন্মধুরূপগুণাদিভাবনাময়ত্বাৎ কোমলস্বভাবা) ভক্তিঃ (পূর্ব্ব-পূর্ব্বভক্তিঃ) তদ্ধেতুঃ (তস্য উত্তরোত্তরভক্তিপ্রবেশস্য হেতুঃ) ঈরিতা শাস্ত্রে উক্তা) ॥ ২৪৭ ॥

টীকা—জ্ঞানমত্র ত্বম্পদার্থবিষয়ং, তৎপদার্থবিষয়ং, তয়োরৈক্যবিষয়ঞ্চেতি ত্রিভূমিকং ব্রহ্মজ্ঞানমুচ্যতে। তত্র ঈষদিতি ঐক্যবিষয়ং ত্যক্ত্বেত্যর্থঃ। বৈরাগ্যঞ্চাত্র ব্রহ্মজ্ঞানোপযোগ্যেব, তত্র চ ঈষদিতি ভক্তিবিরোধিনং ত্যক্ত্বেত্যর্থঃ! তচ্চ তচ্চ প্রথমমেবেত্যন্যাবেশপরিত্যাগমাত্রায় তে উপাদীয়তে, তৎপরিত্যাগেন জাতে চ ভক্তিপ্রবেশে তয়োরকিঞ্চিৎকরত্বাৎ। তত্তদ্ভাবনায়া ভক্তিবিচ্ছেদকত্বাচ্চ ॥ ২৪৬ ॥

অথবা আমার (ভগবানের) কথা শ্রবণাদিতে শ্রদ্ধা না হয়, সেকাল পর্য্যন্ত বর্ণাশ্রমোচিত নিত্য-নৈমিত্তিক কর্ম্ম করিবে ॥ ২৪৫ ॥

শ্লোকার্থ—ভক্তির অবিরোধী জ্ঞান ও বৈরাগ্য ভক্তিমার্গ-প্রবেশের প্রথমাবস্থায় কিছু সহায়তা করিতে পারে মাত্র, বস্তুতঃ উহা ভক্তির অঙ্গ নহে।

তথ্য—জ্ঞান তিন প্রকার—ত্বংপদার্থবিষয়ক, তৎপদার্থবিষয়ক ও উভয়ের ঐক্য-বিষয়ক, এখানে ঐক্য-বিষয়ক জ্ঞানই ভক্তির বিরোধী ॥ ২৪৬ ॥

যথা তত্রৈব---(১১।২০।৩১)

তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ।
ন জ্ঞানং ন চ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ ॥ ইতি ॥ ২৪৮ ॥

অন্বয়ঃ---তস্মাৎ (ভক্তেরন্যনিরপেক্ষত্বাৎ অন্যস্য চ তৎসাপেক্ষত্বাৎ) ইহ (অস্মিন্ জগতি) মদ্ভক্তিযুক্তস্য (ময়ি ভক্ত্যা যুক্তস্য) মদাত্মনঃ (ময়ি আত্মা চিত্তং যস্য তস্য) যোগিনঃ ইহঃ (অস্মিন্ লোকে) জ্ঞানং বৈরাগ্যং চ প্রায়ঃ শ্রেয়ঃ (মঙ্গলসাধনং) ন ভবেৎ ॥ ২৪৮ ॥

টীকা---উত্তরতস্তু তয়োরনুগতৌ দোষান্তরমিত্যাহ 'যদুভে' ইতি। কাঠিন্য-হেতুত্বঞ্চ নানাবাদনিরসনপূর্ব্বকতত্ত্ববিচারস্য দুঃখসহনাভ্যাসপূর্ব্বক বৈরাগ্য চ ব্রহ্মস্বরূপত্বাৎ। তর্হি সহায়ং বিনোত্তরোত্তরভক্তিপ্রবেশঃ কথং স্যাত্তত্রাহ---ভক্তি-স্তদ্ধেতুরীরিত'ইতি। তস্য ভক্তিপ্রবেশস্য হেতুর্ভক্তিরীরিতা। উত্তরোত্তরভক্তি-প্রবেশস্য হেতুঃ পূর্ব্বপূর্ব্বভক্তিরেবেত্যর্থঃ। ননু ভক্তিরপি তত্তদায়াসসাধ্যত্বাৎ কাঠিন্যহেতুঃ স্যাত্তত্রাহ---'সুকুমারস্বভাবেয়ম্'ইতি, শ্রীভগবন্মধুররূপগুণাদি-ভাবনাময়ত্বাদিতি। তস্মাদ্ভগবতি নিজচিত্তস্য সার্দ্রতাং কর্ত্তুমিচ্ছুনা ভক্তিরেব কার্য্যেতি ভাবঃ। প্রাধান্যেন চ যথোক্তং শ্রীপ্রহ্লাদেন,---"নৈতে গুণা ন গুণিনো মহদাদয়ো যে, সর্ব্বে মনঃপ্রভৃতয়ঃ সহ দেবমর্ত্ত্যাঃ। আদ্যন্তবন্ত উরুগায় বিদন্তি হি ত্বামেবং বিবিচ্য সুধিয়ো বিরমন্তি শব্দাৎ"॥ "তত্তেঽর্হত্তম নমঃ স্তুতিকর্ম্ম-পূজাঃ কর্ম্মস্মৃতিশ্চরণয়োঃ শ্রবণং কথায়াম্। সংসেবয়া ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিং ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেত"ইতি। অত্র কর্ম্ম পরিচর্য্যা কর্ম্মস্মৃতিঃ লীলাস্মরণং, চরণয়োরিতি ভক্তিব্যঞ্জকং তচ্চ ষট্স্বপ্যন্বিতং, তথা 'সংসেবয়া বিনা' ইতি বৈরাগ্যাদিকমপি নাদৃতম্ ॥ ২৪৭ ॥

শ্লোকার্থ---সাধুদিগের মধ্যে প্রায় সকলের মতে জ্ঞান ও বৈরাগ্যদ্বারা চিত্ত কঠিন হয়। কিন্তু ভক্তি সুকোমলস্বভাবা। একারণ ভক্তিই ভক্তিপ্রবেশের হেতু অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব ভক্তি পরপর ভক্তি-প্রবেশের হেতু ॥ ২৪৭ ॥

শ্লোকার্থ---শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন,---একারণে আমাতে অর্পিতচিত্ত ও আমাতে ভক্তিমান্ যোগিদিগের জ্ঞান ও বৈরাগ্য প্রায় মঙ্গলজনক হয় না ॥ ২৪৮ ॥

কিন্তু জ্ঞানবিরক্ত্যাদিসাধ্যং ভক্ত্যৈবর্বসিধ্যতি ॥ ২৪৯ ॥

যথা তত্রৈব (১১।২০।৩২-৩৩)—

যৎ কর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি ॥ ২৫০ ॥

অন্বয়ঃ—কিন্তু জ্ঞান-বিরক্ত্যাদিসাধ্যং (জ্ঞানসাধ্যং মুক্তিলক্ষণং বৈরাগ্য-সাধ্যং জ্ঞানং) ভক্ত্যা এব **সিধ্যতি** ॥ ২৪৯ ॥

অন্বয়ঃ—মদ্‌ভক্তঃ **কর্ম্মভিঃ** যৎ তপসা যৎ জ্ঞান-বৈরাগ্যতশ্চ (জ্ঞান বৈরাগ্যাভ্যাং) যৎ যোগেন দানধর্ম্মেণ ইতরৈঃ (সালোক্যাদিকামনাময়ভক্ত্যাদিভিঃ) শ্রেয়োভিরপি (শ্রেয়ঃ সাধনৈঃ যৎ যৎ ভাব্যং সত্ত্বশুদ্ধ্যাদি তৎ তৎ সর্ব্বং মদ্‌ভক্তিযোগেন অঞ্জসা (অনায়াসেন) লভতে (প্রাপ্নোতি) যদি স্বর্গাপবর্গং

টীকা—জ্ঞানসাধ্যং মুক্তিলক্ষণং, বৈরাগ্যসাধ্যং জ্ঞানং, তত্তচ্চ ভক্ত্যৈব সিধ্যতি ॥ ২৪৯ ॥

টীকা—ইতরৈঃ সালোক্যাদিকামনাময়ভক্ত্যাদিভিঃ। কথঞ্চিদ্ভক্ত্যুপযোগিত্বেন যথা—চিত্রকেতোর্বিমানচারিত্বে, গর্ভস্থশুকদেবস্য মায়াত্যাগে, প্রহ্লাদস্য ভগবৎপার্শ্বগমনে বাঞ্ছা। যথোক্তং ষষ্ঠে—রেমে বিদ্যাধরস্ত্রীভির্গাপয়ন্ হরিমীশ্বরম্' ইতি। ব্রহ্মবৈবর্ত্তে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীশুকদেবস্য প্রার্থনা—"ত্বং ব্রূহি মাধব জগন্নিগড়োপমেয়া, মায়াখিলস্য ন বিলঙ্ঘ্যতমা ত্বদীয়া। বধ্নাতি মাং ন যদি গর্ভমিমং বিহায়, তদযামি সম্প্রতি মুহুঃ প্রতিভূস্ত্বমত্র"ইতি। সপ্তমে শ্রীপ্রহ্লাদস্যৈব বাক্যং-'ত্রস্তোঽস্ম্যহং কৃপণবৎসল দুঃসহোগ্রসংসারচক্রকদনাদ্‌গ্রসতাং প্রণীতঃ। বদ্ধঃ স্বকর্ম্মভিরুশত্তম তেঽঙ্ঘ্রিমূলং প্রীতোঽপবর্গশরণং হ্বয়সে কদা নু" ॥ ইতি দুঃসহং যদুগ্রং সংসারচক্রকদনং দুঃখং, তস্মাদহং ত্রস্তোঽস্মি। দুঃসহেতি

শ্লোকার্থ—কিন্তু জ্ঞান-সাধ্য মুক্তি ও বৈরাগ্যসাধ্য জ্ঞান কেবলমাত্র ভক্তি দ্বারাই সিদ্ধ হয় ॥ ২৪৯ ॥

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন—কর্ম্ম, তপস্যা, জ্ঞান ও বৈরাগ্য, যোগ, দান, ধর্ম্ম ও অন্যান্য শুভকার্য্যদ্বারা মানবগণ যে ফল উপার্জ্জন করেন, আমার ভক্ত আমার শুদ্ধভক্তিযোগদ্বারা তাহা অনায়াসে লাভ করিতে পারেন। যদিও আমার ভক্ত (আমার সেবা ব্যতীত) কিছুই বাঞ্ছা করেন না, তথাপি ভক্তির

সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্ যদি বাঞ্ছতি ॥ ইতি ॥ ২৫১ ॥
রুচিমুদ্বহতস্তত্র জনস্য ভজনে হরেঃ।
বিষয়েষু গরিষ্ঠোঽপি রাগঃ প্রায়ো বিলীয়তে ॥ ২৫২ ॥
অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে ॥ ২৫৩ ॥

(স্বর্গং সুরলোকম্ অপবর্গং মুক্তিং চ) মদ্ধাম (বৈকুণ্ঠং) কথঞ্চিৎ (ভক্ত্যুপযোগিত্বেন) বাঞ্ছতি (তদপি লভতে এব) ॥ ২৫০-২৫১ ॥

অন্বয়ঃ—তত্র হরেঃ ভজনে (সেবায়াং) রুচিম্ (অনুরাগম্) উদ্বহতঃ (কুর্ব্বতঃ) বিষয়েষু (প্রাকৃতরূপরসাদিষু) গরিষ্ঠঃ (অতিপ্রবলঃ) অপি রাগঃ (আসক্তিঃ) প্রায়ঃ (বাহুল্যেন) বিলীয়তে (হ্রসতি) পরিণামতস্তু কার্ৎস্ন্যেনৈব বিলীয়তে) ॥ ২৫২ ॥

অন্বয়ঃ—অনাসক্তস্য (আসক্তিরহিতস্য সতঃ) যথার্হং (স্বভক্ত্যুপযুক্তমাত্রং যথা স্যাৎ তথা) বিষয়ান্ (রূপাদীন্) উপযুঞ্জতঃ (ভুঞ্জানস্য পুরুষস্য যৎ) বৈরাগ্যং (তৎ) যুক্তম্ উচ্যতে (অত্র) কৃষ্ণসম্বন্ধে (তৎসম্বন্ধিবস্তুনি) নির্ব্বন্ধঃ (আগ্রহঃ স্যাৎ) ॥ ২৫৩ ॥

ত্বদ্বহির্মুখতাময়ত্বাদিতি ভাবঃ। তত্রাপি প্রসতাং ত্বদ্ভক্তৈঃ সর্ব্বঙ্গিলানামসুরাণাং মধ্যে স্বকর্ম্মভির্বদ্ধঃ সন্, প্রণীতঃ নিক্ষিপ্তোঽস্মি, তত উশত্তমঃ প্রীতঃ সন্, তে তব অঙ্ঘ্রিমূলং চরণারবিন্দয়োর্নিত্যাধিষ্ঠানং শ্রীবৈকুণ্ঠং প্রতি কদা নু হ্বয়সে ॥ ২৫০-২৫১ ॥

টীকা—ননু, পূর্ব্বং ভক্তিপ্রবিষ্টস্য বৈরাগ্যং চিত্তকাঠিন্যহেতুতয়া হেয়ত্বেনোক্তং, তর্হি তস্য বিষয়ভোগ এব বিহিতঃ। তচ্চ "বিষয়াবিষ্টচিত্তস্য কৃষ্ণাবেশঃ

অনুকূল বিবেচনায় স্বর্গ, অপবর্গ এমন কি আমার ধামও যদি ইচ্ছা করেন, তবে তাহাও পাইতে পারেন ॥ ২৫০-২৫১ ॥

শ্লোকার্থ—শ্রীহরিভজনে রুচি হইয়াছে এরূপ ব্যক্তির গুরুতর বিষয়াসক্তি থাকিলেও তাহা আপনিই বিলয় প্রাপ্ত হয়।

শ্লোকার্থ—অনাসক্ত হইয়া নিজ সাধনভক্তির অনুকূলমাত্র বিষয় স্বীকারকারীর বিষয়-বিরক্তিকে যুক্তবৈরাগ্য বলে। তাহাতে কৃষ্ণসম্বন্ধীয় আগ্রহ

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে ॥ ২৫৪ ॥

অন্বয়ঃ---মুমুক্ষুভিঃ (মুক্তিকামিভিঃ) প্রাপঞ্চিকতয়া (প্রপঞ্চে ভবঃ প্রাপঞ্চিক তস্য ভাবঃ তত্তা তয়া প্রাকৃতভোগ্যতয়া) বুদ্ধ্যা (জ্ঞানেন) হরিসম্বন্ধিবস্তুনঃ (ভগবৎসম্বন্ধি-বস্তু তৎপ্রসাদাদি তস্য পরিত্যাগঃ অপ্রার্থনা প্রাপ্তানঙ্গীকারশ্চ তদ্রূপং) বৈরাগ্যং (অপরাধজনকত্বাদসারং) কথ্যতে। "কেতেঽপরাধা বিপেন্দ্র নাম্নো ভগবতঃ কৃতা॥ বিনিঘ্নন্তি নৃণাং কৃত্যং প্রাকৃতং হ্যানয়ন্তি হি" ইতি পাদ্মোক্তেঃ ॥ ২৫৪ ॥

অন্বয়ঃ—আদৌ (প্রথমে সাধুসঙ্গ-শাস্ত্রশ্রবণদ্বারা) শ্রদ্ধা (তদর্থং বিশ্বাসঃ ততঃ (প্রথমানন্তরং দ্বিতীয়ঃ) সাধুসঙ্গঃ (ভজনরীতি-শিক্ষানিবন্ধনঃ গুরুপাদাশ্রয়ঃ) অথ (অনন্তরং) ভজনক্রিয়া (শ্রবণকীর্ত্তনাদিরূপা) ততঃ (ভজনক্রিয়াতঃ) অনর্থনিবৃত্তিঃ (পরমপুরুষার্থবিরোধিপাপাবিদ্যাদিক্লেশানাং ক্ষয়ঃ) স্যাৎ ততঃ (অনন্তরং) নিষ্ঠা (তত্র অবিক্ষেপেণ সাতত্যং) ততঃ (অনন্তরং) রুচিঃ (বুদ্ধিপূর্ব্বকাভিলাষঃ) অথ (অনন্তরম্) আসক্তিঃ (স্বারসিকাভিলাষঃ ততঃ ভাবঃ ততঃ প্রেমা অভ্যুদঞ্চতি (অভ্যুদেতি) সাধকানাং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে (প্রকটনে) অয়ং ক্রমঃ ভবেৎ ॥ ১৫-১৬ ॥

টীকা—প্রায়শ ইতি বৈধ্যংশযুক্তত্বেঽপি ন কেবলঃ স্যাদিত্যর্থঃ ॥ ১৪ ॥

টীকা—তত্র বহুস্বপি ক্রমেষু সৎসু প্রায়িকমেকং ক্রমমাহ আদাবিতি দ্বয়েন । আদৌ প্রথমসাধুসঙ্গে শাস্ত্রশ্রবণদ্বারা শ্রদ্ধা তদর্থবিশ্বাসঃ । ততঃ প্রথমানন্তরং দ্বিতীয়ঃ সাধুসঙ্গে ভজনরীতিশিক্ষানিবন্ধনঃ নিষ্ঠা তত্রাবিক্ষেপেণ সাতত্যম্ । রুচিরভিলাষঃ, কিন্তু বুদ্ধিপূর্ব্বিকেয়ম্ আসক্তিস্তু স্বারসিকী ॥ ১৫-১৬ ॥

শ্লোকার্থ—বিধিমার্গ-অবলম্বনকারী ভক্তগণের অতিপ্রসাদোত্থ প্রেম মহিম-জ্ঞানযুক্ত এবং রাগানুগমার্গাশ্রিত ভক্তগণের উক্ত প্রেম প্রায়ই কেবল অর্থাৎ শ্রীকৃষ্ণের মাধুর্য্যমাত্র-জ্ঞানযুক্ত হইয়া থাকে।

তথ্য—প্রায়শঃ বলার তাৎপর্য্য এই যে, অতিপ্রসাদোত্থ প্রেমে যদি কিছুমাত্র বৈধী অংশ যুক্ত থাকে, তবে তাহা কেবল প্রেম হইবে না ॥ ১৪ ॥

শ্লোকার্থ—প্রেমোদয়ের বহু ক্রম থাকা সত্ত্বেও প্রায়িক অর্থাৎ সচরাচর যাহা দেখা যায়, এরূপ একটি ক্রম বলা হইতেছে।

ক্রম যথা ঃ—প্রথমে শ্রদ্ধা, তৎপরে সাধুসঙ্গ, তাহার পর ভজনক্রিয়া, তৎপরে অনর্থনিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, তাহার পর রুচি, তৎপরে আসক্তি, তাহার পর ভাব এবং তদনন্তর প্রেম উদিত হন। সাধকদিগের প্রেমোদয়ের ইহাই ক্রম।

ধন্যস্যায়ং নবঃ প্রেমা যস্যোন্মীলতি চেতসী।
অন্তর্বাণিভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা॥ ১৭॥

অতএব শ্রীনারদপঞ্চরাত্রে যথা---

ভাবোন্মত্তো হরেঃ কিঞ্চিন্ন বেদ সুখমাত্মনঃ।
দুঃখঞ্চেতি মহেশানি পরমানন্দ আপ্লুতঃ॥ ১৮॥

অন্বয়ঃ—যস্য ধন্যস্য চেতসি (চিত্তে) অয়ং নবঃ (নিত্যনূতনঃ) প্রেমা উন্মীলতি (উদেতি) অস্য মুদ্রা (পরিপাটী) অন্তর্বাণিভিঃ (শাস্ত্রবিদ্ভিঃ) সুষ্ঠু সুদুর্গমা (অতিদুর্ব্বোধ্যা)॥ ১৭॥

অন্বয়ঃ—মহেশানি (হে মহেশ্বরি) হরেঃ ভাবোন্মত্তঃ (প্রেমোন্মত্তঃ) পরমানন্দে আপ্লুতঃ (মগ্নঃ সন্) আত্মনঃ (স্বস্য) সুখং দুঃখং চ কিঞ্চিৎ ন বেদ (জানাতি)॥ ১৮॥

টীকা—অন্তর্ব্বাণিভিঃ-শাস্ত্রবিদ্ভিঃ। মুদ্রা পরিপাটী॥ ১৭॥

টীকা—সুদুর্গমত্বমেব দর্শয়তি অতএবেতি। অয়ং ভাবঃ। শাস্ত্রবিদ্ভির্হি সুখপ্রাপ্তিদুঃখহানী এব পুরুষার্থত্বেন নির্ণীতে। তে চ তাদৃশভক্তানাং বহিরেব তৈর্জ্ঞায়েতে নান্তঃ। তেষামন্তস্তু সুখদুঃখে ভগবৎপ্রাপ্ত্যপ্রাপ্তিকৃতে এব।

শ্রদ্ধা—সাধুসঙ্গে শাস্ত্র-শ্রবণদ্বারা শাস্ত্রের অর্থে বিশ্বাস। সাধুসঙ্গ—দ্বিতীয় সাধুসঙ্গ, ভজনরীতি-শিক্ষার জন্য ইহাই গুরুপাদাশ্রয়। ভজনক্রিয়া—গুরু ও সাধুগণের উপদেশ-ক্রমে শ্রবণ-কীর্ত্তনাদিরূপ ভজন, অনর্থনিবৃত্তি—তত্ত্বভ্রম, অসৎ-তৃষ্ণা, হৃদ্দৌর্বল্য, ও অপরাধরূপ অনর্থ সমুদয় ভজন দ্বারা ক্রমশঃ বিনষ্ট হয় ও নিষ্ঠাদি পরবর্ত্তী ক্রম উদিত হয়। নিষ্ঠা—চিত্তবিক্ষেপশূন্য নিরন্তর ভজন। রুচি—বুদ্ধি-পূর্ব্বক ভজনে বা ভজনীয় বিষয়ে অভিলাষ। আসক্তি—ভজনে বা ভজনীয় বিষয়ে স্বাভাবিকী রুচি। তৎপরে ভাব ও ভাব হইতে প্রেম উৎপন্ন হয়॥ ১৫-১৬॥

অতিশয় সৌভাগ্যশালী ব্যক্তির চিত্তে এই নব প্রেম উদিত হন। যাঁহার চিত্তে এই প্রেম উদিত হন, তাঁহার মুদ্রা অর্থাৎ আচার-ব্যবহার শাস্ত্রবিদ্‌গণেরও অত্যন্ত দুর্ব্বোধ্য।

শব্দার্থ—অন্তর্ব্বাণী—শাস্ত্রবিৎ। মুদ্রা—পরিপাটি, অনুক্রম, আকার অর্থাৎ আচার-ব্যবহার॥ ১৭॥

প্রেম্ণ এব বিলাসত্বাদ্বৈরল্যাৎ সাধকেষ্বপি।
অত্র স্নেহাদয়ো ভেদা বিবিচ্য ন হি শংসিতাঃ ॥ ১৯ ॥
শ্রীমৎপ্রভুপদাম্ভোজৈঃ সর্ব্বা ভাগবতামৃতে।
ব্যক্তীকৃতাস্তি গূঢ়াপি ভক্তিসিদ্ধান্তমাধুরী ॥ ২০ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী ॥ * ॥

অন্বয়ঃ—প্রেম্ণঃ এব বিলাসত্বাৎ (বৈচিত্র্যাৎ) সাধকেষু বৈরল্যাৎ (অদৃষ্টাৎ) অপি স্নেহাদয়ঃ ভেদাঃ (বিশেষাঃ) বিবিচ্য (বিচার্য্য) ন শংসিতাঃ (কথিতা) ॥১৯॥

অন্বয়ঃ—গূঢ়া (গুপ্তা দুর্ব্বোধা) অপি সর্ব্বা ভক্তিসিদ্ধান্তমাধুরী শ্রীমৎপ্রভুপদাম্ভোজৈঃ শ্রীমৎপ্রভুপাদপদ্মৈঃ সনাতন-গোস্বামিপাদৈঃ ভাগবতামৃতে (তদাখ্যগ্রন্থে) গূঢ়া (গুপ্তা দুর্ব্বোধা) অপি সর্ব্বা ভক্তিসিদ্ধান্তমাধুরী ব্যক্তীকৃতা (স্পষ্টীকৃতা) অস্তি ॥ ২০ ॥

ইতি পূর্ব্ববিভাগে চতুর্থলহরী অন্বয়ঃ।

—ঃ সমাপ্তঃ ঃ—

যথোক্তং—'নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদম্'ইত্যাদি, 'কামং তপঃ স্বরূজিনৈর্নিরয়েষু নস্তাচ্চেতোঽলিবদ্ যদি নু তে পদয়ো রমেত'ইত্যাদি চ ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ লহরীচতুষ্টয়াত্মকে
পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী ॥ * ॥

মহাদেব পার্ব্বতীকে কহিলেন, হে মহেশ্বরি! যে ব্যক্তি ভগবান্ শ্রীকৃষ্ণের ভাবে মত্ত, তিনি পরমানন্দে মগ্ন হইয়া নিজে সুখ-দুঃখ কিছুই জানিতে পারেন না ॥ ১১৮ ॥

শ্লোকার্থ—স্নেহাদি প্রেমের বিলাস। উহা সাধকগণে বিরল অর্থাৎ প্রায়ই দৃষ্ট হয় না, এই বিবেচনায় উহা এখানে পৃথগ্‌ভাবে বর্ণিত হইল না ॥ ১৯ ॥

শ্লোকার্থ—আমার প্রভু শ্রীল সনাতন গোস্বামিপাদ শ্রীভাগবতামৃতগ্রন্থে ভক্তিসিদ্ধান্তের মাধুরী গূঢ় হইলেও স্পষ্টরূপে বর্ণনা করিয়াছেন ॥ ২০ ॥

॥ * ॥ ইতি পূর্ব্ববিভাগে প্রেমভক্তিরূপা চতুর্থলহরীর বঙ্গানুবাদ ॥ * ॥

গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা প্রথমবিভাগে সুধাম্বুনিধেঃ ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ রসোপযোগী-স্থায়ীভাবোৎপাদনো নাম পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

অন্বয়ঃ—গোপালরূপশোভাং (গোপালস্য রূপম্ আকৃতি তস্য শোভাং দ্যুতিং) দধৎ অপি (ধারয়ন্ অপি) রঘুনাথভাববিস্তারী (রঘুনাথভাবস্য শ্রীরামচন্দ্রস্য বিস্তারী রঘুনাথাদীনামপি অবতারীত্যর্থঃ) সনাতনাত্মা (সচ্চিদা-নন্দ-বিগ্রহঃ) সুধাম্বুনিধেঃ (ভক্তিরসামৃতসিন্ধোঃ) প্রথমবিভাগে তুষ্যতু (তৃপ্যতু)।

অন্বয়—পক্ষে গোপালরূপয়োঃ (শ্রীগোপালভট্টরূপগোস্বামিপাদয়োঃ) শোভাং দধৎ (সম্পাদয়ন্) রঘুনাথভাববিস্তারী (শ্রীরঘুনাথ-ভট্টপাদস্য ভাবং কৃষ্ণপ্রেমাণং বিস্তারয়তীতি তথোক্তঃ) সনাতনাত্মা (শ্রীসনাতন-নামধেয়ঃ মদগ্রজঃ) ॥ ২১ ॥

টীকা—গোপালেতি। শ্লিষ্টমিদং। তত্র কৃষ্ণপক্ষে, রঘুনাথভাবস্য রঘুনাথত্বস্য বিস্তারী। রঘুনাথাদীনামপ্যবতারীত্যর্থঃ। তত্তদুপাসকানামভীষ্টপূরণায়েতি ভাবঃ। অহো কৃপামাহাত্ম্যমিতি বিবক্ষিতম্। পক্ষে স্ববর্গস্য নামচতুষ্টয়মুদ্দিষ্টম্। তত্র দ্বিতীয়ং শ্রীমদগ্রস্থকৃচ্চরণানাং নাম প্রথম-তৃতীয়ে তন্মিত্রয়োঃ। চতুর্থে শ্রীমদগ্রজচরণানাম্। ভাবঃ শ্রীকৃষ্ণপ্রেমা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধু-টীকায়াং পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্লোকার্থ—গোপালরূপা শোভা ধারণ করিয়াও যিনি রঘুনাথের ভাব বিস্তার-কারী, সেই সনাতনাত্মা এই শ্রীভক্তিরসামৃতসিন্ধুর প্রথম বিভাগে সন্তুষ্ট হউন।

তথ্য—কৃষ্ণপক্ষে—গোপালরূপ শোভাধারণ করিয়াও যিনি রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতনাত্মা অর্থাৎ সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণ ভক্তি-রসামৃতসিন্ধুর প্রথমবিভাগে পরিতোষ লাভ করুন।

শ্রীসনাতন গোস্বামী প্রভুপাদপক্ষেঃ---যিনি শ্রীগোপাল ভট্ট ও শ্রীরূপ গোস্বামীর শোভা সম্পাদন করতঃ শ্রীরঘুনাথদ্বয়ের ভাব বিস্তার করিয়াছেন, সেই শ্রীসনাতন গোস্বামিপাদ এই পূর্ব্ববিভাগে পরিতুষ্ট হউন ॥ ২১ ॥

ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগের বঙ্গানুবাদ সমাপ্ত।

——-:০:------

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীভক্তিরসামৃতসিন্ধুঃ

——ঃঃ (০) ঃঃ——

দক্ষিণ-বিভাগঃ

——ঃঃ(*)ঃঃ——

বিভাবাখ্যা প্রথমলহরী

প্রবলমনন্যাশ্রয়িণা নিষেবিতঃ সহজরূপেণ।
অঘদমনো মথুরায়াং সদা সনাতনতনুর্জয়তি ॥ ১ ॥

অন্বয়ঃ—অনন্যাশ্রয়িণা (অন্যান্ ন আশ্রয়তে ইতি তেন স্বাশ্রিতেন) সহজরূপেণ (স্বাভাবিক সৌন্দর্য্যেণ) প্রবলং (অতিশয়ং) নিষেবিতঃ (আরাধিতঃ) সনাতনতনুঃ (নিত্যবিগ্রহঃ) অঘদমনঃ (অঘাসুর বিনাশনঃ) সদা মথুরায়াং জয়তি (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে)। পক্ষে অনন্যাশ্রয়িণা (একান্তাশ্রিতেন) সহজরূপেণ (অনুজ শ্রীরূপ গোস্বামিনা) অঘদমনঃ (পাপনাশনঃ) সনাতনতনুঃ (সনাতন নাম্নী তনুঃ যস্য সঃ শ্রীসনাতন গোস্বামী) জয়তি।

অথবা অনন্যাশ্রয়িণা (একান্ত-ভক্তেন) সহজরূপেণ (স্বাভাবিকরূপেণ শুদ্ধ স্বরূপেণ) ॥ ১ ॥

শ্লোকার্থ—যিনি অনন্যাশ্রয়ী, স্বাভাবিক রূপ দ্বারা প্রবলরূপে নিষেবিত ও যিনি অঘাসুরকে সংহার করিয়াছিলেন সেই সনাতন অর্থাৎ নিত্যমূর্ত্তি শ্রীকৃষ্ণ মথুরামণ্ডলে নিত্য সর্ব্বোৎকর্ষের সহিত বর্ত্তমান থাকুন।

রসামৃতাব্ধের্ভাগেঽস্মিন্ দ্বিতীয়ে দক্ষিণাভিধে।
সামান্যভগবদ্ভক্তি-রসস্তাবদুদীর্য্যতে ॥ ২ ॥
অস্য পঞ্চ লহর্য্যঃ স্যুর্বিভাবাখ্যাগ্রিমা মতা।
দ্বিতীয়া ত্বনুভাবাখ্যা তৃতীয়া সাত্ত্বিকাভিধা।
ব্যভিচার্য্যভিধা তুর্য্যা স্থায়ি-সংজ্ঞা চ পঞ্চমী ॥ ৩ ॥
অথাস্যাঃ কেশবরতের্লক্ষিতায়া নিগদ্যতে।
সামগ্রীপরিপোষেণ পরমা রসরূপতা ॥ ৪ ॥

অন্বয়ঃ—রসামৃতাব্ধেঃ (রসামৃত সিন্ধোঃ) দক্ষিণাভিধে (দক্ষিণনামকে) অস্মিন্ দ্বিতীয়ে ভাগে সামান্যঃ ভগবদ্ ভক্তিরসঃ (ভগবতো ভক্তিরেব রসঃ) তাবৎ উদীর্য্যতে (কথ্যতে) ॥ ২ ॥

অন্বয়ঃ—অস্য (অস্মিন্ বিভাগে ইত্যর্থঃ) পঞ্চ লহর্য্যঃ স্যুঃ, অগ্রিমা (প্রথমা) বিভাবাখ্যা (বিভাব নাম্নী) দ্বিতীয়া অনুভাবাখ্যা, তৃতীয়া সাত্ত্বিকাভিধা (সাত্ত্বিকভাব নাম্নী) তুর্য্যা (চতুর্থী) ব্যভিচার্য্যভিধা (ব্যভিচারী নাম্নী) পঞ্চমী চ স্থায়ি-সংজ্ঞা (স্থায়ি ভাব নাম্নী) মতা (প্রসিদ্ধ) ॥ ৩ ॥

অন্বয়ঃ—অথ লক্ষিতায়াঃ অস্যাঃ কেশব-রতেঃ সামগ্রী পরিপোষেণ (সামগ্রীভিঃ বিভাবাদি কারণ কলাপৈঃ সর্ব্বতোভাবেন পুষ্ট্যা) পরমা (উৎকৃষ্টা) রসরূপতা নিগদ্যতে (কথ্যতে) ॥ ৪ ॥

শব্দার্থ—অনন্যাশ্রয়িরূপ—যে রূপ শ্রীকৃষ্ণ ভিন্ন অন্য কোথাও নাই।
সহজ—স্বাভাবিক অর্থাৎ যে রূপ শ্রীকৃষ্ণেই স্বভাবতঃ বর্ত্তমান।
নিষেবিতঃ—এরূপ রূপ (রূপমাধুর্য্য) বিশিষ্ট।
প্রবলরূপে—প্রকৃষ্ট ও সুস্পষ্টরূপে।

অথবা

যিনি একান্তাশ্রিত সহোদর রূপ (গোস্বামী) কর্তৃক অতিশয় (বিশেষ রূপে) নিষেবিত ও যিনি অঘদমন অর্থাৎ পাপনাশক সেই সনাতন নামা গোস্বামী মথুরামণ্ডলে নিত্য জয়যুক্ত হউন ॥ ১ ॥

শ্লোকার্থ—শ্রীভক্তিরসামৃত সিন্ধুর এই দক্ষিণ বিভাগ নামীয় দ্বিতীয় বিভাগে সামান্য ভগবদ্ভক্তিরস বর্ণিত হইতেছে।

শব্দার্থ—সামান্য—সাধারণ (পূর্ব্ব বিভাগে প্রথম লহরীতে উক্ত) ॥ ২ ॥

শ্লোকার্থ—এই বিভাগে পাঁচটি লহরী আছে, তাহাদের নাম যথা ঃ—প্রথম বিভাব, দ্বিতীয় অনুভাব, তৃতীয় সাত্ত্বিকভাব, চতুর্থ ব্যভিচারীভাব এবং

বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ।
স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ।
এষা কৃষ্ণরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো ভবেৎ॥ ৫॥
প্রাক্তন্যাধুনিকী চাস্তি যস্য সদ্ভক্তিবাসনা।
এষ ভক্তিরসাস্বাদস্তস্যৈব হৃদি জায়তে॥ ৬॥

অন্বয়ঃ—শ্রবণাদিভিঃ (কর্তৃভিঃ) বিভাবৈঃ অনুভাবৈঃ সাত্ত্বিকৈঃ ব্যভিচারিভিশ্চ (করণৈঃ) ভক্তানাং হৃদি স্বাদ্যত্বম্ আনীতা (সম্যক্ প্রাপিতা চমৎকার-বিশেষেণ পুষ্টা ইত্যর্থঃ) এষা কৃষ্ণ-রতিঃ (শ্রীকৃষ্ণ-রতিরেব) স্থায়ীভাবঃ (সৈব) ভক্তিরসো ভবেৎ॥ ৫॥

অন্বয়ঃ—যস্য প্রাক্তনী (পূর্ব্বজন্মনি জাতা) আধুনিকী (অধুনা অস্মিন্ জন্মনি উদ্ভূতা) চ সদ্ভক্তিবাসনা (শুদ্ধ ভক্তেঃ সংস্কারঃ) অস্তি, তস্যৈব হৃদি এষঃ ভক্তিরসাস্বাদঃ জায়তে॥ ৬॥

টীকা—বিভাবৈরিতি। এষা শ্রীকৃষ্ণরতিরেব স্থায়ী ভাবঃ, সৈব চ ভক্তিরসো ভবেৎ, কীদৃশী সতী তত্রাহ—বিভাবৈরিতি। শ্রবণাদিভিঃ কর্তৃভির্বিভাবাদিভিঃ করণৈর্ভক্তানাং হৃদি স্বাদ্যত্বমানীতা সম্যক্ প্রাপিতা চমৎকারবিশেষেণ পুষ্টেত্যর্থঃ। রতিশ্চাত্রোপলক্ষণমেব—তেন মহাভাবপর্য্যন্তঃ সর্ব্বোঽপি গ্রাহ্যঃ। তস্যা এবোৎকর্ষরূপত্বাৎ (১-৪)॥ ৫॥

টীকা—যদ্যপি রতেরস্তিত্বেনাধুনিকী বাসনাস্ত্যেব, তথাপি রসতাপত্তৌ প্রাক্তনী চাবশ্যং মৃগ্যত ইত্যাহ— প্রাক্তনীতি। প্রাগ্‌জন্মজাতা প্রাক্তনী, আধুনিকী জন্মন্যস্মিন্নুদ্ভূতা চেতি মধ্যে তিরোধানাপেক্ষয়ৈব ভেদো বিবক্ষিতঃ। ইদমপি প্রায়িকম্। তাৎপর্য্যন্তু রত্যতিশয় এব জ্ঞেয়ম্॥ ৬॥

পঞ্চম স্থায়ীভাব। উদ্দিষ্ট কৃষ্ণরতি (লক্ষ্যরূপা কৃষ্ণভক্তি) বিভাবাদি সামগ্রী দ্বারা পরিপুষ্ট হইয়া পরম রসরূপতা প্রাপ্ত হয়। (অর্থাৎ কৃষ্ণরতিই রসে পরিণত হয়) তাহাই এই বিভাগে কথিত হইতেছে॥ ৩-৪॥

শ্লোকার্থ—এই কৃষ্ণরতিই স্থায়ীভাব এবং ইনিই শ্রবণাদি সাধন ভক্তি কর্ত্তৃক বিভাব অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাব দ্বারা পরিপুষ্ট হইয়া ভক্তদিগের হৃদয়ে আস্বাদনীয়া হইলে ভক্তিরস বলিয়া কথিত হন॥ ৫॥

শ্লোকার্থ—(এই ভক্তিরসাস্বাদ সকলের পক্ষে সম্ভবপর নহে) যাঁহার পূর্ব্বজন্মজাত ও বর্ত্তমান জন্মে উদ্ভূত শুদ্ধ ভক্তিবাসনা আছে তাঁহারই হৃদয়ে ভক্তিরসের আস্বাদ উৎপন্ন হয় (অর্থাৎ তিনিই হৃদয়ে ভক্তিরস আস্বাদন করিতে পারেন)॥ ৬॥

ভক্তিনির্ধূতদোষাণাং প্রসন্নোজ্জ্বলচেতসাম্ ।
শ্রীভাগবতরক্তানাং রসিকাসঙ্গ-রঙ্গিণাম্ ॥ ৭ ॥
জীবনীভূত-গোবিন্দ-পাদভক্তিসুখশ্রিয়াম্ ।
প্রেমান্তরঙ্গভূতানি কৃত্যান্যেবানুতিষ্ঠতাম্ ॥ ৮ ॥
ভক্তানাং হৃদি রাজন্তী সংস্কারযুগলোজ্জ্বলা ।
রতিরানন্দরূপৈব নীয়মানা তু রস্যতাম্ ॥ ৯ ॥
কৃষ্ণাদিভির্বিভাবাদ্যৈর্গতৈরনুভবাধ্বনি ।
প্রৌঢ়ানন্দ-চমৎকারকাষ্ঠামাপদ্যতে পরাম্ ॥ ১০ ॥

অন্বয়ঃ—ভক্তিনির্ধূতদোষাণাং (ভক্ত্যা নির্ধূতাঃ ক্ষালিতাঃ দোষাঃ রাগদ্বেষ-মোহাদয়ঃ যেষাং) প্রসন্নোজ্জ্বল চেতসাম্ (প্রসন্নানি শুদ্ধসত্ত্ববিশেষাবির্ভাব-যোগ্যানি উজ্জ্বলানি সর্ব্বজ্ঞান সম্পন্নানি চেতাংসি মানসানি যেসাং) শ্রীভাগবত-রক্তানাং (শ্রীমদ্‌ভাগবতে অনুরক্তানাং) রসিকাসঙ্গরঙ্গিণাম্ রসিকানাং ভক্তিরসজ্ঞানাং সঙ্গে রঙ্গঃ উল্লাসঃ যেষাং) জীবনী ভূত গোবিন্দ পাদভক্তি সুখশ্রিয়াং (গোবিন্দপাদ ভক্তিঃ শ্রীকৃষ্ণভক্তিরেব সুখশ্রীঃ সুখ সম্পদ্ জীবনীভূতা প্রাণ সদৃশী যেষাং) প্রেমান্তরঙ্গভূতানি (প্রেম্ণঃ অন্তরঙ্গ ভূতানি প্রধান ভূতানি) কৃত্যানি (কার্য্যাণি) অনুতিষ্ঠতাং (কুর্ব্বতাং) ভক্তানাং হৃদি রাজন্তী (প্রকাশমানা) সংস্কার যুগলোজ্জ্বলা (প্রাক্তনাধুনিকসংস্কার দ্বয়েন উজ্জ্বলা) আনন্দরূপা রতিরেব অনুভবাধ্বনি (অনুভবমার্গে) গতৈঃ (প্রাপ্তৈঃ) কৃষ্ণাদিভিঃ বিভাবাদ্যৈঃ রস্যতাং (আস্বাদনীয়তাং) নীয়মানা (প্রাপ্তা সতী) পরাম্ (উৎকৃষ্টাং) প্রৌঢ়ানন্দ চমৎকার কাষ্ঠাং (প্রবলতরানন্দচমৎকারমর্য্যাদাং) আপদ্যতে (প্রাপ্নোতি) ॥ ৭-১০ ॥

টীকা—পুনস্তস্যাং রসোৎপত্তৌ সাধনং সহায়ং প্রকারঞ্চাহ—ভক্তেতি চতুর্ভিঃ। তত্র সাধনমনুতিষ্ঠতামিত্যন্তং, সহায়ং সংস্কারযুগলং, প্রকারস্তু রতিরিত্যাদিকো জ্ঞেয়ঃ। নির্ধূতদোষত্বাদেব প্রসন্নত্বং শুদ্ধসত্ত্ববিশেষাবির্ভাব-যোগ্যত্বং ততশ্চোজ্জ্বলত্বং তদাবির্ভাবাৎ সর্ব্বজ্ঞানসম্পন্নত্বম্। অনুভবাধ্বনি গতৈরিতি ন তু লৌকিকরসবদত্র সৎকবিনিবন্ধতাপেক্ষেতি ভাবঃ ॥ ৭-১০ ॥

শ্লোকার্থ—ভক্তিদ্বারা যাঁহাদের সমস্ত দোষ বিধৌত হওয়ায় চিত্ত প্রসন্ন (অর্থাৎ শুদ্ধসত্ত্ব বিশেষাবির্ভাবের যোগ্য) ও উজ্জ্বল (অর্থাৎ তদাবির্ভাব দ্বারা সর্ব্বজ্ঞান সম্পন্ন) হইয়াছে, যাঁহারা শ্রীমদ্ভাগবতে অনুরক্ত, রসিক ভক্তজন সঙ্গে যাঁহাদের উল্লাস, যাঁহাদের শ্রীগোবিন্দের পাদপদ্মে ভক্তিসুখ সম্পত্তিই জীবন-স্বরূপ এবং যাঁহারা প্রেমের অন্তরঙ্গ ক্রিয়া সকল অনুষ্ঠান করেন সেই সকল ভক্তগণের হৃদয়ে শোভমান (পূর্ব্বশ্লোকোক্ত) প্রাক্-জন্মীয় ও আধুনিক সংস্কার

কিন্তু প্রেমা বিভাবাদ্যৈঃ স্বল্পৈর্নীতোঽপ্যণীয়সীম্ ।
বিভাবনাদ্যবস্থাং তু সদ্য আস্বাদ্যতাং ব্রজেৎ ॥ ১১ ॥

অত্র বিভাবাদি-সামান্যলক্ষণম্

যে কৃষ্ণ-ভক্ত-মুরলীনাদাদ্যা হেতবো রতেঃ ।
কার্য্যভূতাং স্মিতাদ্যাশ্চ তথাষ্টৌ স্তব্ধতাদয়ঃ ॥ ১২ ॥
নির্ব্বেদাদ্যাঃ সহায়াশ্চ তে জ্ঞেয়া রসভাবনে ।
বিভাবা অনুভাবাশ্চ সাত্ত্বিকা ব্যভিচারিণঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ—কিন্তু প্রেমা স্বল্পৈঃ বিভাবাদ্যৈঃ অণীয়সীম্ অপি (অত্যল্পামপি) বিভাবনাদ্যবস্থাং (তত্তদাস্বাদবিশেষযোগ্যতাবস্থাং) নীতঃ (প্রাপ্তঃ সন্) সদ্যঃ (তৎক্ষণাৎ) আস্বাদ্যতাং ব্রজেৎ (আস্বাদনীয়ো ভবতি) ॥ ১১ ॥

অন্বয়ঃ—রতেঃ হেতবঃ (কারণভূতাঃ) কৃষ্ণ-ভক্ত-মুরলীনাদাদ্যাঃ, (রতেঃ) কার্য্যভূতাঃ স্মিতাদ্যাঃ, তথা স্তব্ধতাদয়ঃ অষ্টৌ, নির্ব্বেদাদ্যাশ্চ যে রসভাবনে (রসনিষ্পত্তৌ) সহায়াঃ তে (ক্রমেণ) বিভাবাঃ অনুভাবাঃ সাত্ত্বিকাঃ ব্যভিচারিণশ্চ জ্ঞেয়াঃ ॥ ১২-১৩ ॥

টীকা—কিন্ত্বিতি—প্রেম্ণো বৈশিষ্ট্যং বিভাবনাদ্যবস্থাং তত্তদাস্বাদবিশেষযোগ্যতাবস্থাম্। এবং প্রণয়স্নেহাদীনামপি জ্ঞেয়ম্। রতেরেবোৎকর্ষরূপা এত ইতি তদ্গ্রহণেনৈব বিভাবৈরিত্যাদিলক্ষণে প্রবেশ ইতি ভাবঃ। অণীয়সীমপীতি যোজ্যম্ ॥ ১১-১৩ ॥

দ্বারা উজ্জ্বলা, আস্বাদ যোগ্যতা প্রাপ্তা, আনন্দস্বরূপা কৃষ্ণরতি—অনুভবমার্গে কৃষ্ণাদি বিভাবাদি দ্বারা পরিপুষ্ট হইয়া পরমানন্দের পরাকাষ্ঠা প্রাপ্তা হন অর্থাৎ স্নেহ, মান, প্রণয়, অনুরাগ, ভাব ও মহাভাব রূপ প্রেমে পরিণত হন ॥ ৭-১০ ॥

শ্লোকার্থ—কিন্তু উক্ত প্রেম স্বল্প বিভাবাদি দ্বারা অণুমাত্র বিভাবনাদি অবস্থা (অতি আস্বাদনের অবস্থা) প্রাপ্ত হইয়াও সদ্য আস্বাদনীয় হন ॥ ১১ ॥

তন্মধ্যে বিভাবাদির সামান্য (সাধারণ) লক্ষণ—

শ্লোকার্থ—কৃষ্ণ, কৃষ্ণভক্ত ও মুরলীনাদাদি যাহা রতির কারণ, হাস্যাদি ও স্তব্ধতাদি অষ্ট যাহা রতির কার্য্য ও নির্ব্বেদাদি যাহা রতির সহায়, তাহারা রসোৎপত্তি বিষয়ে যথাক্রমে বিভাব, অনুভাব, সাত্ত্বিকভাব ও ব্যভিচারী ভাব নামে কথিত হয়।

শব্দার্থ—রসভাবন—রসোৎপত্তি ॥ ১২-১৩ ॥

তত্র বিভাবাঃ

তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদনহেতবঃ।
তে দ্বিধালম্বনা একে তথৈবোদ্দীপনাঃ পরে॥ ১৪ ॥

তদুক্তমগ্নিপুরাণে—

বিভাব্যতে হি রত্যাদির্যত্র যেন বিভাব্যতে।
বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মকঃ॥ ১৫ ॥

তত্র আলম্বনাঃ

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চ বুধৈরালম্বনা মতাঃ।
রত্যাদের্বিষয়ত্বেন তথাধারতয়াপি চ॥ ১৬ ॥

অন্বয়ঃ—তত্র (তেষাং মধ্যে) (যে) রত্যাস্বাদন হেতবঃ (তে) বিভাবাঃ জ্ঞেয়াঃ, তে দ্বিধা একে আলম্বনাঃ তথৈব অপরে (অন্যে) উদ্দীপনাঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ—যত্র রত্যাদিঃ বিভাব্যতে যেন চ বিভাব্যতে সঃ বিভাবো নাম (স চ) আলম্বনোদ্দীপনাত্মকঃ দ্বেধা (দ্বিবিধঃ ভবতি) ॥ ১৫ ॥

অন্বয়ঃ—বুধৈঃ (পণ্ডিতৈঃ) রত্যাদেঃ বিষয়ত্বেন (উদ্দেশ্যত্বেন) কৃষ্ণঃ তথা আধারতয়া (আশ্রয়ত্বেন) কৃষ্ণভক্তাঃ আলম্বনাঃ মতাঃ (স্বীকৃতাঃ) ॥ ১৬ ॥

টীকা—তত্র বিভাবা লক্ষ্যন্তে ইতি শেষঃ। কেন? তদাহ—তত্র জ্ঞেয়া ইতি। হেতুত্বমত্র বিষয়াশ্রয়ত্বেনোদ্বোধকত্বে ন চ জ্ঞেয়ং, তথৈবাহ—তে দ্বিধা ইতি॥ ১৪ ॥ (১৫)

তন্মধ্যে বিভাব—

শ্লোকার্থ—বিষয়, আশ্রয় ও উদ্দীপকরূপে রতির আস্বাদনের কারণকে বিভাব বলে। বিভাব দুই প্রকার—কতকগুলিকে আলম্বন এবং অপর কতকগুলিকে উদ্দীপন বলে॥ ১৪ ॥

শ্লোকার্থ—যাহাতে এবং যদ্বারা রতি বিভাবিত হয়েন তাহাকে বিভাব বলে। উহা দুই প্রকার, যথা—আলম্বন ও উদ্দীপন। অর্থাৎ যাহাকে অবলম্বন করিয়া রতি উদিতা হন তাহাকে আলম্বন বিভাব এবং যদ্দ্বারা বর্দ্ধিত হন তাহাকে উদ্দীপন বিভাব বলে। যাহাতে বা যাহার প্রতি ভাব বা রতি হয় তিনি বিষয়ালম্বন বিভাব, যথা—শ্রীকৃষ্ণ, যিনি ভাব বা রতিযুক্ত হন তিনি আশ্রয়ালম্বন বিভাব, যথা—ভক্ত, এবং যাহা ভাবের বা রতির বিষয়কে স্মরণ করাইয়া দেয় তাহা উদ্দীপন বিভাব, যথা—বস্ত্র, অলঙ্কার, মুরলী-ধ্বনি ইত্যাদি॥ ১৫ ॥ (অগ্নি পুরাণে)

তত্র শ্রীকৃষ্ণঃ

নায়কানাং শিরোরত্নং কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্ ।
যত্র নিত্যতয়া সর্ব্বে বিরাজন্তে মহাগুণাঃ ।
সোঽন্যরূপস্বরূপাভ্যামস্মিন্নালম্বনো মতঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ—কৃষ্ণস্তু নায়কানাং শিরোরত্নং (শিরসঃ মস্তকস্য রত্নস্বরূপং শ্রেষ্ঠম্ ইত্যর্থঃ) স্বয়ং ভগবান্ (অনন্যাপেক্ষষড়ৈশ্বর্য্যপূর্ণঃ) যত্র সর্ব্বে মহাগুণাঃ নিত্যতয়া বিরাজন্তে (বিদ্যন্তে), সঃ (কৃষ্ণঃ) অন্যরূপাস্বরূপভ্যাম্ অস্মিন্ (রত্যাদৌ) আলম্বনঃ মতঃ ॥ ১৭ ॥

টীকা—কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চেত্যত্রায়ং বিবেকঃ, যমুদ্দিশ্য রতিঃ প্রবর্ত্ততে স বিষয়ঃ। স চ শ্রীকৃষ্ণ এবাত্র। আধারস্তু রতেরাশ্রয়ঃ। স চাত্র মূলং রতেঃ পাত্রং গৃহ্যতে, তন্নিষ্যন্দেন হ্যাধুনিকা অপি ভক্তাঃ স্নিগ্ধা ভবন্তি। স পুনঃ স্থাপয়িষ্যমাণমহারসমূর্ত্তিস্তল্লীলাপরিকরগণ এব। অন্যত্রাশ্রয়তা তু স্বস্বমতানুসারেণ, তদেবং দ্বিবিধালম্বনশালিতা চ তল্লীলাপরিকরাদন্যেষাং, তস্মিন্ লীলা-পরিকরগণেঽপি পরমমুখ্যমুখ্যাদিতরেষাং, পরমমুখ্যমুখ্যস্য তু কেবল শ্রীকৃষ্ণা-লম্বনশালিতা জ্ঞেয়েতি। রত্যাদেরিত্যাদিশব্দাদ্গৌণা বক্ষ্যমাণা হাস্যাদয়ো গৃহীতাঃ। রতিশ্চাত্র সজাতীয়ৈব জ্ঞেয়া, ন তু বিজাতীয়া, অনুভবিতুস্তৎ-সংস্কারাভাবাৎ, বিজাতীয়া ত্ববিরোধিনী চেদুদ্দীপন এব তদাধারো ভবতি, ন ত্বালম্বনঃ। কুতস্তরাং বিরোধী রত্যাশ্রয় ইত্যগ্রিমগ্রন্থানুসারেণ জ্ঞেয়ম্ ॥ ১৬ ॥ (১৭)

তন্মধ্যে আলম্বন বিভাব—

শ্লোকার্থ—রতির বিষয় ও আধার বা আশ্রয়রূপে কৃষ্ণ ও কৃষ্ণভক্তগণকে পণ্ডিতগণ আলম্বন বলিয়া কীর্ত্তন করেন। অর্থাৎ শ্রীকৃষ্ণ রতির বিষয়রূপে এবং ভক্তগণ আশ্রয়রূপে আলম্বন। যাঁহাতে রতি উদিতা হন তিনি আশ্রয় এবং যাঁহার উদ্দেশ্যে রতি প্রবর্ত্তিতা হন তিনি বিষয়॥ ১৬ ॥

তন্মধ্যে শ্রীকৃষ্ণ—

শ্লোকার্থ—স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ নায়কদিগের শিরোমণি। তাঁহাতে সকল মহাগুণগণ নিত্য বিরাজমান। তিনি অন্যরূপে ও স্বরূপে এই রতির বিষয়ালম্বন হন ॥ ১৭ ॥

তত্র অন্যরূপেণ, যথা—

হন্ত মে কথমুদেতি সবৎসে, বৎসপালপটলে রতিরত্র ?
ইত্যনিশ্চিতমতির্বলদেবো, বিস্ময়স্তিমিতমূর্ত্তিরিবাসীৎ ॥১৮॥

অথ স্বরূপম্

আবৃতং প্রকটঞ্চেতি স্বরূপং কথিতং দ্বিধা ॥ ১৯ ॥

তত্র আবৃতম্

অন্যবেশাদিনাচ্ছন্নং স্বরূপং প্রোক্তমাবৃতম্ ॥ ২০ ॥

অন্বয়ঃ—হন্ত (বিস্ময়ে) অত্র (অস্মিন্) সবৎসে (গোবৎসসহিতে) বৎসপালপটলে (বৎসরক্ষকবালকসমূহে) কথং মে (মম) রতিঃ উদেতি ইতি অনিশ্চিতমতিঃ (অনিশ্চিতম্ অনিশ্চয়ঃ অস্তি অস্যাঃ ইতি অনিশ্চিতা মতিঃ (বুদ্ধিঃ যস্য সঃ) বলদেবঃ বিস্ময়স্তিমিতমূর্ত্তিঃ (বিস্ময়েন স্তিমিতা নিশ্চলা মূর্ত্তির্যস্য তথাভূতঃ) আসীৎ ইব (বাক্যালঙ্কারে) ॥ ১৮ ॥

অন্বয়ঃ—আবৃতং প্রকটঞ্চেতি স্বরূপং দ্বিধা কথিতম্ ॥ ১৯ ॥

অন্বয়ঃ—অন্য-বেশাদিনাচ্ছন্নং (আচ্ছাদিতং) স্বরূপম্ আবৃতং প্রোক্তম্ ॥২০॥

টীকা—হন্তেতি। অত্র শ্রীকৃষ্ণে যা রতিঃ সা কথং বৎসপালপটলে উদেতীত্যর্থঃ। স্তিমিতম্ স্তব্ধত্বং। ইবেতি বাক্যালঙ্কারে ॥ ১৮ ॥ (১৯,২০)

তন্মধ্যে অন্যরূপে আলম্বন, যথা—

শ্লোকার্থ—ব্রহ্মমোহন সময়ে শ্রীকৃষ্ণ গোপবালক ও গো-বৎসরূপ ধারণ করায় শ্রীবলদেব বিস্মিত হইয়া বলিতেছেন, "কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণে আমার যেরূপ রতি, আমার সেইরূপ রতি কিরূপে এই গোপবালক ও গোবৎসগণে উদিত হইল?" বলদেব ইহা নিশ্চয় করিতে না পারিয়া বিস্ময় দ্বারা স্তব্ধমূর্ত্তি হইলেন অর্থাৎ বিস্ময়ে স্তম্ভিত হইলেন ॥ ১৮ ॥

অথ স্বরূপ—

শ্লোকার্থ—আবৃত ও প্রকটভেদে স্বরূপ দুই প্রকার ॥ ১৯ ॥

আবৃত—

শ্লোকার্থ—অন্য বেশ দ্বারা আচ্ছাদিত স্বরূপকে আবৃত কহে ॥ ২০ ॥

তেন, যথা—

মাং স্নেহয়তি কিমুচ্চৈ,-র্মহিলেয়ং দ্বারকাবরোধেঽত্র।
আং বিদিতং কুতুকার্থী, বনিতাবেশো হরিশ্চরতি ॥ ২১ ॥

প্রকটস্বরূপেণ, যথা—

অয়ং কম্বুগ্রীবঃ কমলকমনীয়াক্ষিপটিমা,
তমালশ্যামাঙ্গদ্যুতিরতিতরাং ছত্রিতশিরাঃ।
দরশ্রীবৎসাঙ্কঃ স্ফুরদরিদরাদ্যঙ্কিতকরঃ,
করোত্যুচ্চৈর্মোদং মম মধুরমূর্তির্মধুরিপুঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ—অত্র দ্বারকাবরোধে (দ্বারকায়াঃ অন্তঃপুরে) ইয়ং মহিলা কিং (কস্মাদ্ধেতোঃ মাম্ (উদ্ধবম্) উচ্চৈঃ (অতিশয়ং) স্নেহয়তি (প্রীণয়তি) আং (এবং) বিদিং (জ্ঞাতম্) কুতুকার্থী (কৌতুহলেচ্ছুঃ) হরিঃ (কৃষ্ণঃ) বনিতাবেশঃ (বনিতায়াঃ নার্য্যাঃ বেশ ইব বেশঃ আকল্পঃ যস্য তথাবিধঃ সন্) চরতি ॥ ২১ ॥

অন্বয়ঃ—কম্বুগ্রীবঃ (কম্বুবৎ শঙ্খ-সদৃশী ত্রিরেখা গ্রীবা কন্ধরা যস্য সঃ) কমলকমনীয়াক্ষি পটিমা (কমলৈঃ পদ্মৈরপি কমনীয়ঃ স্পৃহণীয়ঃ অক্ষোঃ

টীকা—মামিতি শ্রীমদুদ্ধব-বাক্যম্। উচ্চৈরিতি—সর্ব্বতঃ পরমং শ্রীহরিযোগ্যং যথা স্যাত্তথেত্যর্থঃ। অত্র প্রমাণং যোগমায়া-বৈভবদর্শনে যথা [ভাঃ ১০।৬৯।৩৬] "অব্যক্ত-লিঙ্গং প্রকৃতিষ্বন্তঃপুরগৃহাদিষু। ক্বচিচ্চরন্তং যোগেশং তত্তদ্ভাববুভুৎ সয়েতি" ॥ ২১ ॥

টীকা—অয়মিত্যপি তদ্বাক্যং কমলৈরপি কমনীয়ঃ অক্ষিপটিমা নেত্রয়োঃ সৌন্দর্য্যাতিশয়ো যস্য সঃ। তমালবৎ শ্যামা শ্যামলতয়া বিরাজন্তী অঙ্গস্য দ্যুতির্যস্য সঃ। পাঠান্তরং ত্যক্তং। দর অতিসূক্ষ্মশ্বেতরোমাবর্তঃ শ্রীবৎস-রূপোঽঙ্কো লক্ষণং যত্র, অরি চক্রং, দরঃ শঙ্খঃ তাবেতৌ করস্থাবঙ্কত্বেন জ্ঞেয়ৌ, অতিতরামিতি সর্ব্বত্রান্বিতম্ ॥ ২২ ॥

আবৃত স্বরূপ আলম্বন, যথা—

শ্লোকার্থ—উদ্ধব কহিলেন—"এই দ্বারকার অন্তঃপুরে এই মহিলাকে দেখিয়া শ্রীকৃষ্ণকে দেখিলে যেরূপ স্নেহ উদিত হয়, সেইরূপ স্নেহ আমার উদিত হইতেছে কেন ? আমি নিশ্চয় বুঝিয়াছি শ্রীহরিই কৌতুক দর্শন করিতে বনিতার বেশ ধারণ করিয়া বিচরণ করিতেছেন " ॥ ২১ ॥

প্রকট স্বরূপে আলম্বন, যথা—

শ্লোকার্থ—উদ্ধব কহিলেন—"এই মধুর মূর্ত্তি মধুরিপু শ্রীকৃষ্ণ আমাকে অতিশয় আনন্দ প্রদান করিতেছেন। ইঁহার গ্রীবা, কম্বুর (শঙ্খের) ন্যায়

অথ তদ্‌গুণাঃ

অয়ং নেতা সুরম্যাঙ্গঃ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ।
রুচিরস্তেজসা যুক্তো বলীয়ান্ বয়সান্বিতঃ॥ ২৩॥

নেত্রয়োঃ পটিমা পটুত্বং সৌন্দর্য্যাতিশয়ো যস্য সঃ) অতিতরাম্ (অতিশয়েন) তমালশ্যামাঙ্গদ্যুতিঃ (তমালবৎ শ্যামা শ্যামতয়া বিরাজন্তী অঙ্গস্য দ্যুতিঃ প্রভা যস্য সঃ) ছত্রিতশিরাঃ (ছত্রিতং ছত্রবৎকৃতংছত্রযুক্তমিত্যর্থঃ শিরঃমস্তকং যস্য সঃ (দরশ্রীবৎসাঙ্কঃ (দর অতি সূক্ষ্ম-রোমাবর্তঃ শ্রীবৎসরূপঃ অঙ্কঃ লক্ষণং যত্র সঃ) স্ফুরদরিদরাদ্যঙ্কিতকরঃ (অরিঃচক্র দরঃ শঙ্খঃ তাবেব আদী যেষাং তৈঃ, স্ফুরদ্ভিঃ অরিদরাদিভিঃ অঙ্কিতৌচিহ্নিতৌ করৌ হস্তৌ যস্য সঃ) মধুর-মূর্ত্তিঃ (মধুরা মনোহারিণী মূর্ত্তিঃ যস্য সঃ) মধুরিপুঃ (কৃষ্ণঃ) মম উচ্চৈঃ (মহান্তং) মোদম্ (আনন্দং) করোতি॥ ২২ ।

অন্বয়ঃ—অয়ং (শ্রীকৃষ্ণাখ্যঃ) নেতা (নায়কঃ) সুরম্যাঙ্গঃ (সুরম্যাণি সুন্দরাণি অঙ্গানি যস্য সঃ) সর্ব্বসল্লক্ষণান্বিতঃ (সর্ব্বৈঃ সদ্ভিঃ লক্ষণৈঃ যুক্তঃ) রুচিরঃ

টীকা—অথ তদগুণা ইতি—তত্র গুণা দ্বেধা নিরূপ্যন্তে,প্রাধান্যেনোপসর্জনত্বেন চ; কুচিৎ সুরম্যাঙ্গত্বমিত্যাদিনা তথা ক্বচিৎ সুরম্যাঙ্গ ইত্যাদিনা চেতি, যত্র প্রথমেন নিরূপ্যন্তে, তত্র তেষামুদ্দীপনত্বং, যত্র দ্বিতীয়েন তত্রালম্বনত্বম্। তদেবমত্রালম্বনপ্রকরণে দ্বিতীয়েনৈবাহ—অয়মিতি। অয়ং শ্রীকৃষ্ণাখ্যো নেতা নায়ক॥ ২৩॥ (২৪-২৯)

অতিশয় মনোহর। তাঁহার অতিশয়িত নেত্র সৌন্দর্য্য কমলেরও অত্যন্ত স্পৃহণীয়। অঙ্গকান্তি তমালের ন্যায় ঘোর শ্যাম। মস্তক ছত্রদ্বারা অতিশয় শোভিত। অতি সুক্ষ্ম শ্বেত রোমাবর্ত শ্রীবৎসরূপ চিহ্ন দক্ষিণ বক্ষে দৃষ্ট হয় এবং ইঁহার কর স্পষ্ট চক্রশঙ্খাদি চিহ্ন দ্বারা সুশোভিত"।

শব্দার্থঃ—কম্বু—শঙ্খ, কমনীয়—স্পৃহণীয়। দর—ঈষৎ। দরশ্রীবৎসাঙ্ক—ঈষৎ যত্নপূর্ব্বক দেখিলে দক্ষিণ বক্ষের শ্রীবৎস চিহ্ন দেখিতে পাওয়া যায়। দর—শঙ্খ। অতিতরাং—অতিশয়, ইহা সকল বিশেষণের সহিত যোজ্য॥ ২২॥

অথ শ্রীকৃষ্ণের গুণগণ—

শ্লোকার্থ—এই গুণগণের মধ্যে কতকগুলি প্রধানরূপে ও অপরগুলি অপ্রধানরূপে কীর্ত্তিত হইয়াছেন। যেগুলি প্রধানরূপে নিরূপিত সেগুলি উদ্দীপন বিভাব ও যেগুলি অপ্রধানরূপে নিরূপিত সেগুলি আলম্বন বিভাব। প্রথমতঃ অপ্রধানরূপে নিরূপিত আলম্বন বিভাবরূপ গুণগণ কীর্ত্তিত হইতেছেন।

বিবিধাদ্ভুতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ংবদঃ।
বাবদূকঃ সুপাণ্ডিত্যো বুদ্ধিমান্ প্রতিভান্বিতঃ॥ ২৪॥
বিদগ্ধশ্চতুরো দক্ষঃ কৃতজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
দেশকালসুপাত্রজ্ঞঃ শাস্ত্রচক্ষুঃ শুচির্বশী॥ ২৫॥
স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সমঃ।
বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্যমানকৃৎ॥ ২৬॥

(সুন্দরঃ) তেজসাযুক্তঃ (তেজস্বী) বলীয়ান্ (বলবান্) বয়সান্বিতঃ (বয়োঽত্র কৌমার পৌগণ্ড কৈশোরাখ্য ত্রয়াত্মকং তেন অন্বিতঃ সদৃশতয়া লব্ধঃ)॥ ২৩॥

অন্বয়ঃ—বিবিধাদ্ভুত ভাষাবিৎ (নানা দেশীয় নানা জাতীয় প্রাণিভাষাভিজ্ঞঃ) সত্যবাক্যঃ (সত্যানি বাক্যানি যস্য সঃ) প্রিয়ংবদঃ (মধুরভাষী) বাবদূকঃ (শ্রবণপ্রিয়—অর্থপরিপাটীযুক্ত বাক্যঃ) সুপাণ্ডিত্যঃ (শোভনাং পাণ্ডিত্যং যস্য সঃ অখিলবিদ্যাবিৎ) বুদ্ধিমান্ (মেধাবী) প্রতিভান্বিতঃ (নবনবোদ্ভাবক-জ্ঞানযুক্তঃ)॥ ২৪॥

অন্বয়ঃ—বিদগ্ধঃ (রসিকঃ) চতুরঃ (যুগপদ্ বহু কার্য্য সমাধানকারী) দক্ষঃ (ক্ষিপ্রকারী) কৃতজ্ঞঃ (প্রত্যুপকারী) সুদৃঢ়ব্রতঃ (সুদৃঢ়ম্ অবিচলিতং ব্রতং প্রতিজ্ঞা-নিয়মৌ যস্য সঃ) দেশকালসুপাত্রজ্ঞঃ (দেশাদ্যুচিতক্রিয়াকুশলঃ) শাস্ত্র চক্ষু (শাস্ত্রমেব চক্ষুর্যস্য সঃ) দেশকালসুপাত্রজ্ঞঃ (দেশাদ্যুচিতক্রিয়াকুশলঃ) শাস্ত্র চক্ষু (শাস্ত্রমেব চক্ষুর্যস্য সঃ শাস্ত্রানুসারিকর্ম্মকারী) শুচিঃ (শুদ্ধঃ) বশী (জিতেন্দ্রিয়ঃ)॥ ২৫॥

অন্বয়ঃ—স্থির (দৃঢ়প্রতিজ্ঞঃ) দান্তঃ (জিতেন্দ্রিয়ঃ) ক্ষমাশীলঃ (অপরাধসহনঃ) গম্ভীরঃ (দুর্জ্ঞেয়ভাবঃ) ধৃতিমান্ (মনঃসংযমবান্) সমঃ (রাগদ্বেষবিমুক্তঃ) বদান্যঃ (দানবীরঃ) ধার্মিকঃ (ধর্ম্মাচরণকারী) শূরঃ (যুদ্ধনিপুণঃ) করুণঃ (দয়ালুঃ) মান্যমানকৃৎ (পূজ্যপূজকঃ)॥ ২৬॥

শ্লোকার্থ—এই নায়কস্বরূপ শ্রীকৃষ্ণ (১) সুরম্যাঙ্গ (২) সর্ব্বসৎ লক্ষণযুক্ত, (৩) রুচির (নেত্র সুখকর সৌন্দর্য্যশালী) (৪) তেজস্বী (৫) অতিশয় বলবান (৬) কিশোর বয়স বিশিষ্ট (৭) বিবিধ অদ্ভুত ভাষাজ্ঞ, (৮) সত্যবাক্য (৯) প্রিয়ংবদ (১০) বাবদূক (অর্থাৎ শ্রুতিপ্রিয় ও অর্থ-পরিপাটীযুক্ত বাক্য প্রয়োগে পটু) (১১) সুপণ্ডিত (১২) বুদ্ধিমান (১৩) প্রতিভান্বিত (১৪) বিদগ্ধ (অর্থাৎ রসিক) (১৫) চতুর (১৬) দক্ষ (১৭) কৃতজ্ঞ (১৮) সুদৃঢ়ব্রত (১৯) দেশ কাল সুপাত্রজ্ঞ (২০) শাস্ত্রচক্ষুঃ (২১) শুচি (২২) বশী (২৩) স্থির (২৪) দান্ত (২৫) ক্ষমাশীল (২৬)

দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ।
সুখী ভক্তসুহৃৎ প্রেমবশ্যঃ সর্ব্বশুভঙ্করঃ॥ ২৭॥
প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ।
নারীগণমনোহারী সর্ব্বারাধ্যঃ সমৃদ্ধিমান্॥ ২৮॥
বরীয়ানীশ্বরশ্চেতি গুণাস্তস্যানুকীর্ত্তিতাঃ।
সমুদ্রা ইব পঞ্চাশদ্ দুর্ব্বিগাহা হরেরমী॥ ২৯॥
জীবেষ্বেতে বসন্তোঽপি বিন্দুবিন্দুতয়া ক্বচিৎ।
পরিপূর্ণতয়া ভান্তি অত্রৈব পুরুষোত্তমে॥ ৩০॥

অন্বয়ঃ—দক্ষিণঃ (অনুকূল ইতিযাবৎ সরলঃ) বিনয়ী (অনুদ্ধতঃ) হ্রীমান্ (লজ্জাবান্) শরণাগতপালকঃ (শরণাপন্নরক্ষকঃ) সুখী (দুঃখলেশাস্পৃষ্টঃ) ভক্তসুহৃৎ (ভক্তানাং হিতকারী) প্রেমবশ্যঃ (স্নেহমাত্রাধীনঃ) সর্ব্বশুভঙ্করঃ (সর্ব্বেষাং হিতকারী)॥ ২৭॥

অন্বয়ঃ—প্রতাপী (তেজস্বী) কীর্ত্তিমান্ (যশস্বী) রক্তলোকঃ (রক্তাঃ লোকাঃ যস্মিন্ সঃ লোকানামনুরাগপাত্রম্) সাধুসমাশ্রয়ঃ (সাধুনাং সমাশ্রয়ঃ সম্যক্ আশ্রয়স্থানং সদেকপক্ষ পাতী) নারীগণমনোহারী (স্ত্রী সমূহ বিশেষস্য চিত্তাকর্ষী) সর্ব্বারাধ্য (সর্ব্বেষাম্ অগ্রপূজ্যঃ) সমৃদ্ধিমান্ (মহাসম্পত্তি যুক্তঃ)॥ ২৮॥

অন্বয়ঃ—বরীয়ান্ (সর্ব্বেষাং মুখ্যঃ) ঈশ্বরঃ (নিয়ন্তা পরিচালক ইতি যাবৎ) চেতি তস্য হরেঃ (শ্রীকৃষ্ণস্য) সমুদ্রা ইব দুর্ব্বিগাহাঃ (দুর্জ্ঞেয়াঃ) অমী পঞ্চাশদ্গুণাঃ অনুকীর্ত্তিতাঃ (শাস্ত্রানুসারেণ কথিতাঃ)॥ ২৯॥

অন্বয়ঃ—এতে (পঞ্চাশদ্গুণাঃ) ক্বচিৎ (কেষুচিৎ ভগবদনুগৃহীতেষু এব) জীবেষু বিন্দু বিন্দুতয়া বসন্তঃ অপি (অত্রৈব) পুরুষোত্তমে পরিপূর্ণতয়া ভান্তি (বিরাজন্তে)॥ ৩০॥

গম্ভীর (২৭) ধৃতিমান্ (২৮) সম (২৯) বদান্য (৩০) ধার্ম্মিক (৩১) শূর (৩২) করুণ (৩৩) মান্যমানকৃৎ (৩৪) দক্ষিণ (৩৫) বিনয়ী (৩৬) হ্রীমান্ (৩৭) শরণাগত পালক (৩৮) সুখী (৩৯) ভক্তসুহৃৎ (৪০) প্রেমবশ্য (৪১) সর্ব্বশুভঙ্কর (৪২) প্রতাপী (৪৩) কীর্ত্তিমান (৪৪) রক্তলোক (৪৫) সাধুসমাশ্রয় (৪৬) নারীগণ মনোহারী (৪৭) সর্ব্বারাধ্য (৪৮) সমৃদ্ধিমান (৪৯) বরীয়ান্ (৫০) ঈশ্বর। শ্রীহরির (শ্রীকৃষ্ণের) এই পঞ্চাশৎ গুণ সমুদ্রের ন্যায় দুর্ব্বিগাহ॥ ২৩-২৯॥

(সমস্তগুণের অর্থ মূলগ্রন্থেই পরে লিখিত হইয়াছে।)

তথা হি পাদ্মে পার্ব্বত্যৈ শিতিকণ্ঠেন তদ্‌গুণাঃ।
কন্দর্পকোটিলাবণ্য ইত্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ॥ ৩১॥
এত এব গুণাঃ প্রায়ো ধর্ম্মায় বনমালিনঃ।
পৃথিব্যা প্রথমস্কন্ধে প্রথয়াঞ্চক্রিরে স্ফুটম্॥ ৩২॥

যথা প্রথমে (১।১৬।২৭-৩০)—

সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষ আর্জ্জবম্।
শমো দমস্তপঃ সাম্যং তিতিক্ষোপরতিঃ শ্রুতম্॥ ৩৩॥

অন্বয়ঃ—তথাহি পাদ্মে শিতিকণ্ঠেন (শিবেন) পার্ব্বত্যৈ কন্দর্পকোটি-লাবণ্য ইত্যাদ্যাঃ তদ্‌গুণাঃ (তস্য হরেঃ গুণাঃ) পরিকীর্ত্তিতা (কথিতাঃ)॥ ৩১॥

অন্বয়ঃ—এত এব প্রথম স্কন্ধে পৃথিব্যা (ধরণীদেব্যা) ধর্ম্মায় (ধর্ম্মরূপং দেবং বোধয়িতুং) বনমালিনঃ (শ্রীকৃষ্ণস্য) গুণাঃ স্ফুটং (স্পষ্টং) প্রায়ঃ (বাহুল্যেন) প্রথয়াঞ্চক্রিরে (প্রখ্যাতাঃ)॥ ৩২॥

অন্বয়ঃ—সত্যং (যথার্থ ভাষণম্) শৌচং (শুদ্ধত্বম্) দয়া (পরদুঃখা-সহনং) ক্ষান্তিঃ (ক্রোধোৎপত্তৌ চিত্ত সংযমনম্) ত্যাগঃ (দানশীলতা) সন্তোষঃ (স্বতস্তৃপ্তিঃ) আর্জ্জবং (সরলতা) শমঃ (মনোনৈশ্চল্যম্) দমঃ (বহি-রিন্দ্রিয়নৈশ্চল্যং) তপঃ (ক্ষত্রিয়ত্বাদি লীলানুরূপঃ স্বধর্ম্মঃ) সাম্যং (শত্রুমিত্রা-দিবুদ্ধ্যাভাবঃ) তিতিক্ষা (স্বস্মিন্ পরাপরাধসহনম্) উপরতিঃ (ভোগ প্রাপ্তৌ ঔদাসীন্যম্) শ্রুতং (শাস্ত্রবিচারঃ)॥ ৩৩॥

টীকা—রুচিদিতি—ভগবদনুগৃহীতেষ্বিত্যেব মুখ্যসয়াঙ্গীকৃতম্। অতএব বিন্দুত্বমপি, অন্যেষু তু তদাভাসত্বমেব জ্ঞেয়ম্॥ ৩০॥ (৩১)

টীকা—ধর্ম্মায় ধর্ম্মরূপং দেবং বোধয়িতুমিত্যর্থঃ। "ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ" ইতি স্মরণাচ্চতুর্থী॥ ৩২॥ (৩৩-৩৬)

শ্লোকার্থ—উপর্য্যুক্ত গুণসকল ভগবানের অনুগৃহীত জীবগণে থাকা সম্ভব ও অন্য জীবে বিন্দু বিন্দু রূপে (অর্থাৎ অতিশয় অল্প পরিমাণে) থাকিতে পারে। কিন্তু পুরুষোত্তম শ্রীকৃষ্ণে ঐ সকল গুণ পরিপূর্ণ রূপে বিরাজ করে॥ ৩০॥

শ্লোকার্থ—এইরূপ পদ্মপুরাণে পার্ব্বতীর নিকট মহাদেব শ্রীকৃষ্ণের কন্দর্পকোটি লাবণ্যাদি গুণসকল পরিকীর্ত্তন করিয়াছেন॥ ৩১॥

শ্লোকার্থ—(শ্রীভাগবতের প্রথম স্কন্ধে) পৃথিবী ধর্ম্মদেবের নিকট ভগবান্ বনমালী শ্রীকৃষ্ণের ঐ সকল গুণ স্পষ্টরূপে বিস্তৃতভাবে বর্ণনা করিয়াছেন॥ ৩২॥

জ্ঞানং বিরক্তিরৈশ্বর্য্যং শৌর্য্যং তেজো বলং স্মৃতিঃ।
স্বাতন্ত্র্যং কৌশলং কান্তির্ধৈর্য্যং মার্দ্দবমেচ চ ॥ ৩৪ ॥
প্রাগল্‌ভ্যং প্রশ্রয়ঃ শীলং সহ ওজো বলং ভগঃ।
গাম্ভীর্য্যং স্থৈর্য্যমাস্তিক্যং কীর্ত্তির্মানোহনহঙ্কৃতিঃ ॥ ৩৫ ॥
ইমে চান্যে চ ভগবন্নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছদ্ভির্ন বিয়ন্তি স্ম কর্হিচিৎ। ইতি ॥ ৩৬ ॥

অন্বয়ঃ—জ্ঞানং (আত্মজ্ঞানাদি। অর্থাৎ জ্ঞানং পঞ্চবিধং—বুদ্ধিমত্ত্বং, কৃতজ্ঞত্বং, দেশকাল পাত্রজ্ঞত্বং, সর্ব্বজ্ঞত্বং, আত্মজ্ঞত্বঞ্চ।) বিরক্তিঃ (অসদ্বিষয় বিতৃষ্ণা) ঐশ্বর্য্যং (নিয়ন্তৃত্বং) শৌর্য্যং (সংগ্রামোৎসাহঃ) তেজঃ (প্রভাবঃ প্রতাপশ্চ) বলং (দক্ষতা) স্মৃতিঃ (কর্ত্তব্যার্থানুসন্ধানং) স্বাতন্ত্র্যম্ (অপরাধীনতা) কৌশলং (কলাবিলাসাদিনৈপুণ্যম্) কান্তিঃ (কমনীয়তা) ধৈর্য্যম্ (অব্যাকুলত্বম্) মার্দ্দবং (সুকুমারত্বম্) ॥ ৩৪ ॥

অন্বয়ঃ—প্রাগল্‌ভ্যং (প্রতিভাতিশয়ঃ) প্রশ্রয়ঃ (বিনয়ঃ) শীলং (সুস্বভাবঃ) সহঃ (মনসঃ পটুত্বং) ওজঃ (জ্ঞানেন্দ্রিয়াণাং পটুত্বং) বলং (কর্ম্মেন্দ্রিয়াণাং পটুত্বং) ভগঃ (ভোগাস্পদত্বম্) গাম্ভীর্য্যম্ (অক্ষোভ্যত্বং) স্থৈর্য্যম্ (অচঞ্চলতা) আস্তিক্যং (শ্রদ্ধা) কীর্ত্তিঃ (যশঃ) মানঃ (পূজ্যত্বম্) অনহঙ্কৃতিঃ (গর্ব্বাভাবঃ) ॥ ৩৫।

অন্বয়ঃ—হে ভগবন্! ইমে (একোনচত্বারিংশৎ) অন্যে চ (সত্যসঙ্কল্পত্ব ব্রহ্মণ্যত্বভক্তবাৎসল্যাদয়ঃ) মহত্তম্ ইচ্ছদ্ভিঃ প্রার্থ্যাঃ নিত্যাঃ (সর্ব্বকালবর্ত্তিনঃ) মহাগুণাঃ (অপ্রাকৃতাঃ চিন্ময়াঃ স্বরূপভূতাঃ) যত্র (যস্মিন্ ভগবতি) কর্হিচিৎ (মহাপ্রলয়েহপি) ন বিয়ন্তি স্ম (ন বিগতা ভবন্তি) ॥ ৩৬ ॥

যথা শ্রীভাগবতে ১।১৬।২৭-৩০

শ্লোকার্থ—পৃথিবী কহিতেছেন—"হে ধর্ম্ম! (১) সত্য অর্থাৎ যথার্থ কথা কথন, (২) শৌচ অর্থাৎ অন্তর্বহিঃ শুদ্ধি, (৩) দয়া অর্থাৎ পরদুঃখ সহ্য করিতে না পারা, (৪) ক্ষান্তি অর্থাৎ ক্রোধ উপস্থিত হইলেও চিত্ত সংযম, (৫) ত্যাগ অর্থাৎ অর্থিকে মুক্ত হস্তে দান, (৬) সন্তোষ অর্থাৎ প্রাপ্তবস্তুকে যথেষ্ট হইয়াছে এইরূপ বুদ্ধি, (৭) আর্জ্জব অর্থাৎ অবক্রতা বা সরলতা, (৮) শম অর্থাৎ মনের স্থৈর্য্য, (৯) দম অর্থাৎ বাহ্যেন্দ্রিয়ের স্থৈর্য্য, (১০) তপঃ অর্থাৎ ক্ষত্রিয়ত্বাদিলীলানুরূপ স্বধর্ম্ম, (১১) সাম্য অর্থাৎ শত্রুমিত্রাদি বুদ্ধির অভাব, (১২) তিতিক্ষা অর্থাৎ নিজের প্রতি কৃত পরের অপরাধ সহ্য করা, (১৩) উপরতি অর্থাৎ লাভ বা ভোগ উপস্থিত হইলেও তাহাতে

অথ পঞ্চগুণা যে স্যুরংশেন গিরিশাদিষু ॥ ৩৭ ॥
সদা স্বরূপসংপ্রাপ্তঃ সর্ব্বজ্ঞো নিত্যনূতনঃ।
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ—অথ গিরিশাদিষু (শ্রীশিবাদিষু) অংশেন (যথাসম্ভবস্বাংশেন) যে পঞ্চগুণাঃ স্যুঃ (তে উচ্যন্তে) ॥ ৩৭ ॥

টীকা—অংশেন যথাসম্ভবং স্বাংশেন, গিরিশাদিষু। আদিগ্রহণাৎ ক্কচিৎ দ্বিপরার্দ্ধাদৌ সাক্ষাদ্ভগবদবতারা ব্রহ্মাদয়ো গৃহ্যন্তে ॥ ৩৭ ॥

ঔদাসীন্য অর্থাৎ আগ্রহশূন্যতা, (১৪) শ্রুত অর্থাৎ শাস্ত্রবিচার, (১৫) জ্ঞান অর্থাৎ আত্মজ্ঞানাদি, (১৬) বিরক্তি অর্থাৎ অসৎ বিষয়ে বিতৃষ্ণা, (১৭) ঐশ্বর্য্য অর্থাৎ নিয়ন্তৃত্ব, (১৮) শৌর্য্য অর্থাৎ সংগ্রামে উৎসাহ, (১৯) তেজ অর্থাৎ প্রভাব প্রতাপ, (২০) বল অর্থাৎ দক্ষতা, (২১) স্মৃতি অর্থাৎ কর্ত্তব্যার্থ অনুসন্ধান, (২২) স্বাতন্ত্র্য অর্থাৎ সৌন্দর্য্য কমনীয়তা, (২৫) ধৈর্য্য অর্থাৎ অব্যাকুলতা, (২৬) মার্দ্দব অর্থাৎ চিত্তের অকাঠিন্য, সুকুমারতা, প্রেমার্দ্রতা, (২৭) প্রাগল্‌ভ্য অর্থাৎ প্রতিভাতিশয়, (২৮) প্রশ্রয় অর্থাৎ বিনয়, (২৯) শীল অর্থাৎ সুস্বভাব, (৩০) সহঃ অর্থাৎ মনের পটুতা, (৩১) ওজঃ অর্থাৎ জ্ঞানেন্দ্রিয়ের পটুতা, (৩২) বল অর্থাৎ কর্ম্মেন্দ্রিয়ের পটুতা, (৩৩) ভগ অর্থাৎ ভোগাস্পদত্ব, (৩৪) গাম্ভীর্য্য অর্থাৎ ক্ষোভিত না হওয়া, দুর্ব্বোধাভিপ্রায়তা, (৩৫) স্থৈর্য্য অর্থাৎ অচঞ্চলতা, (৩৬) আস্তিক্য অর্থাৎ শ্রদ্ধা, (৩৭) কীর্ত্তি অর্থাৎ যশঃ, (৩৮) মান অর্থাৎ পূজ্যত্ব ও (৩৯) অনহঙ্কারী অর্থাৎ গর্ব্বশূন্যতা এই উনচল্লিশটী গুণ ও ব্রহ্মণ্যতা, সত্যসঙ্কল্পতা, ভক্তবাৎসল্যাদি মহত্ত্বেচ্ছু ব্যক্তিমাত্রেরই প্রার্থনীয় অন্য গুণসকল যে শ্রীকৃষ্ণে স্বাভাবিক ও সর্ব্বকালবর্ত্তী এবং যাহা মহাপ্রলয়েও বিগত অর্থাৎ নষ্ট হয় না (সেই গুণালয় শ্রীকৃষ্ণ বিরহিত ও কলি কর্ত্তৃক নিরীক্ষিতা আমি এই লোকের জন্য শোক করিতেছি) ॥ ৩৬ ॥

[এই শ্লোক অসমাপ্ত বলিয়া পরবর্ত্তী শ্লোক হইতে অবশিষ্ট অংশের অর্থ বন্ধনী মধ্যে সন্নিবিষ্ট করিয়া অর্থপূরণ করা হইল।]

শ্লোকার্থ—অতঃপর শ্রীকৃষ্ণের অন্য পাঁচটি গুণ যাহা আংশিক রূপে গিরিশ ও ব্রহ্মাদিতে বর্ত্তমান তাহাও বর্ণনা করিতেছি ॥ ৩৭ ॥

অথোচ্যন্তে গুণাঃ পঞ্চ যে লক্ষ্মীশাদিবর্ত্তিনঃ।
অবিচিন্ত্য-মহাশক্তিঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ ॥ ৩৯ ॥
অবতারাবলীবীজং হতারিগতিদায়কঃ।
আত্মারামগণাকর্ষীত্যমী কৃষ্ণে কিলাদ্ভুতাঃ ॥ ৪০ ॥

অন্বয়ঃ—সদা স্বরূপসম্প্রাপ্তঃ (মায়াকার্য্যানধীনঃ) সর্ব্বজ্ঞঃ নিত্যনূতনঃ (অনুভূয়মানোঽপি অননুভূতবৎ বিস্ময়কারী) সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ (শ্রীভগবৎ-পক্ষে—সচ্চিদানন্দস্বরূপঞ্চ তৎ সান্দ্রং বস্ত্বন্তরাপ্রবেশ্যং চাঙ্গং যস্য সঃ; শিবপক্ষে সচ্চিদানন্দেন শ্রীভগবতা সান্দ্রং তাদাত্ম্যং প্রাপ্তম্ অঙ্গং যস্য সঃ) সর্ব্বসিদ্ধি নিষেবিতঃ (সর্ব্বাভিঃ সিদ্ধিভিঃ অণিমাদিভিঃ নিষেবিতঃ) ॥ ৩৮ ॥

অন্বয়ঃ—অথ লক্ষ্মীশাদিবর্ত্তিনঃ (লক্ষ্মীশঃ পরব্যোমাধিনাথঃ শ্রীনারায়ণঃ স আদির্যেষাং মহাপুরুষাদীনাং তেষু বর্ত্তন্তে বিদান্তে ইতি তদ্বর্ত্তিনঃ) যে পঞ্চগুণাঃ (তে) উচ্যন্তে। অবিচিন্ত্যমহাশক্তিঃ (অবিচিন্ত্যা ব্রহ্মরুদ্রাদিমোহন-ভক্তপ্রারব্ধ বিধ্বংসনাদিকারিণী মহাশক্তিঃ যস্য শ্রীনারায়ণস্য সঃ) কোটি-ব্রহ্মাণ্ড-বিগ্রহঃ (কোটি ব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহো মূর্ত্তির্যস্য সঃ)। অবতারাবলীবীজম্ (অবতাররাজীনাং কারণম্ অবতারী) হতারিগতিদায়কঃ (হতানামরীণাং শত্রূণাং গতেঃ স্বর্গাদেঃ দাতা) আত্মারামগণাকর্ষী (জ্ঞানিনামপি স্বমাধুর্য্যেণ চিত্তহারী) ইতি অমী কৃষ্ণে অদ্ভুতাঃ কিল (প্রসিদ্ধিঃ) ॥ ৩৯-৪০ ॥

টীকা—সচ্চিদানন্দেতি—শ্রীভগবৎপক্ষে সচ্চিদানন্দস্বরূপঞ্চ তৎ সান্দ্রং বস্ত্বন্তরাপ্রবেশ্যঞ্চাঙ্গং যস্য স ইতি বিগ্রহঃ। শিবপক্ষে, সচ্চিদানন্দেন শ্রীভগবতা সান্দ্রং তাদাত্ম্যং প্রাপ্তমঙ্গং যস্য সঃ ॥ ৩৮ ॥

টীকা—অথোচ্যন্তে ইতি যুগলম্। লক্ষ্মীশোঽত্র পরব্যোমাধিনাথঃ শ্রীনারায়ণঃ। আদিশব্দান্মহাপুরুষাদয়োঽপি গৃহ্যন্তে। তত্রাবিচিন্ত্যমহাশক্তিত্বং লক্ষ্মীশে জ্ঞেয়ম্,

শ্লোকার্থ—(১) সদাস্বরূপ সংপ্রাপ্ত অর্থাৎ মায়াকার্য্যে বশীভূত না হইয়া সর্ব্বদা স্বস্বরূপে অবস্থিত, (২) সর্ব্বজ্ঞ (৩) নিত্যনূতন, (৪) সচ্চিদানন্দ সান্দ্রাঙ্গ এবং (৫) সর্ব্বসিদ্ধি নিষেবিত।

(পরে অর্থ লিখিত হইয়াছে)

শব্দার্থ—সচ্চিদানন্দ সান্দ্রাঙ্গ—শ্রীভগবৎপক্ষে—যাঁহার অঙ্গ সচ্চিদানন্দ-স্বরূপ ও সান্দ্র অর্থাৎ যাহাতে অন্য বস্তু মাত্র প্রবেশ করিতে পারে না অর্থাৎ তাঁহার বিগ্রহ ঘনীভূত সচ্চিদানন্দ স্বরূপ।

শ্রীশিবপক্ষে—সচ্চিদানন্দ শ্রীভগবানের সহিত তাদাত্ম্যপ্রাপ্ত অঙ্গ যাহার ॥ ৩৮ ॥

সর্ব্বাদ্ভুতচমৎকার-লীলাকল্লোলবারিধিঃ ।
অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডল ॥ ৪১ ॥

অন্বয়ঃ—সর্ব্বাদ্ভুত চমৎকারলীলা কল্লোলবারিধিঃ (সর্ব্বেষাং অদ্ভুতঃ চমৎকারো যত্র এবম্ভূত লীলারূপ কল্লোলস্য তরঙ্গস্য বারিধিঃ সমুদ্রঃ) অতুল্য

মহাপুরুষাদ্যবতারকর্ত্তৃত্বাৎ। কোটিব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহো যস্যেতি মধ্যপদলোপী সমাসঃ। তস্মাত্রব্যাপিবিগ্রহত্বং মহাপুরুষে, মায়াদ্রষ্টুস্তস্যৈব তদুপাধিত্বাৎ। যথা ব্রহ্মসংহিতায়াং—"যস্যৈকনিঃশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো গোবিন্দমিতি" ॥ ৩৯ ॥

টীকা—অবতারাবলীবীজত্বং পুর্ব্বয়োর্দ্ধয়োর্যথাসম্ভবমন্যত্র চ। গতিঃ স্বর্গাদি-রূপোহর্থঃ। স তু ভগবদ্দ্বেষিণামন্যেন কেনাপি কর্ম্মণা ন সম্ভবতীতি। যথোক্তং গীতাসু (১৬।১৯) "তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্। ক্ষিপাম্যজ-স্রমশুভানাসুরীষ্বেব যোনিষু। আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি। মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিমিতি।" আত্মারামগণাকর্ষিত্বং শ্রীমদ্বিকুণ্ঠাসুতাদাবপি তৃতীয়স্কন্ধাদিষু প্রসিদ্ধম্। কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি নরলীলাময়ত্বেনৈব তত্তদাবির্ভাবনাৎ, কিঞ্চ অবিচিন্ত্যেতি অবতারেতি চ স্বয়ং ভগবত্ত্বাৎ, স্বয়ং ভগবত্ত্বেঽপি জিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ। কোটীতি—তানি ব্যাপ্যাপি বৈকুণ্ঠাদি ব্যাপিত্বাং, হতেতি---মোক্ষভক্তিপর্য্যন্তগতিদাতৃত্বা-দদ্ভুতত্বং জ্ঞেয়ম্। তদেবং পরমব্যোমনাথাদীনতিক্রম্য কৃষ্ণস্যৈব বিস্ময়কারিত্বে স্থিতে ভবতু নাম গিরিশাদিষ্বংশেন তত্তদগুণত্বং কিন্তু সুতরামেব শ্রীকৃষ্ণানুভবিষু ন তেষাং বিস্ময়কারিত্বমিতি ব্যঞ্জিতম্, যথোক্তং (ভাঃ ৩।২।১২)—"যন্মর্ত্ত্যলী-লৌপয়িকমিতি।" [ভাঃ ১০।৪৪।১৪] "গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্যরূপ" মিতি চ ॥ ৪০ ॥

শ্লোকার্থ—অনন্তর শ্রীনারায়ণাদিতে যে পাঁচটি গুণ আছে তাহা বলিতেছি।

যথা---(১) অবিচিন্ত্য মহাশক্তি (২) কোটিব্রহ্মাণ্ডবিগ্রহ (৩) অবতারাবলী বীজ (৪) হতারিগতিদায়ক (৫) আত্মারামগণাকর্ষী। কিন্তু এই সকল গুণ শ্রীকৃষ্ণে অদ্ভুতরূপে বিরাজমান।

শব্দার্থ—লক্ষ্মীশ—পরব্যোমপতি শ্রীনারায়ণ।

আদি পদদ্বারা মহাপুরুষাবতারদিগকেও বুঝাইতেছে। অবিচিন্ত্য-মহাশক্তি গুণটি শ্রীনারায়ণে আছে, মহাপুরুষাদিতে নাই। কারণ শ্রীনারায়ণ মহাপুরুষাদির অবতারী।

কোটি-ব্রহ্মাণ্ডবিগ্রহ—কোটি ব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহ অর্থাৎ মূর্ত্তি যাঁহার। মহাপুরুষদিগের বিগ্রহ কোটি ব্রহ্মাণ্ডব্যাপী ॥ ৩৯-৪০ ॥

ত্রিজগন্মানসাকর্ষি-মুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধ-রূপশ্রী-বিস্মাপিত-চরাচরঃ ॥ ৪২ ॥
লীলা-প্রেম্ণা প্রিয়াধিক্যং মাধুর্য্যে বেণুরূপয়োঃ।
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য চতুষ্টয়ম্ ॥ ৪৩ ॥

মধুর প্রেমমণ্ডিত প্রিয়মণ্ডলঃ (অতুল্যমাধুর্য্যবিশিষ্ট-মহাভাব পর্য্যন্ত প্রেম্ণা-মণ্ডিতঃ ভূষিতঃ প্রিয়মণ্ডলঃ ভক্তসমূহো যেন সঃ) ত্রিজগন্মানসাকর্ষি মুরলী-কলকূজিতঃ (ত্রিজগতাং মানসানি আকর্ষ্টুং শীলং যেষাং তানি তদাকর্ষীণি মুরল্যাঃ বংশ্যাঃ কলানি মধুরাণি কূজিতানি শব্দাঃ যস্য সঃ) অসমানোর্দ্ধ রূপশ্রী বিস্মাপিতচরাচরঃ (ন বিদ্যতে সমানঃ উর্দ্ধা অধিকা চ যস্যাঃ সা চাসৌ রূপশ্রীঃ রূপসম্পৎ তয়া বিস্মাপিতং চমৎকারী-কৃতং চরাচরং স্থাবরজঙ্গমাত্মকং জগৎ যেন সঃ) ॥ ৪১-৪২ ॥

অন্বয়ঃ—লীলা-প্রেম্ণ প্রিয়াধিক্যং (লীলাধিক্যং প্রেম্ণা প্রিয়াণামাধিক্যং তাদৃশ প্রিয়জনেন বিরাজমানত্বম্) বেণুরূপয়োঃ মাধুর্য্যে (বেণুমাধুর্য্যং

টীকা—সর্ব্বাদ্ভুত্যোদিকন্তদাহরণেষু বিবেচনীয়ম্। অতুল্যেত্যাদি-পদদ্বয়ে ষষ্ঠ্যর্থান্যপদার্থো বহুব্রীহিঃ ॥ ৪১ ॥ (৪২)

টীকা—তানেব চতুরো গুণান্ সংক্ষিপ্য দর্শয়তি—লীলেতি। তত্র লীলেতি প্রথমঃ। প্রেম্ণা প্রিয়াণামাধিক্যমিতি তাদৃশপ্রিয়জনবিরাজমানত্বমিত্যর্থঃ। তচ্চ দ্বিতীয়ঃ। বেণুমাধুর্য্যমিতি তৃতীয়ঃ রূপমাধুর্য্যমিতি চতুর্থঃ। তদেবং নিরূপ্যানুভববিশেষাৎ প্রৌঢ়িবাদেনাহ-ইত্যসাধারণমিতি। তদেবমপি [১।২।৩৭] সিদ্ধান্ততস্ত্বভেদেঽপীত্যাদৌ রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমিতি যদুক্তং, তত্তপ-লক্ষণমেব জ্ঞেয়ম্ ॥ ৪৩ ॥

শ্লোকার্থ—(১) সর্ব্বাদ্ভুত চমৎকার লীলাকল্লোল বারিধি, (২) অতুল্য মধুর প্রেমমণ্ডিত প্রিয়মণ্ডল, (৩) ত্রিজগন্মানসাকর্ষী-মুরলী-কলকূজিত ও (৪) অসমানোর্দ্ধরূপশ্রী বিস্মাপিত চরাচর। (সংক্ষেপতঃ পুনরায় তাহাই বলিতেছেন) (১) লীলাধিক্য (২) প্রেমদ্বারা প্রিয়জনের আধিক্য (৩) বেণুমাধুর্য্য (৪) রূপ-মাধুর্য্য—এই চারিটি শ্রীগোবিন্দের অসাধারণ গুণ বলিয়া কথিত।

শব্দার্থ—প্রেম দ্বারা প্রিয়াধিক্য —প্রেমপূর্ণ প্রিয়গণ দ্বারা শোভিত।

কল্লোল —মহাতরঙ্গ। সর্ব্বাদ্ভুত-চমৎকার লীলাকল্লোলবারিধি-শ্রীকৃষ্ণের সর্ব্বস্বরূপ ও অবতারাপেক্ষা অদ্ভুত ও বিস্ময়কর লীলারূপ মহাতরঙ্গপূর্ণ সমুদ্র যিনি। অতুল্য-মধুর প্রেমমণ্ডিত-প্রিয়মণ্ডল—যাহার তুলনা নাই

এবং গুণাশ্চতুর্ভেদাশ্চতুঃষষ্টিরুদাহৃতাঃ।
সোদাহরণমেতেষাং লক্ষণং ক্রিয়তে ক্রমাৎ॥ ৪৪॥

তত্র সুরম্যাঙ্গঃ—(১)

শ্লাঘ্যাঙ্গসন্নিবেশো যঃ সুরম্যাঙ্গঃ স কথ্যতে॥ ৪৫॥

রূপমাধুর্য্যং চ) ইতি (এতৎ) চতুষ্টয়ং গোবিন্দস্য (শ্রীকৃষ্ণস্য) অসাধারণম্ (অসামান্যং) প্রোক্তম (কথিতম্)॥ ৪৩॥

অন্বয়ঃ—এবং গুণাঃ চতুর্ভেদাঃ (চত্বারঃ ভেদাঃ বর্গাঃ যেষাং তে) চতুঃষষ্টি উদাহৃতাঃ (বর্ণিতাঃ) এতেষাং (গুণানাং) সোদাহরণং লক্ষণং ক্রমাৎ ক্রিয়তে॥ ৪৪॥

অন্বয়ঃ—যঃ শ্লাঘ্যাঙ্গ সন্নিবেশঃ (শ্লাঘ্যঃ প্রশংসনীয়ঃ অঙ্গানাং শরীরাবয়বানাং সন্নিবেশঃ সংস্থানং যস্য সঃ) সঃ সুরম্যাঙ্গঃ (সুরম্যাণি অঙ্গানি যস্য সঃ) কথ্যতে॥ ৪৫॥

টীকা—চতুর্ভেদো ইতি। তত্র পঞ্চাশত্তমপর্য্যন্তঃ প্রথমঃ, পঞ্চপঞ্চাশত্তমপর্য্যন্তো দ্বিতীয়ঃ, ষষ্টিতমপর্য্যন্তস্তৃতীয়ঃ, চতুঃষষ্টিতমপর্য্যন্তশ্চতুর্থ ইতি ভেদো বর্গঃ। সোদাহরণমিতি—অত্রোদাহরণানি চতুর্ভিঃ প্রমাণৈর্লব্ধানি। শাস্ত্রেণ, তত্তাৎপর্য্যেণ, তদনুসারিমহাজনপ্রসিদ্ধ্যা, তত্তদনুসারিসম্ভবেন চ। তানি পুনর্দ্বিবিধানি ভগবত্তয়া চমৎকারকরাণি, মনুষ্যলীলয়া চেতি। তত্র ভগবত্ত্বেঽপি মনুষ্যলীলয়া চমৎকারকরত্বং—[ভাঃ ১০।৫০।২৯] 'তথাপি মর্ত্যানুবিধস্য বর্ণ্যত' ইতি [ভাঃ ১০।১৪।৩৭] প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপীত্যাদিন্যায়েন চ। তথৈব বর্ণিতং পৃথিব্যা [ভাঃ ১।১৬।২৭] সত্যং শৌচমিত্যাদিনা। যথা চাত্রৈব (২।১।৬১) দর্শয়িষ্যতে। পশ্য বিন্ধ্যগিরিতোঽপি গরিষ্ঠমিত্যাদিভিঃ॥ ৪৪॥ (৪৫)

এরূপ মধুর-প্রেমপূর্ণ-প্রিয়গণ-বেষ্টিত। 'ত্রিজগন্মানসাকর্ষী-মুরলী-কলকূজিতঃ' ত্রিজগৎস্থিত জনগণের চিত্ত আকর্ষণকারী মুরলীর মধুর ধ্বনি যাঁহার। 'অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিত-চরাচরঃ'—যাঁহার সমান বা অধিক নাই—এই প্রকার রূপ শোভা দ্বারা স্থাবর জঙ্গম প্রভৃতি সমস্ত ভূতগণকে বিস্ময়াপন্ন বা মোহিত করেন যিনি॥ ৪১-৪৩॥

শ্লোকার্থ—উক্ত চারিগুণ সহ শ্রীকৃষ্ণের যে চৌষট্টি গুণ বলা হইল তাহাদিগের লক্ষণ উদাহরণের সহিত ক্রমশঃ লিখিত হইতেছে॥ ৪৪॥

তন্মধ্যে সুরম্যাঙ্গ—১

শ্লোকার্থ—প্রশংসনীয় অঙ্গের সন্নিবেশ যাঁহার অর্থাৎ যাঁহার অঙ্গপ্রত্যঙ্গাদি সুন্দর (মনোহর) রূপে সন্নিবিষ্ট তাঁহাকে সুরম্যাঙ্গ কহে॥ ৪৫॥

মুখং চন্দ্রাকারং করভনিভমূরুদ্বয়মিদং
ভুজৌ স্তম্ভারম্ভৌ সরসিজবরেণ্যং করযুগম্
কবাটাভং বক্ষঃস্থলমবিরলং শ্রোণিফলকং
পরিক্ষামো মধ্যঃ স্ফুরতি মুরহন্তুর্মধুরিমা ॥ ৪৬ ॥

সর্ব্বসল্লক্ষণান্বিতঃ—(২)

তনৌ গুণোত্থমঙ্কোত্থমিতি সল্লক্ষণং দ্বিধা ॥ ৪৭ ॥

তত্র গুণোত্থম্—

গুণোত্থং স্যাদ্‌গুণৈর্যোগো রক্ততা-তুঙ্গতাদিভিঃ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ—মুরহন্তুঃ (মুরারেঃ) কিমহো মধুরিমা (মাধুর্য্যং) স্ফুরতি (প্রকাশতে) [তস্য] মুখং চন্দ্রাকারং (চন্দ্র সদৃশং) ইদম্ ঊরুদ্বয়ং করভনিভং (মণিবন্ধাবধি কনিষ্ঠা পর্য্যন্ত করবহির্ভাগবৎ ক্রমশঃ ক্ষীণং) ভুজৌ (হস্তৌ) স্তম্ভারম্ভৌ (স্তম্ভস্যেবারম্ভঃ মূলং যয়োঃ তৎসদৃশৌ ইত্যর্থঃ) করযুগং (হস্তদ্বয়ং) সরসিজবরেণ্যং (সরসিজানাং পদ্মানামপি বরেণ্যং বরণীয়ং পদ্মপ্রার্থনীয় সুন্দরমিত্যর্থঃ।) বক্ষঃস্থলং কবাটাভং (কবাটবৎ প্রশস্তং) শ্রোণিফলকং (কটিপশ্চাদ্ভাগঃ) অবিরলম্ (নিরন্তরম্, অতিস্থূলত্বাদ্ বিভক্তাবয়বত্বেন বিবেক্তু-মশক্যমিত্যর্থঃ) মধ্যঃ (কটিদেশঃ) পরিক্ষামঃ (কৃশঃ) ॥ ৪৬ ॥

অন্বয়—তনৌ (শরীরে) সল্লক্ষণং (সুলক্ষণম্) দ্বিধা গুণোত্থম্ অঙ্কোত্থম্ ইতি চ ॥ ৪৭ ॥

টীকা—মুখমিতি যদ্যপি পূর্ব্বানুসারেণ চন্দ্রাদয়স্তস্য দৃষ্টান্ততালেশমপি নার্হন্তি তথাপি সাধারণলোকানাং তদ্দ্বারা তন্মহিমপ্রবেশার্থমেব তে দৃষ্টান্তিতাঃ।

শ্লোকার্থ—যথা মুরারির কেমন আশ্চর্য্য মাধুর্য্য প্রকাশ পাইতেছে। তাঁহার মুখ চন্দ্রের ন্যায় (শোভাবিশিষ্ট), উরুদ্বয় করভ অর্থাৎ হস্তের মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলির মূল পর্য্যন্ত, তাদৃশ সুগোল, ভুজযুগল স্তম্ভমূল সদৃশ সুদৃঢ়, করদ্বয় পদ্মেরও প্রার্থনীয় সুন্দর, বক্ষঃস্থল কবাট সদৃশ (বিস্তৃত), নিতম্ব যুগল স্থূল অথচ নিবিড়, এবং (কটিদেশ) অতি ক্ষীণ ॥ ৪৬ ॥

সর্ব্বসল্লক্ষণান্বিত—২

শ্লোকার্থ—শরীরে গুণোত্থ ও অঙ্কোত্থ ভেদে সল্লক্ষণ দুইপ্রকার হইয়া থাকে।

শব্দার্থ—গুণোত্থঃ—গুণগত। অঙ্কোত্থ—রেখাগত লক্ষণ—পরিচায়ক চিহ্ন ॥ ৪৭ ॥

যথা—

রাগঃ সপ্তসু হন্ত ষট্স্বপি শিশোরঙ্গেষ্বলং তুঙ্গতা,
বিস্তারস্ত্রিষু খর্ব্বতা ত্রিষু তথা গম্ভীরতা চ ত্রিষু।
দৈর্ঘ্যং পঞ্চসু কিঞ্চ পঞ্চসু সখে! সংপ্রেক্ষ্যতে সূক্ষ্মতা;
দ্বাত্রিংশদ্বরলক্ষণঃ কথমসৌ গোপেষু সম্ভাব্যতে? ॥ ৪৯ ॥

অন্বয়ঃ—রক্ততাতুঙ্গতাদিভিঃ (লৌহিত্যৌন্নত্যাদিভিঃ) গুণৈঃ যোগো গুণোত্থং (সল্লক্ষণং) স্যাৎ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ—হন্ত (বিস্ময়ে) সখে (ব্রজরাজ) [অস্য] শিশোঃ (তবাঙ্গজস্য সপ্তসু [অঙ্গেষু] (নেত্রান্ত-পাদকরতল তাল্বধরৌষ্ঠ-জিহ্বা-নখেষু) রাগঃ (রক্তিমা) অপি ষট্সু (বক্ষঃ-স্কন্ধ-নখ-নাসিকা-কটি-মুখেষু) অলং তুঙ্গতা (অতিশয়ৌন্নত্যম্) ত্রিষু (কটি-ললাট-বক্ষঃসু) বিস্তারঃ (বিস্তৃতিঃ) ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু) খর্ব্বতা (হ্রস্বতা) তথা ত্রিষু (নাভিস্বরসত্ত্বেষু) গম্ভীরতা গাম্ভীর্য্যম্) পঞ্চসু (নাসা-ভুজ-নেত্র-হনু-জানুষু) দৈর্ঘ্যং (দীর্ঘতা) পুনঃ পঞ্চসু (ত্বক্কেশ-লোম-দন্তাঙ্গুলিপর্ব্বসু) সূক্ষ্মতা (কৃশতা) সংপ্রেক্ষ্যতে (সংদৃশ্যতে) দ্বাত্রিংশদ্বরলক্ষণঃ (দ্বাত্রিংশৎ সংখ্যকানি বরাণি তত্তল্লক্ষণেভ্যোঽন্যেভ্যোঽপি শ্রেষ্ঠানি লক্ষণানি চিহ্নানি যস্য সঃ) অসৌ (শিশুঃ) গোপেষু (গোপকুলে) কথং সম্ভাব্যতে (উৎপদ্যতে) ॥ ৪৯ ॥

যত্র তু তদন্তরঙ্গপরিকরৈরপি তাদৃশং বর্ণ্যতে, তত্র সাক্ষাৎ ভগবদ্বিভূতিরূপ-তল্লীলাপরিকরা এব চন্দ্রাদয় দৃষ্টান্তিতা ইতি সর্ব্বত্র জ্ঞেয়ং। তদেতদভিপ্রেত্যৈব তদপ্যনাদৃত্য কেবলানুবাদেনৈবাহ—অবিরলমিত্যাদি। অবিরলমিতি অতি-স্থূলত্বাদ্বিভক্তাবয়বত্বেন বিবেক্তুমলক্যমিত্যর্থঃ ॥ ৪৬ ॥ (৪৭-৪৮)

টীকা—রাগ ইতি শ্রীমদ্ব্রজেশ্বরং প্রতি কস্যচিৎ সবয়সো গোপস্য

তন্মধ্যে গুণোত্থ লক্ষণ।

শ্লোকার্থ—শরীরের স্থলবিশেষে রক্ততা (লালবর্ণ) ও তুঙ্গতা (উচ্চতা) প্রভৃতি গুণের যোগকেই গুণোত্থসল্লক্ষণ বলে ॥ ৪৮ ॥

যথা—

শ্লোকার্থ—শ্রীমন্নন্দমহারাজকে তাঁহার কোন সমবয়স্ক গোপ বলিতেছেন—হে সখে। তোমার এই শিশুপুত্রের অঙ্গে যে বত্রিশটি শ্রেষ্ঠ লক্ষণ দেখিতেছি ইহাতে গোপগৃহে কিরূপে এই বালকের জন্ম সম্ভব হইতে পারে? (ইহা নিশ্চয়ই বিস্ময়জনক বটে)। কারণ এই বালকের শরীরের সাতস্থান রক্তবর্ণ, ছয় অঙ্গে তুঙ্গতা অর্থাৎ ছয় অঙ্গ উন্নত, তিন অঙ্গে বিস্তার অর্থাৎ পরিসর, তিন

অঙ্কোপ্তম্—রেখাময়ং রথাঙ্গাদি স্যাদঙ্কোপ্তং করাদিষু ॥ ৫০ ॥

যথা—

করয়োঃ কমলং তথা রথাঙ্গং, স্ফুটরেখাময়মাত্মজস্য পশ্য।
পদপল্লবয়োশ্চ বল্লবেন্দ্র ! ধ্বজবজ্রাঙ্কুশমীনপঙ্কজানি ॥ ৫১ ॥

অন্বয়ঃ—করাদিষু (হস্তাদিষু) রেখাময়ং (রেখারূপং) রথাঙ্গাদি (চক্রাদি) অঙ্কোপ্তং (চিহ্নোপ্তং সল্লক্ষণং) স্যাৎ ॥ ৫০॥

অন্বয়ঃ—বল্লবেন্দ্র (হে গোপরাজ) আত্মজস্য (তব পুত্রস্য) করয়োঃ (হস্তয়োঃ) স্ফুটরেখাময়ং (স্পষ্ট রেখারূপং) কমলং (পদ্মং) তথা রথাঙ্গং (চক্রং) পদপল্লবয়োশ্চ ধ্বজবজ্রাঙ্কুশমীনপঙ্কজানি (রেখাময়ানি সল্লক্ষণানি) পশ্য ॥ ৫১ ॥

বাক্যমিদম্। সপ্তসু—নেত্রান্তপাদকরতলতাল্বধরৌষ্ঠজিহ্বানখেষু, ষট্‌সু বক্ষঃস্কন্দনখনাসিকাকটি মুখেষু। ত্রিষু কটিললাটবক্ষঃসু। কেচিৎ কটিস্থানে শিরঃ পঠন্তি, পুনস্ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু। পুনস্ত্রিষু নাভিস্বরসত্ত্বেষু। পঞ্চসু নাসাভুজনেত্রহনুজানুষু। পুনঃ পঞ্চসু ত্বক্‌কেশলোমদন্তাঙ্গুলিপর্ব্বসু। তথৈব মহাপুরুষলক্ষণে সামুদ্রিকপ্রসিদ্ধেঃ। দ্বাত্রিংশদ্বরাণি তত্তল্লক্ষণেভ্যো গোপেভ্যোঽন্যেভ্যোঽপি শ্রেষ্ঠানি লক্ষণানি যস্য সঃ। গোপেষু কথমিতি ভগবদবতারাদিষ্বপ্যেতাদৃশত্বাশ্রবণাদিতি ভাবঃ ॥ ৪৯ ॥ (৫০)

টীকা—করয়োরিতি—কস্যাশ্চিদ্বৃদ্ধগোপ্যা বচনম্। উপলক্ষণান্যেবৈতানি

অঙ্গে খর্ব্বতা অর্থাৎ তিন অঙ্গ হ্রস্ব, তিন অঙ্গ গভীর, পঞ্চ অঙ্গ দীর্ঘ, পঞ্চ অঙ্গ সূক্ষ্ম। অর্থাৎ নেত্রান্ত, পদতল, করতল, তালু, অধর ও ওষ্ঠ, জিহ্বা এবং নখ এই সাত অঙ্গে রক্তিমা। বক্ষঃ, স্কন্ধ, নখ, নাসিকা, কটি ও মুখ এই ছয় অঙ্গে তুঙ্গতা। কটি, ললাট ও বক্ষঃ এই তিন অঙ্গে বিস্তার। গ্রীবা, জঙ্ঘা, শিশ্ন এই তিন অঙ্গে খর্ব্বতা। নাভি, স্বর ও সত্ত্ব (বুদ্ধি) এই তিনটির গভীরতা। নাসা, ভুজ, নেত্র, হনু (গণ্ডস্থলের উপরিভাগ) ও জানু (হাঁটু) এই পাঁচ অঙ্গে দীর্ঘতা। ত্বক (চর্ম্ম), কেশ, লোম, দন্ত, অঙ্গুলি-পর্ব্ব—এই পাঁচ অঙ্গে সূক্ষ্মতা। মহাপুরুষের এই বত্রিশ প্রকার লক্ষণ ॥ ৪৯ ॥

অঙ্কোপ্ত লক্ষণ।

শ্লোকার্থ—হস্ত পদাদিতে চক্রাদি রেখাময় চিহ্নকে অঙ্কোপ্ত সল্লক্ষণ বলে ॥ ৫০ ॥

যথা—

শ্লোকার্থ—কোন বৃদ্ধা গোপী গোপরাজকে সম্বোধন করিয়া বলিতেছেন

রুচিরঃ—(৩)

সৌন্দর্য্যেণ দৃগানন্দকারী রুচির উচ্যতে ॥ ৫২ ॥

অন্বয়ঃ—সৌন্দর্য্যেণ (কান্ত্যা) দৃগানন্দকারী (নয়নানন্দজনকঃ) রুচিরঃ উচ্যতে ॥ ৫২ ॥

চিহ্নানি। পদ্মপুরাণাদিদৃষ্ট্যান্যান্যপ্যসাধারণানি জ্ঞেয়ানি। তানি চ যথা পদ্মপুরাণে, ব্রহ্মোবাচ। শৃণু নারদ বক্ষ্যামি পাদয়োশ্চিহ্নলক্ষণম্। ভগবৎ-কৃষ্ণরূপস্য হ্যানন্দৈকঘনস্য চ। অবতারা হ্যসংখ্যাতাঃ কথিতা মে তবাগ্রতঃ। পরং সম্যক্ প্রবক্ষ্যামি কৃষ্ণস্ত ভগবান্ স্বয়ম্। দেবানাং কার্য্যসিদ্ধার্থ-মৃষীণাঞ্চ তথৈব চ। আবির্ভূতস্ত ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমে-তন্ময়োদিতম্। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ। ধ্বজঃ পদ্মং তথা বজ্রমঙ্কুশো যব এব চ। স্বস্তিকঞ্চোর্দ্ধরেখা চ অষ্টকোণং তথৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ দক্ষিণে ভগবৎপদে। সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকম্। অম্বরং মৎস্যচিহ্নঞ্চ গোষ্পদং সপ্তমং স্মৃতম্। অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ। দ্বয়ং বাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব বা। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ অবতারে কথঞ্চন ইত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিদিত্যন্তং। শাস্ত্রান্তরেষু তাপন্যাগমবারাহাদিষু শঙ্খচক্রচ্ছত্রাণি চ জ্ঞেয়ানি ॥ ৫১ ॥

টীকা—সৌন্দর্য্যেণ কান্ত্যা ॥ ৫২ ॥

"তোমার এই পুত্রের করদ্বয়ে কমল ও চক্ররেখা, পদদ্বয়ে ধ্বজ, বজ্র, অঙ্কুশ, মীন ও পঙ্কজ রেখাসকল স্পষ্ট রহিয়াছে, দেখ।

[শ্রীপদ্ম-পুরাণে শ্রীকৃষ্ণের পদতলে ষোড়শটি রেখাময় চিহ্নের কথা উল্লিখিত আছে। দক্ষিণ পদে ধ্বজ, পদ্ম, বজ্র, অঙ্কুশ, যব, স্বস্তিক, ঊর্দ্ধরেখা ও অষ্টকোণ (ক্ষেত্র) এই অষ্ট চিহ্ন। বামপদে ইন্দ্রধনু, ত্রিকোণ (ক্ষেত্র), কলস, অর্দ্ধচন্দ্র, অম্বর, মৎস্যচিহ্ন, গোষ্পদ ও জম্বুফলাকারচিহ্ন—এই আটটি চিহ্ন এবং শাস্ত্রান্তরে অন্য তিন শঙ্খ, চক্র, ছত্র] ॥ ৫১ ॥

অথ রুচির—৩

শ্লোকার্থ—সৌন্দর্য্য দ্বারা নয়নের আনন্দকারীকে রুচির বলে অর্থাৎ যাঁহার কান্তি নয়নানন্দদায়ক তাঁহাকে রুচির বলে ॥ ৫২ ॥

যথা তৃতীয়ে (৩।২।১৩)

যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে, নিরীক্ষ্যদৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কার্ৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতুরর্ব্বাক্‌সৃতৌ কৌশলমিত্যমন্যত ॥৫৩॥

যথা বা—অষ্টানাং দনুজভিদঙ্গপঙ্কজানা-
মেকস্মিন্ কথমপি যত্র বল্লবীনাম্।
লোলাক্ষিভ্রমরততিঃ পপাত তস্মা-
ন্নোত্থাতুং দ্যুতিমধুপঙ্কিলাৎ ক্ষমাসীৎ ॥ ৫৪ ॥

অন্বয়ঃ—ত্রিলোকঃ (ত্রিজগজ্জনঃ) ধর্ম্মসূনোঃ (ধর্ম্মপুত্রস্য যুধিষ্ঠিরস্য) রাজসূয়ে (তন্নামকে যাগে) দৃক্‌স্বস্ত্যয়নং (স্বস্তি মঙ্গলম্ ঈয়তে প্রাপ্যতে অনেন ইতি স্বস্ত্যয়নং দৃশাং নয়নানাং স্বস্ত্যয়নং পরমানন্দকরং [কৃষ্ণং] নিরীক্ষ্য (দৃষ্ট্বা) বিধাতুঃ (ব্রহ্মণঃ) অর্ব্বাক্‌সৃতৌ (পরবর্ত্তী সংসার নির্ম্মাণে) যৎ কৌশলং (নৈপুণ্যং) তৎ অদ্য (সম্প্রতি) ইহ (শ্রীকৃষ্ণ সৌন্দর্য্যে) কার্ৎস্ন্যেন (সাকল্যেন) গতং (প্রবিষ্টং নিঃশেষিতমিত্যর্থঃ) ইতি অমন্যত (অন্বভূৎ) ॥ ৫৩ ॥

অন্বয়ঃ—দনুজভিদঙ্গ-পঙ্কজানাং (দনুজান্‌ভিনত্তীতি দনুজভিৎ তস্য

টীকা—বিধাতুরর্ব্বাক্ সৃতৌ যৎ কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং প্রবিষ্টমিত্যমন্যত অন্বভূৎ। তদেকদেশান্তর্ভূতমেব তৎ সর্ব্বমিত্যর্থঃ। অমংস্তেতি পাঠস্তু লিখনপ্রমাদেব ॥ ৫৩ ॥

টীকা—পূর্ব্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতমিত্যপরিতোষাৎ

যথা শ্রীভাগবতে (৩।২।১৩)

শ্লোকার্থ—ত্রিভুবনস্থ ব্রহ্মরুদ্রাদি সকল লোক ধর্ম্মরাজের রাজসূয় যজ্ঞে উপস্থিত নয়নের পরমানন্দকর শ্রীকৃষ্ণের রূপ দেখিয়া এই অনুমান করিয়াছিলেন —বিধাতার পরবর্ত্তী সৃষ্টি বিষয়ে যে নৈপুণ্য ছিল তাহা সম্প্রতি এই মূর্ত্তি সৃষ্টিতে (যদিও শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তি বিধাতৃ-সৃষ্ট নহে তথাপি লোক দৃষ্টিতে এই কথা বলা হইতেছে) সম্পূর্ণরূপে নিঃশেষিত হইয়াছে ॥ ৫৩ ॥

অথবা—

দনুজারি শ্রীকৃষ্ণের মুখ নেত্রযুগল করযুগল নাভি ও চরণযুগল এই অষ্ট অঙ্গরূপ পঙ্কজের মধ্যে যদি কোনও একটি পঙ্কজে ব্রজগোপীগণের চঞ্চল লোচনরূপ ভ্রমরকুল কোনক্রমে পতিত হয়, তবে অঙ্গকান্তিরূপ মধুপঙ্ক দ্বারা পঙ্কিল সেই স্থান হইতে আর উত্থিত হইতে সমর্থ হয় না ॥ ৫৪ ॥

তেজসা যুক্তঃ—(৪)

তেজো ধাম প্রভাবশ্চেত্যুচ্যতে দ্বিবিধং বুধৈঃ ॥ ৫৫॥

(ক) তত্র ধাম—

দীপ্তিরাশি-র্ভবেদ্ধাম ॥ ৫৬ ॥

যথা—

অম্বরমণিনিকুরম্বং, বিড়ম্বয়ন্নপি মরীচিকুলৈঃ।
হরিবক্ষসি রুচিনিবিড়ে; মণিরাড়য়মুড়ুরিব স্ফুরতি ॥ ৫৭ ॥

দনুজভিদঃ দৈত্যনিসূদনস্য শ্রীকৃষ্ণস্য অঙ্গানি এব পঙ্কজানি পদ্মানি তেষাং) অষ্টানাং (মুখ-নেত্রযুগ-করযুগ-নাভি-চরণযুগরূপাণাম্ মধ্যে) যত্র (কুত্রাপি) একস্মিন্ (অঙ্গপঙ্কজে) কথমপি বল্লবীনাং (গোপীনাং) লোলাক্ষি ভ্রমরততিঃ (লোলানি চঞ্চলানি অক্ষীণি নয়নানি এব ভ্রমরাঃ তেষাং ততিঃ সমূহঃ) পপাত (পততি স্ম) [তদা] দ্যুতি-মধুপঙ্কিলাৎ (দ্যুতিভিঃ অঙ্গকান্তিরূপাভিঃ মধুভিঃ মধুররসৈঃ পঙ্কিলাৎ কর্দ্দমযুক্তাৎ) তস্মাৎ (অঙ্গাৎ) উত্থাতুং কথমপি ক্ষমা (সমর্থা) নাসীৎ ॥ ৫৪॥

অন্বয়ঃ—বুধৈঃ (পণ্ডিতৈঃ) ধাম প্রভাবশ্চ ইতি দ্বিবিধং তেজঃ উচ্যতে (কথ্যতে) ॥ ৫৫ ॥

অন্বয়ঃ—দীপ্তিরাশিঃ ধাম ভবেৎ ॥ ৫৬ ॥

অন্বয়ঃ—অয়ং মণিরাট্ (কৌস্তুভঃ) মরীচিকুলৈঃ (কিরণসমূহৈঃ) অম্বর মণি-নিকুরম্বং (অম্বরমণিঃ সূর্য্যস্তস্য নিকুরম্বং সমূহং) বিড়ম্বয়ন্ (তিরস্কুর্ব্বন্) অপি রুচি-নিবিড়ে (রুচ্যা নিবিড়ে কান্তিঘনে) হরিবক্ষসি (শ্রীকৃষ্ণস্য উরসি) উড়ুরিব (তারকা ইব) স্ফুরতি (দীপ্যতে) ॥ ৫৭ ॥

শুদ্ধোদাহরণংপুনরাহ—যথা বেতি। অষ্টানাং মুখ-নেত্রযুগ-নাভি-চরণযুগ-করযুগরূপাণাং, উপলক্ষণানি চৈতানি অন্যেষামঙ্গানাম্ ॥ ৫৪ (৫৫,-৫৬)

টীকা—অম্বরেতি যদ্যপ্যেতদেব তত্ত্বং, তথাপি লৌকিকলীলারক্ষণার্থং স্বস্য তস্য চ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি, সূর্য্যাদিতেজসামপি তত্র ভানং জ্ঞেয়ম্। (গীঃ ৭।২৫) 'নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত' ইত্যাদ্যুক্তেঃ। এবমন্যত্রাপি। কৌস্তুভমণিরুড়ুরিবেতি পা পাঠঃ ॥ ৫৭॥ (৫৮-৬২)

তেজস্বী—৪

শ্লোকার্থ—ধাম ও প্রভাব এই দুই প্রকার তেজঃ পণ্ডিতগণ বলেন ॥ ৫৫ ॥

ধাম—

শ্লোকার্থ—দীপ্তিরাশিকে ধাম বলে ॥ ৫৬ ॥

(খ) প্রভাবঃ—প্রভাবঃ সর্ব্বজিৎ স্থিতিঃ ॥ ৫৮ ॥

যথা—

দূরতস্তমবলোক্য মাধবং
কোমলাঙ্গমপি রঙ্গমণ্ডলে।
পর্ব্বতোদ্ভট-ভুজান্তরোঽপ্যসৌ
কংসমল্লনিবহঃ স বিব্যথে ॥ ৫৯ ॥

বলীয়ান্—(৫)

প্রাণেন মহতা পূর্ণো বলীয়ানিতি কথ্যতে ॥ ৬০ ॥

যথা—

পশ্য বিন্ধ্যগিরিতোঽপি গরিষ্ঠং
দৈত্যপুঙ্গবমুদগ্রমরিষ্টম্।
তূলখণ্ডমিব পিণ্ডিতমারাৎ
পুণ্ডরীকনয়নো বিনুনোদ ॥ ৬১ ॥

অন্বয়ঃ—সর্ব্বজিৎ স্থিতিঃ (সর্ব্বজিৎ সর্ব্ব-পরাজয়কারিণী স্থিতিঃ অবস্থা) প্রভাবঃ (উচ্যতে) ॥ ৫৮ ॥

শ্লোকার্থ—মাৎসর্য্যবিশিষ্ট, অহঙ্কারী, কপটী, ক্রোধী বা ক্রুদ্ধস্বভাব, চঞ্চল ও আত্মশ্লাঘাকারী ব্যক্তিকে পণ্ডিতগণ ধীরোদ্ধত বলেন ॥ ২৩৬ ॥

যথা—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ কালযবনকে পত্র লিখিতেছেন, অরে পাপী, যবনেন্দ্র ভেক, এখনি বিনিবৃত্ত হইয়া কোন অন্ধকূপগর্ত্তে বাস নির্ম্মাণ কর্। এখানে কৃষ্ণ নামক কৃষ্ণসর্পরূপ আমি তোকে গ্রহণ করিবার জন্য সম্মুখে জাগরূক রহিয়াছি। (তুই আমার পরাক্রম জানিস্ না) আমি অবহেলা পূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টি নিক্ষেপ করিলে ব্রহ্মাণ্ড ভস্মীভূত হইয়া যায় ॥ ২৩৭ ॥

শ্লোকার্থ—পণ্ডিতগণ ভীমসেনাদিকে ধীরোদ্ধত বলেন ॥ ২৩৮ ॥

মাৎসর্য্যাদ্যাঃ প্রতীয়ন্তে দোষত্বেন যদপ্যমী।
লীলাবিশেষ-শালিত্বান্নির্দোষেঽত্র গুণাঃ স্মৃতাঃ ॥ ২৩৯ ॥

যথা বা—

অম্ভোভারভর-প্রণম্র-জলদভ্রান্তিং বিতন্বন্নসৌ
ঘোরাড়ম্বরডম্বরঃ সুবিকটামুৎক্ষিপ্য হস্তার্গলাম্।
দুর্ব্বারঃ পরবারণঃ স্বয়মহং লব্ধোঽস্মি কৃষ্ণঃ পুরো
রে শ্রীদামকুরঙ্গ! সঙ্গরভুবো ভঙ্গং ত্বমঙ্গীকুরু ॥ ২৪০ ॥

অন্বয়ঃ—যদপি (যদ্যপি) অমী মাৎসর্য্যাদ্যাঃ দোষত্বেন প্রতীয়ন্তে (জ্ঞায়ন্তে) (তথাপি) লীলাবিশেষশালিত্বাৎ (লীলাবিশেষঃ অত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তচ্ছালিত্বাৎ (তদুপযোগিত্বাৎ) নির্দ্দোষে অত্র (কৃষ্ণে) (তে) গুণাঃ স্মৃতাঃ (কীর্ত্তিতাঃ) ॥ ২৩৯ ॥

অন্বয়ঃ—রে শ্রীদাম কুরঙ্গ (শ্রীদাম হরিণ, পক্ষে কুৎসিতঃ রঙ্গঃ রণভূমিঃ যস্য তৎসম্বুদ্ধৌ কুবীরেত্যর্থঃ) অম্ভোভারভরপ্রণম্রজলদভ্রান্তিং (অম্ভোভারভরেণ জল রাশিভরেণ প্রণম্রস্য অধোলম্বমানস্য জলদস্য মেঘস্য ভ্রান্তিং ভ্রমং) বিতন্বন্

টীকা—লীলাবিশেষোঽত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তচ্ছালিত্বাত্তদুপ-যোগিত্বাদিত্যর্থঃ। আঃ পাপিন্নিত্যত্র ভক্তিরসত্বাব্যক্তিমাশঙ্ক্যোদাহরণান্তরং মাৎসর্য্যাভাসময়তদ্রসত্বেন দর্শয়তি—যথা বেতি। অম্ভোভারভরপ্রণম্র ইত্যেব পাঠঃ। অম্ভোভার-নমন্নবীনজলদেতি পাঠান্তরে শত্রন্তেন সহ তৎপুরুষো ন স্যাৎ। 'আড়ম্বরং সমারম্ভে গজগর্জিততূর্য্যয়োরিতি' বিশ্বঃ। ততশ্চ ঘোরো ভয়ানক আড়ম্বরস্য ডম্বর আটোপো যস্য সঃ ॥ ২৩৯-২৪০ ॥

শ্লোকার্থ—যদিও মাৎসর্য্যাদি দোষরূপে প্রতীয়মান হয় তথাপি ভক্তরক্ষা দুষ্টদমনাদি লীলা বিশেষের উপযোগী বলিয়া এই নির্দ্দোষপাত্র শ্রীকৃষ্ণে উহাকে গুণ বলা হয় ॥ ২৩৯ ॥

শ্লোকার্থ—অরে শ্রীদাম কুরঙ্গ! বারিপূর্ণ মেঘরাশির ভ্রান্তি বিস্তার করিতে করিতে (লোকে আমাকে জলদ মনে করিতেছে কিন্তু আমি তাহা নহি) অত্যন্ত ভীষণ হস্তার্গল (শুণ্ড) উত্তোলন করিয়া (যাহাকে কোমলবাহু দেখিতেছ তাহা নহে উহা হস্তীশুণ্ডের ন্যায় ভীষণ) ভয়ানক গর্জন রূপ আড়ম্বরকারী কৃষ্ণনামক অনিবার্য্য মহাহস্তী স্বয়ং আসিয়া উপস্থিত হইলাম। যুদ্ধক্ষেত্র হইতে রণে ভঙ্গ অঙ্গীকার কর অর্থাৎ পলায়ন কর ॥ ২৪০ ॥

মিথো বিরোধিনোঽপ্যত্র কেচিন্নিগদিতা গুণাঃ।
হরৌ নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ কোঽপি ন স্যাদসম্ভবঃ॥ ২৪১॥

তথা চ কৌর্ম্মে—

অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ।
অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ।
ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে॥ ২৪২॥

(জনয়ন্) সুবিকটাং (মহতীং) হস্তার্গলাং (হস্তঃ করঃ শুণ্ডশ্চ স এব অর্গলা তাম্) উৎক্ষিপ্য ঘোরাড়ম্বরডম্বরঃ (ঘোরঃ ভয়ানকঃ আড়ম্বরস্য ইব হস্তি গর্জ্জিতস্য ডম্বরং আটোপঃ যস্য সঃ) দুর্ব্বারঃ (দুঃখেন বারয়িতুং শক্যঃ) অসৌ অহং কৃষ্ণঃ (কংসারিঃ কৃষ্ণবর্ণশ্চ) পরবারণঃ (শত্রুনিরোধকঃ এব মহাগজঃ) স্বয়ং পুরঃ (অগ্রে) লব্ধঃ অস্মি (প্রাপ্তঃ) ত্বং সঙ্গরভুবঃ (রণভূমেঃ) ভঙ্গং (পলায়নম্) অঙ্গীকুরু (স্বীকুরু) ॥ ২৪০॥

অন্বয়ঃ—নিগদিতাঃ (কথিতাঃ) এতে (নিগদিতেষু এতেষু ইত্যর্থঃ) কেচিৎ (মাৎসর্য্যাদয়ঃ) গুণাঃ মিথো বিরোধিনঃ (পরস্পরবিরুদ্ধস্বভাবঃ) অপি নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ (সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ) হরৌ (অবিরোধেন বর্ত্তন্তে তত্র) কোঽপি অসম্ভবঃ ন স্যাৎ॥ ২৪১॥

অন্বয়ঃ—ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) অস্থূলঃ অনণুশ্চ (স্থূলত্বাদিরহিতঃ) সর্ব্বতঃ স্থূলঃ (পীবরঃ) অণুশ্চ (সূক্ষ্মশ্চ) অবর্ণঃ (বর্ণরহিতঃ) সর্ব্বতঃ শ্যামঃ (শ্যামবর্ণঃ) রক্তান্ত লোচনশ্চ (রক্তৌ অন্তৌ প্রান্তৌ যয়োঃ তাদৃশে লোচনে যস্য সঃ)

টীকা—পুনর্মাৎসর্য্যাদ্যা ইত্যাদিকং স্থাপয়ন্ গুণবৈচিত্রীং দর্শয়তি—মিথ ইতি।

শ্লোকার্থ—কথিত গুণগুলির মধ্যে কতকগুলি পরস্পর বিরোধী (যদি বল একত্র বিরোধ গুণগণের অবস্থান কিরূপ সম্ভব) তাহার উত্তর—বিরোধী হইলেও নিরঙ্কুশ ঐশ্বর্য্য বশতঃ শ্রীকৃষ্ণে কিছুই অসম্ভব নহে। তাঁহাতে সকলই সম্ভব।

শব্দার্থ—নিরঙ্কুশ ঐশ্বর্য্য—সর্ব্ববশীকারিত্ব, সর্ব্বাশ্রয়ত্ব॥ ২৪১॥

যথা কূর্ম্মপুরাণে

শ্লোকার্থ—ভগবান্ শ্রীহরি স্থূলও নহেন, সূক্ষ্মও নহেন, তিনি সর্ব্বথা স্থূলও হয়েন, সূক্ষ্মও হয়েন। তিনি সর্ব্বথা বর্ণহীন অথচ তাঁহাকে শ্যামবর্ণ ও রক্তান্তলোচন বলা হয়। ঐশ্বর্য্য যোগ হেতু তিনি বিরুদ্ধার্থ বলিয়া অভিহিত হন অর্থাৎ ঐশ্বর্য্য বশতঃই তিনি বিরুদ্ধ গুণশালী॥ ২৪২॥

তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন।
গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমস্ততঃ ॥ ২৪৩ ॥

মহাবারাহে চ—

সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ।
হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ ॥ ২৪৪ ॥
পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ।
সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ ॥ ২৪৫ ॥

প্রোক্তঃ (কথিতঃ) ঐশ্বর্য্য যোগাৎ বিরুদ্ধার্থঃ (বিরুদ্ধঃ অর্থঃ অভিধেয়ঃ অবর্ণশ্যামবর্ণাদিরূপঃ যস্য তথাভূতঃ) অভিধীয়তে (কীর্ত্ত্যতে) ॥ ২৪২ ॥

অন্বয়ঃ—তথাপি (বিরুদ্ধার্থত্বেঽপি) পরমে (পরমেশ্বরে) কথংচন (কেনাপি প্রকারেণ) দোষাঃ নৈব আহার্য্যাঃ (আরোপ্যাঃ) বিরুদ্ধাঃ অপি এতে গুণাঃ সমস্ততঃ (সর্ব্বতোভাবেন) সমাহার্য্যাঃ (মেলনীয়াঃ) ॥ ২৪৩ ॥

অন্বয়ঃ—তস্য পরাত্মনঃ (পরমেশ্বরস্য) সর্ব্বে দেহাঃ (মৎস্যকূর্ম্মাদি বিগ্রহাঃ) নিত্যাঃ (অবিনাশিনঃ) শাশ্বতাশ্চ (জগতি পুনঃ পুনঃ আবির্ভা-বিনঃ) হানোপাদানরহিতাঃ (উৎকর্ষাপকর্ষবর্জ্জিতাঃ) ক্বচিৎ (অংশে কদাচিৎ) প্রকৃতিজাঃ (পৃথিব্যাদিভূতোৎপন্না) ন (ভবন্তি) সর্ব্বতঃ (সর্ব্বত্র) পরমানন্দ সন্দোহাঃ (পরমানন্দস্য অপ্রাকৃতানন্দস্য সন্দোহঃ সমুদয়ঃ যেষু তে) জ্ঞানমাত্রাশ্চ (জ্ঞানস্য মাত্রং কার্ৎস্ন্যং যেষু তথাবিধাঃ পূর্ণজ্ঞানময়াঃ ইত্যর্থঃ) 'মাত্রং কার্ৎস্ন্যেঽবধারণে' ইতি বিশ্বঃ সর্ব্বে সর্ব্বগুণৈঃ

নরঙ্কুশৈশ্বর্য্যাৎ সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ ॥ ২৪১ ॥ (২৪২-২৪৩)

টীকা—শাশ্বতা জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ। সর্ব্বগুণৈরিত্যত্র স্বস্বাপেক্ষিতৈরিতি জ্ঞেয়ম্। (ভা ১।৩।২৮) 'এতে চাংশকলাঃ পুংসঃ' ইত্যুক্তেঃ॥২৪৪-২৪৫॥

শ্লোকার্থ—তথাপি পরমপুরুষ ভগবানে কোন প্রকারে দোষ গ্রহণ করা কর্ত্তব্য নহে। গুণসকল বিরুদ্ধ হইলেও তাহার সমাধান করিতে হইবে ॥ ২৪৩ ॥

যথা মহাবারাহে—

শ্লোকার্থ—পরমাত্মা ভগবানের সমস্ত দেহ অর্থাৎ বিগ্রহ নিত্য অর্থাৎ জন্মমৃত্যু বিহীন, শাশ্বত অর্থাৎ পুনঃ পুনঃ জগতে আবির্ভাবশীল, হানোপাদান রহিত অর্থাৎ ক্ষয়বৃদ্ধি রহিত। দেহ সকল কখনই প্রকৃতিজাত নহে। সে সকল দেহ পরমানন্দ স্বরূপ, জ্ঞানময়, অবতার অনুরূপ সর্ব্বগুণে পূর্ণ এবং সর্ব্বদোষ শূন্য ॥ ২৪৪-২৪৫ ॥

বৈষ্ণবতন্ত্রেঽপি—

অষ্টাদশমহাদোষৈ রহিতা ভগবত্তনুঃ।
সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্য-বিজ্ঞানানন্দরূপিণী ॥ ২৪৬ ॥

অষ্টাদশ মহাদোষাঃ, যথা বিষ্ণুযামলে—

মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বণঃ।
লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ ॥ ২৪৭ ॥

(স্বস্বাপেক্ষিতৈঃ নিখিলগুণৈঃ) পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ (নির্দ্দোষাঃ) ॥ ২৪৪-২৪৫ ॥

অন্বয়ঃ—ভগবত্তনুঃ (ভগবদ্‌বিগ্রহঃ) অষ্টাদশমহাদোষৈঃ রহিতাঃ (শূন্যা) সর্ব্বৈশ্বর্য্যময়ী, সত্যবিজ্ঞানানন্দরূপিণী (সচ্চিদানন্দস্বরূপিণী) ॥ ২৪৬ ॥

অন্বয়ঃ—মোহঃ (অজ্ঞানং) তন্দ্রা (নিদ্রালুতা) ভ্রমঃ রুক্ষরসতা (প্রেম-সম্বন্ধং বিনা রাগঃ) উল্বণঃ (দুঃখদঃ) কামঃ লোলতা (চাঞ্চল্যং) মদ (হর্ষজনিত

টীকা—মোহস্তন্দ্রেতি। ভক্তপ্রেমসম্বন্ধেন ত্বেতে চ গুণত্বায় কল্পন্তে ; যথা—(ভাঃ ১০।১৩।১৬) "ততো বৎসানদৃষ্ট্বৈত্য পুলিনেঽপি চ বৎসপানি"ত্যাদৌ মোহঃ। (ভা ১০।১৫।১৬) "ক্বচিৎ পল্লবতল্পেষু নিযুদ্ধশ্রমকর্ষিতঃ। বৃক্ষ-মূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ" ইত্যাদৌ তন্দ্রাখেদশ্রমাঃ। (ভা ১০।৮।২২) "তাবঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য" ইত্যারভ্য "অনুসৃত্য লোকং মুগ্ধপ্রভীতবদুপেয়তুরন্তি মাত্রোরি"ত্যাদৌ ভ্রমঃ ; রুক্ষরসতা নাম প্রেমসম্বন্ধং বিনা রাগঃ, স তু নাস্ত্যেব। উল্বণো দুঃখদঃ কামো লৌকিকঃ ; তস্য প্রেমরূপকামত্বাৎ, স চ নাস্ত্যেব। লোলতা চাঞ্চল্যং, সা চ গুণো যথা—(ভা ১০।১।২৮) 'বৎসান্মুঞ্চন্ ক্বচিদসময়ে' ইত্যাদৌ। মদোঽপি যথা—(ভা ১০।৩৫।২৪) মদবিঘূর্ণিতলোচন ঈষদিত্যাদৌ।

যথা বৈষ্ণবতন্ত্রে—

শ্লোকার্থ—শ্রীভগবদ্বিগ্রহ অষ্টাদশ মহাদোষ রহিত, সর্ব্বৈশ্বর্য্যময় এবং সত্য-বিজ্ঞান-আনন্দ-স্বরূপ ॥ ২৪৬ ॥

অষ্টাদশ মহাদোষ, যথা—

শ্লোকার্থ—১। মোহ, ২। তন্দ্রা (নিদ্রাভাব), ৩। ভ্রম, ৪। রুক্ষ-রসতা (প্রেমসম্বন্ধবিহীন রাগ), ৫। উল্বণ কাম (দুঃখপ্রদ লৌকিক কাম), ৬। লোলতা (চাঞ্চল্য), ৭। মদ, ৮। মাৎসর্য্য, ৯। হিংসা, ১০। খেদ (ক্লান্তি), ১১। পরিশ্রম, ১২। অসত্য, ১৩। ক্রোধ, ১৪। আকাংক্ষা

অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতাঃ ॥ ইতি ॥ ২৪৮ ॥
ইত্থং সর্ব্বাবতারেভ্যস্ততোঽপ্যত্রাবতারিণঃ।
ব্রজেন্দ্রনন্দনে সুষ্ঠু মাধুর্য্যভর ঈরিতঃ ॥ ২৪৯ ॥

চিত্তবিকারঃ) মাৎসর্য্যং (পরোৎকর্ষাসহনং) হিংসা খেদ-পরিশ্রমৌ (দৌবর্ল্য-শ্রমৌ) অসত্যং (মিথ্যাভাষণং) ক্রোধঃ (কোপঃ) আকাঙ্ক্ষা (তৃষ্ণা) আশঙ্কা (ভীতিঃ) বিশ্ববিভ্রমঃ (জগদাবেশঃ স চ ব্রহ্মাদি ভক্তসম্বন্ধেন জগৎ-পালনেচ্ছাময়) বিষমত্বং (পক্ষপাতঃ) পরাপেক্ষা (পরাধীনতা) ইতি অষ্টাদশ দোষাঃ উদিতাঃ (উক্তাঃ) ॥ ২৪৭-২৪৮ ॥

অন্বয়ঃ—ইত্থং (পূর্ব্বপ্রকরণোক্ত প্রকারেণ) সর্ব্বাবতারেভ্যঃ, ততঃ (তস্মাৎ প্রসিদ্ধাৎ) অবতারিণঃ অপি (নানাবতার-কর্ত্তুর্মহাবিষ্ণুতশ্চ) অত্র ব্রজেন্দ্রনন্দনে (কৃষ্ণে) মাধুর্য্যভরঃ মাধুর্য্যাতিশয়ঃ) সুষ্ঠু (সম্যক্তয়া) ঈরিতঃ (কথিতঃ)॥২৪৯॥

তথা চ মাৎসর্য্যং [ভা ১০।২৫।১৬] 'লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম' ইত্যাদৌ। হিংসা তু স্ফুটৈব বহুত্র। অসত্যং— ভা ১০।৮।৩৫] 'নাহং ভক্ষিতবানম্ব' ইত্যাদৌ, জরাসন্ধচ্ছলনাদৌ চ ; ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব। আকাঙ্ক্ষা [ভা ১০।৯।৪] 'তাং স্তন্যকাম আসাদ্য' ইত্যাদৌ, আশঙ্কা (ভা ১০।১৩।১৭) ক্বাপ্যদৃষ্টান্তর্বিপিন ইত্যাদৌ। বিশ্ববিভ্রমো জগদাবেশঃ— স চ ব্রহ্মাদিভক্তসম্বন্ধেন জগৎপালনেচ্ছাময়ঃ। বিষমত্বং (গী ৯।২৯) 'সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমি'ত্যাদৌ, পরাপেক্ষা চ—(ভা ৯।৪।৬৩) অহং ভক্ত-পরাধীন ইত্যাদাবিতি। তস্মাৎ [ভা ১০।৭৭।৩১] "ক্ব শোকমোহৌ স্নেহো বা ভয়ম্বা যেঽজ্ঞসম্ভবা" ইত্যত্র ত্বজ্ঞসম্ভবা যে ত এব ন সন্তি, ন তু বিজ্ঞসম্ভবাঃ তেঽপীতি মতং। বিজ্ঞসম্ভবত্বন্তু তেষাং শ্রীশুকদেবাদিষু [ভা ১০।১২।৪৪] "তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়" ইত্যাদ্যুক্তেঃ ভগবৎপ্রেমমোহাদৌ দৃষ্ট-মিতি ॥ ২৪৭-২৪৮ ॥

১৫। আশঙ্কা, ১৬। বিশ্ববিভ্রম (জগদাবেশ), ১৭। বৈষম্য ও ১৮। পরাপেক্ষা (অর্থাৎ পরের উপর নির্ভর করা) এই অষ্টাদশ দোষ কথিত হইল। (এই মহাদোষগুলি ভগবৎপ্রেম সম্বন্ধে গুণে পরিণত হয়) ॥ ২৪৭-২৪৮ ॥

শ্লোকার্থ—পূর্ব্বোক্ত প্রকারে সর্ব্বাবতার অপেক্ষা শ্রেষ্ঠ সর্ব্বাবতারী মহাবিষ্ণু অপেক্ষাও ব্রজেন্দ্র-নন্দনে মাধুর্য্যের আধিক্য সুষ্ঠুভাবে কথিত হইল।

শব্দার্থ—ভর—আধিক্য, অবতারী—যিনি নানা অবতার করিতে সমর্থ ॥ ২৪৯ ॥

তথা চ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে (৫।৫৯)—

যস্যৈকনিঃশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি রোমবিলজা জগদণ্ডনাথাঃ ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ২৫০ ॥

অথাষ্টাবনুকীর্ত্ত্যন্তে সদ্‌গুণত্বেন বিশ্রুতাঃ ।
মঙ্গলালক্ষ্ক্রিয়ারূপাঃ সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ ॥ ২৫১ ॥

অন্বয়ঃ—যস্য রোমবিলজাঃ (রোমকূপবৎ সূক্ষ্মতমৈকদেশাদাবির্ভূতাঃ) একনিঃশ্বসিতকালম্ (অত্যল্পকালমিত্যর্থঃ) অবলম্ব্য (আশ্রিত্য) জগদণ্ডনাথাঃ (তত্তদ্ ব্রহ্মাণ্ডপালকাঃ বিষ্ণ্বাদয়ঃ) জীবন্তি (তত্তদধিকারতয়া জগতি প্রকটং তিষ্ঠন্তীত্যর্থঃ) সঃ মহান্ বিষ্ণুঃ যস্য কলা বিশেষঃ (অংশ বিশেষঃ) তম্ আদি পুরুষং গোবিন্দং ইহ (অস্মিন্ অধিকারে) অহং (ব্রহ্মা) ভজামি ॥ ২৫০ ॥

অন্বয়ঃ—অথ (অনন্তরং) সদ্‌গুণত্বেন বিশ্রুতাঃ (খ্যাতাঃ) মঙ্গলালক্ক্রিয়ারূপাঃ

টীকা—পূর্ব্বোক্তপূর্ণতমত্বং ব্যঞ্জয়ন্নুপসংহরতি ইত্থমিতি, পূর্ব্বপ্রকরণোক্ত-প্রকারেণেত্যর্থঃ। ততস্তস্মাৎ প্রসিদ্ধাদবতারিণো নানাবতারকর্ত্তুর্মহাবিষ্ণুতোঽপি। অত্র সুষ্ঠিত্বিতি মাধুর্য্যস্য প্রাচুর্য্যাদেবোক্তিরৈশ্বর্য্যমপি জ্ঞেয়মিত্যর্থঃ ॥ ২৪৯ ॥

টীকা—তদেবাহ তথাচেতি। 'যস্যৈকনিঃশ্বসিতকালমি'ত্যত্র চ গোবিন্দ-শব্দেন চ তত্র শ্রীব্রজেন্দ্রনন্দন এবোচ্যতে। সুরভীরভিপালয়ন্তমিত্যাদিনা বেণুং ক্বণন্তমিত্যাদিনা চ পূর্ব্বং তস্যৈব বর্ণনাৎ, ততস্তন্মহামাধুর্য্যমপি সূচিতম্। ন চায়ং শ্রীনন্দনন্দনাদন্য এব মন্তব্যঃ। গৌতমীয়ে দশার্ণাষ্টা-দশার্ণয়োর্ব্যাখ্যায়াম্ "অনেক জন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা। নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধন" ইতি বহুস্বর্থেস্বপ্যস্যৈবার্থস্য পর্য্যবসায়িত্বাৎ। "সকললোকমঙ্গলো নন্দগোপতনয়ো দেবতা" ইতি ঋষ্যাদিস্মরণাচ্চ ॥ ২৫০ ॥

টীকা—মঙ্গলেতি—মঙ্গলস্বরূপ-শোভাভূতা ইত্যর্থঃ। সত্ত্বভেদাঃ অন্তঃকরণ-বৃত্তিবিশেষাঃ ॥ ২৫১ ॥ (২৫২)

ব্রহ্মসংহিতায়—

শ্লোকার্থ—যাঁহার লোমকূপ হইতে আবির্ভূত হইয়া তাঁহার এক-নিঃশ্বসিত পরিমিত কাল আশ্রয় করিয়া ব্রহ্মাণ্ডপতিগণ অবস্থান করেন সেই মহাবিষ্ণু যাঁহার কলা বিশেষ সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজনা করি ॥ ২৫০ ॥

শোভা বিলাসো মাধুর্য্যং মাঙ্গল্যং স্থৈর্য্যতেজসী।
ললিতৌদার্য্যমিত্যেতে সত্ত্বভেদাস্ত পৌরুষাঃ ॥ ২৫২ ॥
তত্র শোভা—
নীচে দয়াঽধিকে স্পর্দ্ধা শৌর্য্যোৎসাহৌ চ দক্ষতা।
সত্যঞ্চ ব্যক্তিমায়াতি যত্র শোভেতি তাং বিদুঃ ॥ ২৫৩ ॥
যথা—
স্বর্গধ্বংসং বিধিৎসুর্ভুবি কদনং সুষ্ঠু বীক্ষ্যাতিহৃষ্ট্যা
নীচানালোচ্য পশ্চান্নমুচি-রিপুমুখান্ রুকারুণ্যবীচিঃ।

(মঙ্গলস্বরূপ-শোভাভূতাঃ-ইত্যর্থঃ) পৌরুষাঃ (পুরুষ সম্বন্ধিনঃ) অষ্টৌ (অষ্ট) সত্ত্বভেদাঃ তু (অন্তঃকরণবৃত্তিবিশেষাঃ) অনুকীর্ত্ত্যন্তে (কথ্যন্তে) ॥২৫১॥

অন্বয়ঃ—শোভা বিলাসঃ মাধুর্য্যং স্থৈর্য্যং তেজঃ ললিতম্ ঔদার্য্যম্ ইতি এতে পৌরুষাঃ তু সত্ত্বভেদাঃ ॥ ২৫২ ॥

অন্বয়ঃ—যত্র (মঙ্গলালঙ্কিয়ায়াং) নীচে (হীনে) দয়া (কৃপা) অধিকে (অধিকম্মন্যে) স্পর্ধা (পরাভবেচ্ছা) শৌর্য্যোৎসাহৌ (বীরত্বাধ্যবসায়ৌ) দক্ষতা (নৈপুণ্যং) সত্যং (যথার্থভাষণং) ব্যক্তিং (প্রকাশং) আয়াতি তাং (পণ্ডিতাঃ) শোভা ইতি বিদুঃ (জানন্তি) ॥ ২৫৩ ॥

অন্বয়ঃ—সত্যসন্ধঃ (সত্যা সন্ধা প্রতিজ্ঞা যস্য সঃ দৃঢ়-প্রতিজ্ঞঃ) হরিঃ

টীকা—অত্রাধিক ইত্যধিকম্মন্য ইত্যর্থঃ। যত্র মঙ্গলালংক্রিয়ায়াম্ ॥ ২৫৩ ॥

শ্লোকার্থ—যাহা সদ্‌গুণ বলিয়া খ্যাত এবং যাহা মঙ্গলের স্বরূপ শোভা তুল্য সেই আটটি সত্ত্বভেদ (অন্তঃকরণের বৃত্তি বিশেষ) পুরুষ সম্বন্ধীয় গুণ কীর্ত্তন করিতেছি।

শব্দার্থ—মঙ্গলালঙ্ক্রিয়ারূপ—যাহা জগতের মঙ্গল অথচ কৃষ্ণকে ভূষিত করে ॥ ২৫১ ॥

শ্লোকার্থ—১। শোভা, ২। বিলাস, ৩। মাধুর্য্য, ৪। মাঙ্গল্য, ৫। স্থৈর্য্য, ৬। তেজঃ ৭। ললিত ও ৮। ঔদার্য্য এই আটটি পুরুষের সত্ত্বভেদ ॥ ২৫২ ॥

তন্মধ্যে শোভা—(১)

শ্লোকার্থ—যাহাতে নীচে দয়া, অধিকে (যে নিজেকে বড় বলিয়া অভিমান করে) স্পর্দ্ধা (পরাভিভবেচ্ছা), শৌর্য্য, উৎসাহ, দক্ষতা ও সত্য প্রকাশ পায় তাহাকে শোভা বলে ॥ ২৫৩ ॥

অপ্রেক্ষ্য স্বেন তুল্যং কমপি নিজরুষামত্র পর্য্যাপ্তিপাত্রং
বন্ধূনানন্দয়িষ্যন্নুদহরত হরিঃ সত্যসন্ধো মহাদ্রিম্ ॥ ২৫৪ ॥

বিলাসঃ—

বৃষভস্যেব গম্ভীরা গতির্ধীরঞ্চ বীক্ষণম্ ।
সস্মিতঞ্চ বচো যত্র স বিলাস ইতীর্য্যতে ॥ ২৫৫ ॥

(**কৃষ্ণঃ**) অতিবৃষ্ট্যা ব্রজভুবি (ব্রজভূমেরিত্যর্থঃ কদনং (পীড়নং) **সুষ্ঠু** (সম্যক্) বীক্ষ্য (দৃষ্ট্বা) স্বর্গধ্বংসং (সুরলোকনাশং) বিধিৎসুঃ (চিকীর্ষুঃ) পশ্চাৎ নমুচিরিপুমুখান্ (নমুচিরিপুঃ ইন্দ্রঃ তৎপ্রমুখান্ দেবান্) নীচান্ (ক্ষুদ্রান্) আলোচ্য (আলক্ষ্য) উত্থকারুণ্যবীচিঃ (উত্থাঃ উচ্ছলিতাঃ কারুণ্য-বীচয়ঃ কৃপারূপতরঙ্গাঃ যস্য তাদৃশঃ) অত্র (এষু দেবেষু মধ্যে) স্বেন তুল্যং (নিজসদৃশং) নিজরুষাং (স্বক্রোধস্য) পর্য্যাপ্তি পাত্রং (পর্য্যাপ্তেঃ পূর্ণতায়াঃ পাত্রং যোগ্যং পূর্ণক্রোধ-প্রকাশস্য যোগ্যং) কমপি অপ্রেক্ষ্য (ন পশ্যন্) বন্ধূন্ (স্বজনান্) আনন্দয়িষ্যন্ (আনন্দয়িতুং) মহাদ্রিং (বিশালপর্ব্বতং গোবর্দ্ধনং) উদহরত (ঊর্দ্ধমনয়ত) ॥ ২৫৪ ॥

অন্বয়ঃ—যত্র (মঙ্গলালঙ্ক্রিয়ায়াং) বৃষভস্যেব গম্ভীরা (ধীরা) গতিঃ (পদবিক্ষেপঃ) (তস্যেব) ধীরং (মন্থরং) বীক্ষণং চ (দৃষ্টিঃ) সস্মিতং চ (ঈষদ্ধাস্যযুক্তং) বচঃ (বাক্যং) সঃ বিলাসঃ ইতি ঈর্য্যতে (কথ্যতে) ॥ ২৫৫ ॥

টীকা—তথাপি দুর্জ্জনমুখ্যমেকং মারয়ত্বিত্যাশঙ্ক্যাহ—অপ্রেক্ষ্যেতি ॥ ২৫৪ ॥
টীকা—বৃষভস্যেতি গতৌ বীক্ষণে চ যোজ্যম্ ॥ ২৫৫ ॥

যথা—

শ্লোকার্থ—মহেন্দ্র কর্তৃক অতিবৃষ্টি দ্বারা ব্রজভূমির পীড়ন সম্পূর্ণ দেখিয়া শ্রীকৃষ্ণের স্বর্গ ধ্বংস করিয়া ফেলিতে ইচ্ছা হইল কিন্তু পরে নমুচিশত্রু ইন্দ্রাদি দেবগণকে নীচ (ক্ষুদ্র সুতরাং ক্রোধের অযোগ্য) বিবেচনা করায় তাঁহার করুণা সমুদ্র তরঙ্গপূর্ণ হইয়া উঠিল। তখন স্বীয় ক্রোধের পর্য্যাপ্তিপাত্র (অর্থাৎ সম্পূর্ণ ক্রোধ প্রকাশের উপযুক্ত পাত্র) নিজের সমকক্ষ কাহাকেও না দেখিয়া সত্য প্রতিজ্ঞ হরি বন্ধুগণকে আনন্দিত করিবার ইচ্ছায় মহাদ্রি গোবর্দ্ধন উত্তোলন করিলেন ॥ ২৫৪ ॥

বিলাস—(২)

শ্লোকার্থ—যাহাতে বৃষভের ন্যায় গম্ভীর গতি ও ধীর দৃষ্টি এবং হাস্যযুক্ত বাক্য আছে তাহাকে বিলাস বলে ॥ ২৫৫ ॥

যথা —

মল্লশ্রেণ্যামবিনয়বতীং মন্থরাং ন্যস্য দৃষ্টিং
ব্যাধুন্বানো দ্বিপ ইব ভুবং বিক্রমাড়ম্বরেণ।
বাগারম্ভে স্মিতপরিমলৈঃ ক্ষালয়ন্মঞ্চকক্ষাং
তুঙ্গে রঙ্গস্থলপরিসরে সারসাক্ষঃ সসার ॥ ২৫৬ ॥

মাধুর্য্যম্ —

তন্মাধুর্য্যং ভবেদ্ যত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা ॥ ২৫৭ ॥

যথা —

বরামধ্যাসীনস্তটভুবমবষ্টম্ভরুচিভিঃ
কদম্বৈঃ প্রালম্বং প্রবলিতবিলম্বং বিরচয়ন্ ।

অন্বয়ঃ—সারসাক্ষঃ (পদ্মলোচনঃ শ্রীকৃষ্ণঃ) মল্লশ্রেণ্যাং (বাহুযোদ্ধৃণাং পঙক্তৌ) মন্থরাং (নম্রতাবৈয়গ্র্যাদিশূন্যাং) অবিনয়বতীং (ততএব ঔদ্ধত্যপূর্ণাং) দৃষ্টিং ন্যস্য (নিক্ষিপ্য) দ্বিপঃ ইব (হস্তী যথা) বিক্রমাড়ম্বরেণ (পরাক্রম-দর্পেণ) ভুবং (পৃথিবীং) ব্যাধুন্বানঃ (বিকম্পয়ন্) বাগারম্ভে (বচন প্রয়োগ বেলায়াং) স্মিতপরিমলৈঃ (হাস্যসৌরভৈঃ) মঞ্চকক্ষাং (মঞ্চপ্রকোষ্ঠং) ক্ষালয়ন্ (প্লাবয়ন্) তুঙ্গে (উন্নতে) রঙ্গস্থলপরিসরে (রণক্ষেত্র পর্য্যন্তভূমৌ) সসার (জগাম) ॥ ২৫৬ ॥

অন্বয়ঃ—যত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা (কমনীয়তা) ভবেৎ তৎ মাধুর্য্যম্ (উক্তম্) ॥ ২৫৭ ॥

অন্বয়ঃ---মধুরিপুঃ (শ্রীকৃষ্ণঃ) মিহিরদুহিতুঃ (সূর্য্যকন্যায়াঃ যমুনায়াঃ)

টীকা—যতো মন্থরা নম্রতা-বৈয়গ্র্যাদিশূন্যা তত এবাবিনয়বতীতি জ্ঞেয়ং। দ্বিপ ইবেত্যত্র বৃষ ইবেতি পাঠান্তরম্ ॥ ২৫৬ ॥ (২৫৭)

যথা—

শ্লোকার্থ—কমললোচন শ্রীকৃষ্ণ মল্লশ্রেণীতে মন্থর (ধীর) সুতরাং বিনয়শূন্য দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক, বিক্রমের ঘটায় হস্তির ন্যায় পৃথিবীকে যেন কম্পিত এবং বাক্য প্রয়োগ সময়ে হাস্য পরিমল দ্বারা মঞ্চপৃষ্ঠ ক্ষালন করিতে করিতে অত্যুচ্চ রঙ্গস্থল প্রদেশে গমন করিলেন ॥ ২৫৬ ॥

মাধুর্য্য (৩)

শ্লোকার্থ---যাহাতে চেষ্টাদির স্পৃহণীয়তা আছে তাহাকে মাধুর্য্য বলে ॥ ২৫৭ ॥

প্রপন্নায়ামগ্রে মিহিরদুহিতুস্তীর্থপদবীং
কুরঙ্গীনেত্রায়াং মধুরিপুরপাঙ্গং বিকিরতি ॥ ২৫৮ ॥

মাঙ্গল্যম্—

মাঙ্গল্যং জগতামেব বিশ্বাসাস্পদতা মতা ॥ ২৫৯ ॥

বরাম্ (শ্রেষ্ঠাং) তটভুবং (কূলভূমিং) অধ্যাসীনঃ (তত্র উপবিশন্ ইত্যর্থঃ) অবষ্টম্ভরুচিভিঃ (অবষ্টম্ভস্য স্বর্ণস্য রুচিরিব রুচিঃ কান্তিঃ যেষাং তৈঃ সুবর্ণবর্ণৈরিত্যর্থঃ) কদম্বৈঃ (নীপকুসুমৈঃ) প্রালম্বং (ঋজু-লম্বিমাল্যং) প্রবলিত বিলম্বং (প্রবলিতঃ অতিশয়িতঃ বিলম্বঃ যত্র তদ্‌যথা-স্যাৎ তথা তদ্ব্যাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ) বিরচয়ন্ (নির্ম্মিমাণঃ) (জলানয়নায়) তীর্থপদবীং (জলাবতারমার্গং) প্রপন্নায়াং (প্রাপ্তায়াং) কুরঙ্গীনেত্রায়াং (কুরঙ্গ্যাঃ হরিণ্যাঃ নেত্রে ইব নেত্রে যস্যাঃ তস্যাং শ্রীরাধায়াং) অগ্রে (সম্মুখ বর্ত্তিন্যাং) অপাঙ্গং (কটাক্ষং) বিকিরতি (বিক্ষিপতি) ॥ ২৫৮ ॥

অন্বয়ঃ—জগতাং বিশ্বাসাস্পদতা (বিশ্বাস পাত্রত্বং) এব মাঙ্গল্যং মতা (কথিতা) ॥ ২৫৯ ॥

টীকা—অবষ্টম্ভঃ সুবর্ণম্। প্রালম্বং ঋজুলম্বিমাল্যং প্রবলিতো বিলম্বো যত্র তদ্‌যথা স্যাত্তদ্ব্যাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ। পাঠান্তরন্তু নাত্যুপযুক্তম্ ॥ ২৫৮ ॥ (২৫৯)

যথা—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ যমুনার প্রশস্ত তটভূমিতে উপবিষ্ট হইয়া যাহাতে তথায় বিলম্ব হয় এমন ভাবে স্বর্ণবর্ণ কদম্ব পুষ্পের ঋজুলম্বি মালা রচনা করিতে-ছিলেন (অর্থাৎ মাল্য রচনাছলে তথায় বিলম্ব করিতেছিলেন) এমন সময়ে মৃগনেত্রা শ্রীরাধা সূর্য্যপুত্রীর (যমুনার) তীর্থ পদবীতে (ঘাটে) তাঁহার সম্মুখে আসিয়া উপস্থিত হইলে তিনি শ্রীরাধার প্রতি অপাঙ্গ নিক্ষেপ করিলেন ॥ ২৫৮ ॥

মাঙ্গল্য—(৪)

শ্লোকার্থ—জগতের বিশ্বাস ভাজনতা (বিশ্বাসের পাত্র হওয়া) কে মাঙ্গল্য কহে ॥ ২৫৯ ॥

যথা—

অন্যাষ্যং ন হরাবিতি ব্যপগতদ্বারার্গলা দানবা
রক্ষী কৃষ্ণ ইতি প্রমত্তমভিতঃ ক্রীড়াসু রক্তাঃ সুরাঃ।
সাক্ষী বেত্তি স ভক্তিমিত্যবনতব্রাতাশ্চ চিন্তোজ্‌ঝিতাঃ
কে বিশ্বম্ভর! ন ত্বদঙ্ঘ্রিযুগলে বিশ্রম্ভিতাং ভেজিরে॥ ২৬০॥

স্থৈর্য্যম্—

ব্যবসায়াদচলনং স্থৈর্য্যং বিঘ্নাকুলাদপি॥ ২৬১॥

অন্বয়ঃ—হরৌ (শ্রীকৃষ্ণে) অন্যাষ্যং (ন্যায়াদনপেতং) ন (অস্তি) ইতি (অস্মাদ্ধেতোঃ) দানবাঃ (অসুরাঃ) ব্যপগতদ্বারার্গলাঃ (ব্যপগতানি উন্মুক্তানি দ্বারার্গলানি বিষ্কম্ভাঃ যেষাং তাদৃশাঃ অভবন্) কৃষ্ণঃ রক্ষী (পালনকর্ত্তা) ইতি সুরাঃ (দেবাঃ) অভিতঃ (সর্ব্বতোভাবেন) প্রমত্তম্ (অনবহিতং যথা-স্যাৎতথা) ক্রীড়াসু রক্তাঃ (আসক্তাঃ) সঃ (কৃষ্ণঃ) সাক্ষী (সাক্ষাদ্‌দ্রষ্টা) ভক্তিং (যথাকথঞ্চিদাশ্রয়মাত্রং) বেত্তি (জানাতি) ইতি অবনতব্রাতাঃ চ (প্রণতঃ জনগণাঃ) চিন্তোজ্‌ঝিতাঃ (চিন্তয়া মুক্তাঃ) হে বিশ্বম্ভর (ভরতীতি ভরঃ বিশ্বস্য ভরঃ বিশ্বম্ভরঃ বিশ্বপালক) ত্বদঙ্ঘ্রিযুগলে (তব পদদ্বয়ে) কে বিশ্রম্ভিতাং (বিশ্বাসং) ন ভেজিরে (লেভিরে)॥ ২৬০॥

অন্বয়ঃ—বিঘ্নাকুলাদপি (বিঘ্নপূর্ণাদপি) ব্যবসায়াৎ (উদ্যমাৎ) অচলনং (অস্খলনং) স্থৈর্য্যম্ (উচ্যতে)॥ ২৬১॥

টীকা—অন্যায্যমিতি। কৃষ্ণ ইত্যত্র সোঽয়মিতি বা পাঠঃ। প্রমত্তমনবহিতং যথা স্যাত্তথা। রক্তা ইতি প্রমাদরূপঃ কর্ত্তৃধর্ম্মঃ ক্রিয়ায়ামারোপ্যতে, ক্রিয়াকর্ত্রো-রাসত্ত্যা তাদাত্ম্যবোধনায়। ভক্তির্যথা কথঞ্চিদাশ্রয়মাত্রং "সাক্ষী বেত্তি মমাপ্যসাব-গতিতামিত্যাশ্রিতাং স্বস্থিতা" ইতি বা তৃতীয়শ্চরণঃ॥ ২৬০॥ (২৬১-২৬৫)

যথা—

শ্লোকার্থ—হরিতে কোন অন্যায় নাই এই বিশ্বাসে দানব সকল দ্বারের অর্গল মোচন করিয়া অর্থাৎ দ্বার খুলিয়া (নিশ্চিন্ত হইয়া) অবস্থান করিতেছে। কৃষ্ণ রক্ষা কর্ত্তা এই বিশ্বাসে দেবগণ প্রমত্ত (অন্যমনস্ক, নিশ্চিন্ত) হইয়া ক্রীড়াসক্ত হইয়াছেন, তিনি সাক্ষী সুতরাং ভক্তিমাত্রই গ্রহণ করেন এই বিশ্বাসে অবনত (প্রণতজন) গণ চিন্তা ত্যাগ করিয়াছেন, অতএব হে বিশ্বম্ভর! তোমার চরণ যুগলে কে বিশ্বাস স্থাপন না করিয়াছে? ॥ ২৬০॥

স্থৈর্য্য—(৫)

শ্লোকার্থ—কার্য্য বিঘ্নপূর্ণ হইলেও তাহা হইতে বিচলিত না হওয়াকে স্থৈর্য্য বলে॥ ২৬১॥

যথা—

প্রতিকূলেঽপি সশূলে, শিবে শিবায়াং নিরংশুকায়াঞ্চ।
ব্যলুনাদেব মুকুন্দো, বিন্ধ্যাবলিনন্দনস্য ভুজান্ ॥ ২৬২ ॥

তেজঃ—

সর্ব্বচিত্তাবগাহিত্বং তেজঃ সদ্ভিরুদীর্য্যতে ॥ ২৬৩ ॥

যথা (শ্রীদশমে ১০।৪৩।১৭)—

মল্লানামশনি র্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্
গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।

অন্বয়ঃ—সশূলে (শূলসহিতে) শিবে (হরে) প্রতিকূলেঽপি (বিরোধিন্যপি) শিবায়াং (ভবান্যাং) নিরংশুকায়াং চ (বিবসনায়াং সত্যাং) মুকুন্দঃ (শ্রীকৃষ্ণঃ) বিন্ধ্যাবলিনন্দনস্য (বানাসুরস্য) ভুজান্ (হস্তান্) ব্যলুনাদেব (অচ্ছিনৎ) ॥ ২৬২ ॥

অন্বয়ঃ—সদ্ভিঃ (বিদ্বদ্ভিঃ) সর্ব্বচিত্তাবগাহিত্বং (সর্ব্বেষাং চিত্তেষু অবগাহিত্বং প্রবেশশীলত্বং চিত্তানুরূপস্ফোরকত্বমিত্যর্থঃ) তেজঃ উদীর্য্যতে (কথ্যতে) ॥ ২৬৩ ॥

অন্বয়—সাগ্রজঃ (অগ্রজেন বলদেবেন সহ বর্তমানঃ শ্রীকৃষ্ণঃ) রঙ্গং (রঙ্গভূমিং) গতঃ মল্লানাং (দ্বেষদূষিতান্তঃকরণানাং) অশনিঃ (বজ্র ইব) নৃণাং (মাথুরাণাং প্রেমসামান্যবতাং) নরবরঃ (নরেষু অসাধারণ রূপগুণলীলা-

---

যথা—

শ্লোকার্থ—শূলহস্ত শিব ও বিবসনা শিবা উভয়েই প্রতিকূলতা করিলেও শ্রীকৃষ্ণ বিন্ধ্যাবলিনন্দন বাণাসুরের বাহু সকল ছেদন করিলেন ॥ ২৬২ ॥

তেজঃ (৬)

শ্লোকার্থ—সকলের চিত্তভাব পরিজ্ঞানকে পণ্ডিতগণ তেজঃ বলেন ॥ ২৬৩ ॥

যথা—

শ্লোকার্থ—যখন শ্রীকৃষ্ণ অগ্রজ শ্রীবলদেবের সহিত রঙ্গস্থলে প্রবেশ করিয়াছিলেন তখন তিনি মল্লদিগের নিকট বজ্রসদৃশ (দ্বেষাদি বিহীন মথুরাবাসি সাধারণ) মানবগণের নিকট শ্রেষ্ঠ মানবরূপে, জননী স্থানীয়া স্ত্রীগণ ব্যতীত অন্য রমণীগণের নিকট মূর্ত্তিমান কন্দর্পের ন্যায়, গোপদিগের নিকট তাহা-দিগের স্বজনরূপ, অসৎ নৃপতিগণের নিকট তাহাদের দমন কর্ত্তা স্বরূপ, নিজ মাতাপিতার নিকট তাঁহাদের শিশুরূপ, ভোজপতি কংসের নিকট তাহার মৃত্যুস্বরূপ, অজ্ঞ জনগণের নিকট বিরাট পুরুষের ন্যায়, যোগিদিগের নিকট

মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ ॥ ২৬৪ ॥

যদ্বা—

তেজো বুধৈরবজ্ঞাদেরসহিষ্ণুত্বমুচ্যতে ॥ ২৬৫ ॥

যথা—

আক্রুশ্যৈট প্রকটং দিদণ্ডয়িষুণা চণ্ডেন রঙ্গস্থলে
নন্দে চানকদুন্দুভৌ চ স্মরতঃ কংসেন বিশ্বদ্রুহা।

দিভিঃ শ্রেষ্ঠঃ ইতি শব্দঃ প্রত্যেকং সম্বধ্যতে) স্ত্রীণাং (জনন্যাদি ব্যতিরিক্তানাং যুবতীনাং) মূর্ত্তিমান্ (বিগ্রহধারী) স্মরঃ (মন্মথঃ) গোপানাং স্বজনঃ (বন্ধুঃ) অসতাং (দুষ্টানাং) ক্ষিতিভুজাং (রাজ্ঞাং) শাস্তা (নিগ্রহকারী) স্বপিত্রোঃ (স্বকীয়মাতাপিত্রোঃ) শিশুঃ (বালকঃ) ভোজপতেঃ (কংসস্য) মৃত্যুঃ (অন্তক ইব) অবিদুষাং (অজ্ঞানাং) বিরাট্ (প্রাকৃত মনুষ্যঃ) যোগিনাং (সনকাদীনাং) পরং তত্ত্বং (মূর্ত্তং পরং ব্রহ্ম) বৃষ্ণীনাং (যাদবানাং পরদেবতা (উপাস্য পরমেশ্বরঃ) ইতি (এবং রূপেণ) বিদিতঃ (জ্ঞাতঃ অভূৎ) ॥ ২৬৪ ॥

অন্বয়ঃ—বুধৈঃ (পণ্ডিতৈঃ) অবজ্ঞাদেঃ (অবমানাদেঃ) অসহিষ্ণুত্বম্ তেজঃ উচ্যতে ॥ ২৬৫ ॥

অন্বয়ঃ—বিশ্বদ্রুহা (বিশ্বেভ্যো নিখিলেভ্যো দ্রুহ্যতি জিঘাংসতীতি বিশ্বধ্রুক্

টীকা—তত্র কংসে সুরারীণাং যা মৃত্যুরূপা কুলটা তস্যাঃ সম্পর্কীয় দূতীরূপাং দৃষ্টিং ক্ষিপন্ প্রেরয়ন্নিত্যনুসারেণৈব পাঠস্তেষামভীষ্টঃ। দানববর্য্যাদিশব্দাস্তু কংসস্য নাপকর্ষ-ব্যঞ্জকাঃ ॥ ২৬৬ ॥

পরমাত্মারূপে এবং বৃষ্ণিবংশীয়দিগের নিকট তাঁহাদিগের পরমদেবতা স্বরূপে প্রকাশমান হইয়াছিলেন। অর্থাৎ রঙ্গসভায় উপস্থিত জনগণের মধ্যে যাহার যেরূপ চিত্তের ভাব সর্বজ্ঞ শ্রীকৃষ্ণ সেই ভাবে প্রকাশ পাইতে লাগিলেন কারণ তিনি অখিল রসামৃতমূর্ত্তি ॥ ২৬৪ ॥

অথবা—

শ্লোকার্থ—অবজ্ঞাদির অসহিষ্ণুতাকে পণ্ডিতগণ তেজঃ বলেন ॥ ২৬৫ ॥

যথা—

শ্লোকার্থ—রঙ্গস্থলে দর্শকগণ কহিলেন, দেখ বিশ্বদ্রোহী প্রচণ্ড কংস (রামকৃষ্ণের) সম্মুখে নন্দ ও বসুদেবকে দণ্ড দিবার অভিপ্রায়ে তাঁহাদিগের প্রতি

দৃষ্টিং তত্র সুরারি-মৃত্যু-কুলটা-সম্পর্কদূতীং ক্ষিপন্
মঞ্চস্যোপরি সঞ্চুকুর্দিষুরসৌ পশ্যাচ্যুতঃ প্রাঞ্চতি ॥ ২৬৬ ॥
ললিতম্—
শৃঙ্গারপ্রচুরা চেষ্টা যত্র তং ললিতং বিদুঃ ॥ ২৬৭ ॥
যথা—
বিধত্তে রাধায়াঃ কুচমুকুলয়োঃ কেলিমকরীং
করেণাব্যগ্রাত্মা সরভসমসব্যেন রসিকঃ।

তেন) চণ্ডেন (অতিকোপনেন) কংসেন দিদণ্ডয়িষুণা (দণ্ডয়িতুম্ ইচ্ছুনা) পুরতঃ (অগ্রে) নন্দে চ আনকদুন্দুভৌ চ (বসুদেবে) প্রকটম্ (উচ্চৈঃ) আক্রুষ্টে (আহূতে সতি) তত্র (কংসে) সুরারিমৃত্যুকুলটাসম্পর্ক দূতীং (সুরারীনাম্ অসুরাণাং যা মৃত্যুরূপা কুলটা অসতী স্ত্রী তস্যাঃ সম্পর্কায় দূতীরূপাং) দৃষ্টিং ক্ষিপন্ (প্রেরয়ন্) অসৌ অচ্যুতঃ (কৃষ্ণঃ) মঞ্চস্য উপরি সংচুকুর্দিষু (কুর্দিতুং ক্রীড়িতুম্ ইচ্ছুঃ) রঙ্গস্থলে (মল্লভূমৌ) প্রাঞ্চতি (গচ্ছতি) পশ্য ॥ ২৬৬ ॥

অন্বয়ঃ—যত্র শৃঙ্গারপ্রচুরা (আদ্যরসময়ী) চেষ্টা (পণ্ডিতাঃ) তং ললিতং বিদুঃ (জানন্তি) ॥ ২৬৭ ॥

অন্বয়ঃ—রসিকঃ (রসজ্ঞঃ) কৃষ্ণঃ অব্যগ্রাত্মা (অব্যাকুলচিত্তঃ) সরভসং (সহর্ষং) অসব্যেন করেণ (দক্ষিণ হস্তেন) রাধায়াঃ কুচমুকুলয়োঃ (কুচৌ স্তনৌ মুকুলৌ কুটমলৌ ইব তয়োঃ) কেলিমকরীং (ক্রীড়ার্থ মকরাকৃতিপত্রাবলীং)

স্পষ্টভাবে আক্রোশ করিলে, শ্রীকৃষ্ণ কংসের প্রতি দৈত্যগণের মৃত্যুরূপ কুলটা সম্পর্কীয় দূতীরূপ দৃষ্টি নিক্ষেপ করতঃ মঞ্চোপরি ক্রীড়েচ্ছু হইয়া গমন করিতেছেন ॥ ২৬৬ ॥

ললিত—(৭)

শ্লোকার্থ—যাহাতে প্রচুর শৃঙ্গার চেষ্টা প্রকাশ পায় তাহাকে ললিত বলে ॥ ২৬৭ ॥

যথা—

শ্লোকার্থ—রসিকরাজ শ্রীকৃষ্ণ স্থিরচিত্তে হর্ষসহকারে দক্ষিণ কর দ্বারা শ্রীরাধার কুচমুকুলে কেলিমকরী অঙ্কিত করিতেছেন এবং অরিষ্টাসুর আস্ফালনের সহিত কটু শব্দ করিতে (অর্থাৎ উৎকট চিৎকার করিতে) থাকিলে, বামহস্তে রোমাঞ্চিত কলেবরে হাঁসিতে হাঁসিতে কটিবন্ধন করিতে লাগিলেন ॥ ২৬৮ ॥

অরিষ্টে সাটোপং কটু রুবতি সব্যেন বিহস-
ন্নুদঞ্চদ্রোমাঞ্চং রচয়তি চ কৃষ্ণঃ পরিকরম্ ॥ ২৬৮ ॥

ঔদার্য্যম্—

আত্মাদ্যর্পণকারিত্বমৌদার্য্যমিতি কীর্ত্ত্যতে ॥ ২৬৯ ॥

যথা—

বদান্যঃ কো ভবেদত্র বদান্যঃ পুরুষোত্তমাৎ ?
অকিঞ্চনায় যেনাত্মা নিগুর্ণায়াপি দীয়তে ॥ ২৭০ ॥

সামান্যা নায়কগুণাঃ স্থিরতাদ্যা যদপ্যমী ।
তথাপি পূর্ব্বতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পুনরীরিতাঃ ॥ ২৭১ ॥

রচয়তি অরিষ্টে (তদাখ্যে অসুরে) সাটোপং (সদর্পং) কটু (কর্কশং) রুবতি (শব্দায়মানে) উদঞ্চদ্রোমাঞ্চং (উদঞ্চন্তঃ উদ্‌গচ্ছন্তঃ রোমাঞ্চাঃ পুলকাঃ যস্মিন্ তদ্ যথা তথা) বিহসন্ পরিকরং চ (কটিবন্ধং) রচয়তি ॥ ২৬৮ ॥

অন্বয়ঃ--আত্মাদ্যর্পণ কারিত্বং (আত্মাদিদাতৃত্বং) ঔদার্য্যম্ ইতি কীর্ত্ত্যতে (কথ্যতে) ॥ ২৬৯ ॥

অন্বয়ঃ--যেন অকিঞ্চনায় (নাস্তি কিঞ্চন যস্য তস্মৈ নির্ধনায়) নিগুর্ণায় (গুণরহিতায়) অপি আত্মা (স্বঃ) দীয়তে (তস্মাৎ) পুরুষোত্তমাৎ অন্যঃ কঃ অত্র (অস্মিন্‌জগতি) বদান্যঃ (বহুপ্রদঃ) ভবেৎ বদ (ব্রূহি) ॥ ২৭০ ॥

অন্বয়ঃ—যদপি (যদ্যপি) অমী স্থিরতাদ্যাঃ (স্থৈর্য্যপ্রভৃতয়ঃ) নায়কগুণাঃ সামান্যাঃ (সাধারণাঃ) তথাপি পূর্ব্বতঃ ('আফলোদয়কৃৎস্থির' ইত্যাদিতঃ) কিঞ্চিদ্-

---

টীকা—পূর্ব্বতঃ (২।১।০৭) "আফলোদয়কৃৎ স্থির" ইত্যাদিতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পরস্পরপোষণাৎ কুত্রাপি স্বতঃ পোষাণাচ্চ, পুনঃ সত্ত্বভেদে-ন্বীরিতাঃ ॥ ২৭১ ॥ (২৭২)

ঔদার্য্য---(৮)

শ্লোকার্থ---আত্মাদি যাহা কিছু আছে তৎসমুদয় অর্পণ করিতে সমর্থ ---এইরূপ গুণকে ঔদার্য্য বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন করেন ॥ ২৬৯ ॥

যথা—

শ্লোকার্থ---বল দেখি, যে পুরুষোত্তম অকিঞ্চন ও নিগুর্ণ ব্যক্তিকে আত্মা পর্য্যন্ত দান করেন, তাঁহা অপেক্ষা অধিক বদান্য কোন্ ব্যক্তি হইতে পারেন ? ॥ ২৭০ ॥

শ্লোকার্থ—যদ্যপি এই স্থিরতাদি (স্থৈর্য্যাদি) সাধারণ নায়কগুণ সকল

অথাস্য সহায়াঃ—

অস্য গর্গাদয়ো ধর্ম্মে যুযুধানাদয়ো যুধি।
উদ্ধবাদ্যাস্তথা মন্ত্রে সহায়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৭২ ॥

অথ কৃষ্ণভক্তাঃ

তদ্ভাবভাবিতস্বান্তাঃ কৃষ্ণভক্তা ইতীরিতাঃ ॥ ২৭৩ ॥
যে সত্যবাক্য ইত্যাদ্যা হ্রীমানিত্যন্তিমা গুণাঃ।
প্রোক্তাঃ কৃষ্ণেঽস্য ভক্তেষু তে বিজ্ঞেয়া মনীষিভিঃ ॥ ২৭৪ ॥

বিশেষাৎ (পরস্পরপোষণাৎ কুত্রাপি স্বতঃ পোষণাচ্চ) পুনঃ (সত্ত্বভেদেষু) ঈরিতাঃ (কথিতাঃ) ॥ ২৭১ ॥

অন্বয়ঃ—অস্য (কৃষ্ণস্য) ধর্ম্মে (ধর্ম্মকৃত্যে) গর্গাদয়ঃ, যুধি (যুদ্ধে) যুযুধানাদয়ঃ, তথা মন্ত্রে (গুপ্তভাষণে) উদ্ধবাদ্যাঃ সহায়াঃ (সহচরাঃ) পরিকীর্ত্তিতাঃ ॥ ২৭২ ॥

অন্বয়ঃ—তদ্ভাবভাবিতস্বান্তাঃ (তেন সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন চ ভাবেন রত্যাদিবিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং চিত্তং যেষাং তে) কৃষ্ণভক্তাঃ (তথা সজাতীয় তদীয় মহাভক্ত বিশেষা আলম্বনাঃ ইত্যর্থঃ) ইতি ঈরিতাঃ (কথিতাঃ) (অন্যে তূদ্দীপনাঃ ইতি ভাবঃ) ॥ ২৭৩ ॥

অন্বয়ঃ—মনীষিভিঃ (পণ্ডিতৈঃ) সত্যবাক্যঃ (সত্যং বাক্যং যস্য সঃ যথার্থ-

---

টীকা—তদ্ভাবেতি। তে সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন চ ভাবেন রত্যাদি-বিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং যেষাং তে তথা, সজাতীয়তদীয়মহাভক্তবিশেষা আলম্বনা ইত্যর্থঃ। অন্যে তূদ্দীপনা ইতি ভাবঃ, তথৈবোদ্দীপনেষ্বপি ভক্তা গণয়িষ্যন্তে (২।১।৩০২) ॥ ২৭৩ ॥

টীকা—বিজ্ঞেয়া বিশেষণ জ্ঞেয়া ইত্যন্যোঽপি যথাসম্ভবং জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ২৭৪ ॥

পূর্ব্বে বলা হইয়াছে, তথাপি পূর্ব্বাপেক্ষা কিছু বিশেষ থাকায় পুনরায় বলা হইল ॥ ২৭১ ॥

অথ শ্রীকৃষ্ণের সহায়গণ—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণের ধর্ম্মাদি বিষয়ে গর্গাদি ঋষিগণ, যুদ্ধ বিষয়ে যুযুধানাদি (সাত্যকি) এবং মন্ত্রণা বিষয়ে উদ্ধবাদি সহায় বলিয়া পরিকীর্ত্তিত হন ॥ ২৭২ ॥

অথ শ্রীকৃষ্ণভক্তগণ—

শ্লোকার্থ—যাঁহাদিগের চিত্ত শ্রীকৃষ্ণের প্রতি নিজাভীষ্ট রত্যাদি ভাবের দ্বারা বাসিত (পূর্ণ) তাঁহাদিগকে কৃষ্ণভক্ত বলে ॥ ২৭৩ ॥

তে সাধকাশ্চ সিদ্ধাশ্চ দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৭৫ ॥

তত্র সাধকাঃ—

উৎপন্নরতয়ঃ সম্যঙ্ নৈর্বিঘ্ন্যমনুপাগতাঃ ।
কৃষ্ণসাক্ষাৎকৃতৌ যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৭৬ ॥

যথৈকাদশে (১১।২।৪৬)—

ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ ।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥ ২৭৭ ॥

ভাষিত্বমিত্যর্থঃ) ইত্যাদ্যাঃ (ইতি আদ্যং প্রথমং যেষাং তে তৎ প্রভৃতয়ঃ) হ্রীমান্ (লজ্জাবান্ লজ্জাবত্বমিত্যর্থঃ) ইত্যন্তিমাঃ (ইতি অন্তিমং চরমং যেষাং তৎ পর্য্যন্তাঃ) যে গুণাঃ কৃষ্ণে (কৃষ্ণ বিষয়ে) প্রোক্তাঃ (কথিতাঃ) তে (গুণাঃ) অস্য ভক্তেষু (অপি) বিজ্ঞেয়াঃ ॥ ২৭৪ ॥

অন্বয়ঃ—তে (ভক্তাঃ) সাধকাঃ সিদ্ধাশ্চ ইতি দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ (কথিতাঃ) ॥ ২৭৫ ॥

অন্বয়ঃ—উৎপন্নরতয়ঃ (উৎপন্না জাতা রতিঃ অনুরাগঃ যেষাং তে) সম্যক্ (সম্পূর্ণং) নৈর্বিঘ্ন্যং (বিঘ্নাভাবং) অনুপ্যাগতাঃ (ন প্রাপ্তাঃ) কৃষ্ণ-সাক্ষাৎকৃতৌ (শ্রীভগবদ্দর্শনে) যোগ্যাঃ (সমর্থাঃ) সাধকাঃ ইতি কীর্ত্তিতাঃ (অভিহিতাঃ) ॥ ২৭৬ ॥

অন্বয়ঃ—যঃ ঈশ্বরে (ভগবতি) তদধীনেষু (সঃ অধীনঃ যেষাং তেষু ভক্তেষু) বালিশেষু (অজ্ঞেষু) দ্বিষৎসু (ভগবতি ভক্তেষু চ প্রীতিরহিতেষু)

টীকা—তদ্বৈশিষ্ট্য-জ্ঞাপনার্থং ভক্তভেদান্দর্শয়তি—তে সাধকা ইতি ॥ ২৭৫ ॥

শ্লোকার্থ—সত্যবাক্য হইতে হ্রীমান্ পর্য্যন্ত যে সকল গুণ শ্রীকৃষ্ণে অবস্থিত বলিয়া কীর্ত্তিত হইয়াছে, সেগুলি কৃষ্ণভক্তে আছে ইহা মনীষিগণ (পণ্ডিতগণ) বিশেষরূপে জানিবেন ॥ ২৭৪ ॥

শ্লোকার্থ—সাধক ও সিদ্ধভেদে কৃষ্ণভক্ত দুইপ্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ২৭৫ ॥

তন্মধ্যে সাধকগণ—

শ্লোকার্থ—যাঁহাদের শ্রীকৃষ্ণ বিষয়ে রতির উদয় হইয়াছে (অর্থাৎ জাত-রতি) কিন্তু বিঘ্ন (অনর্থ) সম্পূর্ণরূপে নিবৃত্ত হয় নাই (অর্থাৎ অনর্থ মুক্ত হন নাই) এবং যাঁহারা কৃষ্ণসাক্ষাৎকারের যোগ্য হইয়াছেন তাঁহাদিগকে সাধক বলে ॥ ২৭৬ ॥

যথা বা---

সিক্তাপ্যশ্রুজলোৎকরেণ ভগবদ্বার্ত্তা-নদীজন্মনা
তিষ্ঠত্যেব ভবাগ্নিহেতিরিতি তে ধীমন্নলং চিন্তয়া।
হৃদ্ব্যোমন্যমৃতস্পৃহাহর-কৃপাবৃষ্টেঃ স্ফুটং লক্ষ্যতে
নেদিষ্ঠঃ পৃথুরোম-তাণ্ডবভরাৎ কৃষ্ণাম্বুদস্যোদ্গমঃ ॥ ২৭৮ ॥

(যথাক্রমং) প্রেম মৈত্রী কৃপোপেক্ষাঃ (প্রেম আসক্তিং মৈত্রীং বন্ধুভাবং কৃপাং দয়াম্ উপেক্ষাং চিত্তাক্ষোভেণ ঔদাসীন্যং চ) করোতি সঃ মধ্যমঃ (ভাগবতঃ)॥ ২৭৭॥

অন্বয়ঃ—হে ধীমন্ (বিচক্ষণ) তে (তব) ভবাগ্নিহেতিঃ (সংসারানলজ্বালা) ভগবদ্‌বার্ত্তানদীজন্মনা (ভগবতঃ বার্ত্তা কথা এব নদী তস্যাঃ জন্ম যস্য তেন) অশ্রুজলোৎকরেণ (অশ্রুজলরাশিনা) সিক্তাঽপি (উক্ষিতাঽপি) তিষ্ঠত্যেব (স্থায়িভাবং দধাত্যেব) ইতি চিন্তয়া অলং (প্রয়োজনং নাস্তি) (যতঃ) পৃথুরোমতাণ্ডবভরাৎ (পৃথোঃ স্থূলস্য রোমতাণ্ডবস্য লোমনৃত্যস্য রোমাঞ্চস্য ভরাৎ অতিশয়াৎ হেতোঃ, পক্ষে পৃথুরোম্নাং মৎস্যানাং নৃত্যাতিশয়াৎ) হৃদ্‌ব্যোমনি অমৃতস্পৃহাহর-কৃপাবৃষ্টেঃ (অমৃতস্য মোক্ষস্য জলস্য চ স্পৃহায়াঃ হরা নিবর্ত্তিকাকৃপা [প্রেমভক্তিঃ] এব বৃষ্টিঃ যস্য তস্য) কৃষ্ণাম্বুদস্য (কৃষ্ণঃ এব অম্বুদঃ মেঘঃ তস্য) উদ্‌গমঃ (উদয়ঃ) নেদিষ্ঠঃ (অতিনিকটবর্ত্তী) স্ফুটং (অব্যভিচরিতং) লক্ষ্যতে (জ্ঞায়তে)॥ ২৭৮॥

টীকা—পূর্ব্বস্য বিঘ্নকারণাভাবমাশঙ্ক্যান্যদুদাহরণমাহ যথাবেতি। হেতির্জ্বালা, পক্ষে পৃথুরোমাণো মৎস্যাঃ ॥ ২৭৮॥ (২৭৯)

যথা শ্রীভাগবতে—

শ্লোকার্থ---যিনি ঈশ্বরে প্রেম, তদধীনে অর্থাৎ কৃষ্ণভক্তে মিত্রভাবাপন্ন, অজ্ঞের প্রতি কৃপা এবং বিদ্বেষীর প্রতি উপেক্ষা করেন, তাঁহাকে মধ্যম ভাগবত বলে ॥ ২৭৭॥

যথা বা—

শ্লোকার্থ---ভগবানের বার্ত্তারূপ নদীজাত অশ্রুজলে সিক্ত হইবার পরও যে তোমার ভবরূপ অগ্নিশিখা থাকিবেই এই চিন্তা তুমি করিও না। যখন তোমার গাত্রে লোম সকল নৃত্য করিতেছে তখন তোমার হৃদাকাশে অমৃত স্পৃহাহারি কৃপাবৃষ্টিপূর্ণ কৃষ্ণরূপ মেঘের উদয় অতি নিকটবর্ত্তী বলিয়া দেখা যাইতেছে। তাৎপর্য্য—যেরূপ নদীজাত জল দ্বারা সিক্ত হইলে

বিল্বমঙ্গলতুল্যা যে সাধকাস্তে প্রকীর্ত্তিতাঃ ॥ ২৭৯ ॥

অথ সিদ্ধাঃ---

অবিজ্ঞাতাখিলক্লেশাঃ সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ।

সিদ্ধাঃ স্যুঃ সন্ততপ্রেম-সৌখ্যাস্বাদপরায়ণাঃ ॥ ২৮০ ॥

সম্প্রাপ্তসিদ্ধয়ঃ সিদ্ধা নিত্যসিদ্ধাশ্চ তে দ্বিধা ॥ ২৮১ ॥

অন্বয়ঃ—যে বিল্বমঙ্গলতুল্যাঃ (বিল্বমঙ্গলসদৃশাঃ) তে সাধকাঃ প্রকীর্ত্তিতাঃ (কথিতাঃ) ॥ ২৭৯ ॥

অন্বয়ঃ—অবিজ্ঞাতাখিলক্লেশাঃ (অবিজ্ঞাতাঃ অখিলঃ সকলাঃ ক্লেশাঃ অবিদ্যাদয়ঃ যৈঃ তে) সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ (কৃষ্ণম্ আশ্রিতাঃ ক্রিয়াঃ যেষাং তে কৃষ্ণার্থাখিলচেষ্টিতাঃ ইত্যর্থঃ) সন্তত প্রেমসৌখ্যাস্বাদ পরায়ণাঃ (সততং প্রেম্নঃ এব সৌখ্যস্য আস্বাদঃ পরম্ অয়নম্ যেষাং তে আশ্রয়ঃ অবিরত প্রেমানন্দানুভবনিরতাঃ) সিদ্ধাঃ স্যুঃ (ভবেয়ুঃ) ॥ ২৮০ ॥

অন্বয়ঃ—তে সিদ্ধা দ্বিধা (দ্বিবিধাঃ) সংপ্রাপ্ত সিদ্ধয়ঃ (সংপ্রাপ্তা লব্ধা সিদ্ধিঃ যৈঃ তে) নিত্যসিদ্ধাশ্চ (নিত্যং সর্ব্বদা সিদ্ধাঃ) ॥ ২৮১ ॥

টীকা—অথ মহাভক্তান্ দর্শয়তি অথ সিদ্ধা ইতি ॥ ২৮০ ॥ (২৮১-২৮৩)

অগ্নিশিখা নির্ব্বাপিত হয় তদ্রূপ ভগবদ্বার্ত্তা জনিত অশ্রু দ্বারা সিক্ত হইলে ভব (জন্ম মরণ রূপ অগ্নি) নিবৃত্ত হয়। যেরূপ মৎস্যের নৃত্য দেখিলে আকাশে বৃষ্টিপূর্ণ মেঘের উদয় নিকটবর্ত্তী বুঝা যায়, সেইরূপ কৃষ্ণ কথায় রোমাঞ্চ দেখিয়া কৃষ্ণকৃপা নিকটবর্ত্তী বুঝা যায় ॥ ২৭৮ ॥

শ্লোকার্থ—যাঁহারা বিল্বমঙ্গলের তুল্য তাঁহারা সাধক বলিয়া কীর্ত্তিত হন ॥ ২৭৯ ॥

সিদ্ধ কৃষ্ণ ভক্তগণ—

শ্লোকার্থ—যাঁহারা অখিলক্লেশ (অবিদ্যাদি পঞ্চক্লেশ এবং শারীরিক ও মানসিক দুঃখ) অনুভব করেন না, সর্ব্বদা কৃষ্ণকে আশ্রয় করিয়া যাঁহাদের সকল ক্রিয়া সম্পাদিত হয় এবং যাঁহারা অবিরত প্রেমসুখ আস্বাদন করিতে থাকেন তাঁহারাই সিদ্ধ ॥ ২৮০ ॥

শ্লোকার্থ—সিদ্ধ দুই প্রকার, যথা, সংপ্রাপ্তসিদ্ধি সিদ্ধ (অর্থাৎ সাধন সিদ্ধ) এবং নিত্য সিদ্ধ ॥ ২৮১ ॥

তত্র সম্প্রাপ্তসিদ্ধয়ঃ—

সাধনৈঃ কৃপয়া চাস্য দ্বিধা সম্প্রাপ্তসিদ্ধয়ঃ ॥ ২৮২ ॥

তত্র সাধনসিদ্ধাঃ, যথা তৃতীয়ে (৩।১৫।২৫)---

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ২৮৩ ॥

যথা বা—

যে ভক্তিপ্রভবিষ্ণুতাকবলিতক্লেশোর্ম্ময়ঃ কুর্ব্বতে
দৃক্‌পাতেঽপি ঘৃণাং কৃতপ্রণতিষু প্রায়েণ মোক্ষাদিষু।

অন্বয়ঃ—সাধনৈঃ অস্য (ভগবতঃ) কৃপয়া চ সংপ্রাপ্ত-সিদ্ধয়ঃ দ্বিধা (দ্বিবিধাঃ ভবন্তি) ॥ ২৮২ ॥

অন্বয়ঃ—অনিমিষামৃষভানুবৃত্ত্যা (অনিমিষাং দেবানাম্ ঋষভঃ শ্রেষ্ঠঃ হরিঃ তস্য অনুবৃত্ত্যা অনুসরণেন) দূরেযমাঃ (দূরে যমঃ অন্তকঃ যেষাং তে যদ্বা দূরীকৃত যমনিয়মাঃ) স্পৃহনীয়শীলাঃ (স্পৃহণীয়ং কমনীয়ং কারুণ্যাদি শীলং স্বভাবঃ যেষাং তে) (কিঞ্চ) ভর্ত্তুঃ (হরেঃ) সুযশসঃ (উত্তমকীর্ত্তেঃ) মিথঃ (পরস্পরং) কথনানুরাগ বৈক্লব্য বাষ্পকলয়া (কথনে আলাপে যোঽনুরাগঃ আসক্তিঃ তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা অশ্রুদ্গমঃ তয়া সহ) পুলকীকৃতাঙ্গাঃ (পুলকীকৃতং রোমাঞ্চিতম্ অঙ্গং যেষাং তে) নঃ (অস্মাকম্) উপরি (উপরিস্থিতং) যচ্চ (বৈকুণ্ঠং) ব্রজন্তি (গচ্ছন্তি) ॥ ২৮৩ ॥

টীকা—প্রায়েণেতি—'কথঞ্চিদ্‌যদি বাঞ্ছতি' [ভা ১১।২০।৩৩] ইতিবৎ ॥ ২৮৪ ॥ (২৮৫-২৮৭)

শ্লোকার্থ—সংপ্রাপ্তসিদ্ধি সিদ্ধগণ দুই প্রকার, যথা—সাধন দ্বারা সংপ্রাপ্তসিদ্ধি এবং কৃপা দ্বারা সংপ্রাপ্তসিদ্ধি ॥ ২৮২ ॥

তন্মধ্যে সাধন সিদ্ধ, যথা শ্রীভাগবতে—

শ্লোকার্থ---ব্রহ্মা দেবগণকে বলিলেন, দেবগণের শ্রেষ্ঠ শ্রীহরির প্রতি আনুগত্য বশতঃ যাঁহাদিগের নিকট হইতে যম (মৃত্যু) বা যমনিয়মাদি দূরে থাকে, যাঁহাদিগের কারুণ্যাদি স্বভাব সকলেরই কাম্য, যাঁহারা প্রভুর যশঃকীর্ত্তন জাত অনুরাগ দ্বারা অবশ হইয়া রোমাঞ্চিত কলেবরে অশ্রু বিসর্জ্জন করেন তাঁহারা আমাদিগের উপরিস্থিত যে বৈকুণ্ঠধাম তথায় গমন করেন ॥ ২৮৩ ॥

তান্ প্রেমপ্রসরোৎসবস্তবকিতস্বান্তান্ প্রমোদাশ্রুভি-
র্নির্ধৌতাস্যতটান্মুহুঃ পুলকিনো ধন্যান্নমস্কুর্ম্মহে ॥ ২৮৪ ॥
মার্কণ্ডেয়াদয়ঃ প্রোক্তাঃ সাধনৈঃ প্রাপ্তসিদ্ধয়ঃ ॥ ২৮৫ ॥
অথ কৃপাসিদ্ধাঃ, যথা শ্রীদশমে (১০।২৩।৪২-৪৩)—
নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি ।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ ॥ ২৮৬ ॥

অন্বয়ঃ—যে ভক্তিপ্রভবিষ্ণুতা কবলিতক্লেশোর্ম্ময়ঃ (ভক্তিপ্রভবিষ্ণুতয়া ভক্তিপ্রভাবেণ কবলিতাঃ বিলয়ং গমিতাঃ ক্লেশাঃ এব উর্ম্ময়ঃ তরঙ্গাঃ যৈঃ তে) কৃতপ্রণতিষু (প্রণতেষু) মোক্ষাদিষু (চতুর্ব্বর্গেষু) দৃক্পাতেঽপি ঘৃণাং (জুগুপ্সাং) কুর্ব্বতে, প্রেমপ্রসরোৎসবস্তবকিতস্বান্তান্ (প্রেমপ্রসরেণ প্রেমোৎপত্ত্যা যঃ উৎসবঃ আনন্দঃ তেন স্তবকিতং সঞ্জাত স্তবকং উৎফুল্লং পূর্ণমিত্যর্থঃ স্বান্তং হৃদয়ং যেষাং তান্) প্রমোদাশ্রুভিঃ নির্ধৌতাস্যতটান্ (ক্ষালিত মুখপ্রান্তান্) মুহুঃ পুলকিনঃ (পুনঃপুনঃ জাতরোমোদ্ গমান্) তান্ ধন্যান্ নমস্কুর্ম্মহে (নমস্যামঃ) ॥ ২৮৪ ॥

অন্বয়ঃ—মার্কণ্ডেয়াদয়ঃ (মৃকণ্ডোরপত্যং পুমান্ মার্কণ্ডেয়ঃ তদাদয়ঃ) সাধনৈঃ প্রাপ্তসিদ্ধয়ঃ (সিদ্ধিপ্রাপ্তাঃ) প্রোক্তাঃ (কথিতাঃ) ॥ ২৮৫ ॥

অন্বয়ঃ—আসাং (অস্মাকং পত্নীনাং) দ্বিজাতি সংস্কারঃ (উপনয়নং ন নাস্তি, গুরৌ (গুরুমাশ্রিত্য) নিবাসঃ (বাসঃ) অপি ন, তপঃ (কৃচ্ছ্রচান্দ্রায়নাদি) ন, আত্মমীমাংসা (আত্মবিচারঃ) ন, শৌচং (বাহ্যাভ্যন্তরশুদ্ধিঃ) ন, শুভাঃ ক্রিয়াঃ (সন্ধ্যোপাসনাদয়ঃ) ন ॥ ২৮৬ ॥

যথা বা—

শ্লোকার্থ—ভক্তিপ্রভাবে যাঁহাদের ক্লেশ সমূহ বিনষ্ট হইয়াছে, যাঁহারা ধর্ম্মাদি পুরুষার্থ চতুষ্টয় প্রণত হইলেও তাহাদিগের প্রতি দৃষ্টিপাত করিতেও প্রায় ঘৃণাবোধ করেন, যাঁহাদিগের চিত্ত প্রবল প্রেমানন্দপূর্ণ, যাঁহাদিগের বদনপ্রান্ত আনন্দাশ্রু দ্বারা ধৌত এবং অঙ্গ পুনঃ পুনঃ পুলকপূর্ণ সেই ধন্য (সিদ্ধ) মহাত্মাগণকে আমি নমস্কার করি ॥ ২৮৪ ॥

শ্লোকার্থ—পণ্ডিতগণ মার্কণ্ডেয়াদি ঋষিগণকে সাধন দ্বারা সিদ্ধিপ্রাপ্ত (সাধনসিদ্ধ) বলেন ॥ ২৮৫ ॥

কৃপাসিদ্ধ, যথা শ্রীভাগবতে—

শ্লোকার্থ—যাজ্ঞিক ব্রাহ্মণেরা বলিলেন কি আশ্চর্য্য ! এই অবলাদিগের উপনয়ন সংস্কার নাই, গুরুকুলে বাসও হয় নাই, ইঁহাদিগের তপস্যা অথবা

অথাপি হ্যুত্তমশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।
ভক্তির্দৃঢ়া ন চাস্মাকং সংস্কারাদিমতামপি ॥ ২৮৭ ॥

যথা বা—

ন কাচিদভবদ্ গুরোর্ভজনযন্ত্রণেঽভিজ্ঞতা
ন সাধনবিধৌ চ তে শ্রমলবস্য গন্ধোঽপ্যভূৎ।
গতোঽসি চরিতার্থতাং পরমহংসমৃগ্যশ্রিয়া
মুকুন্দপদপদ্মযোঃ প্রণয়সীধুনো ধারয়া ॥ ২৮৮ ॥

অন্বয়—অথ অপি (তথাপি) উত্তমঃশ্লোকে (উত্তমোভিঃ তমসঃ উদ্গতৈঃ শ্লোক্যতে কীর্ত্ত্যতে ইতি তস্মিন্) যোগেশ্বরেশ্বরে (যোগিনঃ এব যোগাঃ তেষামীশ্বরাণামপীশ্বরে) কৃষ্ণে দৃঢ়া (অচলা) ভক্তিঃ (জাতা) সংস্কারাদি-মতামপি (উপনয়নাদি সংস্কারাদি শালিনামপি) অস্মাকং (ন জাতা) ॥ ২৮৭ ॥

অন্বয়ঃ—তে (তব) গুরোঃ ভজন-যন্ত্রণে (সেবাদুঃখে) কাচিৎ অভিজ্ঞতা ন অভবৎ, সাধনবিধৌ (সাধনানুষ্ঠানে) শ্রমলবস্য (অল্পমাত্রক্লেশস্যাপি)। গন্ধঃ (সম্পর্কঃ) ন অভূৎ, পরমহংসমৃগ্যশ্রিয়া (পরমহংসৈঃ জ্ঞানিভিরপি মৃগ্যা অন্বেষণীয়া যা শ্রীঃ সম্পৎ তদ্রূপয়া) মুকুন্দপদপদ্মযোঃ (শ্রীকৃষ্ণচরণ-কমলয়োঃ) প্রণয়সীধুনঃ (প্রেমামৃতস্য) ধারয়া (অবিচ্ছিন্নপ্রবাহেণ) চরিতার্থতাং চরিতঃ প্রাপ্তঃ অর্থো যেন তস্য ভাবস্তত্তাং সফলতাং) গতঃ (প্রাপ্ত অসি) ॥ ২৮৮ ॥

টীকা—তাসু যজ্ঞপত্নীষু ভগবদ্গুণকথন-সৎসঙ্গকারণত্বমনুস্মৃত্য সংস্কারা-দীনাং প্রেমসাধনত্বঞ্চ সন্দিহ্যাহ যথাবেতি। ন কাচিদিতি শ্রীশুকদেবমুদ্দিশ্য শ্রীনারদবাক্যম্ ॥ ২৮৮ ॥

আত্মানাত্ম বিচার কিংবা শৌচাচার বা সন্ধ্যোপাসনাদি শুভক্রিয়াও নাই তথাপি যোগেশ্বরদিগেরও ঈশ্বর উত্তমঃশ্লোক ভগবান শ্রীকৃষ্ণে ইহাদিগের দৃঢ় ভক্তি হইয়াছে। কিন্তু আমরা সংস্কারাদি সম্পন্ন হইলেও আমাদের এরূপ ভক্তি নাই ॥ ২৮৬-২৮৭ ॥

যথা বা—

শ্লোকার্থ—শ্রীশুকদেবকে উদ্দেশ করিয়া শ্রীনারদ কহিলেন, তোমার গুরুসেবা বিষয়ে অভিজ্ঞতা নাই অর্থাৎ গুরুকুলে বাস করিয়া গুরুসেবা কর নাই, সাধন বিধিতে তোমার কিছুমাত্র পরিশ্রমেরও গন্ধ নাই তথাপি তুমি পরমহংসদিগের অন্বেষণীয় সম্পত্তিরূপ মুকুন্দ পাদপদ্মের

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী-বৈরোচনি শুকাদয়ঃ ॥ ২৮৯ ॥

অথ নিত্যসিদ্ধাঃ---

আত্মকোটিগুণং কৃষ্ণে প্রেমাণং পরমং গতাঃ।
নিত্যানন্দগুণাঃ সর্ব্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ ॥ ২৯০ ॥

যথা পাদ্মে, শ্রীভগবৎ-সত্যভামাদেবী-সম্বাদে—

অথ ব্রহ্মাদিদেবানাং তথা প্রার্থনয়া ভুবঃ।
আগতোঽহং গণাঃ সর্ব্বে জাতাস্তেঽপি ময়া সহ ॥ ২৯১ ॥

অন্বয়ঃ—যজ্ঞপত্নী বৈরোচনি শুকাদয়ঃ (যাজ্ঞিকবিপ্রপত্নী-বলি-শুকপ্রভৃতয়ঃ) কৃপাসিদ্ধাঃ (ভগবৎ কৃপয়া সিদ্ধিং প্রাপ্তাঃ) ॥ ২৮৯ ॥

অন্বয়ঃ—মুকুন্দবৎ (যে) নিত্যানন্দগুণাঃ (নিত্যাশ্চ আনন্দরূপাশ্চ গুণাঃ তদুপলক্ষিতাঃ দেহাশ্চ যেষাং তে) কৃষ্ণে আত্মকোটি-গুণং (আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ মধ্যপদলোপাৎ) পরমম্ (উৎকৃষ্টং) প্রেমাণং (স্নেহং) গতাঃ (প্রাপ্তাঃ) (তে) সর্ব্বে নিত্য-সিদ্ধাঃ ॥ ২৯০ ॥

অন্বয়ঃ—হে ভামিনি। (কোপনে) অথ (অনন্তরং) ব্রহ্মা দিদেবানাং তথা ভুবঃ (পৃথিব্যাঃ) প্রার্থনয়া অহম্ আগতঃ ময়া সহ তে গণাঃ সর্ব্বে

টীকা—কৃপাসিদ্ধা যজ্ঞপত্নীতি যদুক্তং—তত্ত্বাপাতপ্রতীত্যপেক্ষয়েতি জ্ঞেয়ম্ ॥ ২৮৯ ॥

টীকা—মুকুন্দবদ্ যে নিত্যানন্দগুণাস্তে নিত্যসিদ্ধা ইত্যন্বয়ঃ। নিত্যাশ্চ আনন্দস্বরূপাশ্চ গুণাস্তদুপলক্ষিতদেহাশ্চ যেষাং তে ইতি। তেষাং মুখ্যলক্ষণমাহ আত্মেতি। আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ। মধ্যপদলোপাৎ ॥ ২৯০ ॥ (২৯১)

প্রেমসুধার প্রবাহ দ্বারাই কৃতার্থ হইয়াছ অর্থাৎ সর্ব্বার্থ লাভ করিয়াছ। তাৎপর্য্য এই যে তুমি গুরুসেবা বা কোন সাধন না করিয়াই কেবল শ্রীকৃষ্ণ কৃপা দ্বারাই সর্ব্বার্থ লাভ করিয়াছ ॥ ২৮৮ ॥

শ্লোকার্থ—যজ্ঞপত্নীগণ, বিরোচনপুত্র বলিরাজ ও শুকদেব প্রভৃতি কৃপাসিদ্ধ ॥ ২৮৯ ॥

নিত্যসিদ্ধগণ—

শ্লোকার্থ—যাঁহাদের মুকুন্দের ন্যায় নিত্য, আনন্দস্বরূপ গুণ ও দেহ এবং যাঁহারা আপনা অপেক্ষা শ্রীকৃষ্ণে কোটিগুণ উৎকৃষ্ট প্রেম বিধান করেন তাঁহারা নিত্যসিদ্ধ ॥ ২৯০ ॥

এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্‌গণা এব ভামিনি!
সর্ব্বদা মৎপ্রিয়া দেবি! মত্তুল্যগুণশালিনঃ ॥ ২৯২॥

তথা চ শ্রীদশমে (১০।১৪।৩২)—

অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাম্।
যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্ ॥ ২৯৩॥

(পার্ষদাঃ) অপি জাতাঃ। হে দেবি! এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্‌গণাঃ (মমপক্ষাঃ) এব সর্ব্বদা মৎপ্রিয়াঃ (অহমেব প্রিয়ো যেষাং, ন তথা আত্মাদয়ঃ-ইত্যর্থঃ) তে মত্তুল্যগুণশালিনঃ (মৎসদৃশগুণসম্পন্নাঃ)॥ ২৯১-২৯২॥

অন্বয়ঃ—নন্দগোপ ব্রজৌকসাং (ব্রজস্থমাত্রাণাং পশুপক্ষি পর্য্যন্তানাং) অহো (আশ্চর্য্যে) ভাগ্যম্ (অনির্ব্বচনীয়ঃ তৎপ্রসাদঃ) অহো ভাগ্যম্ (বিস্ময়ে দ্বির্ব্বচনম্) যৎ (যস্মাৎ যেষাং বা) পরমানন্দং (পরমঃ আনন্দো যস্মাৎ তৎ, অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য শ্রেষ্ঠত্বোক্তেঃ) পূর্ণং (মূর্ত্তং) ব্রহ্ম (ত্বং) সনাতনং (নিত্যং ত্রৈকালিকং) মিত্রম্—যথা ত্বং ত্রিকাল-সিদ্ধস্তথা ব্রজ-লোকোঽপীতি ভাবঃ ॥ ২৯৩॥

টীকা—মৎপ্রিয়া ইতি, অহমেব প্রিয়ো যেষাং, ন তথাত্মাদয় ইত্যর্থঃ ॥ ২৯২॥

টীকা—'অহো ভাগ্যমহো ভাগ্যমিতি' বিস্ময়াধিক্যে বীপ্সা। তেন দ্বয়োরেব পদয়োর্ন পৌনরুক্ত্যম্। অথবা নন্দগোপব্রজৌকসাং ভাগ্যং ভাগ্যমহঃ-প্রকাশকং, যাবদ্ভাগ্যদ্যোতকমিত্যর্থঃ। অহো ইতি বিস্ময়ে যদ্‌যস্মাদ্যেষাং বা, ব্রহ্ম ত্বং মিত্রং, কীদৃশং ব্রহ্ম পূর্ণং, মূর্ত্তপূর্ণানন্দত্বাৎ। অমূর্ত্তানন্দস্তু তথা পূর্ণো ন ভবতি, তদপেক্ষয়া শ্রীবিগ্রহস্যৈব প্রচুরানন্দত্বাৎ। তথাচ—(ভা ৩।১৫।৪৩) "সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বো"রিতি ব্রহ্মজ্ঞাননিপুণানামপি চিত্ততনু-সংক্ষোভসূচনাৎ; পুনঃ কীদৃশস্ত্বং ব্রহ্ম, পরমানন্দং পরম আনন্দো যস্মাৎ।

যথা পাদ্মে—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ শ্রীসত্যভামা দেবীকে কহিলেন, হে ভামিনি! ব্রহ্মাদি দেবগণের ও পৃথিবীর প্রার্থনায় আমি আগমন করিয়াছি এবং আমারগণ (পার্ষদ) সকলও আমার সহিত জন্মগ্রহণ করিয়াছে। হে দেবি! এই যে যাদবগণ দেখিতেছ ইহারা সকলেই আমারগণ এবং আমার ন্যায় গুণ সম্পন্ন! আমিই তাঁহাদের সর্ব্বদা প্রিয় ॥ ২৯১-২৯২॥

শ্রীভাগবতেও

শ্লোকার্থ—অহো মহারাজ নন্দের ব্রজস্থিত গোপাদি পশুপক্ষিগণ পর্য্যন্ত জীবগণের কি আশ্চর্য্য ভাগ্য! পরমানন্দরূপী পূর্ণব্রহ্ম তুমি যাঁহাদিগের সনাতন মিত্র অর্থাৎ যাঁহাদিগের প্রতি নিত্য বন্ধুজনোচিত প্রেমবান্ ॥ ২৯৩॥

তত্রৈব (ভাঃ ১০।২৬।১৩)—

দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাম্ ।
নন্দ ! তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথম্ ॥ ২৯৪ ॥
সনাতনং মিত্রমিতি তস্যাপ্যৌৎপত্তিকঃ কথম্ ?
স্নেহোঽস্মাস্বিতি চৈতেষাং নিত্যপ্রেষ্ঠত্বমাগতম্ ॥ ২৯৫ ॥

অন্বয়ঃ—হে নন্দ ! তে (তব) অস্মিন্ তনয়ে (পুত্রে) সর্ব্বেষাং ব্রজৌকসাং (ব্রজবাসিনাং) নঃ (অস্মাকং) তস্যাপি অস্মাসু দুস্ত্যজঃ (ত্যক্তুমশক্যঃ) অনুরাগঃ (স্নেহঃ) ঔৎপত্তিকঃ (জন্মদিনমারভ্য দৃষ্টঃ স্বাভাবিক এবেত্যর্থঃ) কথং (সম্ভবেৎ) ॥ ২৯৪ ॥

অন্বয়ঃ—'সনাতনং মিত্র'মিতি (এতাদৃশযোজনয়েত্যর্থঃ) 'অস্মাসু তস্যাপি স্নেহঃ ঔৎপত্তিকঃ কথম্' ইতি (যোজনয়া) চ এতেষাং (ব্রজ-বাসিনাং) নিত্যপ্রেষ্ঠত্বং (শাশ্বতাতিপ্রিয়ত্বম্) আগতম্ (সম্যগ্-জ্ঞাতম্) ॥ ২৯৫ ॥

অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য পরমত্বং শ্রেষ্ঠত্বমুক্তপ্রকারসনকাদ্যুক্তেঃ। অতোঽত্র পূর্ণং পরমানন্দঞ্চ দ্বয়মেব মূর্ত্তানন্দত্ববোধকম্, অন্যথা ব্রহ্মেত্যনেনৈব তদুভয়-মুপলভ্যেত, কিমপরং তথানির্দ্দেশেন, এবং ব্রহ্মণো বিশেষণমুক্ত্বা মিত্রবিশেষণ-মাহ সনাতনমিতি। কীদৃশং মিত্রং সনাতনং নিত্যং ত্রৈকালিকমিতি যাবৎ, যথা ত্বং ত্রিকালসিদ্ধস্তথা ব্রজলোকোঽপীতি ভাবঃ। যেন হি তেষাং সনাতনং মিত্রং ত্বমসি, অত এষাং ভাগ্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ২৯৩ ॥ (২৯৪)

টীকা—সনাতনং মিত্রমিতীত্যেতাদৃশযোজনয়েত্যর্থঃ। অন্যথা সনাতনপদ-বৈয়র্থ্যং স্যাৎ, পূর্ণত্বেনৈব তৎসিদ্ধেঃ, যদি চ ব্রহ্মণো বিশেষণং তৎ স্যাত্তথাপি

তথায়—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিলে গোপগণ বিস্ময়াপন্ন হইয়া শ্রীনন্দ মহারাজের নিকট আগমন করতঃ জিজ্ঞাসা করিলেন, হে নন্দ ! তোমার এই পুত্রের প্রতি সমস্ত ব্রজবাসী আমাদিগের দুস্ত্যজ অনুরাগ এবং আমাদিগের প্রতিও তাহার স্বাভাবিক স্নেহ কেন হইয়াছে ? ॥ ২৯৪ ॥

শ্লোকার্থ—'সনাতন মিত্র', 'আমাদের প্রতি তাঁহার স্নেহ স্বাভাবিক কেন' —এইরূপ বাক্য দ্বারা সেই সকল ব্রজবাসী যে নিত্যপ্রেষ্ঠ ইহাই বোধ হইতেছে ॥ ২৯৫ ॥

ইত্যতঃ কথিতা নিত্যপ্রিয়া যাদব-বল্লবাঃ।
এষাং লৌকিকবচ্চেষ্টা লীলা মুররিপোরিব ॥ ২৯৬ ॥

তথা হি পাদ্মোত্তরখণ্ডে—

যথা সৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।
তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদ্‌যদৃচ্ছয়া ॥ ২৯৭ ॥

অন্বয়ঃ—ইত্যতঃ (অস্মাদ্ধেতোঃ) যাদব-বল্লবাঃ (যাদবাঃ বল্লবাঃ গোপাশ্চ) নিত্যপ্রিয়াঃ কথিতাঃ, এষাং (যাদববল্লবানাং) লীলা মুররিপোঃ ইব (কৃষ্ণস্য সদৃশী) চেষ্টা লৌকিকবৎ (প্রাকৃতানামিব) (জ্ঞেয়া)॥ ২৯৬॥

অন্বয়ঃ—যথা সৌমিত্রিভরতৌ (সুমিত্রায়াঃ অপত্যং পুমান্ সৌমিত্রিঃ লক্ষ্মণঃ স চ ভরতশ্চ তৌ) যথা সংকর্ষণাদয়ঃ তথা (তে যাদববল্লবাঃ) যদৃচ্ছয়া (স্বৈরতয়া) তেনৈব (ভগবতা সহ) নিজলোকাৎ (স্বধাম্নঃ

মিত্রতাবৈশিষ্ট্যার্থমেব তদ্বিশিষ্যত ইতি সমানমেব। মনোরমং সুবর্ণমিদং কুণ্ডলং জাতমিত্যত্র যথা কুণ্ডলস্যৈব মনোরমত্বং সাম্যং, তদ্বত্তস্যাপীতি স্বভাবসম্বন্ধসূচনান্নিত্যত্বমাক্ষিপ্যতে। তদেবমত্র (ভা ১০।২৫।১৮) 'তস্মান্মচ্ছরণং গোষ্ঠম্'ত্যাদ্যপি জ্ঞেয়ম্। অত্র বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীকৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ॥ ২৯৫ ॥ (২৯৬)

টীকা—তেনৈব ভগবতা সহ জায়ন্তে যাদবাদয় ইতি শেষঃ। যদৃচ্ছয়া স্বৈরতয়া, যদৃচ্ছা স্বৈরিতেত্যমরঃ ॥ ২৯৭॥ (২৯৮-২৯৯)

শ্লোকার্থ—এই কারণেই যাদবগণ ও গোপগণকে নিত্যপ্রিয় বলা হইয়াছে। মুরারির লীলার ন্যায় তাঁহাদিগের চেষ্টাও লৌকিক চেষ্টার ন্যায়। অর্থাৎ মুরারির জন্মাদি সমস্ত লীলা অপ্রাকৃত হইলেও লৌকিক বলিয়া প্রতীয়মান হয় সেইরূপ যাদব ও গোপগণের চেষ্টাসকল অপ্রাকৃত হইলেও লৌকিক বলিয়া বোধ হয় ॥ ২৯৬ ॥

তথা পাদ্মোত্তর খণ্ডে—

শ্লোকার্থ—যে রূপ লক্ষ্মণ ও ভরত এবং সঙ্কর্ষণ প্রভৃতি ভগবানের সহিত জন্মগ্রহণ করেন, সেইরূপ যাদব ও গোপগণ যদৃচ্ছাক্রমে নিজলোক (নিত্যধাম) হইতে মর্ত্ত্যলোকে ভগবানের সহিত জন্মগ্রহণ করেন (অর্থাৎ আবির্ভূত হন) এবং পুনরায় ভগবানের সহিত তাঁহার নিত্যধামে গমন

পুনস্তেনৈব গচ্ছন্তি তৎপদং শাশ্বতং পরম্ ।
ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥ ইতি ॥ ২৯৮ ॥
যে প্রোক্তাঃ পঞ্চপঞ্চাশৎ ক্রমাৎ কংসরিপোর্গুণাঃ ।
তে চান্যে চাপি সিদ্ধেষু সিদ্ধিদত্বাদয়ো মতাঃ ॥ ২৯৯ ॥
ভক্তাস্তু কীর্ত্তিতাঃ শান্তাস্তথা দাস-সুতাদয়ঃ ।
সখায়ো গুরুবর্গাশ্চ প্রেয়স্যশ্চেতি পঞ্চধা ॥ ৩০০ ॥

অথ উদ্দীপনাঃ—

উদ্দীপনাস্তু তে প্রোক্তা ভাবমুদ্দীপয়ন্তি যে।
তে তু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাশ্চেষ্টাঃ প্রসাধনম্ ॥ ৩০১ ॥

অবতীর্য্য প্রপঞ্চে) জায়ন্তে (আবির্ভবন্তি) পুনঃ তেনৈব (ভগবতা সহ) পরম্ (উৎকৃষ্টং) শাশ্বতং (নিত্যং) তৎপদং (তৎস্থানং) গচ্ছন্তি, বৈষ্ণবানাং চ কর্ম্মবন্ধনং (বধ্যতে অনেন ইতি বন্ধনং কর্ম্ম এব বন্ধনং) জন্ম ন বিদ্যতে ॥ ২৯৭-২৯৮ ॥

অন্বয়ঃ—কংসরিপোঃ (কৃষ্ণস্য) যে পঞ্চ-পঞ্চাশৎ গুণাঃ ক্রমাৎ (ক্রমশঃ) প্রোক্তাঃ (কথিতাঃ) তে অন্যেচ সিদ্ধিদত্বাদয়ঃ (সিদ্ধিপ্রদাতৃত্বপ্রভৃতয়ঃ) অপি সিদ্ধেষু (ভক্তেষু) মতাঃ (জ্ঞাতব্যাঃ) ॥ ২৯৯ ॥

অন্বয়ঃ—শান্তাঃ তথা দাসসুতাদয়ঃ (ভাবময়াঃ, সাক্ষাৎ প্রাপ্তদাস্যাদয়শ্চ) সখায়ঃ গুরুবর্গাঃ (পিত্রাদয়ঃ) প্রেয়স্যশ্চ (প্রিয়তমাশ্চ) ইতি পঞ্চধা ভক্তাঃ কীর্ত্তিতাঃ (কথিতাঃ) ॥ ৩০০ ॥

টীকা—অথ ভাবভেদেন তেষামেব ভেদান্তরাণ্যাহ—ভক্তাস্ত্বিতি। অত্র দাসাদয়ো দ্বিধা ভাবময়াঃ, সাক্ষাৎপ্রাপ্তদাস্যাদয়শ্চ। তত্রোত্তরেষামেব সম্যগালম্বনত্বমভিপ্রেতম ॥ ৩০০ ॥ (৩০১-৩০৩)

করেন। বৈষ্ণবদিগের জন্ম ও কর্ম্মবন্ধন জন্য নহে। (কৃষ্ণের ইচ্ছায় তাঁহাদিগের আবির্ভাব ও তিরোভাব, কর্ম্মবশতঃ জন্ম মৃত্যু নহে) ॥ ২৯৭-২৯৮ ॥

শ্লোকার্থ—কংসরিপুর যে পঞ্চান্নগুণ ক্রমান্বয়ে কথিত হইয়াছে, সেই সকল গুণ ও অন্য সিদ্ধিপ্রদত্বাদি গুণ সকল সিদ্ধভক্তে বিদ্যমান আছে ॥ ২৯৯ ॥

শ্লোকার্থ—শান্ত, দাসসুতাদি, সখাগণ, গুরুবর্গ ও প্রেয়সীগণ এই পাঁচপ্রকার কৃষ্ণভক্ত কীর্ত্তিত হইয়াছেন। দাস দুই প্রকার—দাস্যভাবময় ও প্রাপ্তদাস্য। প্রথমটি উদ্দীপন ॥ ৩০০ ॥

স্মিতাঙ্গসৌরভে বংশ-শৃঙ্গ-নূপুরকম্ববঃ।
পদাঙ্ক-ক্ষেত্র-তুলসী-ভক্ত-তদ্বাসরাদয়ঃ ॥ ৩০২ ॥

তত্র গুণাঃ—

গুণাস্ত ত্রিবিধাঃ প্রোক্তাঃ কায়বাঙ্মানসাশ্রয়াঃ ॥ ৩০৩ ॥

তত্র কায়িকাঃ—

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা মৃদুতাদয়ঃ ॥ ৩০৪ ॥
গুণাঃ স্বরূপমেবাস্য কায়িকাদ্যা যদপ্যমী।

অন্বয়ঃ—যে ভাবং (শান্তাদিকং) উদ্দীপয়ন্তি (উদ্বোধয়ন্তি উত্তেজয়ন্তি) তে উদ্দীপনাঃ প্রোক্তাঃ (কথিতাঃ) তে তু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাঃ চেষ্টাঃ, প্রসাধনং (প্রসাধ্যতেঽনেনেতি প্রসাধনং বসনভূষণাদি) স্মিতাঙ্গসৌরভে (স্মিতং-হাস্যং অঙ্গ সৌরভং দেহ সৌগন্ধ্যং চ) বংশ শৃঙ্গ নূপুর কম্ববঃ (বংশঃ শৃঙ্গং নূপুরঃ কম্বুঃ শঙ্খশ্চ) পদাঙ্কঃ (পদচিহ্নং) ক্ষেত্র তুলসী ভক্ত-তদ্‌বাসরাদয়ঃ (ক্ষেত্রং মথুরাদি তুলসী ভক্তাঃ তদ্বাসরাঃ জন্মাষ্টমী প্রভৃতয়ঃ) ॥ ৩০১-৩০২ ॥

অন্বয়ঃ—গুণাঃ কায়বাঙ্‌মানসাশ্রয়াঃ (কায়াদয়ঃ আশ্রয়াঃ যেষাং তথাভূতাঃ কায়িকাঃ বাচিকাঃ মানসিকাশ্চেতি) ত্রিবিধাঃ প্রোক্তাঃ (কথিতাঃ) ॥ ৩০৩ ॥

অন্বয়—বয়ঃ-সৌন্দর্য্য-রূপাণি মৃদুতাদয়শ্চ কায়িকাঃ (গুণাঃ উক্তাঃ) ॥ ৩০৪ ॥

টীকা—বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা গুণাঃ, মৃদুতাদয়শ্চ কায়িকা গুণা ইত্যর্থঃ ॥ ৩০৪ ॥

উদ্দীপনা—

শ্লোকার্থ—যাহারা সাধকের ভাব উদ্দীপিত করে তাহাদিগকে উদ্দীপন বলে। তৎসমুদয় যথা—শ্রীকৃষ্ণচন্দ্রের গুণ, চেষ্টা ও প্রসাধন অর্থাৎ বসন ভূষণ আদি সজ্জা, বস্ত্র, তথা হাস্য, অঙ্গগন্ধ, বংশী, শৃঙ্গ (শিঙ্গা) নূপুর, শঙ্খ, পদচিহ্ন, ক্ষেত্র (ভগবদ্ধাম), তুলসী, ভগবদ্ভক্ত ও হরিবাসর (জন্মাষ্টমী, একাদশী) প্রভৃতি এই উদ্দীপন বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৩০১-৩০২ ॥

তন্মধ্যে গুণ—

শ্লোকার্থ—গুণ তিন প্রকার, যথা—দেহাশ্রয়ী (কায়িক), বচনাশ্রয়ী (বাচিক) এবং মানসাশ্রয়ী (মানসিক) ॥ ৩০৩ ॥

কায়িক গুণ—

শ্লোকার্থ—বয়স, সৌন্দর্য্য, রূপ এবং মৃদুতাদিকে কায়িক গুণ বলে ॥ ৩০৪ ॥

ভেদং স্বীকৃত্য বর্ণ্যন্তে তথাপ্যুদ্দীপনা ইতি ॥ ৩০৫ ॥
অতস্তস্য স্বরূপস্য স্যাদালম্বনতৈব হি।
উদ্দীপনত্বমেব স্যাদ্‌ভূষণাদেস্তু কেবলম্ ॥ ৩০৬ ॥
এষামালম্বনত্বঞ্চ তথোদ্দীপনতাপি চ ॥ ৩০৭ ॥

তত্র বয়ঃ—

বয়ঃ কৌমার-পৌগণ্ড-কৈশোরমিতি তত্রিধা ॥ ৩০৮ ॥

অন্বয়ঃ—যদপি (যদ্যপি) অমী কায়িকাদ্যাঃ গুণাঃ অস্য (ভগবতঃ) স্বরূপমেব (স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তঃপ্রবিষ্টা ইত্যর্থঃ) তথাপি ভেদং (স্বরূপাদ্ পৃথক্ত্বং) স্বীকৃত্য (উপচর্য্যেত্যর্থঃ) উদ্দীপনাঃ ইতি বর্ণ্যন্তে ॥ ৩০৫ ॥

অন্বয়ঃ—অতঃ (গুণানাং স্বরূপতোঽভেদোপচারাৎ) তস্য স্বরূপস্য (শ্রীবিগ্রহ-রূপস্যেত্যর্থ) আলম্বনতা এব স্যাৎ ভূষণাদেস্তু কেবলং উদ্দীপনত্বমেব স্যাৎ। এষাং (গুণানাং) আলম্বনত্বং (বিশিষ্টস্যালম্বনত্বাৎ বিশেষণরূপেষু গুণেষু অপি অংশেন আলম্বনত্বং প্রবর্ত্ততে ইতি ভাবঃ) তথা উদ্দীপনতাপি চ (স্যাৎ) ॥ ৩০৬-৩০৭ ॥

অন্বয়ঃ—তৎ বয়ঃ ত্রিধা কৌমার-পৌগণ্ড-কৈশোরম্ ইতি ॥ ৩০৮ ॥

টীকা—গুণাঃ স্বরূপমেবেতি স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তপ্রবিষ্টা ইত্যর্থঃ। ভেদং স্বরূপাদত্যন্তপৃথকত্বং স্বীকৃত্যোপচর্য্যেত্যর্থঃ ; যদা শ্রীকৃষ্ণঃ সুরম্যাঙ্গ ইতি ভাব্যতে, তদালম্বনকোটৌ প্রবেশঃ যদা তু কৃষ্ণস্য সুরম্যাঙ্গত্বমিতি ভাব্যতে, তদোদ্দীপন-কোটৌ প্রবেশ ইতি ভাবঃ। 'অত' ইতি—স্বরূপস্য শ্রীবিগ্রহরূপ-স্যেত্যর্থঃ ॥ ৩০৫-৩০৬ ॥

টীকা—এষাং গুণানাং বিশিষ্টস্যালম্বনত্বাদ্বিশেষণ রূপেষু গুণেষ্বপ্যংশেনা লম্বনত্বং প্রবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ৩০৭ ॥

শ্লোকার্থ—যদিও এই সকল কায়িক গুণ শ্রীকৃষ্ণ স্বরূপের (বিগ্রহের) অন্তর্গত তথাপি স্বরূপ হইতে পৃথক স্বীকার করিয়া তাহাদিগকে উদ্দীপন বলা হইতেছে। অতএব শ্রীকৃষ্ণের স্বরূপের আলম্বনতা এবং কেবলমাত্র ভূষণাদির উদ্দীপনতা সিদ্ধ হয় ॥ ৩০৫-৩০৬ ॥

শ্লোকার্থ—পূর্ব্বোক্ত গুণসকল আলম্বন ও উদ্দীপনরূপে কথিত হয়। "শ্রীকৃষ্ণ সুরম্যাঙ্গ" সুরম্যাঙ্গ আলম্বন হয়। "শ্রীকৃষ্ণের সুরম্যাঙ্গত্ব" বলিলে সুরম্যাঙ্গত্ব উদ্দীপন হয় ॥ ৩০৭ ॥

তন্মধ্যে বয়স—

শ্লোকার্থ—বয়স তিন প্রকার, যথা—কৌমার, পৌগণ্ড ও কৈশোর ॥ ৩০৮ ॥

কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আষোড়শাচ্চ কৈশোরং যৌবনং স্যাত্ততঃ পরম্ ॥ ৩০৯ ॥
ঔচিত্যাত্তত্র কৌমারং বক্তব্যং বৎসলে রসে।
পৌগণ্ডং প্রেয়সি তথা তত্তৎখেলাদিযোগতঃ ॥ ৩১০ ॥
শ্রৈষ্ঠ্যমুজ্জ্বল এবাস্য কৈশোরস্য তথাপ্যদঃ।
প্রায়ঃ সর্ব্বরসৌচিত্যাদত্রোদাহ্রিয়তে ক্রমাৎ ॥ ৩১১ ॥

অন্বয়ঃ—পঞ্চমাব্দান্তং (পঞ্চম বৎসর পর্য্যন্তং) কৌমারং, দশমাবধি (দশমবৎসরপর্য্যন্তং) পৌগণ্ডং, আষোড়শাৎ (ষোড়শবৎসরপর্য্যন্তমিত্যর্থঃ) কৈশোরং ততঃ পরং যৌবনং চ স্যাৎ ॥ ৩০৯ ॥

অন্বয়ঃ—তত্র (তেষু ত্রিষু মধ্যে) তৎতৎখেলাদিযোগতঃ (তত্তৎক্রীড়াদি-সম্বন্ধে) ঔচিত্যাৎ (যদ্ঔচিত্যং যোগ্যতাতিশয়ঃ তস্মাৎ) বৎসলে রসে কৌমারং তথা প্রেয়সি (সখ্যরসে) পৌগণ্ডং (শ্রেষ্ঠং) বক্তব্যম্, (যদ্যপি) অস্য কৈশোরস্য উজ্জ্বলে (শৃঙ্গারে) এব শ্রৈষ্ঠ্যং (শ্রেষ্ঠত্বম্) তথাপি অদঃ (কৈশোরং) প্রায়ঃ (বাহুল্যেন) সর্ব্বরসৌচিত্যাৎ (সমুদয়রসেষু যোগ্যত্বাৎ) ক্রমাৎ অত্র (অস্মিন্ প্রকরণে) উদাহ্রিয়তে ॥ ৩১০-৩১১ ॥

টীকা—কৌমারমিত্যাদিকং দৃষ্টান্তমাত্রং, শ্রীকৃষ্ণে তু বিশেষো জ্ঞেয়ঃ। যথা [ভা ১০।৮।২৬] "কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসে"ত্যাদিকম্ ॥ ৩০৯ ॥

টীকা—তত্র তত্তৎখেলাদিযোগতো যদৌচিত্যং যোগ্যতাতিশয়স্তস্মাদিতি ত্রিষ্বপি যোজনীয়ম্। প্রায়ো বাহুল্যেন ॥ ৩১০-৩১১ ॥

শ্লোকার্থ—পঞ্চম বর্ষ (পাঁচ বৎসর) পর্য্যন্ত কৌমার, দশবর্ষ পর্য্যন্ত পৌগণ্ড, পঞ্চদশবর্ষ (পনের বৎসর) পর্য্যন্ত কৈশোর, তৎপরে ষোড়শ বৎসর হইতে যৌবন ॥ ৩০৯ ॥

শ্লোকার্থ—সেই সেই ক্রীড়ানুসারে উপযোগিতা বিচারে বৎসল রসে কৌমার এবং সখ্যরসে পৌগণ্ড উপযোগী। কৈশোরের মধুর রসেই শ্রেষ্ঠতা তথাপি উহা সকল রসেই প্রচুর রূপে উপযোগী বলিয়া উহার উদাহরণ ক্রমশঃ প্রদান করা হইতেছে ॥ ৩১০-৩১১ ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৈশোরং ত্রিবিধং ভবেৎ ॥ ৩১২ ॥

তত্র আদ্যম্—

বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তে চারুণচ্ছবিঃ।
রোমাবলিপ্রকটতা কৈশোরে প্রথমে সতি ॥ ৩১৩ ॥

যথা—

হরতি শিতিমা কোঽপ্যঙ্গানাং মহেন্দ্রমণিশ্রিয়ং
প্রবিশতি দৃশোরন্তে কান্তির্মনাগিব লোহিনী।

অন্বয়ঃ—কৈশোরম্—আদ্যং মধ্যং তথা শেষম্ (শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং পরম পূর্ণাবস্থম্ ইত্যর্থঃ) ইতি ত্রিবিধং ভবেৎ ॥ ৩১২ ॥

অন্বয়ঃ—প্রথমে কৈশোরে সতি কাপি (অনির্ব্বচনীয়া) বর্ণস্য উজ্জ্বলতা (দীপ্তিঃ) নেত্রান্তে (নয়নপ্রান্তে) অরুণচ্ছবিঃ (লোহিতকান্তিঃ) রোমাবলি প্রকটতা (রোমরাজ্যাঃ প্রকাশনং চ) (দৃশ্যতে) ॥ ৩১৩ ॥

অন্বয়ঃ—হে সখি ! ইদানীম্ (অধুনা) বনমালিনঃ (শ্রীকৃষ্ণস্য) তনৌ (শরীরে) নব্যা (নূতনা) সুষমা (পরমশোভা) স্ফুরতি (প্রকাশতে) অস্য

টীকা—শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং, পরমপূর্ণাবস্থমিত্যর্থঃ। তদেবং নিরুক্তিবলাদ্বক্ষ্যমাণেন (২।১।৩২৭) চরমশব্দেনাপি তাদৃগবস্থং বিবেচনীয়ম্—চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি, ন তু কৌমারাদিবদ্ব্যভিচরতি মা লক্ষ্মীর্যস্মিন্নিতি ॥ ৩১২ ॥ (৩১৩)

শ্লোকার্থ—কৈশোর তিন প্রকার, যথা—আদ্য, মধ্য ও শেষ।

শব্দার্থ—শেষ—পরমপূর্ণাবস্থাপ্রাপ্ত ॥ ৩১২ ॥

তন্মধ্যে আদ্যকৈশোর—

শ্লোকার্থ—প্রথম (আদ্য) কৈশোরে বর্ণের অনির্ব্বচনীয় উজ্জ্বলতা, নেত্রান্তে অরুণবর্ণ কান্তি এবং লোমাবলির প্রকাশ (দৃষ্ট হয়) ॥ ৩১৩ ॥

যথা—

শ্লোকার্থ—কুন্দলতা (শ্রীকৃষ্ণের অগ্রজ ভ্রাতৃজায়া) কহিলেন হে সখি! সম্প্রতি বনমালির তনুতে নূতন শোভা প্রকাশ পাইতেছে। তাঁহার অঙ্গসকলের শ্যামলতা ইন্দ্রনীলমণির শোভা হরণ করিতেছে, নয়নপ্রান্তে রক্তবর্ণ কান্তি প্রবেশ করিতেছে এবং অল্প সূক্ষ্ম লোমরাজি উদ্গত হইতেছে ॥ ৩১৪ ॥

সখি ! তনুরুহাং রাজিঃ সূক্ষ্মা দরাস্য বিরোহতে
স্ফুরতি সুষমা নবোদানীং তনৌ বনমালিনঃ ॥ ৩১৪ ॥
বৈজয়ন্তী-শিখণ্ডাদি-নটপ্রবরবেশতা ।
বংশীমধুরিমা বস্ত্রশোভা চাত্র পরিচ্ছদঃ ॥ ৩১৫ ॥

যথা শ্রীদশমে (১০।২১।৫)—

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্ ।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্ গীতকীর্ত্তিঃ ॥ ৩১৬ ॥

অঙ্গানাং কোঽপি (উৎকৃষ্টঃ) শিতিমা (শ্যামতাতিশয়ঃ) মহেন্দ্র-মণিশ্রিয়ং (ইন্দ্রনীলমণেঃ শোভাং) হরতি (জয়তি) দৃশোরন্তে (নয়নয়োঃ প্রান্তে) মনাক্ (ঈষৎ) লোহিনী (রক্তবর্ণা) কান্তিঃ (দ্যুতিঃ) প্রবিশতি ইব, সূক্ষ্মা দরা (বিরলা) তনুরুহাং রাজিঃ বিরোহতে (উদ্ গচ্ছতি) ॥ ৩১৪ ॥

অন্বয়ঃ—অত্র (প্রথম কৈশোরে) বৈজয়ন্তী-শিখণ্ডাদি-নটপ্রবরবেশতা (বৈজয়ন্তী পঞ্চবর্ণময়ীজানুপর্য্যন্তলম্বিতামালা শিখণ্ডঃ ময়ূরপিচ্ছঃ তৌ আদী যস্মিন্ স চাসৌ নটপ্রবরস্য নর্ত্তক-শ্রেষ্ঠস্য ইব বেষঃ নেপথ্যং যস্য তস্য ভাবঃ তত্তা) বংশী মধুরিমা (বেণুমাধুর্য্যম্) বস্ত্রশোভা চ পরিচ্ছদঃ (স্যাৎ) ॥ ৩১৫ ॥

অন্বয়ঃ—বর্হাপীড়ং (বর্হং শিখিপিচ্ছম্ আপীড়ঃ শিরোভূষণং যত্র তথাভূতং) নটবরবপুঃ (নটবদ্‌বরম্ উৎকৃষ্টং বপুঃ শরীরং) কর্ণয়োঃ (কদাচিদ্‌বামে

টীকা—শিতিমা শ্যামতাতিশয়ঃ। তালব্যাদিরয়ং। 'শিতী ধবলমেচকাবি'-ত্যমরঃ। লোহিনী রক্তবর্ণা, তদিদং তস্যাগ্রজভ্রাতৃজায়ায়া বচনম্ ॥ ৩১৪ ॥ (৩১৫, ৩১৬)

শ্লোকার্থ—আদ্য কৈশোরে বৈজয়ন্তীমালা, শিখিপুচ্ছাদি, নটবরবেশ, বংশীশোভা এবং বস্ত্রশোভাই পরিচ্ছেদ স্বরূপ ॥ ৩১৫ ॥

যথা শ্রীভাগবতে—

শ্লোকার্থ—সর্ব্বজ্ঞ শ্রীশুকদেব শ্রীপরীক্ষিত মহারাজকে বলিলেন, কিরূপ স্মরণে গোপীদিগের মন ক্ষুব্ধ হইল শুনুন। শ্রীকৃষ্ণ মস্তকে ময়ূরপুচ্ছ নির্ম্মিত শিরোভূষণ, দেহে নটের ন্যায় বেশ, কর্ণদ্বয়ে কর্ণিকার পুষ্প, গলে বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণের পুষ্প নির্ম্মিত মাল্য পরিধানে স্বর্ণের ন্যায় কপিশ (পীত) বর্ণ বসন ধারণ করিয়া অধর সুধা দ্বারা বেণু পুরণ করিতে করিতে স্বপদচিহ্নাঙ্কিত রতিজনক বৃন্দাবনে প্রবেশ করিলেন! সে সময় গোপবৃন্দ চতুর্দ্দিকে তাঁহার কীর্ত্তি গান করিতে লাগিল ॥ ৩১৬ ॥

খরতাত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোঃ।
রদানাং রঞ্জনং রাগচূর্ণৈরিত্যাদি চেষ্টিতম্ ॥ ৩১৭॥

যথা—

নবং ধনুরিবাতনোর্নটদঘদ্বিষো ভ্রূযুগং
শরালিরিব শাণিতা নখররাজিরগ্রে খরা।
বিরাজতি শরীরিণী রুচিরদন্তলেখারুণা
ন কা সখি! সমীক্ষণাদ্যুবতিরস্য বিত্রস্যতি? ॥ ৩১৮ ॥

কদাচিদ্ দক্ষিণে চ কর্ণে কর্ণিকারং (পীতবর্ণম্ উৎপলাকারং পুষ্পং) কনককপিশং (সুবর্ণবৎ পীতবর্ণং) বাসঃ (বস্ত্রং) বৈজয়ন্তীং (পঞ্চবর্ণময়ীং) মাল্যং চ বিভ্রং (ধারয়ন্) অধরসুধয়া (অধরামৃতেন) বেণোঃ রন্ধ্রান্ (ছিদ্রাণি) পূরয়ন্ গোপবৃন্দৈঃ গীতকীর্ত্তিঃ গীতা কীর্ত্তিঃ যস্য সঃ শ্রীকৃষ্ণঃ (স্বপদরমণং (অঙ্কিতৈঃ স্বপদৈঃ রমণং রতিজনকং) (বৃন্দারণ্য বৃন্দাবনং) প্রাবিশৎ ॥ ৩১৬॥

অন্বয়ঃ---অত্র (আদ্য কৈশোরে) নখাগ্রাণাং খরতা (তীক্ষ্ণতা) ভ্রুবোঃ ধনুরান্দোলিতা (ধনুষী ইব আন্দোলিন্যৌ উৎক্ষেপিন্যৌ ধনুরান্দোলিন্যৌ তয়োর্ভা-বস্তত্তা) রাগচূর্ণৈঃ (রজ্যন্তে এভিরিতি রাগাঃ তাদৃশৈঃ চূর্ণৈঃ) রদানাং (দন্তানাং) রঞ্জনং (লোহিতী করণম্) ইত্যাদি চেষ্টিতং (চেষ্টা দৃশ্যতে)॥ ৩১৭॥

অন্বয়ঃ—অঘদ্বিষঃ (অঘম্ অসুরবিশেষং পাপং চ দ্বেষ্টি ইতি অঘদ্বিট্

টীকা—নখাগ্রাণাং খরতা রদানাং রঞ্জনমিতি তচ্ছোভাবিশেষজ্ঞাপনায় লোকরীতিকথনমাত্রম্। তত্র তু স্বভাবত এব তাদৃশনখসৌষ্ঠবং শিখরমণিলাবণ্য তিরস্কারি-দন্তলাবণ্যং চাবির্ভবতীতি জ্ঞেয়ম্। অতএবৈতে পরিচ্ছদমধ্যে ন পঠিতে; ধনুষী ইব আন্দোলিন্যৌ ধনুরান্দোলিন্যৌ তয়োর্ভাবঃ ধনু-রান্দোলিতা ॥ ৩১৭॥ (৩১৮)

শ্লোকার্থ—এই আদ্য কৈশোরে নখাগ্রগুলি সুতীক্ষ্ণকরণ, ভ্রূদ্বয় ধনুর ন্যায় আন্দোলিত করণ (কম্পিতকরণ) এবং রঞ্জক চূর্ণাদি (আবির চূর্ণাদি) দ্বারা দন্তগুলি রঞ্জিত করণ ইত্যাদি চেষ্টা দৃষ্ট হয় ॥ ৩১৭॥

শ্লোকার্থ—অঘরিপুর ভ্রূযুগল কন্দর্পের নব ধনুর ন্যায় নৃত্য করিতেছে, তাঁহার নখরাজির অগ্রভাগ এরূপ সুতীক্ষ্ণ যেন শানিত শরসমূহের ন্যায় বোধ হইতেছে, তাঁহার মনোহর দন্ত শ্রেণী এরূপ অরুণ বর্ণ যে অরুণা (মঞ্জিষ্ঠা) যেন শরীর ধারণ করিয়া বিরাজ করিতেছে। সুতরাং ইহাকে দেখিয়া কোন্ যুবতী না ভীত হয়? ॥ ৩১৮॥

তন্মোহনতা, যথা—

কর্ত্তুং মুগ্ধাঃ স্বয়মচটুলা ন ক্ষমন্তেঽভিযোগং
ন ব্যাদাতুং ক্বচিদপি জনে বক্ত্রমপ্যুৎসহন্তে।
দৃষ্ট্বা তাস্তে নবমধুরিম-স্মেরতাং মাধবার্ত্তাঃ
স্বপ্রাণেভ্যস্ত্রয়মুদসৃজন্নদ্য তোয়াঞ্জলীনাম্ ॥ ৩১৯ ॥

শ্রীকৃষ্ণঃ তস্য) ভ্রূযুগম্ অতনোঃ (কন্দর্পস্য) নবং ধনুরিব নটৎ (নৃত্যৎ) অগ্রে (অগ্রভাগে) খরা (তীক্ষ্ণা) নখররাজিঃ (নখশ্রেণী) শরালিরিব (শররাজিরিব) শাণিতা (তেজিতা) তীক্ষ্ণীকৃতা) রুচিরদন্তলেখা (মনোহরদন্তপঙ্‌ক্তিঃ) শরীরিণী (মূর্ত্তিমতী) অরুণা (মঞ্জিষ্ঠা ইব) বিরাজতি (দীপ্যতে) হে সখী! অস্য সমীক্ষণাৎ (দর্শনাৎ) কা যুবতিঃ ন বিত্রস্যতি (বিভেতি) ॥ ৩১৮ ॥

অন্বয়ঃ—হে মাধব! (কৃষ্ণ) তে (তব) নবমধুরিম-স্মেরতাং (নবেন মধুরিম্না মাধুর্য্যেণ পূর্ণাং স্মেরতাং হাস্যং) দৃষ্ট্বা মুগ্ধাঃ (মোহং প্রাপ্তাঃ) অচটুলাঃ (অচঞ্চলাঃ) তাঃ (গোপ্যঃ) স্বয়ম্ অভিযোগং (ভাবাভিব্যক্তিং) কর্ত্তুং ন ক্ষমন্তে (শক্নুবন্তি) কৃচিৎ (কস্মিংশ্চিৎ) জনে (তৎসমীপে) বক্ত্রং ব্যাদাতুং (বক্তুমিত্যর্থঃ) অপি ন উৎসহন্তে (পারয়ন্তি) আর্ত্তাঃ (পীড়িতাঃ) অদ্য স্বপ্রাণেভ্যঃ তোয়াঞ্জলীনাং (জলাঞ্জলীনাং) ত্রয়ম্ উদসৃজন্ (তত্যজুঃ মৃতপ্রায়াঃ বভূবুরিত্যর্থঃ) ॥ ৩১৯ ॥

টীকা—কর্ত্তুমিতি বৃন্দায়া বচনম্। তত্র প্রথমং তস্য সন্দেহং বিরচয্যোৎকণ্ঠাং বর্দ্ধয়ন্তী কারণং বিনৈব কার্য্যমাহ পূর্ব্বার্দ্ধেন—ততশ্চ কুত ইতি তৎপ্রশ্নানন্তরং তমেব কারণত্বেন—বিন্যস্য সম্যগার্দ্রয়ন্ত্যাহ তৃতীয়েন চরণেন। পুনশ্চ তর্হি কিং কুর্ব্বন্তীতি সগদ্‌গদং তৎপ্রশ্নানন্তরং তমতিব্যাকুলয়ন্ত্যাহ চতুর্থেনেতি যোজনীয়ম্, অভিযোগং, ভাবাভিব্যক্তিম্ ॥ ৩১৯ ॥ (৩২০—৩২৫)

কৈশোরের মোহনতা, যথা—

শ্লোকার্থ—বৃন্দাদেবী শ্রীকৃষ্ণকে কহিলেন, হে মাধব! তোমার নব নব মাধুর্য্যশালী হাস্য সন্দর্শন করিয়া অচঞ্চল ও মুগ্ধ গোপীগণ তাহাদিগের মনোগত ভাব স্বয়ং প্রকাশ করিতেও অসমর্থ, এমনকি তাহারা কোন ব্যক্তির সহিত আলাপ করিতেও সমর্থ হইতেছে না। অধিক কি বলিব তাহারা এরূপ পীড়িত যে অদ্য নিজের প্রাণকে তিন অঞ্জলি জল প্রদান করিয়াছে অর্থাৎ জীবিতাশা ত্যাগ করিয়াছে ॥ ৩১৯ ॥

অথ মধ্যমম্—

উরুদ্বয়স্য বাহ্বোশ্চ কাপি শ্রীরুরসস্তথা।
মূর্ত্তের্মধুরিমাদ্যঞ্চ কৈশোরে সতি মধ্যমে॥ ৩২০॥

যথা—

স্পৃহয়তি করিশুণ্ডাদণ্ডনায়োরুযুগ্মং
গরুড়মণিকপাটীসখ্যমিচ্ছত্যুরশ্চ।
ভুজযুগমপি ধিৎসত্যর্গলাবর্গনিন্দা-
মভিনবতরুণিম্নঃ প্রক্রমে কেশবস্য॥ ৩২১॥
মুখং স্মিতবিলাসাঢ্যং বিভ্রমোত্তরলে দৃশৌ।
ত্রিজগন্মোহনং গীতমিত্যাদিরিহ মাধুরী॥ ৩২২॥

অন্বয়ঃ—মধ্যমে কৈশোরে সতি উরুদ্বয়স্য (সক্থিযুগলস্য) বাহ্বোঃ (ভুজয়োঃ) তথা উরসঃ (বক্ষসঃ) কাপি (অনির্ব্বচনীয়া) শ্রীঃ (শোভা) মূর্ত্তেঃ (শ্রীবিগ্রহস্য) মধুরিমাদ্যং চ (মাধুর্য্যাদি প্রকটিতং ভবতি)॥ ৩২০॥

অন্বয়ঃ—অভিনবতরুণিম্নঃ (নব যৌবনস্য) প্রক্রমে (প্রারম্ভে) কেশবস্য উরুযুগ্মং (উরুদ্বয়ং) করিশুণ্ডাদণ্ডনায় (হস্তিনঃ শুণ্ডায়াঃ দণ্ডনায় তাং জেতুমিত্যর্থঃ) স্পৃহয়তি (ইচ্ছতি) উরশ্চ (বক্ষঃস্থলং) গরুড়মণিকপাটীসখ্যং (মরকতমণিময়ক্ষুদ্র কপাটসৌহৃদ্যং) (স্পৃহয়তি) ভুজযুগম্ অপি (বাহুদ্বয়মপি) অর্গলাবর্গনিন্দাং (অর্গলস্য অতিনিন্দাং) ধিৎসতি (কর্ত্তুমিচ্ছতি)॥ ৩২১॥

অন্বয়ঃ—ইহ (অস্মিন্ মধ্য কৈশোরে) স্মিতবিলাসাঢ্যং (মন্দহাস্য-

মধ্য কৈশোর—

শ্লোকার্থ—মধ্য কৈশোরে উরুদ্বয়, বাহুদয় ও বক্ষঃস্থলের অনির্ব্বচনীয় শোভা এবং শ্রীমূর্ত্তির মাধুর্য্যাদি প্রকাশিত হয়॥ ৩২০॥

যথা—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণের অভিনব তারুণ্যারম্ভে উরুদ্বয় করিশুণ্ডকে সম্যকরূপে দণ্ড দানের অভিলাষ করিতেছে, বক্ষঃস্থল মরকতমণি নির্ম্মিত কপাটের সহিত সখ্য করিতে ইচ্ছা করিতেছে এবং ভুজযুগল অর্গলাবৃন্দকে (হুড়কাদিগকে) নিন্দা করিতেছে। অর্থাৎ কেশবের মধ্য কৈশোরে পূর্ব্বোক্ত প্রকার শরীরের শোভা প্রকাশ পাইতেছে। তাঁহার উরুযুগল করিশুণ্ড অপেক্ষা মসৃণ, দৃঢ় এবং মাংসল, বক্ষঃস্থল অতিশয় প্রশস্ত এবং ভুজযুগল সুগোল ও সুদৃঢ়॥ ৩২১॥

যথা—

অনঙ্গনয়চাতুরীপরিচয়োত্তরঙ্গে দৃশৌ
মুখাম্বুজমুদঞ্চিতস্মিত-বিলাস-রম্যাধরম্ ।
অচঞ্চলকুলাঙ্গনাব্রতবিড়ম্বিসঙ্গীতকং
হরেস্তরুণিমাঙ্কুরে স্ফুরতি মাধুরী কাপ্যভূৎ ॥ ৩২৩ ॥
বৈদগ্ধীসারবিস্তারঃ কুঞ্জকেলিমহোৎসবঃ ।
আরম্ভো রাললীলাদেরিহ চেষ্টাদিসৌষ্ঠবম্ ॥ ৩২৪ ॥

বিলাসেন আঢ্যং যুক্তং) মুখং, বিভ্রমোত্তরমে (বিভ্রমেণ শৃঙ্গারভাবজক্রিয়া-বিশেষেণ অস্থানে ভূষণ বিন্যাস রূপেণ উত্তরলে চঞ্চলে) দৃশৌ (চক্ষুষী) ত্রিজগন্মোহনং (ত্রৈলোক্যস্য সম্মোহজনকং) গীতম্ ইত্যাদিঃ মাধুরী ॥ ৩২২ ॥

অন্বয়ঃ—হরেঃ তরুণিমাঙ্কুরে (যৌবনস্য নবোদ্‌গমে) স্ফুরতি (প্রকাশমানে) কাপি (অনির্ব্বচনীয়া) মাধুরী (প্রকাশিতা) অভূৎ, (তস্য) দৃশৌ (নয়নে) অনঙ্গ নয়চাতুরী পরিচয়োত্তরঙ্গে (কন্দর্পস্য নীতিচাতুর্য্যস্য অভ্যাসেন উত্তরঙ্গে চঞ্চলে অভূতাম) মুখাম্বুজং (মুখম্‌এব অম্বুজং পদ্মং) উদিঞ্চিতস্মিতবিলাস-রম্যাধরং (উদঞ্চিতস্য প্রকটিতস্য স্মিতস্য হাস্যস্য বিলাসেন রম্যঃ মনোহরঃ অধরঃ যস্য তাদৃশম্ অভূৎ, সঙ্গীতকং (সঙ্গীতং) অচঞ্চল কুলাঙ্গনাব্রতবিড়ম্বি (অঞ্চলানাং কুলাঙ্গনানাং কুলস্ত্রীণাং যদ ব্রতং পাতিব্রত্যরূপং তদ্ বিড়ম্বিতুং তিরস্কর্ত্তুং শীলং যস্য তাদৃশম অভূৎ) ॥ ৩২৩ ॥

অন্বয়ঃ—বৈদগ্ধীসারবিস্তারঃ (বৈদগ্ধ্যাঃ রসিকতায়াঃ সারবিস্তারঃ উৎকর্ষ

শ্লোকার্থ—মন্দহাস্য শোভাযুক্ত মুখ, বিভ্রমযুক্ত চঞ্চল লোচনদ্বয়, ত্রিজগৎ মনোহারী গীত ইত্যাদি মধ্য কৈশোরের মাধুর্য্য ॥ ৩২২ ॥

যথা—

শ্লোকার্থ—আহা! শ্রীকৃষ্ণের তরুণাবস্থার আরম্ভেই কি অনির্ব্বচনীয় শোভা প্রকাশ পাইতেছে। তাঁহার অতি চঞ্চল লোচনদ্বয় কন্দর্পের নীতি চাতুর্য্যের পরিচয় প্রদান করিতেছে, মুখকমল হাস্যবিলাসযুক্ত মনোহর অধর দ্বারা সুশোভিত হইয়াছে, তাঁহার সঙ্গীত এমন কি অচঞ্চল কুলাঙ্গনাদিগেরও পাতিব্রত্য রূপ ব্রতকে অপমানিত করিতেছে ॥ ৩২৩ ॥

শ্লোকার্থ—রসিকতার সার বিস্তার, কুঞ্জে ক্রীড়ারূপ মহোৎসব ও রাস-লীলাদির আরম্ভই মধ্য কৈশোরের চেষ্টাদির সৌন্দর্য্য ॥ ৩২৪ ॥

যথা—

ব্যক্তালক্তপদৈঃ ক্কচিৎ পরিলুঠৎপিঞ্ছাবতংসৈঃ
ক্কচি তল্পৈর্বিচ্যুতকাঞ্চিভিঃ ক্কচিদসৌ ব্যাকীর্ণকুঞ্জোৎকতা।
প্রোদ্যন্মণ্ডলবন্ধতাণ্ডবঘটালক্ষ্মোল্লসৎসৈকতা
গোবিন্দস্য বিলাসবৃন্দমধিকং বৃন্দাটবী শংসতি ॥ ৩২৫ ॥

তন্মোহনতা, যথা—

বিদূরান্মারাগ্নিং হৃদয়-রবিকান্তে প্রকটয়-
ন্নুদস্যন্ ধর্ম্মেন্দুং বিদধদভিতো রাগপটলম্ ।

প্রকটনং) কুঞ্জকেলি মহোৎসবঃ (কুঞ্জে লতাদ্যাচ্ছাদিতে স্থানে কেলিমহোৎসবঃ ক্রীড়ানন্দ সম্পাদনম্) রাসলীলাদেঃ আরম্ভঃ ইহ (মধ্য কৈশোরে) চেষ্টাদি-সৌষ্ঠবং (চেষ্টায়াঃ আদিঃ শ্রেষ্ঠ্যং সৌষ্ঠবং সৌন্দর্য্যম্ ॥ ৩২৪ ॥

অন্বয়ঃ—ক্কচিৎ ব্যক্তালক্তপদৈঃ (ব্যক্তৈঃ স্পষ্টৈঃ অলক্তকচিহ্নৈঃ) ক্কচিৎ পরিলুঠৎপিঞ্ছাবতংসৈঃ (পরিলুঠদ্ভিঃ ইতস্ততো লুণ্ঠদ্ভিঃ পিঞ্ছাবতংসৈঃ শিরো-ভূষণীভূতবর্হৈঃ) ক্কচিৎ বিচ্যুত কাঞ্চিভিঃ (বিচ্যুতাঃ কাঞ্চ্যঃ মেখলাঃ যেষু তৈঃ) তল্পৈঃ (শয্যাভিঃ) ব্যাকীর্ণকুঞ্জোৎকরা (ব্যাকীর্ণঃ ব্যাপ্তঃ কুঞ্জানাম্ উৎকরঃ সমূহঃ যস্যাং সা) প্রোদ্যন্মণ্ডলবন্ধতাণ্ডবঘটালক্ষোল্লসৎসৈকতা (প্রোদ্যব প্রকাশমানং মণ্ডলবন্ধেন মণ্ডলরচনয়া যা তাণ্ডবঘটা নৃত্যপরম্পরাঃ তস্যাঃ লক্ষ্মা চিহ্নং তেন উল্লসন্তি শোভমানানি সৈকতানি সিকতাময়ানি পুলিনানি যস্যাঃ তথাভূতা) অসৌ বৃন্দাটবী বৃন্দাবনং) গোবিন্দস্য বিলাসবৃন্দং (ক্রীড়াসমূহং) অধিকং যথা তথা শংসতি (জ্ঞাপয়তি) ॥ ৩২৫ ॥

অন্বয়ঃ—হে সখি! তরস্বী (বলবান্) মধুরিমভরার্কঃ (মধুরিমভরঃ

যথা—

শ্লোকার্থ—কোন স্থানে সুস্পষ্ট যাবকযুক্তপদ চিহ্ন, কোথাও ভূমিতে পতিত শিখিপিঞ্ছ নিৰ্ম্মিত শিরোভূষণ, কোন স্থানে স্খলিত কাঞ্চিদামযুক্ত শয্যা এবং কোন স্থানে বিস্তীর্ণ কুঞ্জ সমূহান্বিত ও মণ্ডলীবদ্ধ তাণ্ডব (নৃত্য) ঘটার চিহ্ন শোভিত পুলিন বিশিষ্ট বৃন্দাবন গোবিন্দের বিলাস সকলের কথা বলিয়া দিতেছে অর্থাৎ বৃন্দাবনের যাবকযুক্ত পদচিহ্ন, ভূমিলুণ্ঠিত শিখিপিঞ্ছ নিৰ্ম্মিত শিরোভূষণ, শয্যায় স্খলিত কাঞ্চিদাম ইত্যাদি দ্বারা ব্যাপ্ত কুঞ্জসমূহ ও যমুনা পুলিনে নৃত্যোৎসবের চিহ্ন সকল শ্রীকৃষ্ণের বিলাস জানাইয়া দিতেছে॥ ৩২৫ ॥

কথং হা নস্ত্রাণং সখি ! মুকুলয়ন্ বোধকুমুদং
তরস্বী কৃষ্ণাবভ্রে মধুরিমভরার্কোঽভ্যুদয়তে ? ॥ ৩২৬ ॥

অথ শেষম্—

পূর্ব্বতোঽপ্যধিকোৎকর্ষং বাঢ়মঙ্গানি বিভ্রতি।
ত্রিবলিব্যক্তিরিত্যাদ্যং কৈশোরে চরমে সতি ॥ ৩২৭ ॥

যথা—

মরকতগিরের্গণ্ডগ্রাব-প্রভাহর-বক্ষসং
শতমখমণি-স্তম্ভারম্ভপ্রমাথি-ভুজদ্বয়ম্।

মাধুর্য্যপূর্ণঃ মাধুর্য্যময় ইত্যর্থঃ অর্কঃ সূর্য্যঃ) বিদূরাৎ হৃদয়রবিকান্তে হৃদয়রূপ সূর্য্যকান্ত মণৌ) (মারাগ্নিং (কামাগ্নিং) প্রকটয়ন্ অভিতঃ (সর্ব্বত্র) রাগপটলং (রাগঃ মারাগ্নিকৃততৃষ্ণাতিশয়ঃ রক্তিমা চ তস্য পটলং সঞ্চয়ং) বিদধৎ (কুর্ব্বন্) ধর্ম্মেন্দুং (ধর্ম্মরূপচন্দ্রং) উদসান্ (উৎসারয়ন্) বোধকুমুদং (জ্ঞানকৈরবং) মুকুলয়ন্ (মুদ্রযন্) কৃষ্ণাভ্রে (কৃষ্ণরূপমেঘে) অভ্যুদয়তে হা নঃ (অস্মাকং) কথং ত্রাণং (রক্ষা ভবিতা) ॥ ৩২৬ ॥

অন্বয়ঃ—চরমে (চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি ন তু কৌমারাদিবদ্‌ব্যভিচরতি মা লক্ষ্মীর্যস্মিন্নিতি চরমং তস্মিন্ পরমপূর্ণাবস্থে) কৈশোরে সতি অঙ্গানি পূর্ব্বতোঽপি (পূর্ব্বাপেক্ষয়া) অধিকোৎকর্ষং বিভ্রতি (ধারয়তি) ত্রিবলিব্যক্তিঃ (উদরে রেখাত্রয়স্য প্রকাশঃ) ইত্যাদ্যং (ইত্যাদি) বাঢ়ম্ (অধিকং ভবতি) ॥ ৩২৭ ॥

অন্বয়ঃ—মরকতগিরেঃ (মরকত পর্ব্বতস্য) গণ্ডগ্রাবপ্রভাহরবক্ষসং (গণ্ডগ্রাবলঃ

টীকা—বিদূরাদিতি—অবভ্রং নভঃ। রাগোঽত্র মারাগ্নিকৃত-তৃষ্ণাতিশয়ঃ ॥ ৩২৬ ॥ (৩২৭)

মধ্যকৈশোরের মোহনতা' যথা—

শ্লোকার্থ—হে সখি! কৃষ্ণাকাশে কোন্ বলিষ্ঠ মাধুর্য্যপূর্ণ সূর্য্য উদিত হইল ? ইনি দূর হইতে আমাদের হৃদয় রূপ সূর্য্যকান্ত মণিতে কন্দর্পাগ্নি প্রকটিত, চতুর্দ্দিক কামতৃষ্ণারূপ রাগপটল (রক্তবর্ণ) বিধান, আমাদিগের ধর্ম্মরূপ চন্দ্রকে অস্তমিত ও জ্ঞানরূপ কুমুদকে মুদিত করিতেছেন। হায়! আমাদের আর পরিত্রাণের উপায় দেখিতেছি না ॥ ৩২৬ ॥

শেষ কৈশোর—

শ্লোকার্থ—চরম কৈশোর আরম্ভ হইলে অঙ্গ সকলের পূর্ব্বাপেক্ষা অধিক উৎকর্ষ, স্পষ্টরূপ ত্রিবলি রেখা প্রকাশাদি হইয়া থাকে ॥ ৩২৭ ॥

তনু-তরণিজা-বীচিচ্ছায়া-বিড়ম্বি-বলিত্রয়ং
মদনকদলী-সাধিষ্ঠোরুং স্মরাম্যসুরান্তকম্ ॥ ৩২৮ ॥

তন্মাধুর্য্যং, যথা—

দশার্দ্ধশরমাধুরী-দমন-দক্ষয়াঙ্গশ্রিয়া
বিধূনিতবধূধৃতিং বরকলা-বিলাসাস্পদম্ ।

স্থূলপাষাণখণ্ডস্য প্রভাহরং কান্তিহারকং বক্ষঃ যস্য তম্) শতমখমণিস্তম্ভারম্ভ-প্রমাথিভুজদ্বয়ং (শতমখমণিস্তম্ভস্য ইন্দ্রনীলমণিময়স্তম্ভস্য আরম্ভং গর্ব্বং প্রমথিতুং শীলং যস্য তাদৃশং ভুজদ্বয়ং যস্য তম্) তনুতরণিজাবীচিচ্ছায়া-বিড়ম্বিবলিত্রয়ং (তনু সূক্ষ্মা তরণিজায়াঃ যমুনায়াঃ বীচিঃ তরঙ্গঃ তস্যাঃ ছায়া-বিড়াম্বি কান্তিধিক্কারি বলিত্রয়ং যস্য তম্) মদনকদলীসাধিষ্ঠোরুং (মদনকদলী কদলীবিশেষঃ মদনাকলা ইতিভাষা ততঃ সাধিষ্ঠৌ সাধীয়াংসৌ পরমাতি-শয়িনৌ উরূ যস্য তম্) অসুরান্তকং (অসুরবিনাশকং কৃষ্ণং) (অহং) স্মরামি ॥ ৩২৮ ॥

অন্বয়ঃ—হে তরুণি! (যুবতি) দশার্দ্ধশর মাধুরীদমনদক্ষয়া (দশার্দ্ধশরস্য পঞ্চশরস্য মাধুর্য্যাঃ দমনে দক্ষয়া মাধুর্য্য নিগ্রহ সমর্থয়া) অঙ্গশ্রিয়া (অঙ্গকান্ত্যা) বিধূনিত বধূধৃতিং (বিধূনিতা বিচ্যাবিতা বধূনাং ধৃতিঃ ধৈর্য্যং যেন তম্) বরকলাবিলাসাস্পদং (শ্রেষ্ঠ নৃত্যগীতাদেঃ ক্রীড়াস্থানম্) দৃগঞ্চলচমৎকৃতি ক্ষপিত খঞ্জরীটদ্যুতিং (দৃগঞ্চলস্য নেত্রপ্রান্তস্য চমৎকৃত্যা সৌন্দর্য্যেণ ক্ষপিতা ক্ষয়ং প্রাপিতা খঞ্জরীটস্য খঞ্জনস্য দ্যুতিঃ শোভা যেন তম্) স্ফুরত্তরুণিমোদ্গমং

টীকা—সাধিষ্ঠত্বং পরমাতিশয়িত্বম্ ॥ ৩২৮ ॥ (৩২৯-৩৩০)

যথা—

শ্লোকার্থ—যাঁহার বক্ষঃস্থল মরকত পর্ব্বতের বৃহৎ পাষাণ খণ্ডের প্রভাহরণ করিতেছে, যাঁহার ভুজদ্বয় ইন্দ্রনীলমণি নির্ম্মিত স্তম্ভেরও গর্ব্বকে মথিত করিতেছে, যাঁহার ত্রিবলিযুক্ত তনু যমুনা তরঙ্গের কান্তিকেও বিড়ম্বিত করিতেছে ও যাঁহার উরু রামরম্ভা বৃক্ষ অপেক্ষাও পরম সুন্দর দেখাইতেছে সেই অসুরান্তক কৃষ্ণকে আমি স্মরণ করিতেছি ॥ ৩২৮ ॥

শেষ কৈশোরে মাধুর্য্য যথা—

শ্লোকার্থ—হে তরুণি! নবতারুণ্যের শোভা বিস্তারকারী পীতাম্বরকে দর্শন কর। ইনি পঞ্চশরের (কন্দর্পের) মাধুর্য্যকে নিগ্রহ করিতে সমর্থ এরূপ অঙ্গশোভা দ্বারা কুলবধূগণের ধৈর্য্যচ্যুতি ঘটাইতেছেন, ইনি শ্রেষ্ঠ নৃত্যাদি

দৃগঞ্চলচমৎকৃতি-ক্ষপিত-খঞ্জরীট-দ্যুতিং
স্ফুরত্তরুণিমোদ্গমং তরুণি ! পশ্য পীতাম্বরম্ ॥ ৩২৯ ॥
ইদমেব হরেঃ প্রাজ্ঞৈর্নবযৌবনমুচ্যতে ॥ ৩৩০ ॥
অত্র গোকুলদেবীনাং ভাবসর্ব্বস্বশালিতা ।
অভূতপূর্ব্বকন্দর্পতন্ত্রলীলোৎসবাদয়ঃ ॥ ৩৩১ ॥

স্ফুরন্ শোভমানঃ তরুণিম্নঃ যৌবনস্য উদ্গমঃ যস্য তম্) পীতাম্বরং (কৃষ্ণং) পশ্য (অবলোকয়) ॥ ৩২৯ ॥

অন্বয়—প্রাজ্ঞৈঃ (পণ্ডিতৈঃ) ইদমেব হরেঃ (চরমকৈশোরমেব) নবযৌবনম্ উচ্যতে ॥ ৩৩০ ॥

অন্বয়ঃ—অত্র (চরমকৈশোরে) গোকুলদেবীনাং (ব্রজদেবীনাং) ভাবসর্ব্বস্বশালিতা (ভাবস্য মধুরস্য যৎ সর্ব্বস্বং সর্ব্বোঽপ্যর্থঃ তেন প্রশংসাবত্তা) অভূতপূর্ব্বকন্দর্পতন্ত্রলীলোৎসবাদয়ঃ (অভূতপূর্ব্বঃ অপূর্ব্বঃ নবীনঃ অপ্রাকৃতঃ কন্দর্পঃ মদনঃ তন্ত্রং প্রধানং যেষু তাদৃশ ক্রীড়ানন্দাদয়ঃ ভবন্তি) ॥ ৩৩১ ॥

টীকা—ভাবস্য যৎ সর্ব্বস্বং সর্ব্বোঽপ্যর্থস্তেন প্রশংসাবত্তা। অত্র কৈশোরভেদাশ্চতুর্দ্ধা বর্ণ্যন্তে—লক্ষণেন, পরিচ্ছদেন, চেষ্টিতেন, মোহনতাবৈশিষ্ট্যেন চ। তত্র যদ্যপি পরিচ্ছদাদীন্যপি লক্ষণান্যেব, তথাপি বিশেষত স্তদ্বর্ণয়িতুমেব পৃথঙ্ নির্দ্দেশঃ। তদেবমাদ্যকৈশোরে তানি স্পষ্টান্যেব, মধ্যশেষয়োস্তু পরিচ্ছদস্য প্রায়ঃ সর্ব্বত্র সমানত্বাৎ পৃথঙ্নোক্তিঃ। মাধুরী চ মোহনতায়া এব কারণাবস্থা পৃথগ্ দর্শিতা। সা চাদ্যেঽপি ব্যঞ্জিতাস্তি। 'নবমধুরিমস্মেরতা'মিত্যনেন (২।১।৩১৯), 'নবং ধনুরিবাতনোর্নটদঘদ্বিষোর্ভ্রূযুগমি'ত্যনেন (২।১।৩১৮), 'রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরযন্নি'ত্যনেন (২।২।৩১৬) চ। মধ্যে চেষ্টাদিসৌষ্ঠবমিতি চেষ্টায়া আদি শ্রেষ্ঠ্যং সৌষ্ঠবমিত্যর্থঃ। চরমেঽপি চাত্র গোকুলেঽতিমোহনতা তস্মাৎ সৌষ্ঠব-মাধুর্য্যমোহনতানাং ভেদেঽপ্যভেদনির্দ্দেশঃ পরস্পরমব্যতিরেকিতয়াবগন্তব্যঃ। অত্র সৌষ্ঠবং তদ্দ্বয়োর্যোগ্যাঙ্গশোভাবিশেষঃ, মাধুর্য্যং তেন রোচকতা। মোহনতা তু তয়ানুভবান্তরমাচ্ছিদ্যাকর্ষিতেতি জ্ঞেয়ম্। তদেবং প্রকরণার্থো ব্যাখ্যাতঃ। অভূতপূর্ব্বেতি চেষ্টিতমুদ্দিষ্টম্ ॥ ৩৩১ ॥

চৌষট্টি বিদ্যার (কলার) ক্রীড়াস্থল, এবং ইহার নেত্রপ্রান্তের সৌন্দর্য্য খঞ্জনের শোভাও খর্ব্ব হইতেছে ॥ ৩২৯ ॥

শ্লোকার্থ—এই শেষ কৈশোরকে প্রাজ্ঞগণ নবযৌবন বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৩০ ॥

শ্লোকার্থ—উক্ত অন্ত কৈশোরে ব্রজদেবীগণ উজ্জ্বল ভাবময়ী হন এবং উক্ত বয়সে শ্রীকৃষ্ণ ও ব্রজদেবীগণের অদ্ভুত কামক্রীড়া জনিত আনন্দ প্রকাশ পায় ॥ ৩৩১ ॥

যথা—

কান্তাভিঃ কলহায়তে ক্বচিদয়ং কন্দর্পলেখান্ ক্বচিৎ
কীরৈরর্পয়তি ক্বচিদ্বিতনুতে ক্রীড়াভিসারোদ্যমম্ ।
সখ্যা ভেদয়তি ক্বচিৎ স্মরকলাষাড়্ গুণ্যবানীহতে
সন্ধিং ক্বাপ্যনুশাস্তি কুঞ্জনৃপতিঃ শৃঙ্গাররাজ্যোত্তমম্ ॥ ৩৩২ ॥

তন্মোহনতা, যথা—

কর্ণাকর্ণি সখী জনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া
পত্যুর্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি ।
বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতি ব্রতান্
কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ ! গুরুণা গৌরীগণঃ পাঠ্যতে ॥ ৩৩৩ ॥

অন্বয়ঃ—স্মরকলাষাড়্ গুণ্যবান্ (স্মরকলাসু) কামবিদ্যাসু ষড়্ গুণাঃ এব ষাড়্ গুণ্যং নীতিশাস্ত্রোক্তসন্ধ্যাদয়ঃ তদ্বান্) অয়ং কুঞ্জনৃপতিঃ (কুঞ্জাধিপতিঃ কৃষ্ণঃ) শৃঙ্গাররাজ্যোত্তমম্ (উত্তমং শৃঙ্গাররাজ্যম্) অনুশাস্তি, ক্বচিৎ কান্তাভিঃ প্রিয়াভিঃ কলহায়তে (কলহং করোতি) ক্বচিৎ কীরৈঃ (শুকৈঃ) কন্দর্পলেখান্ (স্মরচিহ্নানি) অর্পয়তি, ক্বচিৎ ক্রীড়াভিসারোদ্যমং (ক্রীড়ার্থমভিগমনে উদ্যোগং) বিতনুতে (কুরুতে) ক্বচিৎ সখ্যা (সখীদ্বারা) ভেদয়তি (মানং ত্যাজয়তি) ক্বাপি-সন্ধিং (পরস্পরস্যৈক্যং) ঈহতে (ঘটয়তি) ॥ ৩৩২ ॥

অন্বয়ঃ—হে কৃষ্ণ ! অদ্য তব কৈশোরেণ এব গুরুণা (শিক্ষকেন) গৌরীগণঃ

টীকা—তত্র চ সতি যথা কান্তাভিরিত্যাদিনা চেষ্টিতমুদাহরতি—ষাড়্ গুণ্য ইতি। ক্বচিৎ শৃঙ্গাররাজ্যোত্তমানুশাসন ইত্যেব লভ্যতে। অত্র নীতিশাস্ত্রানুসারো জ্ঞেয়ঃ। যথোক্তং—সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ—ষড়্ গুণা ইতি। অত্র কান্তাভিরিতি বিগ্রহঃ। কন্দর্পলেখানিতি দ্বৈধৎ। ক্রীড়েতি যানং। সখ্যেত্যাশ্রয়ঃ। সন্ধিমিতি সন্ধিঃ। কুঞ্জনৃপতিরিত্যাসনমিতি ষট্‌কং ব্যঞ্জিতম্ ॥ ৩৩২ ॥

শ্লোকার্থ—কুঞ্জনৃপতি আসনে শ্রীকৃষ্ণ কামকলায় ষড়্ গুণ [সন্ধি, বিগ্রহ, যান (গমনসাধন), আসন, ভেদ ও আশ্রয়] বিশিষ্ট হইয়া উত্তম শৃঙ্গার রাজ্য শাসন করিতেছেন। তিনি কোনস্থানে কান্তাদিগের সহিত কলহ ঘটাইতেছেন, কোন স্থানে শুকপক্ষি দ্বারা নখচিহ্নরূপ ভেদ বিধান করিতেছেন, কোথাও ক্রীড়ার জন্য গমনোদ্যত হইতেছেন এবং সখীর দ্বারা কোথাও মানত্যাগরূপ আশ্রয় এবং কোথাও সন্ধি করিতেছেন ॥ ৩৩২ ॥

নেতুঃ স্বরূপমেবোক্তং কৈশোরমিহ যদ্যপি
নানাকৃতিপ্রকটনাত্তথাপ্যুদ্দীপনং মতম্ ॥ ৩৩৪ ॥

(শ্রীরাধিকা যুথঃ গোপীগণঃ ইত্যর্থঃ) সখীজনেন (সহ) কর্ণাকর্ণি (প্রায়েণ বিসম্বাদপ্রায়ত্বাৎ পরস্পরং কর্ণেন কর্ণেন যুদ্ধমিব প্রবৃত্তমিত্যর্থঃ) বিজনে (নির্জ্জনে) দূতীস্ততি প্রক্রিয়া (দূতীনাং স্ততিপ্রকারঃ) পত্যুঃ (স্বামিনঃ) বঞ্চন চাতুরী (বঞ্চনে প্রতারণে চাতুরী নৈপুণ্যম্) নিশি (রাত্রৌ) কুঞ্জ প্রয়াণে (কুঞ্জ-গমনে) গুণনিকা (অভ্যাসঃ) গুরুবাচি (গুরূণাং পত্যাদীনাং বাক্যে) বাধির্য্যং (বধিরতা শ্রবণবৃত্তি নিরোধঃ) বেণুবিরুতৌ (বংশীধ্বনৌ) উৎকর্ণতা (শ্রবণৌৎ-সুক্যম্) ইতি (ইত্যাদীনি) ব্রতান্ (নিয়মান্) পাঠ্যতে (অধ্যাপ্যতে) ॥ ৩৩৩ ॥

অন্বয়ঃ—যদ্যপি ইহ (অস্মিন্ প্রকরণে) নেতুঃ (নায়কস্য) স্বরূপমেব কৈশোরং প্রোক্তং তথাপি নানাকৃতি প্রকটনাৎ (নানাকৃতীনাং কৌমার পৌগণ্ড কৈশোরাণাং যথাবসরমেব প্রকটনাৎ প্রাকট্যাৎ কৃষ্ণাখ্যধর্ম্মিণস্ত তত্রতত্রানুগত-ত্বাৎ উদ্দীপনং মতম্ (জ্ঞাতব্যম্) ॥ ৩৩৪ ॥

টীকা—অথ মোহনতামুদাহরতি—তন্মোহনতা যথেতি। তদেবং ত্রিষ্বপি কৈশোরেষু সাম্যেনৈব বর্ণনং জ্ঞেয়ম্। কর্ণাকর্ণীতি প্রণয়েন বিসম্বাদপ্রায়ত্বাৎ পরস্পরং কর্ণেন কর্ণেন যুদ্ধমিব প্রবৃত্তমিত্যর্থঃ ॥ ৩৩৩ ॥

টীকা—পূর্ব্বং (২।১।৩০৫) "গুণাঃ স্বরূপমি"ত্যাদিনা যং ভেদমঙ্গীকৃত্য গুণানামুদ্দীপনত্বং দর্শিতং, তমেব কৈশোরমুপলক্ষ্য স্থাপয়ংস্তেষাং স্বত উদ্দীপনত্ব-মেবেতি দ্রঢ়য়তি—নেতুরিতি। স্বরূপধর্ম্মত্বাদ্‌যদ্যপি নেতুর্নায়কস্য স্বরূপমেব কৈশোরং, তথাপি নানাকৃতীনাং কৌমারপৌগণ্ডকৈশোরাণাং যথাবসরমেব প্রকটনাৎ প্রাকট্যাং কৃষ্ণাখ্যধর্ম্মিণস্ত তত্র তত্রানুগতত্বাৎ কৈশোরমপ্যুদ্দীপন-মেবেত্যর্থঃ। আলম্বনঃ খলু সর্ব্বদানুগত এব। উদ্দীপনাস্ত কাদাচিৎকা ইতি ॥ ৩৩৪ ॥

শেষ কৈশোরের মোহনতা, যথা—

শ্লোকার্থ—হে কৃষ্ণ ! অদ্য তোমার কৈশোররূপ গুরু গোপীগণকে সখীজনের সহিত কর্ণাকর্ণি, নির্জ্জনে দূতীদিগের অথবা দূতীদিগকে স্তব করিবার রীতি, পতিবঞ্চনা বিষয়ে নৈপুণ্য, রাত্রিতে কুঞ্জগমন অভ্যাস, গুরুবাক্যে বধিরতা, বেণুধ্বনিতে উৎকর্ণতা ইত্যাদি ব্রত সকল পাঠ করাইতেছেন ॥ ৩৩৩ ॥

শ্লোকার্থ—যদিও এই প্রকরণে নায়কের স্বরূপধর্ম্ম বশতঃ কৈশোরকে নায়কের স্বরূপ বলিয়া উল্লেখ করা হইয়াছে তথাপি ক্রমানুসারে বাল্য, পৌগণ্ড ও কৈশোর—নানা রূপের প্রাকট্য বশতঃ কৈশোর উদ্দীপন, ইহাই পণ্ডিতগণের মত ॥ ৩৩৪ ॥

বাল্যেঽপি নবতারুণ্যপ্রাকট্যং শ্রূয়তে ক্বচিৎ।
তন্নাতিরসবাহিত্বান্ন রসজ্ঞৈরুদাহৃতম্ ॥ ৩৩৫ ॥

অথ সৌন্দর্য্যম্—

ভবেৎ সৌন্দর্য্যমঙ্গানাং সন্নিবেশো যথোচিতম্ ॥ ৩৩৬ ॥

যথা—

মুখং তে দীর্ঘাক্ষং মরকত-তটীপীবরমুরো
ভুজদ্বন্দ্বং স্তম্ভদ্যুতি সুবলিতং পার্শ্বযুগলম্।

অন্বয়ঃ—ক্বচিৎ (ব্রতরত্নাকরধৃত-ভবিষ্যপুরাণ বচনাদৌ) বাল্যেঽপি নবতারুণ্যপ্রাকট্যং (নবযৌবনপ্রকাশঃ) শ্রূয়তে তৎ (তাদৃশ প্রাকট্যং) নাতিরসবাহিত্বাৎ (রসনির্ব্বাহ ক্রমযোগাভাবাৎ) রসজ্ঞৈঃ (রসিকৈঃ) ন উদাহৃতম্ ॥ ৩৩৫ ॥

অন্বয়ঃ—অঙ্গানাং যথোচিতম্ (যথাযোগ্যং) সন্নিবেশঃ (সংযোজনং) সৌন্দর্য্যং (সুরম্যাঙ্গত্বং) ভবেৎ ॥ ৩৩৬ ॥

অন্বয়ঃ—হে কংসারে! (কৃষ্ণ) তে (তব) দীর্ঘাক্ষং (দীর্ঘে আবর্ণ-বিশ্রান্তে অক্ষিণী চক্ষুষী যস্য তাদৃশং) মুখং, মরকততটীপীবরং (মরকতমণিময় পর্ব্বতৈকদেশ বিশালং) উরঃ (বক্ষঃস্থলং) স্তম্ভদ্যুতি (স্তম্ভসদৃশং) ভুজদ্বন্দ্বং (বাহুযুগলং) সুবলিতং (সুবর্ত্তুলং) পার্শ্বযুগলম্, পরিক্ষীণঃ (কৃশঃ) মধ্যঃ

টীকা—শ্রূয়ত ইতি। 'বাল্যেঽপি ভগবান্ কৃষ্ণস্তরুণং রূপমাশ্রিতঃ। রেমে বিহারৈর্বিবিধৈঃ প্রিয়য়া সহ রাধয়ে"ত্যাদি ব্রতরত্নাকরধৃতভবিষ্যপুরাণাদৌ। তন্নাতিরসবাহিত্বাদিতি—ক্রমযোগেনৈব রসাঃ সম্পদ্যন্তে নেতরথেতি ভাবঃ ॥ ৩৩৫ ॥

টীকা—তত্র সৌন্দর্য্যং 'সুরম্যাঙ্গত্ব'পর্য্যায়ম্ ॥ ৩৩৬।

টীকা—মুখমিতি। লহর্য্যত্র উত্তরোত্তর-মাধুর্য্যাবির্ভাবঃ। জঘনশব্দঃ পুং-

---

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণের বাল্যেও কোন কোন স্থলে নবতারুণ্যের প্রকাশ হইয়াছে শুনিতে পাওয়া যায় কিন্তু তাহা রসপোষক নহে বলিয়া রসজ্ঞেরা তাহা দৃষ্টান্ত রূপে উল্লেখ করেন নাই ॥ ৩৩৫ ॥

অথ সৌন্দর্য্য—

শ্লোকার্থ—অঙ্গ সকলের যথাযোগ্য সন্নিবেশকে সৌন্দর্য্য বলে ॥ ৩৩৬ ॥

যথা—

শ্লোকার্থ—হে কৃষ্ণ! তোমার দীর্ঘ নয়নবিশিষ্ট বদন, মরকত নির্ম্মিত নদীপুলিনের ন্যায় বিশাল বক্ষঃস্থল, স্তম্ভের ন্যায় ভুজযুগল, সুন্দর পার্শ্বদ্বয়,

পরিক্ষীণো মধ্যঃ প্রথিমলহরীহারি জঘনং
ন কস্যাঃ কংসারে! হরতি হৃদয়ং পঙ্কজদৃশঃ ॥ ৩৩৭ ॥

অথ রূপম্—

বিভূষণং বিভূষ্যং স্যাদ্‌যেন তদ্‌রূপমুচ্যতে ॥ ৩৩৮ ॥

যথা—

কৃষ্ণস্য মণ্ডনততির্মণিকুণ্ডলাদ্যা
নীতাঙ্গসঙ্গতিমলঙ্কৃতয়ে বরাঙ্গি!

(দেহমধ্যভাগঃ) প্রথিম লহরীহারি (প্রথিম) অতিশয়েন পৃথু বিস্তৃতং লহরীহারি —লহর্য্যত্র উত্তরোত্তরমাধুর্য্যাবির্ভাবতয়া হারি মনোহরম্ ইত্যর্থঃ) জঘনম্ (অত্র পুংস্কট্যগ্রভাগঃ) কস্যাঃ পঙ্কজদৃশঃ (কমললোচনায়াঃ) হৃদয়ং ন হরতি (আকর্ষতি) ॥ ৩৩৭ ॥

অন্বয়ঃ—যেন (তৎতৎ পোষযোগ্যেন তাদৃশ সৌন্দর্য্যকান্ত্যোঃ সমবায় বিশেষেণ ইত্যর্থঃ) বিভূষণম্ (অলঙ্কারঃ) বিভূষ্যং (মণ্ডনীয়ং) স্যাৎ তৎ রূপম্ উচ্যতে (কথ্যতে) ॥ ৩৩৮ ॥

অন্বয়ঃ—হে বরাঙ্গি (সুগাত্রি) মণিকুণ্ডলাদ্যা মণ্ডনততিঃ (অলঙ্কারসমূহঃ) কৃষ্ণস্য অলঙ্কৃতয়ে (শোভাবিধানায়) অঙ্গসঙ্গতিং (অঙ্গসঙ্গং) নীতা (প্রাপিতা) তদ্বিধানে (অলঙ্কৃতি সম্পাদনে) মনাক্ (ঈষৎ) অপি শক্তা (সমর্থা) ন বভূব

স্কট্যগ্রভাগেঽপি প্রযুজ্যতে। 'মহীতলং তজ্জঘনমিতি' দ্বিতীয়স্কন্ধে (২।১।২৭) বিরাড়্‌বর্ণনাৎ। প্রথিম-ললিতং শ্রোণিফলকমিতি তু পাঠান্তরম্ ॥ ৩৩৭ ॥

টীকা—যেনেতি তত্তৎপোষযোগ্যেন তাদৃশসৌন্দর্য্যকান্ত্যোঃ সমবায়-বিশেষেণেত্যর্থঃ ॥ ৩৩৮ ॥

টীকা—কৃষ্ণস্যেতি। পশ্চাত্ত্বলঙ্কৃতা সতী শক্তা বভূবেতি ভাবঃ, বক্ষ্যতে হি—

ক্ষীণ মধ্যদেশ এবং বৃহত্তরঙ্গনিন্দি নিতম্ব কোন্ পঙ্কজনয়নার চিত্ত না হরণ করে? ॥ ৩৩৭ ॥

অথ রূপ—

শ্লোকার্থ—যাহা দ্বারা অলঙ্কার ও অলঙ্কৃত অর্থাৎ শোভিত হয় তাহাকে রূপ বলে। অর্থাৎ যে দেহ শোভা ভূষণের দ্বারা বর্দ্ধিত না হইয়া ভূষণেরই শোভা বৃদ্ধি করে তাহাকে রূপ বলে ॥ ৩৩৮ ॥

যথা—

শ্লোকার্থ—অয়ি শোভনাঙ্গি! মণিকুণ্ডলাদি ভূষণসকল শ্রীকৃষ্ণের অঙ্গসঙ্গ

শক্তা বভূব ন মনাগপি তদ্বিধানে
সা প্রত্যুত স্বয়মনল্পমলঙ্কৃতাসীৎ ।। ৩৩৯ ।।

অথ মৃদুতা—

মৃদুতা কোমলস্যাপি সংস্পর্শাসহতোচ্যতে ।। ৩৪০ ।।

যথা—

অহহ নবাম্বুদকান্তে,-রমুষ্য সুকুমারতা কুমারস্য ।
অপি নবপল্লবসঙ্গা,-দঙ্গান্যপরজ্য শীর্য্যন্তি ।। ৩৪১ ।।

(পশ্চাৎ তু অলঙ্কৃতা সতী শক্তা বভূব ইতি ভাবঃ) প্রত্যুত (উক্ত বৈপরীত্যে) সা স্বয়ম্ অনল্পং (অতিশয়ং) অলঙ্কৃতা আসীৎ ।। ৩৩৯ ।।

অন্বয়ঃ—কোমলস্যাপি (বস্তুনঃ) সংস্পর্শাসহতা (সংস্পর্শে অক্ষমতা) মৃদুতা উচ্যতে ।। ৩৪০ ।।

অন্বয়ঃ—অহহ (খেদে) নবাম্বুদকান্তেঃ (নবজলদ-দ্যুতেঃ) অমুষ্য কুমারস্য সুকুমারতা (অতি কোমলতা) (অমুষ্য) অঙ্গানি নবপল্লবসঙ্গাৎ (নূতন কিশলয় সম্পর্কাৎ) অপি অপরজ্য (নির্ব্বিদ্য দুঃখিতীভূয়েতি যাবৎ বিবর্ণী ভূয়েতি বা) শীর্য্যন্তি ।। ৩৪১ ।।

(২।১।৩৬০) "অঙ্গৈরেবাভরণপটলী ভূষিতা দোগ্ধি ভূষামিতি" ।। ৩৩৯ ।। (৩৪০)

টীকা—অপরজ্য নির্ব্বিদ্য দুঃখিতীভূয়েতি যাবৎ বিবর্ণীভূয়েতি বা ।। ৩৪১ ।।

পাইয়া তাহাকে শোভিত করিতে কিছুমাত্র সমর্থ হয় নাই, প্রত্যুত সেই ভূষণ সকল কৃষ্ণাঙ্গ দ্বারা স্বয়ং অতিশয় অলঙ্কৃত হইয়া পরে তদীয় অঙ্গের শোভা বৃদ্ধি করিতে সমর্থ হইয়াছেন ।। ৩৩৯ ।।

অথ মৃদুতা—

শ্লোকার্থ—কোমল বস্তুরও সংস্পর্শ সহ্য করিতে অসমর্থতাকে মৃদুতা বলে ।। ৩৪০ ।।

যথা—

শ্লোকার্থ—হায় ! নবঘনশ্যাম এই কুমারের (অঙ্গ সকলের) এরূপ সুকমারতা অর্থাৎ অঙ্গসকল এরূপ সুকোমল যে নবপল্লবের সংস্পর্শ মাত্রেও বিবর্ণ ও শীর্ণ হইয়া গেল ।। ৩৪১ ।।

যে নায়কপ্রকরণে বাচিকা মানসাস্তথা।
গুণাঃ প্রোক্তাস্ত এবাত্র জ্ঞেয়া উদ্দীপনা বুধৈঃ ॥ ৩৪২ ॥

অথ চেষ্টাঃ—

চেষ্টা রাসাদিলীলাঃ স্যুস্তথা দুষ্টবধাদয়ঃ ॥ ৩৪৩ ॥

তত্র রাসো, যথা—

নৃত্যদ্গোপনিতম্বিনীকৃতপরীরম্ভস্য রম্ভাদিভি-
র্গীর্ব্বাণীভিরনঙ্গরঙ্গবিবশং সংদৃশ্যমানশ্রিয়ঃ।
ক্রীড়াতাণ্ডব-পণ্ডিতস্য পরিতঃ শ্রীপুণ্ডরীকাক্ষ ! তে
রাসারম্ভরসার্থিনো মধুরিমা চেতাংসি নঃ কর্ষতি ॥ ৩৪৪ ॥

অন্বয়ঃ—নায়ক প্রকরণে যে বাচিকাঃ তথা মানসাঃ গুণাঃ প্রোক্তাঃ বুধৈঃ (পণ্ডিতৈঃ) অত্র তে এব উদ্দীপনাঃ জ্ঞেয়াঃ ॥ ৩৪২ ॥

অন্বয়ঃ—রাসাদিলীলাঃ তথা দুষ্টবধাদয়ঃ চেষ্টাঃ স্যুঃ ॥ ৩৪৩ ॥

অন্বয়ঃ—শ্রীপুণ্ডরীকাক্ষ (হে শ্রীকৃষ্ণ) ক্রীড়াতাণ্ডব পণ্ডিতস্য (ক্রীড়াকালীন-নৃত্যকুশলস্য) রাসারম্ভরসার্থিনঃ (রাসারম্ভাৎ রাস প্রবর্ত্তনাৎ যো রসঃ আনন্দঃ তদর্থিনঃ) পরিতঃ (চতুর্দ্দিক্ষু) নৃত্যদ্গোপনিতম্বিনীকৃতপরীরম্ভস্য (নৃত্যন্তীভিঃ গোপনিতম্বিনীভিঃ গোপ সুন্দরীভিঃ কৃতঃ পরীরম্ভঃ আলিঙ্গনং যস্য তাদৃশস্য) রম্ভাদিভিঃ (রম্ভা তদাখ্যা স্বর্বেশ্যা তদাদিভিঃ তৎপ্রমুখৈঃ) গীর্ব্বাণীভিঃ (দেবীভিঃ)

টীকা—কিং বহুনেত্যাহ—যে নায়কেতি ॥ ৩৪২ ॥ (৩৪৩-৩৪৪)

শ্লোকার্থ—নায়ক প্রকরণে যে সকল বাচিক ও মানসিক গুণ উক্ত হইয়াছে, পণ্ডিতগণ এস্থলে তাহাদিগকে উদ্দীপন বলিয়া জানিবেন ॥ ৩৪২ ॥

অথ চেষ্টা—

শ্লোকার্থ—রাসলীলা ও দুষ্টবধাদিকে চেষ্টা বলে ॥ ৩৪৩ ॥

তন্মধ্যে রাস, যথা—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণের মথুরা অবস্থিতি কালে ব্রজদেবীগণ নিম্নলিখিতভাবে পত্রী দিয়াছিলেন। হে পুণ্ডরীকাক্ষ! নৃত্যক্রীড়ায় পণ্ডিত তুমি যে সময়ে রাসানুষ্ঠানে রসপ্রার্থী হইয়া নৃত্যকারিণী গোপনিতম্বিনীগণ কর্তৃক চতুর্দ্দিকে আলিঙ্গিত হইয়াছিলে, যে সময় রম্ভা প্রভৃতি দেবীগণ কন্দর্পরঙ্গে বিবশ হইয়া তোমার শোভা সন্দর্শন করিয়াছিলেন, তোমার সেই মাধুর্য্য এক্ষণে আমাদের চিত্ত আকর্ষণ করিতেছে ॥ ৩৪৪ ॥

দুষ্টবধো, যথা ললিতমাধবে—

শম্ভুর্বৃষং নয়তি মন্দরকন্দরান্ত-
ম্লানঃ সলীলমপি যত্র শিরো ধুনানে।
আঃ কৌতুকং কলয় কেলি-লবাদরিষ্টং
তং দুষ্টপুঙ্গবমসৌ হরিরুন্মমাথ ॥ ৩৪৫ ॥

অথ প্রসাধনম্—

কথিতং বসনাকল্পমণ্ডনাদ্যং প্রসাধনম্ ॥ ৩৪৬ ॥

তত্র বসনম্—

নবার্ক-রশ্মি কাশ্মীর-হরিতালাদিসন্নিভম্ ।
যুগ্মং চতুষ্কং ভূয়িষ্ঠং বসনং ত্রিবিধং হরেঃ ॥ ৩৪৭ ॥

অনঙ্গ রঙ্গবিবশং (কামাধীনং যথাস্যাৎ তথা) সংদৃশ্যমানশ্রিয়ঃ (সংদৃশ্যমানা শ্রীঃ শোভা যস্য তস্য) তে (তব) মধুরিমা (মাধুর্য্যং) নঃ (অস্মাকং চেতাংসি) (মনাংসি) কর্ষতি হরতি) ॥ ৩৪৪ ॥

অন্বয়ঃ—আঃ (কোপে) যত্র (যস্মিন্ অরিষ্টে) সলীলং (সভঙ্গ্যা) অপি শিরঃ (মস্তকং) ধুনানে (কম্পয়তি) শম্ভুঃ (শিবঃ) ম্লানঃ (বিষন্নঃ সন্) বৃষং (স্ববাহনং) মন্দরকন্দরান্তঃ (মন্দর পর্ব্বতস্য গুহাভ্যন্তরং) নয়তি। কৌতুকং (কৌতুহলং) কলয় (পশ্য) তং দুষ্টপুঙ্গবং (দুষ্টবৃষভং) অরিষ্টং (অসুরং) অসৌ হরিঃ কেলিলবাৎ (ক্রীড়ালেশম্ অভিনীয় সহেলমিত্যর্থঃ) উন্মমাথ (জঘান) ॥ ৩৪৫ ॥

অন্বয়ঃ—বসনাকল্পমণ্ডনাদ্যং (বস্ত্রবেশভূষণাদিকং) প্রসাধনং কথিতম্ ॥ ৩৪৬ ॥

টীকা—নৃত্যদ্‌গোপনিতম্বিনীতি। শ্রীব্রজদেবীভির্মথুরায়াং প্রেষিতা পত্রীয়ম্ ॥ ৩৪৫ ॥

টীকা—শম্ভুরিতি। আঃ ইতি কোপে। কোপশ্চায়মন্যাচিত্তং শ্রোতারং প্রত্যেব 'আস্ত স্যাৎ কোপপীড়য়ো'রিতি কোষকারাঃ ॥ ৩৪৬ ॥

দুষ্টবধ, যথা ললিতমাধবে—

শ্লোকার্থ—আঃ! যে দুষ্ট অরিষ্টাসুর (বৃষাসুর) ভঙ্গীক্রমে মস্তক কম্পিত করিলে, শম্ভু ম্লান হইয়া তাঁহার বৃষটিকে লইয়া মন্দরগিরির গুহাতে লইয়া যান। কৌতুক দেখ, সেই দুষ্টকে শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে বধ করিলেন ॥৩৪৫॥

অথ প্রসাধন—

শ্লোকার্থ—বসন, সজ্জা ও ভূষণাদিকে প্রসাধন বলে ॥ ৩৪৬ ॥

তত্র যুগম্—

পরিধানং সসংব্যানং যুগরূপমুদীরিতম্ ॥ ৩৪৮ ॥

যথা, স্তবমালায়াং মুকুন্দাষ্টকে—

কনকনিবহশোভানিন্দি পীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৩৪৯ ॥

অন্বয়ঃ—নবার্করশ্মি কাশ্মীর হরিতালাদি সন্নিভম্ (নবার্করশ্মিঃ উদয়োন্মুখ সূর্য্যকিরণঃ কাশ্মীরং কুস্কুমং হরিতালাদি তৎসদৃশম্ তত্তদ্বর্ণ বিশিষ্টমিত্যর্থঃ) যুগং চতুষ্কং ভূয়িষ্ঠংচেতি ত্রিবিধং হরে (কৃষ্ণস্য) বসনং (বস্ত্রম্) ॥ ৩৪৭ ॥

অন্বয়ঃ—সসংব্যানং (সোত্তরীয়ং) পরিধানং যুগরূপং (যুগনামকম্) উদীরিতং (কথিতম্) ॥ ৩৪৮ ॥

অন্বয়ঃ—মুকুন্দঃ (কৃষ্ণঃ) নিতম্বে (কটিদেশে) কনকনিবহশোভানিন্দি (সুবর্ণ সমূহস্য কান্তিধিক্কারি) পীতং (হরিদ্রাভং) বস্ত্রং তদুপরি (নিতম্বোর্দ্ধ্ দেশে) প্রিয়ায়াঃ (শ্রীরাধায়াঃ) রাগযুক্তং (অনুরাগপূর্ণং) বর্ণং (রূপম্) ইব প্রিয়ং নবরক্তং (কুঙ্কুম রঞ্জিত বস্ত্রং) ইত্থম্ (এবং রূপেণ) দধানঃ (বসানঃ) মম নেত্রাভীষ্টপূর্ত্তিং (নেত্রয়ো অভীষ্টপূর্ত্তিং বাঞ্ছিত পূরণং) প্রণয়তু (করোতু) ॥ ৩৪৯ ॥

টীকা—চতুষ্কমিত্যত্রোত্তরীয়মপি কদাচিজ্ জ্ঞেয়ং। বসনস্য যুগত্বাদিভেদাঃ সময়বিশেষোচিতত্বাৎ ॥ ৩৪৭ ॥ (৩৪৮)

টীকা—'ইত্থং বস্ত্রং দধান' ইতি যদুক্তং তৎ কথং? তত্রাহ—কনকেতি। "কনকনিবহশোভানিন্দি বস্ত্রং নিতম্বে, পরিদধদুপরিষ্টান্নব্যবাহ্লীকবল্গু। তনুরুচিমনুরাগেণান্বিতাং বা প্রিয়ায়া" ইতি পাঠান্তরম্ ॥ ৩৪৯ ॥ (৩৫০-৩৫২)

তন্মধ্যে বসন—

শ্লোকার্থ—অরুণ, কুঙ্কুম ও হরিতালাদি বর্ণ বিশিষ্ট যুগ, চতুষ্ক ও ভূয়িষ্ঠ এই তিন প্রকার শ্রীকৃষ্ণের বসন ॥ ৩৪৭ ॥

তন্মধ্যে যুগ—

শ্লোকার্থ—উত্তরীয় সহ পরিধান বস্ত্রকে যুগরূপ বসন বলে ॥ ৩৪৮ ॥

যথা স্তবমালায় মুকুন্দাষ্টকে—

শ্লোকার্থ—মুকুন্দ নিতম্বদেশে কনকরাশির শোভা তিরস্কারকারী পীতবসন ও তদুপরি প্রিয়ার অনুরাগযুক্ত দেহপ্রভার ন্যায় প্রিয় ঈষৎ রক্তবস্ত্র উত্তরীয় ভাবে পরিধান করিয়া আমার-নয়নের অভিলাষ পূর্ণ করুন ॥ ৩৪৯ ॥

চতুষ্কম্—

চতুষ্কং কঞ্চুকোষ্ণীষতুন্দবন্ধান্তরীয়কম্ ॥ ৩৫০ ॥

যথা—

স্মেরাস্যঃ পরিহিতপাটলাম্বরশ্রী-
শ্ছন্নাঙ্গঃ পুরটরুচোরু-কঞ্চুকেন।
উষ্ণীষং দধদরুণং ধটীঞ্চ চিত্রাং
কংসারির্বহতি মহোৎসবি মুদং নঃ ॥ ৩৫১ ॥

ভূয়িষ্ঠম্—

খণ্ডিতাখণ্ডিতং ভূরি নটবেশক্রিয়োচিতম্।
অনেকবর্ণং বসনং ভূয়িষ্ঠং কথিতং বুধৈঃ ॥ ৩৫২ ॥

অন্বয়ঃ—কঞ্চুকোষ্ণীষতুন্দবন্ধান্তরীয়কং (কঞ্চুকঃ অঙ্গত্রাণং উষ্ণীষং পাগড়ী ইতি ভাষা তুন্দবন্ধঃ উদরবন্ধনম্ অন্তরীয়কং চ) চতুষ্কম্ (উক্তম্) ॥ ৩৫০ ॥

অন্বয়ঃ—পরিহিতপাটলাম্বরশ্রীঃ (পরিহিতা ধৃতা পাটলা শ্বেতরক্তা অম্বরশ্রীঃ বসনসৌন্দর্য্যং সুন্দরং বস্ত্রমিত্যর্থঃ যেন সঃ) পুরটরুচা (পুরটস্য স্বর্ণস্য রুগিব রুক্ কান্তির্যস্য তেন পীতবর্ণেন ইত্যর্থঃ) উরু কঞ্চুকেন (গাত্রাবরকেণ) ছন্নাঙ্গঃ (প্রাবৃতশরীরঃ) অরুণম্ উষ্ণীষং চিত্রাং ধটীং চ (উদরবন্ধং) দধৎ (বসানঃ) স্মেরাস্যঃ (সহাস্য বদনঃ) কংসারি (কৃষ্ণঃ) নঃ (অস্মাকং) মুদং (হর্ষং) বহতি (প্রাপয়তি বিদধাতি) ॥ ৩৫১ ॥

অন্বয়ঃ—ভূরি নটবেষ ক্রিয়োচিতং (প্রচুর নর্ত্তকবেশ রচনায়াং যোগ্যং) খণ্ডিতাখণ্ডিতং (খণ্ডিতং কৃত্তং অখণ্ডিতং চ) অনেকবর্ণবসনং (নানাবর্ণ বিশিষ্ট বস্ত্রং) বুধৈঃ (পণ্ডিতৈঃ) ভূয়িষ্ঠং কথিতম্ ॥ ৩৫২ ॥

চতুষ্ক বসন—

শ্লোকার্থ—কঞ্চুক (জামা), উষ্ণীষ (পাগড়ী), তুন্দবন্ধ (উদরবন্ধন), অন্তরীয়ক (পরিধেয় বস্ত্র) ইহাকে চতুষ্ক বসন বলে ॥ ৩৫০॥

যথা—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণ পাটল (ঈষৎরক্ত) বর্ণ বসন ও অঙ্গে স্বর্ণবর্ণ উৎকৃষ্ট কঞ্চুক পরিধান, মস্তকে অরুণবর্ণ উষ্ণীষ ধারণ ও উদরে বিচিত্র ধটি বন্ধন করিয়া মহোৎসবে হাস্যবদনে বিচরণ করতঃ আমাদিগকে আনন্দ দান করিতেছেন ॥ ৩৫১ ॥

ভূয়িষ্ঠ বসন—

শ্লোকার্থ—নটবেশের উপযক্ত অনেক বর্ণের খণ্ডিত ও অখণ্ডিত বহু বসনকে পণ্ডিতগণ ভূয়িষ্ঠ বসন বলেন ॥ ৩৫২ ॥

যথা—

অখণ্ডিতবিখণ্ডিতৈঃ সিতপিশঙ্গনীলারুণৈঃ
পটৈঃ কৃতযথোচিত প্রকটসন্নিবেশোজ্জ্বলঃ।
অয়ং কলভরাট্ প্রভঃ প্রচুররঙ্গশৃঙ্গারিতঃ
করোতি করভোরু! মে ঘনরুচির্মুদং মাধবঃ ॥ ৩৫৩ ॥

অথ আকল্পঃ—

কেশবন্ধনমালেপো মালা চিত্রং বিশেষকঃ।
তাম্বুলং কেলিপদ্মাদিরাকল্পঃ পরিকীর্তিতঃ ॥ ৩৫৪ ॥

অন্বয়ঃ—অয়ি করভোরু (করভঃ মণিবন্ধাৎ আকনিষ্ঠং করস্য বহির্ভাগঃ স ইব ক্রমশঃ ক্ষীণৌ উরূ যস্যাঃ তৎসম্বোধনে) অয়ং ঘনরুচিঃ (মেঘবর্ণঃ) মাধবঃ (কৃষ্ণঃ) কলভরাট্ প্রভঃ (কলভরাজঃ করিশাবকবরস্য প্রভা ইব প্রভা যস্য সঃ তৎ সদৃশঃ) অখণ্ডিত বিখণ্ডিতৈঃ (অখণ্ডিতৈঃ বিখণ্ডিতৈশ্চ) সিতপিশঙ্গ নীলারুণৈঃ (শ্বেতহরিত নীলরক্তৈঃ) কৃতযথোচিত প্রকৃত সন্নিবেশোজ্জ্বলৈঃ (কৃতঃ যথোচিত প্রকৃতেন যথাযোগ্য প্রকারেণ সন্নিবেশঃ রচনা যেষাং তাদৃশৈঃ উজ্জ্বলৈ দীপ্তৈঃ) পটৈঃ (বস্ত্রৈঃ) প্রচুররঙ্গ শৃঙ্গারিতঃ (প্রচুরঃ বহুলঃ যো রঙ্গশৃঙ্গারঃ নৃত্যোচিতবেশঃ সঃ কৃতঃ কৃত প্রচুর নটবেশঃ ইত্যর্থঃ) মে (মম) মুদম্ (আনন্দং) করোতি ॥ ৩৫৩ ॥

অন্বয়ঃ—কেশবন্ধনম্ আলেপঃ মালা চিত্র বিশেষকঃ (মালা বৈজয়ন্ত্যাদি, চিত্রং মকরীপত্রভঙ্গাদি বিশেষকঃ তিলকম্) তাম্বূলকেলিপদ্মাদিঃ (তাম্বূলং পর্ণং কেলিপদ্মং ক্রীড়াকমলং তদাদিঃ) আকল্পঃ (বেশঃ) পরিকীর্ত্তিতঃ (কথিতঃ) ॥ ৩৫৪ ॥

টীকা—সন্নিবেশো রচনা, কলভরাট্ প্রভ ইতি কলভরাজ ইব প্রভা যস্য সঃ। অখণ্ডিতবিখণ্ডিতৈরিতি বস্ত্রময়তত্তদলঙ্কারভেদাৎ। যথা মথুরায়াং

যথা—

শ্লোকার্থ—অয়ি করভোরু! মেঘকান্তি এই মাধব, খণ্ডিত ও অখণ্ডিত, শুক্ল, পিঙ্গল, নীল ও অরুণ বস্ত্রসকল যথাযোগ্য স্থানে ধারণপূর্ব্বক শ্রেষ্ঠ করিশাবকের ন্যায় বহু রঙ্গের বেশে শোভিত হইয়া আমাকে আনন্দ দান করিতেছেন ॥ ৩৫৩ ॥

অথ আকল্প—

শ্লোকার্থ—কেশবন্ধন, আলেপ, মালা, চিত্র (অঙ্গের তিলক), বিশেষক (ললাটের তিলক), তাম্বূল ও লীলাকমলাদিকে আকল্প বলে ॥ ৩৫৪ ॥

স্যাজ্জূটঃ কবরী চূড়া বেণী চ কচবন্ধনম্ ।
পাণ্ডুরঃ কর্ব্বুরঃ পীত ইত্যালেপস্ত্রিধা মতঃ ॥ ৩৫৫ ॥
মালা ত্রিধা বৈজয়ন্তী রত্নমালা বনস্রজঃ ।
অস্যা বৈকক্ষকাপীড়প্রালম্বাদ্যা ভিদা মতাঃ ॥ ৩৫৬ ॥

অন্বয়ঃ—জূটঃ (ঘাটোপরি ধম্মিল্লঃ) কবরী (পুষ্পাদিনা কেশবেশঃ) চূড়া (ঊর্দ্ধবদ্ধাঃ কচাঃ) বেণী চ (পৃষ্ঠভাগে দীর্ঘতয়া কেশগুম্ফনং কেশবন্ধনং স্যাৎ পাণ্ডুরঃ (শ্বেতঃ) কর্ব্বুরঃ (চিত্রঃ) পীতঃ ইতি ত্রিধা আলেপঃ মতঃ ॥ ৩৫৫ ॥

অন্বয়ঃ—মালা ত্রিধা বৈজয়ন্তী রত্নমালা বনস্রজ (বৈজয়ন্তী পঞ্চবর্ণময়ী জানু পর্য্যন্ত লম্বিতা চ, রত্নমালা, বনস্রক্ বনমালা পত্রপুষ্পময়ী পাদ পর্য্যন্ত লম্বিতা চ) ইতি অস্যাঃ (মালায়াঃ) বৈকক্ষকাপীড় প্রালম্বাদ্যাঃ (বৈকক্ষকং তু তৎ যৎ তির্য্যক্ ক্ষিপ্তম্ উরসি মাল্যং, চূড়াবেষ্টনমাল্যম্ আপীড়ং, কণ্ঠাৎ ঋজুলম্বি মাল্যং প্রালম্বম্ ইত্যাদ্যাঃ) ভিদাঃ (ভেদাঃ) মতাঃ (কথিতা) ॥ ৩৫৬ ॥

বায়কেন দত্তমাসীদিতি জ্ঞেয়ং। শৃঙ্গারশব্দোঽত্র কলভসাদৃশ্যেন তত্রাপি বেষতয়া লক্ষ্যতে ॥ ৩৫৩ ॥ (৩৫৪-৩৫৫)

টীকা—জূটো ঘাটোপরি ধম্মিল্লঃ। কবরী পুষ্পাদিনা কেশবেশঃ ; চূড়া ঊর্দ্ধবদ্ধাঃ কচাঃ, বেণী পৃষ্ঠভাগে দীর্ঘতয়া কেশগুম্ফনং। বৈজয়ন্তী পঞ্চবর্ণময়ী জানুপর্য্যন্তলম্বিতা চ, বনমালা পত্রপুষ্পময়ী পাদপর্য্যন্তলম্বিতা চ। পুনর্মালাভেদানাহ—অস্যা ইতি—বৈকক্ষকন্তু তৎ স্যাদ্ যত্তির্য্যক্ ক্ষিপ্তমুরসি মাল্যং, চূড়াবেষ্টন-মাল্যমাপীড়ং, কণ্ঠদ্ জুলম্বি মাল্যং প্রালম্বম্ ॥ ৩৫৬ ॥

শ্লোকার্থ—জূট (গ্রীবার পশ্চাৎদেশে কেশবন্ধন অর্থাৎ ঝুঁটি), কবরী (পুষ্পাদি দ্বারা কেশ বন্ধন), চূড়া (উর্দ্ধবদ্ধ কেশ) ও বেণী (পৃষ্ঠদেশে লম্বিত ও গুম্ফিত কেশ) কে কেশবন্ধন বলে। শ্বেত, চিত্রবর্ণ (অর্থাৎ নানাবর্ণ) ও পীত এই তিন প্রকার আলেপ ॥ ৩৫৫ ॥

শ্লোকার্থ—মালা তিন প্রকার, যথা—বৈজয়ন্তী (অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্প-নির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিত মালা) রত্নমালা এ বনমালা (পত্র ও পুষ্প নির্ম্মিতা পাদ পর্য্যন্ত লম্বিত মালা), বৈকক্ষক (বক্ষঃস্থলে বক্রভাবে নিক্ষিপ্ত মালা) আপীড় অর্থাৎ চূড়াবেষ্টন মালা এবং প্রালম্ব (কন্ঠদেশ হইতে সরলভাবে লম্বিতমালা) ইত্যাদি মালার বিশেষ ভেদ ॥ ৩৫৬ ॥

মকরীপত্রভঙ্গাদ্যং চিত্রং পীতসিতারুণম্।
তথা বিশেষকোঽপি স্যাদন্যদূহ্যং স্বয়ং বুধৈঃ॥ ৩৫৭॥

যথা—

তাম্বূলস্ফুরদাননেন্দুরমলং ধম্মিল্লমুল্লাসয়ন্
ভক্তিচ্ছেদলসৎসুঘৃণ্টঘুসৃণালেপশ্রিয়া পেশলঃ।
তুঙ্গোরঃস্থলপিঙ্গলস্রগলিক-ভ্রাজিষ্ণুপত্রাঙ্গুলিঃ
শ্যামাঙ্গদ্যুতিরদ্য মে সখি! দৃশোর্দুগ্ধে মুদং মাধবঃ॥৩৫৮॥

অন্বয়ঃ—পীতসিতারুণং (গৌরশুভ্ররক্তবর্ণং) মকরীপত্রভঙ্গাদ্যং (মকরাকৃতি পত্ররচনা প্রভৃতি) চিত্রং স্যাৎ বিশেষকঃ (তিলকম্) অপি তথা (পীতসিতারুণঃ স্যাৎ) অন্যৎ (অপরং) বুধৈঃ (পণ্ডিতৈঃ) স্বয়ম্ উহ্যম্ (অধ্যাহরণীয়ম্)॥ ৩৫৭॥

অন্বয়ঃ—হে সখি! তাম্বূল স্ফুরদাননেন্দুঃ (তাম্বূলেন স্ফুরন্) শোভমানঃ আননেন্দুঃ মুখচন্দ্রঃ যস্য সঃ) অমলং (নির্ম্মলং) ধম্মিল্লং (সংযতকেশং কেশবন্ধনং) উল্লাসয়ন্ (শোভয়ন্ ভক্তিচ্ছেদলসৎসুঘৃণ্টঘৃসৃণালেপশ্রিয়া) (ভক্তি-চ্ছেদেন রচনা বৈচিত্র্যেণ লসন্ শোভমানঃ যঃ সুঘৃণ্টঘুসৃণস্য কুঙ্কুমপঙ্কস্য আলেপঃ আলেপনং তস্য শ্রিয়া কান্ত্যা) পেশলঃ (সুন্দরঃ) তুঙ্গোরঃস্থল পিঙ্গল স্রগলিক ভ্রাজিষ্ণু পত্রাঙ্গুলিঃ (তুঙ্গে উন্নতে উরঃস্থলে বক্ষঃস্থলে পিঙ্গলস্রক্ নীলপীতবর্ণমাল্যং অলিকে ললাটে ভ্রাজিষ্ণুঃ দীপ্তিশীলঃ পত্রাঙ্গুলিঃ পত্রভঙ্গঃ রচনাবিশেষশ্চ যস্য সঃ) শ্যামাঙ্গদ্যুতিঃ (শ্যামা কৃষ্ণবর্ণা অঙ্গদ্যুতিঃ অঙ্গকান্তিঃ যস্য সঃ) মাধবঃ অদ্য মে (মম) দৃশোঃ (আধারভূতয়ো চক্ষুষোঃ) মুদম্ (আনন্দং) দুগ্ধে (প্রপূরয়তি)॥ ৩৫৮॥

টীকা—তথেতি পীতসিতারুণ ইত্যর্থঃ। বিশেষকস্তিলকম্॥ ৩৫৭॥

টীকা—অলিকং ললাটং, পত্রাঙ্গুলিঃ পত্রভঙ্গঃ, 'অদ্য তাম্বূল' ইত্যাদিবর্ণিতরূপঃ

শ্লোকার্থ—শ্বেত, পীত ও অরুণ বর্ণ মকরী পত্র ভঙ্গী আদিকে চিত্র এবং বিশেষক অর্থাৎ ললাট তিলক ও তদ্বৎ। এতদ্ভিন্ন অন্যান্য যাহা আছে তাহা বুধগণ স্বয়ং পূরণ করিবেন॥ ৩৫৭॥

যথা—

শ্লোকার্থ—হে সখি! তাম্বূলরাগে মুখ চন্দ্র শোভিত নির্ম্মল কেশ গুচ্ছকে পুষ্পাদি দ্বারা সজ্জিত উন্নত বক্ষঃস্থলে হরিৎবর্ণ মালা ধারণ ও তিলক দ্বারা ললাট রঞ্জিত করিয়া রচনা ভঙ্গি সুশোভিত সুঘৃণ্ট কুঙ্কুমের আলেপ শ্রীদ্বারা মনোহর শ্যামাঙ্গী মাধব অদ্য আমার নয়নের আনন্দ বিধান করিতেছেন॥ ৩৫৮॥

অথ মণ্ডনম্ —

কিরীটং কুণ্ডলে হারশ্চতুষ্কী বলয়োর্ম্ময়ঃ।
কেয়ূরনূপুরাদ্যঞ্চ রত্নমণ্ডনমুচ্যতে ॥ ৩৫৯ ॥

যথা—

কাঞ্চী চিত্রা মুকুটমতুলং কুণ্ডলে হারিহীরে
হারস্তারো বলয়মমলং চন্দ্রচারুশ্চতুষ্কী।
রম্যা চোর্ম্মির্মধুরিমপুরে নূপুরে চেত্যঘারে-
রঙ্গৈরেবাভরণপটলী ভূষিতা দোগ্ধি ভূষাম্ ॥ ৩৬০ ॥

অন্বয়ঃ—কিরীটং (মুকুটং) কুণ্ডলে (কর্ণভূষণে) হার চতুষ্কী বলয়োর্ম্ময়ঃ (হারঃ মুক্তাদিমাল্যং চতুষ্কী চতুরস্রালঙ্কার-বিশেষঃ বলয়ং কটকং উর্ম্ময়ঃ অঙ্গুরীয়কানি চ) কেয়ূর নূপুরাদ্যং (কেয়ূরম্ অঙ্গদং বাহুভূষণং, নূপুরং মঞ্জীরং তদাদ্যং) চ রত্নমণ্ডনম্ (রত্নালঙ্কারঃ) উচ্যতে ॥ ৩৫৯ ॥

অন্বয়ঃ—চিত্রা কাঞ্চী (মেখলা) অতুলম্ (অনুপমং) মুকুটং, হারিহীরে (মনোহরহীরক নির্ম্মিতে) কুণ্ডলে, তারঃ (শুদ্ধমুক্তাময়ঃ) হারঃ, অমলং (নির্ম্মলং) বলয়ং (কটকানি) চন্দ্রচারুঃ (চন্দ্রবৎ সুন্দরা) চতুষ্কী (অলঙ্কারবিশেষঃ) রম্যা (রমণীয়া) উর্ম্মিঃ (অঙ্গুরীয়কানি) মধুরিমপুরে

সন্ দৃশোরাধারভূতয়োর্মুদং দুগ্ধে প্রপূরয়তি ॥ ৩৫৮॥ (৩৫৯)

টীকা—তারঃ শুদ্ধমুক্তাময়ঃ, উর্ম্মিরঙ্গুরীয়কং, নূপুরে চেত্যঘারেরিতি অত্র 'নূপুরে চেতি শৌরে'রিতি বা পাঠঃ। বলয়মিত্যত্রোর্ম্মিরিত্যত্র চ বহুত্বেঽপ্যেক-বচনং জাতিবিবক্ষয়া, সম্পন্নো যব ইতি বত্তথাপি বহুত্বং বোধয়ত্যেব। জাত্যা

অথ মণ্ডন অর্থাৎ ভূষণ—

শ্লোকার্থ—কিরীট, কুণ্ডলদ্বয়, হার, চতুষ্কী (তক্তি বা পদক অথবা চারি-লহর মালা), বলয় (বালা), উর্মি (অঙ্গুরী), কেয়ূর (অঙ্গদ বা বাহুভূষণ) ও নূপুরাদিকে রত্নভূষণ বলে ॥ ৩৫৯ ॥

যথা—

শ্লোকার্থ—বিচিত্রা কাঞ্চী (একছড়া গোট); অতুল্য মুকুট, মনোহর হীরক নির্ম্মিত কুণ্ডলদ্বয়, শুদ্ধ মুক্তাময় হার, নির্ম্মল বলয়, চন্দ্রচারু চতুষ্কী (চন্দ্রযুক্ত মনোহর চতুষ্কী, অথবা মুক্তাখচিত চতুষ্কী), রমণীয় অঙ্গুরীয়ক, মাধুর্য্যপূর্ণ নূপুরদ্বয় ইত্যাদি ভূষণ সকল অঘারি শ্রীকৃষ্ণের অঙ্গশোভা দ্বারা শোভিত হইয়া স্ব-স্ব শোভা পূরণ করিতেছে ॥ ৩৬০ ॥

কুসুমাদিকৃতঞ্চেদং বন্যমণ্ডনমীরিতম্
ধাতুক৯প্তঞ্চ তিলকং পত্রভঙ্গ-লতাদিকম্ ॥ ৩৬১ ॥

অথ স্মিতং, যথা কৃষ্ণকর্ণামৃতে—

অখণ্ডনির্ব্বাণরসপ্রবাহৈ-
র্বিখণ্ডিতাশেষরসান্তরাণি।
অযন্ত্রিতোদ্বান্ত-সুধার্ণবানি
জয়ন্তি শীতানি তব স্মিতানি ॥ ৩৬২ ॥

অথ অঙ্গ-সৌরভং যথা—

পরিমলসরিদেষা যদ্বহন্তী সমন্তাৎ
পুলকয়তি বপূর্ংষি কাপ্যপূর্ব্বা মুনীনাম্।

(মধুরিম্নঃ মাধুর্য্যস্য পুরে নগরে) নূপুরে চ ইতি এষা আভরণ পটলী (অলঙ্কার-ততিঃ) অঘারেঃ (কৃষ্ণস্য) অঙ্গৈঃ ভূষিতা (অলঙ্কৃতা) ভূষাং (স্বাংস্বাং বা শোভাং) দোগ্ধি (পূরয়তি) ॥ ৩৬০ ॥

অন্বয়ঃ—কুসুমাদিকৃতম্ (পুষ্পাদি নির্ম্মিতম্) ইদং (কীরিটাদি) বন্যমণ্ডনম্ (বন্যভূষণম্) ঈরিতম্ (উক্তম্) ধাতুক৯প্তং (গৈরিকাদিরচিতং পত্রভঙ্গলতাদিকং চ তিলকং (বিশেষকম্ ঈরিতম্) ॥ ৩৬১ ॥

অন্বয়ঃ—(হে কৃষ্ণ !) অখণ্ড নির্ব্বাণরস প্রবাহৈঃ (পূর্ণপরমানন্দরসনির্ঝরৈঃ) বিখণ্ডিতাশেষরসান্তরাণি (বিখণ্ডিতানি নিরাকৃতানি অশেষাণি সকলানি রসান্তরানি ইতররসাঃ যেষাং তানি) অযন্ত্রিতোদ্বান্ত সুধার্ণবানি (অযন্ত্রিতম্ অপ্রতিবুদ্ধম্ অবাধং যথা তথা উদ্বান্তঃ উদ্গীর্ণঃ সুধার্ণবঃ অমৃত সিন্ধুঃ যৈঃ তানি) শীতানি (সর্ব্বতাপহারীণি) তব স্মিতানি (মন্দহাস্যানি জয়ন্তি (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে) ॥ ৩৬২ ॥

ব্যক্তীনাং ব্যঙ্গ্যত্বাৎ। অতএব জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যামিতি (১।২।৫৮) পাণিনিসূত্রম্ ॥ ৩৬০ ॥ (৩৬১)

টীকা—নির্ব্বাণং পরমানন্দঃ শীতানি সর্ব্বতাপহারীণি ॥ ৩৬২ ॥

শ্লোকার্থ—পুষ্পাদি দ্বারা কৃত ভূষণকে বন্যভূষণ বলে। (গৈরিকাদি) ধাতুরচিত পত্রভঙ্গ লতাদিকে তিলক কহে ॥ ৩৬১ ॥

অথ স্মিত, যথা কৃষ্ণকর্ণামৃতে—

শ্লোকার্থ—হে কৃষ্ণ ! তোমার সর্ব্বতাপহারি মন্দহাস্য অবিচ্ছিন্ন পরমানন্দরস প্রবাহ দ্বারা অপর সমস্ত রসকে অপমানিত করিয়া অবাধে সুধা সমুদ্র উদগীরণ করতঃ বিরাজ করিতেছে ॥ ৩৬২ ॥

মধুরিপুরুপরাগে তদ্বিনোদায় মন্যে
কুরুভুবমনবদ্যামোদসিন্ধুর্বিবেশ ॥ ৩৬৩ ॥

অথ বংশঃ—

ধ্যানং বলাৎ পরমহংসকুলস্য ভিন্দন্
নিন্দন্ সুধা-মধুরিমাণমধীরধর্ম্মা।
কন্দর্পশাসনধুরাং মুহুরেষ শংসন্
বংশী-ধ্বনির্জয়তি কংসনিসূদনস্য ॥ ৩৬৪ ॥

অন্বয়ঃ—যৎ (যতঃ) এষা কাপি অপূর্ব্বা (পূর্ব্বম্ অননুভূতা) পরিমল-সরিৎ (সৌরভনদী) সমন্তাৎ (সর্ব্বতঃ) বহন্তী মুনীনামপি (আত্মারামাণামপি) নঃ (অস্মাকং) বপুঃ (শরীরং) পুলকয়তি (পুলকিতান্ করোতি) তৎ (তস্মাৎ) (অহং) মন্যে অনবদ্যামোদসিন্ধুঃ (অনিন্দ্য সৌরভসমুদ্রঃ) মধুরিপুঃ (কৃষ্ণঃ) উপরাগে (সূর্য গ্রহণকালে) বিনোদায় (বিহারার্থং) (কুরুভুবং (কুরুক্ষেত্রং) বিবেশ (প্রবিষ্টঃ) ॥ ৩৬৩ ॥

অন্বয়ঃ—কংসনিসূদনস্য (কৃষ্ণস্য) এষঃ অধীরধর্ম্মা (অধীরস্যেব ধর্ম্মঃ যস্য সঃ চঞ্চলঃ) বংশীধ্বনিঃ বলাৎ পরমহংস কুলস্য (পরমহংসমুনিসমূহস্য) ধ্যানং ভিন্দন্ (ভঞ্জন্) সুধামধুরিমাণম্ (অমৃতস্য মাধুর্য্যং) নিন্দন্ (গর্হয়ন্) কন্দর্পশাসনধুরাং (কন্দর্পস্য কামদেবস্য শাসনস্য আদেশস্য ধূঃ ভারঃ তাম্ অলঙ্ঘ্যনীয়ত্ব মিত্যর্থঃ) মুহুঃ (পুনঃ পুনঃ) শংসন্ (ঘোষয়ন্) জয়তি (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে) ॥ ৩৬৪ ॥

টীকা—কুরুভুবং-কুরুক্ষেত্রম্। বিনশনমিতি তু পাঠো নেষ্টঃ ॥ ৩৬৩ ॥ (৩৬৪-৩৬৭)

অথ অঙ্গসৌরভ যথা—

শ্লোকার্থ—এই যে কোন্ অপূর্ব্ব অনির্ব্বচনীয় সৌরভ নদী চতুর্দ্দিকে প্রবাহিত হইয়া মুনিরূপ আমাদিগের শরীর পুলকিত করিতেছে, ইহাতে বোধ হয় অনিন্দ্যসৌরভসিন্ধু মধুরিপু শ্রীকৃষ্ণ সূর্য-গ্রহণকালে লীলাক্রমে এই কুরুক্ষেত্রে প্রবেশ করিয়াছেন ॥ ৩৬৩ ॥

বংশ ঃ—

শ্লোকার্থ—কংস নিসূদন শ্রীকৃষ্ণের চঞ্চল বংশীধ্বনি বলপর্ব্বক পরমহংস-দিগের ধ্যানভঙ্গ, সুধার মাধুরীকেও নিন্দা এবং কন্দর্পের আদেশ ভার (অলঙ্ঘ্যনীয়তা) প্রচার করিয়া স্বীয় উৎকর্ষ প্রকাশ করিতেছে ॥ ৩৬৪ ॥

এষ ত্রিধা ভবেদ্বেণু-মুরলী-বংশিকেত্যপি ॥ ৩৬৫ ॥

তত্র বেণুঃ—

পাবিকাখ্যো ভবেদ্বেণুর্দ্বাদশাঙ্গুলদৈর্ঘ্যভাক্ ।
স্থৌল্যেঽঙ্গুষ্ঠমিতঃ ষড়্ভিরেষ রন্ধ্রৈঃ সমন্বিতঃ ॥ ৩৬৬ ॥

মুরলী—

হস্তদ্বয়মিতায়ামা মুখরন্ধ্র-সমন্বিতা ।
চতুঃস্বরচ্ছিদ্রযুক্তা মুরলী চারুনাদিনী ॥ ৩৬৭ ॥

বংশী—

অর্দ্ধাঙ্গুলান্তরোন্মানং তারাদিবিবরাষ্টকম্ ।
ততঃ সার্দ্ধাঙ্গুলাদ্ যত্র মুখরন্ধ্রং তথাঙ্গুলম্ ॥ ৩৬৮ ॥

অন্বয়ঃ—এষঃ (বংশঃ) ত্রিধা ভবেৎ বেণু মুরলী বংশিকা অপি ইতি ॥ ৩৬৫ ॥

অন্বয়ঃ—এষঃ (বংশঃ) দ্বাদশাঙ্গুল দৈর্ঘ্যভাক্ (দ্বাদশ অঙ্গুলয়ঃ প্রমাণম্ অস্য ইতি দ্বাদশাঙ্গুলং দৈর্ঘ্যং ভজতে ইতি দ্বাদশাঙ্গুলদৈর্ঘ্যভাক্) স্থৌল্যে (স্থূলতায়াং) অঙ্গুষ্ঠমিতঃ (অঙ্গুষ্ঠ প্রমাণঃ) ষড়্ভিঃ রন্ধ্রৈঃ (ছিদ্রৈঃ) সমন্বিতঃ (যুক্তঃ) পাবিকাখ্যঃ (পাবিকনামকঃ) বেণুঃ ভবেৎ ॥ ৩৬৬ ॥

অন্বয়ঃ—হস্তদ্বয়মিতায়ামা (হস্তদ্বয়মিতঃ হস্তদ্বয়প্রমাণঃ আয়ামঃ দৈর্ঘ্যং যস্যাঃ সা) মুখরন্ধ্রসমন্বিতা (মুখে রন্ধ্র যুক্তা) চতুঃস্বরচ্ছিদ্রযুক্তা (স্বরোৎপাদকছিদ্রচতুষ্টয়যুক্তা) চারুনাদিনী (মধুররাবিনী) মুরলী (সমাখ্যাতা) ॥ ৩৬৭ ॥

অন্বয়ঃ—যত্র (যস্যাং) অর্দ্ধাঙ্গুলান্তরোন্মানং (অর্দ্ধাঙ্গুলম্ অন্তরং ছিদ্রয়োঃ মধ্যভাগঃ তথা উন্মানং ছিদ্রস্য বিস্তারো যত্র তৎ) তারাদিবিবরাষ্টকং (তারাদেঃ

শ্লোকার্থ—বেণু, মুরলী ও বংশিকা ভেদে বংশ তিন প্রকার ॥ ৩৬৫ ॥

তন্মধ্যে বেণু—

শ্লোকার্থ—দ্বাদশ অঙ্গুলী দীর্ঘ্য, অঙ্গুষ্ঠ পরিমিত স্থূল ও ছয়টি ছিদ্রযুক্ত বংশকে পাবিক নামক বেণু বলে ॥ ৩৬৬ ॥

মুরলী—

শ্লোকার্থ—দ্বিহস্ত পরিমিত দীর্ঘ মুখমধ্যে রন্ধ্র ও স্বরের জন্য চারিটি ছিদ্র সমন্বিত বংশকে চারু-নাদিনী মুরলী বলে ॥ ৩৬৭ ॥

বংশী—

শ্লোকার্থ—অর্দ্ধ অর্দ্ধ আঙ্গুল ব্যবধানে অর্দ্ধ আঙ্গুল পরিমিত অষ্ট ছিদ্র, শেষ ছিদ্র হইতে দেড় আঙ্গুল ব্যবধানে এক আঙ্গুল পরিমিত মুখ ছিদ্র,

শিরো বেদাঙ্গুলং পুচ্ছং ত্র্যঙ্গুলং সা তু বংশিকা।
নবরন্ধ্রা স্মৃতা সপ্তদশাঙ্গুলমিতা বুধৈঃ ॥ ৩৬৯॥
দশাঙ্গুলান্তরা স্যাচ্চেৎ সা তারমুখরন্ধ্রয়োঃ।
মহানন্দেতি বিখ্যাতা তথা সম্মোহিনীতি চ ॥ ৩৭০ ॥
ভবেৎ সূর্য্যান্তরা সা চেত্তত আকর্ষিণী মতা।
আনন্দিনী তদা বংশী ভবেদিন্দ্রান্তরা যদি॥ ৩৭১ ॥

সারি গমেত্যাদিসংজ্ঞকস্য স্বরগ্রামস্য বিবরাষ্টকং ছিদ্রাষ্টকং) ততঃ সার্দ্ধাঙ্গুলাৎ (সার্দ্ধাঙ্গুলং ব্যবধায়) তথাঙ্গুলং (তথা তেন প্রকারেণ অঙ্গুলিঃ প্রমাণমস্য ইতি তথাঙ্গুলং) মুখরন্ধ্রং ; বেদাঙ্গুলং (চতুরঙ্গুলং) শিরঃ (মস্তকং) ত্র্যঙ্গুলং পুচ্ছং (বর্ত্ততে) নবরন্ধ্রা (নবসংখ্যকছিদ্রযুক্তা) সপ্তদশাঙ্গুলমিতা (সপ্তদশাঙ্গুলিপ্রমাণা) সা তু বুধৈঃ (পণ্ডিতৈঃ) বংশিকা স্মৃতা (কীর্ত্তিতা) ॥ ৩৬৮-৩৬৯ ॥

অন্বয়ঃ—সা (বংশিকা) চেৎ (যদি) তারমুখরন্ধ্রয়োঃ (মুখরন্ধ্রতদব্যবহিত-স্বর-রন্ধ্রয়োঃ) দশাঙ্গুলান্তরা (দশাঙ্গুলম্ অন্তরং ব্যবধানং যস্যাঃ সা) স্যাৎ (তর্হি) মহানন্দেতি তথা সংমোহিনীতি চ বিখ্যাতা (ভবতি)। সা চেৎ বংশী সূর্য্যান্তরা (দ্বাদশাঙ্গুল ব্যবধানা) ভবেৎ ততঃ (তর্হি) আকর্ষিণী মতা (খ্যাতা), যদি ইন্দ্রান্তরা (চতুর্দ্দশাঙ্গুল ব্যবধানা) ভবেৎ তদা আনন্দিনী (মতা) ॥ ৩৭০-৩৭১ ॥

টীকা—অর্দ্ধাঙ্গুলমন্তরং ছিদ্রয়োর্মধ্যভাগস্তথোন্মানং ছিদ্রস্য বিস্তারো যত্র তৎ। ততোঽঙ্গুল্যন্তর ইত্যত্র ততঃ সার্দ্ধাঙ্গুলাদিত্যেব পাঠঃ, অন্যথা সপ্ত-দশাঙ্গুলত্বানুপপত্তেঃ যোগ্যত্বাচ্চ। ততোঽঙ্গুলান্তর ইতি পাঠে গ্রন্থিতো বহির-র্দ্ধাঙ্গুলং জ্ঞেয়ম্। তথাঙ্গুলমিত্যত্র'প্রমাণে তু লুগি'তি মাত্রচো লুক্। অর্দ্ধাঙ্গুলাদিশব্দাস্ত্ত'সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেরি'তি সমাসান্ত-বিধানাৎ ॥ ৩৬৮-৩৬৯ ॥

টীকা—দশাগুলেত্যাদাবঙ্গুলীনাং বৃদ্ধির্মুখরন্ধ্রতদব্যহিতরন্ধ্রয়োরন্তরাল এব জ্ঞেয়া ॥ ৩৭০ ॥ (৩৭১-৩৭২)

চারি আঙ্গুল শিরোদেশ (মাথার দিকে) ও তিন আঙ্গুল পুচ্ছ (শেষ দিকে) এই নবছিদ্র সমন্বিত সপ্তদশাঙ্গুল পরিমিত বংশকে বংশিকা বলে ॥ ৩৬৮-৩৬৯ ॥

শ্লোকার্থ—যদি সেই বংশীর মুখছিদ্র ও অব্যবহিত স্বরছিদ্রের ব্যবধান দশ আঙ্গুল হয় তবে তাহাকে মহানন্দা ও সম্মোহিনী বলে। দ্বাদশ আঙ্গুল ব্যবধান হইলে সেই বংশী আকর্ষিণী ও চতুর্দ্দশ আঙ্গুল ব্যবধান হইলে আনন্দিনী বলিয়া কথিতা হয় ॥ ৩৭০-৩৭১ ॥

গোপানাং বল্লভা সেয়ং বংশুলীতি চ বিশ্রুতা।
ক্রমান্মণিময়ী হৈমী বৈণবীতি ত্রিধা চ সা ॥ ৩৭২ ॥

অথ শৃঙ্গম্—

শৃঙ্গন্তু গবলং হেমনিবদ্ধাগ্রিমপশ্চিমম্।
রত্নজাল-স্ফুরন্মধ্যং মন্দ্রঘোষাভিধং স্মৃতম্ ॥ ৩৭৩ ॥

যথা—

তারাবলী বেণুভুজঙ্গমেন
তারাবলীলা-গরলেন দষ্টা।

অন্বয়ঃ—সা ইয়ম্ (আনন্দিনী) গোপানাং বল্লভা (প্রিয়া) বংশুলা ইতি চ বিশ্রুতা (কীর্ত্তিতা) সা (বংশী) ক্রমাৎ মণিময়ী হৈমী (সুবর্ণময়ী) বৈণবীতি চ (বংশনির্ম্মিতেতি) ত্রিধা (ভবতি) ॥ ৩৭২ ॥

অন্বয়ঃ—হেমনিবদ্ধাগ্রিম পশ্চিমং (হেম্না স্বর্ণেন নিবদ্ধঃ খচিতঃ অগ্রিমঃ অগ্রভাগঃ পশ্চিমঃ পশ্চাদ্‌ভাগশ্চ যস্য তৎ) রত্নজাল-স্ফুরন্মধ্যং (রত্নজালৈঃ রত্নসমূহৈঃ স্ফুরন্ শোভমানঃ মধ্যঃ মধ্যভাগঃ যস্য তৎ) গবলং (বনমহিষ-শৃঙ্গম্, উপলক্ষণঞ্চেদং কৃষ্ণসারাদিশৃঙ্গাণাম্) মন্দ্রঘোষাভিধং (মন্দ্রঃ গম্ভীরঃ ঘোষঃ ধ্বনির্যস্য তন্নামকং) শৃঙ্গং স্মৃতম্ (কথিতম্) ॥ ৩৭৩ ॥

অন্বয়ঃ—তারাবলী (তারাবলী নাম্নী কাচিৎ) তারাবলীলা গরলেন (তারস্য

টীকা—গবলমত্র বনমহিষশৃঙ্গম্। উপলক্ষণঞ্চেদং কৃষ্ণসারাদিশৃঙ্গাণাম্। অগ্রিমোঽগ্রভাগঃ, এবং পশ্চিমঃ ॥ ৩৭৩ ॥

টীকা—তারাবলীনাম্নী তারস্যোচ্চধ্বনের্যা অবলীলা অল্পপ্রযত্নঃ সৈব গরলং

শ্লোকার্থ—ঐ আনন্দিনী গোপদিগের প্রিয় এবং বংশুলী নামে বিখ্যাত। উক্ত বংশী ক্রমান্বয়ে মণিময়ী, হৈমী ও বৈণবী এই তিনপ্রকার অর্থাৎ সম্মোহিনী মণিময়ী, আকর্ষিণী স্বর্ণনির্ম্মিতা, আনন্দিনী বংশ নির্ম্মিতা ॥ ৩৭২ ॥

অথ শৃঙ্গ—

শ্লোকার্থ—অগ্র পশ্চাৎ স্বর্ণবদ্ধ ও মধ্য নানারত্ন শোভিত বন্যমহিষের শৃঙ্গকে মন্দ্রঘোষ নামক শৃঙ্গ (শিঙ্গা) বলে ॥ ৩৭৩ ॥

যথা—

শ্লোকার্থ—স্বাভাবিক উচ্চস্বর রূপ গরলশালী বেণুরূপ ভুজঙ্গ কর্ত্তৃক দষ্ট হইয়া তারাবলী নাম্নী গোপী সেই বিষোপশমনার্থ বিষাণিকার

বিষাণিকা-নাদ-পয়ো নিপীয় ।
বিষাণি কামং দ্বিগুণীচকার ।। ৩৭৪ ।।

অথ নূপুরং, যথা—

অঘমর্দ্দনস্য সখি ! নূপুরধ্বনিং
নিশময্য সম্ভৃতগভীরসম্ভ্রমা ।
অহমীক্ষণোত্তরলিতাপি নাভবং
বহিরদ্য হন্ত গুরবঃ পুরঃ স্থিতাঃ ।। ৩৭৫ ।।

অথ কম্বু—

কম্বুস্তু দক্ষিণাবর্ত্তঃ পাঞ্চজন্যতয়োচ্যতে ।। ৩৭৬ ।।

উচ্চধ্বনেঃ যা অবলীলা অল্পপ্রযত্নঃ সৈব গরলং বিষং যস্য তেন) বেণুভুজঙ্গমেন (বেণুরূপ সর্পেণ) দষ্টা (সতী) (তদুপশমায়) বিষাণিকানাদপয়ঃ (বিষাণিকায়াঃ ক্ষুদ্রশৃঙ্গস্য নাদএব পয়ঃ দুগ্ধং) নিপীয় (পীত্বা) বিষাণি (বিষতুল্যভাবানি ইত্যর্থঃ) কামং (পর্য্যাপ্তং) দ্বিগুণীচকার ।। ৩৭৪ ।।

অন্বয়ঃ—হে সখি ! অদ্য অঘমর্দ্দনস্য (শ্রীকৃষ্ণস্য) নূপুরধ্বনিং (মঞ্জীরশিঞ্জিতং) নিশম্য (শ্রুত্বা) সম্ভৃত গভীর সম্ভ্রমা (সম্ভৃতঃ উৎপন্নঃ গভীর দুর্ব্বারঃ সম্ভ্রমঃ আবেগঃ যস্যাঃ তথাভূতা) অহম্ ঈক্ষণোত্তরলিতাঽপি) কৃষ্ণ দর্শনোৎকণ্ঠিতাঽপি) হন্ত বহিঃ ন অভবম্ (যতঃ) গুরবঃ পুরঃ (সম্মুখে) স্থিতা ।। ৩৭৫ ।।

অন্বয়ঃ—দক্ষিণাবর্ত্তঃ কম্বুঃ (শঙ্খ) পাঞ্চজন্যতয়া (পাঞ্চজন্যনাম্নাইত্যর্থঃ) উচ্যতে ।। ৩৭৬ ।।

যস্য তেন, বিষাণিকা-নাদস্য পয়স্তয়া রূপকম্ । প্রথমং তদ্গরলশমকতয়াভীষ্টত্বাৎ পশ্চাৎ প্রত্যুত তেন তস্য সাহচর্যাদ্বিষাণীতি বিষতুল্য-ভাবানীত্যর্থ ঃ ।। ৩৭৪ ।। (৩৭৫, ৩৭৬)

(শৃঙ্গের) ধ্বনিরূপ দুগ্ধ পান করিলেন। তাহাতে তাহার বিষের জ্বালা উপশম না হইয়া যদৃচ্ছাক্রমে দ্বিগুণ বর্দ্ধিত হইল ।। ৩৭৪ ।।

নূপুর যথা—

শ্লোকার্থ—অঘদমন শ্রীকৃষ্ণের নূপুরধ্বনি শ্রবণ করিয়া আমি তাঁহাকে দর্শনার্থ অত্যন্ত অধীর হইলেও হায় সম্মুখে গুরুবর্গ উপস্থিত থাকায় গভীর সম্ভ্রম প্রযুক্ত বহির্গমন করিতে পারি নাই ।। ৩৭৫ ।।

কম্বু—

শ্লোকার্থ—দক্ষিণাবর্ত্ত শঙ্খকে কম্বু বলে। উহা পাঞ্চজন্য নামে কথিত হয় ।। ৩৭৬ ।।

যথা—

অমররিপু-বধূটী-ভ্রূণহত্যা-বিলাসী
ত্রিদিবপুরপুরন্ধ্রীবৃন্দনান্দীকরোঽয়ম্ ।
ভ্রমতি ভুবনমধ্যে মাধবাধ্মাতধাম্নঃ
কৃতপুলককদম্বঃ কম্বুরাজস্য নাদঃ ॥ ৩৭৭ ॥

অথ পদাঙ্কঃ, যথা শ্রীদশমে (১০।৩৮।২৬)—

তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসম্ভ্রমঃ
প্রেম্ণোর্দ্ধরোমাশ্রুকলাকুলেক্ষণঃ ।

অন্বয়ঃ—অমররিপু-বধূটী-ভ্রূণহত্যা-বিলাসী (অমররিপূণাম্ অসুরাণাং যা বধূট্যঃ অল্পাবধ্বঃ তাসাং ভ্রূণহত্যায়াং গর্ভনাশনে বিলাসী সুখী) ত্রিদিবপুর-পুরন্ধ্রীবৃন্দনান্দীকরঃ (ত্রিদিবপুরস্য সুরনগরস্য পুরন্ধ্রীবৃন্দস্য স্ত্রীসমূহস্য নান্দীকরঃ মঙ্গলপাঠকরঃ) মাধবাধ্মাতধাম্নঃ (মাধবেন আধ্মাতং শব্দায়-মানং ধাম দেহঃ যস্য তস্য) কম্বুরাজস্য (পাঞ্চজন্যস্য) অয়ং নাদঃ কৃত-পুলককদম্বঃ (কৃতঃ জনিতঃ পুলককদম্বঃ রোমাঞ্চসমূহঃ যেন তাদৃশঃ সন্) ভুবনমধ্যে (লোকমধ্যে) ভ্রমতি ॥ ৩৭৭ ॥

অন্বয়ঃ—তদ্দর্শনাহ্লাদ বিবৃদ্ধসম্ভ্রমঃ (তস্য কৃষ্ণপদাঙ্কস্য দর্শনেন যঃ আহ্লাদঃ তেন বিবৃদ্ধঃ সম্ভ্রমঃ আবেগঃ ইতি কর্ত্তব্যতানুসন্ধানাভাবঃ যস্য সঃ) প্রেম্ণা (স্নেহেন) ঊর্দ্ধরোমা (ঊর্দ্ধানি রোমাণি যস্য সঃ) অশ্রুকলাকুলেক্ষণঃ (অশ্রূণাং কলাভিঃ লেশৈঃ যদ্বা কলা কলনম্ অতিক্ষরণং তেন আকুলে পূর্ণে ঈক্ষণে নয়নে যস্য তাদৃশঃ সন্) সঃ (অক্রূরঃ) রথাৎ অবস্কন্দ্য (সহসৈব

টীকা—কম্বুস্ত দক্ষিণাবর্ত্ত ইত্যেব পাঠঃ। ভ্রূণহত্যেতি কৌতুকেন নিন্দাবৎ প্রযুক্তম্। নান্দীকরো মঙ্গলপাঠকরঃ। মাধবেনাধ্মাতঃ শব্দায়মানো দেহো যস্য ॥ ৩৭৭ ॥

যথা—

শ্লোকার্থ—মাধব কর্তৃক শব্দিত শঙ্খরাজ পাঞ্চজন্য ধ্বনি অসুর বধূ-দিগের গর্ভপাতন, স্বর্গপুরবাসিনীগণের জন্য মঙ্গলপাঠ এবং জনগণকে পুলক-পূর্ণ করিয়া ভুবন মধ্যে ভ্রমণ করিতেছে ॥ ৩৭৭ ॥

পদাঙ্ক—

শ্লোকার্থ—শ্রীকৃষ্ণের পদাঙ্ক দেখিয়া তজ্জনিত হর্ষে অত্যন্ত ব্যস্ত প্রেমে রোমাঞ্চিত কলেবর ও অশ্রুপূর্ণ নয়ন হইয়া অক্রূর রথ হইতে অবতরণ করতঃ

রথাদবস্কন্দ্য স তেষ্বচেষ্টত
প্রভোরমুন্যঙ্ঘ্রিরজাংস্যহো ইতি ॥ ৩৭৮ ॥

যথা বা—

কলয়ত হরিরধ্বনা সখায়ঃ।
স্ফুটমমুনা যমুনাতটীময়াসীৎ।
হরতি পদততির্যদক্ষিণী মে
ধ্বজকুলিশাঙ্কুশপঙ্কজাঙ্কিতেয়ম্ ॥ ৩৭৯ ॥

অথ ক্ষেত্রং, যথা—

হরিকেলিভুবাং বিলোকনং
বত দূরেঽস্তু সুদুর্লভশ্রিয়াম্।
মথুরেত্যপি কর্ণপদ্ধতিং
প্রবিশন্নাম মনো ধিনোতি নঃ ॥ ৩৮০ ॥

অবপ্লুত্য) অমূনি প্রভোঃ অঙ্ঘ্রিরজাংসি (পদধূলয়ঃ) অহো (ভাগ্যং দুর্লভলাভো মমায়ম্) ইতি (সগদ্গদং ব্রুবন্) তেষু (পদাঙ্কেষু) অচেষ্টত (ব্যলুঠৎ) ॥ ৩৭৮ ॥

অন্বয়ঃ—ভো সখায়ঃ (যূয়ং) কলয়ত (অবগচ্ছত) হরিঃ অমুনা অধ্বনা (পথা) স্ফুটং (ধ্রুবং) যমুনা তটীম্ (যমুনাতীরম্) অযাসীৎ যৎ (যস্মাৎ) ইয়ং ধ্বজকুলিশাঙ্কুশপঙ্কজাঙ্কিতা (পতাকা বজ্রাঙ্কুশ পদ্মচিহ্নযুক্তা) পদততিঃ (পদচিহ্নসমূহঃ) মে অক্ষিণী (নয়নে) হরতি (আকর্ষতি) ॥ ৩৭৯ ॥

অন্বয়ঃ—সুদুর্লভশ্রিয়াং (সুদুর্লভা শ্রীঃ শোভা সম্পদ্ বা যাসাং তাসাং) হরিকেলিভুবাং (ভগবল্লীলাস্থলীনাং) বিলোকনং(দর্শনং) দূরে অস্ত, মথুরা (ইতি)

টীকা—তদ্দর্শনেতি। তৎ-শব্দেন পদাঙ্ক এবাকৃষ্যতে ॥ ৩৭৮ ॥ (৩৭৯,৩৮০)

আহা এই আমার প্রভুর দুর্লভ পদরজঃ—ইহা বলিয়া সেই পদাঙ্কের উপর লুণ্ঠিত হইতে লাগিলেন ॥ ৩৭৮ ॥

যথা বা—

শ্লোকার্থ—সখাগণ। দেখ, শ্রীকৃষ্ণ এই পথ দিয়া নিশ্চয়ই যমুনা কূলে গিয়াছেন। কারণ এই ধ্বজ বজ্রাঙ্কুশ পদ্ম চিহ্নিত পদাঙ্ক সকল আমার নয়নদ্বয় হরণ করিতেছে— এই পদাঙ্ক দেখিয়া আমার চিত্ত প্রফুল্ল হইতেছে ॥ ৩৭৯ ॥

ক্ষেত্র, যথা—

শ্লোকার্থ—সুদুর্লভ শোভা বিশিষ্ট হরিলীলার স্থান সকল দর্শন করা দূরে থাকুক, মথুরা এই নামটি কর্ণকুহরে প্রবেশ করিয়া আমাদের মনকে হৃষ্ট করিতেছে ॥ ৩৮০ ॥

অথ তুলসী, যথা বিল্বমঙ্গলে—

অয়ি পঙ্কজনেত্রমৌলিমালে !
